এখানে $a - b = 0$ অর্থাৎ $a = b$ হলে অথবা $ab = 1$ হলে বিন্দু তিনটি ভিন্ন হয় না।

$a + b = 0$ (Showed).

2(c) কোন ত্রিভুজের শীর্ষত্রয়ের স্থানাঙ্ক (2, –1) , $(a + 1 , a - 3)$, $(a + 2 , a)$ হলে এর ক্ষেত্রফল নির্ণয় কর এবং a এর মান কত হলে বিন্দুগুলি সমরেখ হবে ? [রা.'১২; য.'১২;দি.'১৪]

সমাধান ঃ বিন্দুত্রয় দ্বারা গঠিত ত্রিভুজটির ক্ষেত্রফল

$= \frac{1}{2}\left|\begin{vmatrix} 2 & a+1 & a+2 & 2 \\ -1 & a-3 & a & -1 \end{vmatrix}\right|$

$= \frac{1}{2}|2a - 6 + a^2 + a - a - 2 - (-a - 1 + a^2 - a - 6 + 2a)|$

$= \frac{1}{2}|a^2 + 2a - 8 - a^2 - 7|$

$= \frac{1}{2}|2a - 1|$ বর্গ একক। (Ans.)

এখন বিন্দুগুলো সমরেখ হলে, $2a - 1 \Rightarrow a = \frac{1}{2}$

3(a) যদি A(3 , 4) , B(2t , 5) এবং C(6 , t) বিন্দুত্রয় দ্বারা উৎপন্ন ত্রিভুজের ক্ষেত্রফল $19\frac{1}{2}$ বর্গ একক হয়, তবে t এর মান নির্ণয় কর। 15/2

[য.'০৩,'১৪; ঢা.'০৪; সি.'০৪; ব.'১৩; মা.'১৪]

সমাধানঃ প্রদত্ত বিন্দুত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল,

$\frac{1}{2}\left|\begin{vmatrix} 3 & 2t & 6 & 3 \\ 4 & 5 & t & 4 \end{vmatrix}\right| = 19\frac{1}{2}$

$\Rightarrow \frac{1}{2}|15 + 2t^2 + 24 - (8t + 30 + 3t)| = \frac{39}{2}$

$\Rightarrow |2t^2 - 11t + 9| = 39$

$\Rightarrow 2t^2 - 11t + 9 = \pm 39$

'+' চিহ্ন নিয়ে পাই, $2t^2 - 11t + 9 - 39 = 0$

$\Rightarrow 2t^2 - 11t - 30 = 0$

$\Rightarrow 2t^2 - 15t + 4t - 30 = 0$

$\Rightarrow t(2t-15)+2(2t-15)=0$

$\Rightarrow (t+2)(2t-15)=0$

$t=-2$ অথবা, $t=15/2$

'–' চিহ্ন নিয়ে পাই, $2t^2-11t+48=0$

$(-11)^2-4.2.48<0$ বলে, t এর কোন বাস্তব মানের জন্য সমীকরণটি সিদ্ধ হবেনা।

t এর মান -2 বা, $15/2$.

3(b) দেখাও যে, $(p, p-2)$, $(p+3, p)$ এবং $(p+2, p+2)$ বিন্দুত্রয় দ্বারা উৎপন্ন ত্রিভুজের ক্ষেত্রফল p বর্জিত হবে। [কু.'০৮; মা.বো.'০৪]

প্রমাণ : প্রদত্ত বিন্দুত্রয়ের দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল,

$=\frac{1}{2}|(p-p-3)(p-p-2)-(p-2-p)(p+3-p-2)|$

$=\frac{1}{2}|(-3)(-2)-(-2).1|$

$=\frac{1}{2}|6+2|=4$ বর্গ একক; যা p বর্জিত।

বিন্দুত্রয় দ্বারা উৎপন্ন ত্রিভুজের ক্ষেত্রফল p বর্জিত ।

3(c) OPQ ত্রিভুজের শীর্ষত্রয় $(0, 0)$, $(A\cos\beta, -A\sin\beta)$ এবং $(A\sin\alpha, A\cos\alpha)$; দেখাও যে, $\alpha=\beta$ হলে, ত্রিভুজটি ক্ষেত্রফল বৃহত্তম হবে। বৃহত্তম মানটি নির্ণয় কর। [ব.'০৪; চ.'১২]

প্রমাণ প্রদত্ত বিন্দুত্রয়ের দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল

$$=\frac{1}{2}\begin{vmatrix}0 & 0 & 1\\ A\cos\beta & -A\sin\beta & 1\\ A\sin\alpha & A\cos\alpha & 1\end{vmatrix}$$

$=\frac{1}{2}(A^2\cos\alpha\cos\beta+A^2\sin\alpha\sin\beta)$

$=\frac{1}{2}A^2\cos(\alpha-\beta)$; ইহা বৃহত্তম হবে যদি $\cos(\alpha-\beta)$ বৃহত্তম হয় অর্থাৎ,

$\cos(\alpha-\beta)=1$ হয়।

$\Rightarrow \cos(\alpha-\beta)=\cos 0 \Rightarrow \alpha-\beta=0$

$\alpha=\beta$ (Showed)

বৃহত্তম মানটি $=\frac{1}{2}A^2$ বর্গ একক

3 (d) দুটি অক্ষরেখা পরস্পর লম্বভাবে O বিন্দুতে ছেদ করে। A এবং B এর ধনাত্মক স্থানাঙ্ক যথাক্রমে (x_1, y_1) এবং (x_2, y_2)। মূল নিয়মে প্রমাণ কর যে, OAB ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{1}{2}|x_1y_2-x_2y_1|$ বর্গ একক। [য.'০৫ ;ঢা.'০৯; দি.'১২]

প্রমাণ :



A ও B বিন্দু হতে x- অক্ষের উপর যথাক্রমে AC ও BD লম্ব আঁকি। তাহলে, $OC=x_1$, $OD=x_2$, $AC=y_1$, $BD=y_2$ এবং $CD=x_2-x_1$, যখন $x_2>x_1$

OAB ত্রিভুজের ক্ষেত্রফল ΔOAB হলে,

ΔOAB = OAC ত্রিভুজের ক্ষেত্রফল + ট্রাপিজিয়াম ACDB এর ক্ষেত্রফল – OBD ত্রিভুজের ক্ষেত্রফল

$=\frac{1}{2}(OC\times AC)+\frac{1}{2}(AC+BD)\times CD-\frac{1}{2}(OD\times BD)$

$=\frac{1}{2}\{x_1y_1+(y_1+y_2)(x_2-x_1)-x_2y_2\}$

$=\frac{1}{2}(x_1y_1+x_2y_1+x_2y_2-x_1y_1-x_1y_2-x_2y_2)$

$\Delta OAB=\frac{1}{2}(x_2y_1-x_1y_2)$

এখন, ΔOAB ধনাত্মক হবে যখন $x_2y_1>x_1y_2$ এবং ঋণাত্মক হবে যখন $x_2y_1<x_1y_2$. কিন্তু ত্রিভুজের ক্ষেত্রফল ঋণাত্মক হতে পারে না ।

OAB ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{1}{2}|x_2y_1-x_1y_2|$ বর্গ একক।

4. (a) একটি ত্রিভুজের শীর্ষত্রয় $A(x, y)$, $B(2, 4)$ এবং $C(-3, 3)$ এবং এর ক্ষেত্রফল 9 বর্গ একক হলে,

দেখাও যে, $x - 5y = 0$ অথবা, $x - 5y + 36 = 0$. [রা.'১৩]

প্রমাণ: ABC ত্রিভুজের ক্ষেত্রফল

$= \frac{1}{2}|(x-2)(4-3)-(y-4)(2+3)|$

$= \frac{1}{2}|x - 2 - 5y + 20|$

$= \frac{1}{2}|x - y + 18|$ বর্গ একক

প্রশ্নমতে, $\frac{1}{2}|x - 5y + 18| = 9$

$\Rightarrow x - 5y + 18 = \pm 18$

$x - 5y = 0$ অথবা, $x - 5y + 36 = 0$ (Showed)

4(b) একটি ত্রিভুজের শীর্ষত্রয় $A(x, y)$, $B(2, -4)$ ও $C(-3, 3)$ এবং এর ক্ষেত্রফল 9 বর্গ একক হলে, দেখাও যে, $7x + 5y + 24 \;\; 0$ অথবা, $7x + 5y - 12 = 0$. [ব.'০৬]

প্রমাণ: ABC ত্রিভুজের ক্ষেত্রফল

$= \frac{1}{2}|(x-2)(-4-3)-(y+4)(2+3)|$

$= \frac{1}{2}|-7x + 14 - 5y - 20|$

$= \frac{1}{2}|-7x - 5y - 6|$ বর্গ একক

প্রশ্নমতে, $\frac{1}{2}|-7x - 5y - 6| = 9$

$\Rightarrow 7x + 5y + 6 = \pm 18$

$7x + 5y + 24 = 0$ অথবা, $7x + 5y - 12 = 0$

5.(a) ΔABC এর A, B, C এর স্থানাঙ্ক যথাক্রমে $(3, 5)$, $(-3, 3)$, $(-1, -1)$ এবং BC, CA, AB এর মধ্যবিন্দু D, E, F হলে, ত্রিভুজ ABC এবং DEF এর ক্ষেত্রফল নির্ণয় কর। দেখাও যে, $\Delta ABC = 4.\Delta DEF$. [ব.'০৫]

সমাধান: ΔABC এর ক্ষেত্রফল

$= \frac{1}{2}|(3+3)(3+1)-(5-3)(-3+1)|$

$= \frac{1}{2}|24 + 4| = \frac{1}{2}(28) = 14$ বর্গ একক।

BC এর মধ্যবিন্দু $D \equiv (\frac{-3-1}{2}, \frac{3-1}{2}) = (-2, 1)$

CA এর মধ্যবিন্দু $E \equiv (\frac{-1+3}{2}, \frac{-1+5}{2}) = (1, 2)$

AB এর মধ্যবিন্দু $F \equiv (\frac{3-3}{2}, \frac{5+3}{2}) = (0, 4)$

ΔDEF এর ক্ষেত্রফল

$= \frac{1}{2}|(-2-1)(2-4)-(1-2)(1-0)|$

$= \frac{1}{2}|6 + 1| = \frac{7}{2}$ বর্গ একক।

$\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{14}{7/2} = 4.$

$\Delta ABC = 4.\Delta DEF$

5(b) ABC ত্রিভুজের শীর্ষবিন্দু A, B, C এর স্থানাঙ্ক যথাক্রমে $(4, -3)$, $(13, 0)$, $(-2, 9)$ এবং D, E, F বিন্দু তিনটি ত্রিভুজের বাহুগুলোর উপর এমনভাবে অবস্থিত যেন, $\frac{BD}{DC} = \frac{CE}{EA} = \frac{AF}{FB} = 2$. ABC এবং DEF ত্রিভুজ দুইটির ক্ষেত্রফল নির্ণয় কর এবং দেখাও যে, এদের আনুপাত 3 : 1. [রা.'০২]

সমাধান ঃ প্রদত্ত বিন্দু $A(4, -3)$, $B(13, 0)$ এবং $C(-2, 9)$ এর নিশ্চায়ক,

$\delta_{ABC} = (4-13)(0-9)-(-3-0)(13+2)$

$= 81 + 45 = 126$

$\Delta ABC = \frac{1}{2}|126|$ বর্গ একক $= 63$ বর্গ একক

প্রশ্নমতে, $\frac{BD}{DC} = \frac{2}{1} \Rightarrow BD:DC = 2:1$

তদ্রূপ $CE : EA = 2:1$, $AF : FB = 2:1$

$D \equiv (\frac{2\times -2 + 1\times 13}{2+1}, \frac{2\times 9 + 1\times 0}{2+1})$

$= (\frac{-4+13}{3}, \frac{18}{3}) = (3, 6)$

$E \equiv (\frac{2\times 4 + 1\times -2}{2+1}, \frac{2\times -3 + 1\times 9}{2+1})$

$= (\frac{8-2}{3}, \frac{-6+9}{3}) = (2, 1)$

$F \equiv \left(\frac{2\times13+1\times4}{2+1}, \frac{2\times0+1\times-3}{2+1}\right)$

$= \left(\frac{26+4}{3}, \frac{-3}{3}\right) = (10\ , -1\ )$

$\delta_{DEF} = (3-2)(1+1) - (6-1)(2-10)$

$= 2+40 = 42$

$\Delta\, DEF = \frac{1}{2}\ |42|$ বর্গ একক $= 21$ বর্গ একক

দ্বিতীয় অংশ ঃ $\Delta\, ABC : \Delta\, DEF = 63 \quad 21 = 3 \quad 1$

5(c) ABC ত্রিভুজে A, B, C শীর্ষ তিনটির স্থানাঙ্ক যথাক্রমে (– 1 , 2) , (2 , 3) ও (3, – 4) ; P বিন্দুর স্থানাঙ্ক (*x* , *y*) হলে, দেখাও যে, $\frac{\Delta PAB}{\Delta ABC} = \frac{|x-3y+7|}{22}$ [কু.'০৭]

প্রমাণ: $\delta_{PAB} = (x+1)(2-3) - (y-2)(-1-2)$

$= -x-1+3y-6 = -x+3y-7$

$\Delta\, PAB = \frac{1}{2}\ |-x+3y-7|$ বর্গ একক

$= \frac{1}{2}\ |x-3y+7|$ বর্গ একক

$\delta_{ABC} = (-1-2)(3+4) - (2-3)(2-3)$

$= -21-1 = -22$

$\Delta\, PAB = \frac{1}{2}|-22|$ বর্গ একক $= 11$ বর্গ একক

$\frac{\Delta PAB}{\Delta ABC} = \frac{|x-3y+7|}{22}$

6.(a) ABCD রম্বসের তিনটি শীর্ষবিন্দু A(2 , 5) , B(5 , 9) এবং D(6 , 8).

I. ABD ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর ।

II. চতুর্থ শীর্ষ C এর স্থানাঙ্ক নির্ণয় কর । রম্বসটির ক্ষেত্রফল নির্ণয় কর । **[ঢা.'০৫,' ১০; সি.'০৯; ব.'০৯]**

III. প্রমাণ কর যে, রম্বসটির বহু চারটি সমান ।

সমাধান : I.



ABD ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}|(2-5)(9-8) - (5-9)(5-6)| = \frac{1}{2}\{(-3)(1) - (-4)(-1)\}$

$= \frac{1}{2}|-3-4| = \frac{1}{2}|-7| = \frac{7}{2}$ বর্গ একক ।

II. ধরি, C বিন্দুর স্থানাঙ্ক (x, y). ABCD একটি রম্বস বলে AC কর্ণের মধ্যবিন্দু $\left(\frac{x+2}{2}, \frac{y+5}{2}\right)$ এবং BD কর্ণের মধ্যবিন্দু $\left(\frac{11}{2}, \frac{17}{2}\right)$ অভিন্ন।

$\frac{x+2}{2} = \frac{11}{2} \Rightarrow x+2 = 11 \Rightarrow x = 9$

এবং $\frac{y+5}{2} = \frac{17}{2} \Rightarrow y+5 = 17 \Rightarrow y = 12$

C বিন্দুর স্থানাঙ্ক (9 , 12).

২য় অংশ : $AC = \sqrt{(2-9)^2 + (5-12)^2} = 7\sqrt{2}$

$BD = \sqrt{(5-6)^2 + (9-8)^2} = \sqrt{2}$

রম্বসটির ক্ষেত্রফল $= \frac{1}{2}(AC\times BD)$ বর্গ একক

$= \frac{1}{2}(7\sqrt{2} \times \sqrt{2})$ বর্গ একক $= 7$ বর্গ একক।

[বি.দ্র. : $C \equiv (6+5-2, 9+8-5) = (9,12)$]

III. $AB = \sqrt{(2-5)^2 + (5-9)^2} = \sqrt{9+16} = 5$

$BC = \sqrt{(5-9)^2 + (9-12)^2} = \sqrt{16+9} = 5$

$CD = \sqrt{(9-6)^2 + (12-8)^2} = \sqrt{9+16} = 5$

$DA = \sqrt{(6-2)^2 + (8-5)^2} = \sqrt{16+9} = 5$

রম্বসটির বহু চারটি সমান ।

6(b) ABCD আয়তের তিনটি শীর্ষবিন্দু A(3 , 2), B(2 , – 1), C(8, – 3) হলে, চতুর্থ শীর্ষ D এর স্থানাঙ্ক নির্ণয় কর। আয়তটির ক্ষেত্রফল নির্ণয় কর।

[ব.'০২; ঢা.'০৩; চ.'০৬]

সমাধান ধরি, D বিন্দুর স্থানাঙ্ক (x, y). ABCD একটি আয়তক্ষেত্র বলে BD কর্ণের মধ্যবিন্দু

$(\frac{x+2}{2}, \frac{y-1}{2})$ এবং AC কর্ণের মধ্যবিন্দু $(\frac{11}{2}, -\frac{1}{2})$ অভিন্ন।



$$\frac{x+2}{2} = \frac{11}{2} \Rightarrow x + 2 = 11 \Rightarrow x = 9$$

এবং $\frac{y-1}{2} = -\frac{1}{2} \Rightarrow y - 1 = -1 \Rightarrow y = 0$

D বিন্দুর স্থানাঙ্ক (9 , 0) (Ans.)

২য় অংশ : $AB = \sqrt{(3-2)^2 + (2+1)^2} = \sqrt{10}$

$BC = \sqrt{(2-8)^2 + (-1+3)^2} = \sqrt{40} = 2\sqrt{10}$

আয়তটির ক্ষেত্রফল = $AB \times BC$ বর্গ একক

$= \sqrt{10} \times 2\sqrt{10}$ বর্গ একক $= 20$ বর্গ একক।

[বি.দ্র. : $D \equiv (8 + 3 - 2, -3 + 2 + 1) = (9,0)$]

6(c) A, B, C এবং D বিন্দু চারটির স্থানাঙ্ক যথাক্রমে (0, –1), (15, 2), (–1, 2) এবং (4, – 5)।

I. AB : CD নির্ণয় কর।

II. ত্রিভুজ ABC ও ABD এর ক্ষেত্রফল নির্ণয় কর।

III. প্রমাণ কর যে, CD কে AB রেখাটি 2 : 3 অনুপাতে অন্তর্বিভক্ত করে। [ব.'০৭; কু.'১১; দি.'১৩]

I. সমাধান : $AB = \sqrt{(0-15)^2 + (-1-2)^2}$

$= \sqrt{225+9} = 3\sqrt{26}$

$CD = \sqrt{(-1-4)^2 + (2+5)^2} = \sqrt{25+49} = \sqrt{74}$

$AB : CD = 3\sqrt{26} \quad \sqrt{74} = 3\sqrt{13} : \sqrt{37}$

II. ত্রিভুজ ABC এর ত্রেফল $= \frac{1}{2}|(0 + 30 + 1)$
$- (-15 - 2 - 0)|$

$= \frac{1}{2}|31 + 17| = 24$ বর্গ একক

ত্রিভুজ ABD এর ত্রেফল $= \frac{1}{2}|(0 - 75 - 4)$
$- (-15 + 8 + 0)|$

$= \frac{1}{2}|- 79 + 7| = 36$ বর্গ একক।

III. প্রমাণ:



ধরি, CD রেখাংশকে AB রেখাটি k 1 অনুপাতে E বিন্দুতে অন্তর্বিভক্ত করে।

E বিন্দুর স্থানাঙ্ক $= (\frac{4k-1}{k+1}, \frac{-5k+2}{k+1})$

এখন A, E, B বিন্দু তিনটি সমরেখ বলে তাদের নিশ্চায়ক, $\delta_{AEB} = 0$

$\therefore 0 \times \frac{-5k+2}{k+1} + \frac{4k-1}{k+1} \times 2 + 15 \times -1 -$

$(-1 \times \frac{4k-1}{k+1} + \frac{-5k+2}{k+1} \times 15 + 2 \times 0) = 0$

$\Rightarrow \frac{8k-2}{k+1} - 15 - \frac{-4k+1-75k+30}{k+1} = 0$

$\Rightarrow 8k - 2 - 15k - 15 + 79k - 31 = 0$

$\Rightarrow 72k - 48 = 0 \Rightarrow k = \frac{2}{3}$ অর্থাৎ $k : 1 = 2 : 3$

CD রেখাংশকে AB রেখাটি 2 3 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

বিকল্প পদ্ধতি :

$\delta_{ABC} = (0 - 15)(2 - 2) - (- 1 - 2)(15 + 1)$

$= 0 + 48 = 48$

$\delta_{ABD} = (0 - 15)(2 + 5) - (-1 - 2)(15 - 4)$

$= - 105 + 33 = - 72$

$\frac{\delta_{ABC}}{\delta_{ABd}} = \frac{48}{-72} = -\frac{2}{3} < 0$

C ও D , AB এর বিপরীত পাশে অবস্থিত। অতএব CD কে AB রেখাটি 2 3 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

6(d) A , B , C এবং D বিন্দু চারটির স্থানাঙ্ক যথাক্রমে (3, 1) , (1,0) , (5, 1) এবং (– 10, –4) CD সরলরেখা AB রেখাংশকে বহিঃস্থভাবে যে অনুপাতে বিভক্ত করে তা নির্ণয় কর। [চ.'০২]

সমাধান ঃ

$\delta_{CDA} = (5 + 10)(- 4 -1) - (1+ 4)(-10 - 3)$
$= - 75 + 65 = - 10$

$\delta_{CDB} = (5 + 10)(- 4 -0) - (1+ 4)(-10 - 1)$
$= - 60 + 55 = - 5$

$\frac{\delta_{CDA}}{\delta_{CDB}} = \frac{-10}{-5} = \frac{2}{1} > 0$

C ও D , AB এর একই পাশে অবস্থিত এবং AB কে CD রেখাটি 2 1 অনুপাতে বহির্বিভক্ত করে।

6(e) ABCD চতুর্ভুজের A , B , C , D শীর্ষ চারটির স্থানাঙ্ক যথাক্রমে (1 , 2) , (– 5 , 6) , (7 , – 4) এবং (k , – 2); এর ক্ষেত্রফল শূন্য হলে k এর মান নির্ণয় কর। [য.'০২; সি.'০৮]

সমাধান ঃ ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল

$= \frac{1}{2}\begin{vmatrix} 1 & -5 & 7 & k & 1 \\ 2 & 6 & -4 & -2 & 2 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}|(6 + 20 - 14 + 2k) - (-10 + 42 - 4k - 2)|$ বর্গ একক

$= \frac{1}{2}| 12 + 2k \quad 30 + 4k|$ বর্গ একক

$= \frac{1}{2}| 6k - 18|$ বর্গ একক

প্রশ্নমতে, $\frac{1}{2}| 6k - 18| = 0 \Rightarrow 6k - 18 = 0$

$k = 3$ (Ans.)

প্রশ্নমালা III D

1. (a) A(2, 3) এবং B(–1, 4) দুইটি স্থির বিন্দু । A এবং B বিন্দু হতে একটি সেটের যেকোন বিন্দুর দুরত্বের অনুপাত 2 : 3 হলে সঞ্চার পথটির সমীকরণ নির্ণয় কর।
[চ.'১১; রা.'০৭; দি.'১১; ব.'১২; ঢা.', কু.,য.'১৪]

সমাধান ঃ মনে করি, P(x y) বিন্দুটি সঞ্চার পথের উপর যেকোন একটি বিন্দু ।

$PA = \sqrt{(x-2)^2 + (\quad 3)^2}$

$PB = \sqrt{(x+1)^2 + (y-4)^2}$

প্রশ্নমতে, $PA : PB = 2 \quad 3 \Rightarrow \frac{PA}{PB} = \frac{2}{3}$

$\Rightarrow 9 PA^2 = 4 PB^2$

$\Rightarrow 9\{ (x-2)^2 + (y-3)^2 \}$
$= 4 \ (x+1)^2 + (y-4)^2 \}$

$\Rightarrow 9(x^2 - 4x + 4 + y^2 - 6y + 9)$
$= 4 (x^2 + 2x + 1 + y^2 - 8y + 16)$

$\Rightarrow 9x^2 - 36x + 9y^2 - 54y + 117$
$= 4x^2 + 4y^2 + 8x - 32y + 68$

$\Rightarrow 5x^2 + 5y^2 - 44x - 22y + 49 = 0$, ইহাই সঞ্চার পথের নির্ণেয় সমীকরণ।

1(b) একটি ত্রিভুজের শীর্ষত্রয় A(x , y), B(– 6, – 3) এবং C(6 , 3). A বিন্দুটি একটি সেটের সদস্য যে সেটটির যেকোন বিন্দু হতে BC এর উপর অঙ্কিত মধ্যমার দৈর্ঘ্য 5 একক। দেখাও যে, A বিন্দুর সঞ্চারপথের সমীকরণ $x^2 + y^2 = 25$ [চ.'০২]

সমাধান ঃ BC এর মধ্যবিন্দু D (ধরি) এর স্থানাঙ্ক = $(\frac{-6+6}{2}, \frac{-3+3}{2}) = (0, 0)$

AD মধ্যমার দৈর্ঘ্য $= \sqrt{x^2 + y^2}$ একক

প্রশ্নমতে, AD মধ্যমার দৈর্ঘ্য 5 একক।

$\sqrt{x^2 + y^2} = 5$

$\Rightarrow x^2 + y^2 = 25$ (Showed)

1(c) A(0 , 4) ও B(0 , 6) দুইটি স্থির বিন্দু কার্তেসীয় সমত... -সেটের যেকোন উপাদানের সাথে AB রেখাংশ এক সমকোণ উৎপন্ন করে। ঐ সেটটি দ্বারা সৃষ্ট সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর। [চ.'০৩ ; ঢা.'১০;রা.'১৪]

সমাধান ঃ মনে করি, P(x y) বিন্দুটি সঞ্চার পথের উপর যেকোন একটি বিন্দু ।

$PA^2 = (x-0)^2 + (y-4)^2$
$= x \quad\quad - 8y \quad 16$

$PB \quad\quad x - 0)$
$= x^2 + y^2 - 12y + 36$

$AB^2 = (0-0)^2 + (4-6)^2 = 4$

প্রশ্নমতে, P এর সাথে AB রেখাংশ এক সমকোণ উৎপন্ন করে।

$PA^2 + PB^2 = AB^2$

$\Rightarrow x^2 + y^2 - 8y + 16 + x^2 + y^2 - 12y + 36 = 4$

$\Rightarrow 2(x^2 + y^2) - 20y + 48 = 0$

$\therefore\ x^2 + y^2 - 10y + 24 = 0$, ইহাই সঞ্চার পথের নির্ণেয় সমীকরণ।

1(d) A(a , b) ও B(0 , b) বিন্দু দুইটির সাথে একটি বিন্দু-সেটের যেকোন উপাদান একটি সমকোণী ত্রিভুজ উৎপন্ন করে। ঐ সেটটি দ্বারা সৃষ্ট সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর। [য.'০৪,'১০; রা.'১২]

সমাধান ঃ মনে করি, $P(x, y)$ বিন্দুটি সঞ্চার পথের উপর যেকোন একটি বিন্দু

$PA^2 = (x-a)^2 + (y-b)^2$

$= x^2 - 2ax + a^2 + y^2 - 2by + b^2$

$PB^2 = (x-0)^2 + (y-b)^2$

$= x^2 + y^2 - 2b + b^2$

$AB^2 = |a-0|^2 = a^2$

প্রশ্নমতে, P এর সাথে AB রেখাংশ এক সমকোণ উৎপন্ন করে। $PA^2 + PB^2 = AB^2$

$\Rightarrow x^2 - 2ax + a^2 + y^2 - 2by + b^2 + x^2 + y^2 - 2by + b^2 = a^2$

$\Rightarrow 2(x^2 + y^2) - 2ax - 4by + 2b^2 = 0$

$x^2 + y^2 - ax - 2by + b^2 = 0$, ইহাই সঞ্চার পথের নির্ণেয় সমীকরণ।

1(e) একটি বিন্দু-সেটের যেকোন উপাদান (2 , – 1) বিন্দু থেকে সর্বদা 4 একক দূরত্বে অবস্থান করে। ঐ সেটটি দ্বারা সৃষ্ট সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর।[কু.'১২]

সমাধান ঃ ধরি, প্রদত্ত বিন্দুটি $A(2, -1)$ এবং $P(x, y)$ বিন্দুটি সঞ্চার পথের উপর যেকোন একটি বিন্দু।

$PA = \sqrt{(x-2)^2 + (y+1)^2}$

প্রশ্নমতে, $\sqrt{(x-2)^2 + (y+1)^2} = |4|$

$(x-2)^2 + (y+1)^2 = 16$, ইহাই সঞ্চার পথের নির্ণেয় সমীকরণ

2. (a) y-অক্ষ হতে একটি বিন্দু-সেটের যেকোন উপাদানের দূরত্ব মূলবিন্দু হতে তার দূরত্বের অর্ধেক। ঐ সেটটি দ্বারা সৃষ্ট সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর। [প্র.ভ.প.'০৪; কু.'১২]

সমাধান ঃ মনে করি, $P(x, y)$ বিন্দুটি সঞ্চার পথের উপর যেকোন একটি বিন্দু ।

y-অক্ষ হতে $P(x, y)$ বিন্দুর দূরত্ব $= |x|$ একক এবং মূলবিন্দু $(0,0)$ হতে $P(x, y)$ বিন্দুর দূরত্ব $= \sqrt{x^2 + y^2}$ একক

প্রশ্নমতে, $|x| = \frac{1}{2}\sqrt{x^2 + y^2} \Rightarrow 4|x|^2 = x^2 + y^2$

$\Rightarrow 4x^2 = x^2 + y^2 \quad y^2 = 3x$ ইহাই সঞ্চার পথের নির্ণেয় সমীকরণ

2(b) (2 , 0) বিন্দু হতে একটি বিন্দু-সেটের যেকোন উপাদানের দূরত্ব $x = 0$ রেখা হতে তার দূরত্বের তিনগুণ। ঐ সেটটি দ্বারা সৃষ্ট সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর। [রা '০৯]

সমাধান ঃ মনে করি, $P(x, y)$ বিন্দুটি সঞ্চার পথের উপর যেকোন একটি বিন্দু ।

$x = 0$ রেখা অর্থাৎ y-অক্ষ হতে $P(x, y)$ বিন্দুর দূরত্ব $= |x|$ একক এবং $(2,0)$ বিন্দু হতে $P(x, y)$ বিন্দুর দূরত্ব $= \sqrt{(x-2)^2 + y^2}$ একক

প্রশ্নমতে, $3|x| = \sqrt{(x-2)^2 + y^2}$

$\Rightarrow 9|x|^2 = x^2 - 4x + 4 + y^2$

$\Rightarrow 9x^2 = x^2 - 4x + 4 + y^2$

$y^2 - 8x^2 - 4x + 4 = 0$ ইহাই সঞ্চার পথের নির্ণেয় সমীকরণ।

2 (c) B(2 , 6) ও C(x , y) বিন্দু দুইটি O(0 , 0) ও A(3 , 5) বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখার একই পার্শ্বে অবস্থিত। C(x , y) বিন্দুটি এমন একটি বিন্দু-সেটের সদস্য যার প্রতিটি বিন্দুর জন্য $\Delta OAC = 2\Delta OAB$. ঐ সেটটি দ্বারা সৃষ্ট সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ



$\delta_{OAB} = (0-3)(5-6)-(0-5)(3-2)$
$= 3+5 = 8$
$\delta_{OAC} = (0-3)(5-y)-(0-5)(3-x)$
$= -15+3y+15-5x = 3y-5x$
প্রশ্নমতে, $\Delta\, OAC = 2\Delta\, OAB$

$\Rightarrow \frac{1}{2}|\delta_{OAC}| = 2.\frac{1}{2}|\delta_{OAB}|$

$\Rightarrow |\delta_{OAC}| = 2.|\delta_{OAB}|$

B ও C বিন্দু দুইটি O ও A বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখার একই পার্শ্বে অবস্থিত বলে δ_{OAB} ও δ_{OAC} একই চিহ্নযুক্ত হবে।

$\delta_{OAC} = 2.\delta_{OAB} \Rightarrow 3y-5x = 2\times 8$
$\therefore\ 5x-3y+16 = 0$, ইহাই সঞ্চার পথের নির্ণেয় সমীকরণ।

2(d) C(2 , – 1) ও D(x , y) বিন্দু দুইটি A(1 , 1) ও B(4 , – 2) বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখার বিপরীত পার্শ্বে অবস্থিত। D(x , y) বিন্দুটি এমন একটি বিন্দু-সেটের সদস্য যার প্রতিটি বিন্দুর জন্য Δ ABD = 3.Δ ABC. ঐ সেটটি দ্বারা সৃষ্ট সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ $\delta_{ABC} = (1-4)(-2+1)-(1+2)(4-2)$
$= 3-6 = -3$
$\delta_{ABD} = (1-4)(-2-y)-(1+2)(4-x)$
$= 6+3y-12+3x = 3x+3y-6$
প্রশ্নমতে, $\Delta\, ABD = 3.\Delta\, ABC$

$\Rightarrow \frac{1}{2}|\delta_{ABD}| = 3.\frac{1}{2}|\delta_{ABC}|$

$\Rightarrow |\delta_{ABD}| = 3.|\delta_{ABC}|$

C ও D বিন্দু দুইটি A ও B বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখার বিপরীত পার্শ্বে অবস্থিত বলে δ_{ABD} ও δ_{ABC} বিপরীত চিহ্নযুক্ত হবে।

$\delta_{ABD} = -3.\delta_{ABC}$
$\Rightarrow 3x+3y-6 = -3(-3) = 9$
$\Rightarrow 3x+3y = 15$
$x+y = 5$ ইহাই সঞ্চার পথের নির্ণেয় সমীকরণ।

3(a) k এর যেকোন মানের জন্য P বিন্দুর স্থানাঙ্ক (2ak , ak^2) . P বিন্দুর সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ ধরি, P বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক (x , y).

$2ak = x \Rightarrow k = \frac{x}{2a}$ এবং

$ak^2 = y \Rightarrow a(\frac{x}{2a})^2 = y\ [\quad k = \frac{x}{2a}]$

$\Rightarrow a\frac{x^2}{4a^2} = y$

$x^2 = 4ay$, যা নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ।

3(b) θ পরিবর্তনশীল হলে, P(1 + 2 cos θ , – 2 + 2 sin θ) বিন্দুর সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ ধরি, P বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক (x, y).

$1+2\cos\theta = x \Rightarrow 2\cos\theta = x-1$ এবং
$-2+2\sin\theta = y \Rightarrow 2\sin\theta = y+2$
$(x-1)^2+(y+2)^2 = 4(\cos^2\theta+\sin^2\theta)$
$\Rightarrow (x-1)^2+(y+2)^2 = 4$, যা নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ।

অতিরিক্ত প্রশ্ন (সমাধানসহ)

1. দেখাও যে, (a , a) (– a , – a) এবং (– $a\sqrt{3}$, $a\sqrt{3}$) বিন্দুগুলি একটি সমবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু।

প্রমাণ ঃ মনে করি, প্রদত্ত বিন্দুত্রয় A(a a) B($-a$, $-a$) এবং C($-a\sqrt{3}$, $a\sqrt{3}$)

$AB = \sqrt{(a\quad a)^2+(a+a)^2} = \sqrt{8a^2}$

$BC = \sqrt{(-a+a\sqrt{3})^2+(-a-a\sqrt{3})^2}$

$= \sqrt{2\{(-a)^2+(a\sqrt{3})^2\}}$

$= \sqrt{2(a^2+3a^2)} = \sqrt{8a^2}$

$CA = \sqrt{(-a\sqrt{3}-a)^2+(\sqrt{3}a-a)^2}$

$= \sqrt{2\{(-a)^2+(a\sqrt{3})^2\}}$

$= \sqrt{2(a^2+3a^2)} = \sqrt{8a^2}$

AB,BC, CA এর যেকোন দুইটির সমষ্টি তৃতীয়টি অপেক্ষা বৃহত্তর এবং AB = CA = CA = $\sqrt{8a^2}$

প্রদত্ত বিন্দুত্রয় একটি সমবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু।

2. A ও B বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (– 5 , 4) ও (3 , – 2). AB কে C পর্যন্ত বর্ধিত করা হল যেন 3AB = 2BC হয়। C বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান ঃ A(−5, 4) B(3,−2) C (x,y)

দেওয়া আছে, $3AB = 2BC \Rightarrow \frac{AB}{BC}=\frac{2}{3}$

ধরি, C বিন্দুর স্থানাঙ্ক (x , y).

$$\frac{AB}{BC}=\frac{-5-3}{3-x}=\frac{4+2}{-2-y}=\frac{2}{3}$$

$$\frac{-8}{3-x}=\frac{2}{3}\Rightarrow -24 = 6-2x$$

$\Rightarrow 2x = 30 \Rightarrow x = 15$ এবং

$$\frac{6}{-2-y}=\frac{2}{3}\Rightarrow 18=-4-2y$$

$\Rightarrow 2y = -22 \Rightarrow y = -11$

C বিন্দুর স্থানাঙ্ক (15 , −11) (Ans.)

3. যদি A(– 4, 6) , B(−1, −2) এবং C(a ,– 2) বিন্দুত্রয় দ্বারা উৎপন্ন ত্রিভুজের ক্ষেত্রফল 16 বর্গ একক হয়, তবে 'a' এর মান এবং A হতে BC এর লম্ব দুরত্ব নির্ণয় কর । [প্র.ভ.প.'৯৫]

সমাধান ঃ $\delta_{ABC} = (-4+1)(-2+2) - (6+2)(-1-a) = 8(a+1)$

ΔABC এর ক্ষেত্রফল $=\frac{1}{2}|\delta_{ABC}|$ বর্গ একক

$=\frac{1}{2}|8(a+1)|$ বর্গ একক

প্রশ্নমতে $\frac{1}{2}|8(a+1)| = 16 \Rightarrow |a+1| = 4$

$\Rightarrow a+1 = \pm 4 \Rightarrow a = 3$ অথবা, $a = -5$

a এর মান 3 বা, – 5

২য় অংশ: A হতে BC এর লম্ব দূরত্ব d একক হলে

ΔABC এর ক্ষেত্রফল $=\frac{1}{2}(BC\times d) = 16$

$\Rightarrow |-1-a|\times d = 32$

$\Rightarrow 4d = 32$ [a = 3 বা, – 5 বসিয়ে]

A হতে BC এর লম্ব দূরত্ব 8 একক ।

4(a) দেখাও যে, (3 , 90°) ও (3 , 30°) বিন্দু দুইটি মূলবিন্দুর সাথে একটি সমবাহু ত্রিভুজ উৎপন্ন করে। ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান ঃ (3, 90°) ও (3 30°) এর কার্তেসীয় স্থানাঙ্ক যথাক্রমে $(3\cos 90°, 3\sin 90°) = (0,3)$ ও $(3\cos 30°, 3\sin 30°) = (\frac{3\sqrt{3}}{2},\frac{3}{2})$.

ধরি, প্রদত্ত বিন্দু দুইটি A(0,1) ও B$(\frac{3\sqrt{3}}{2},\frac{3}{2})$ এবং মূলবিন্দু O(0,0).

$$OA = \sqrt{0+3^2} = 3,$$

$$OB = \sqrt{(\frac{3\sqrt{3}}{2})^2+(\frac{3}{2})^2} = \sqrt{\frac{27+9}{4}} = \sqrt{\frac{36}{4}} = 3$$

$$AB = \sqrt{(0-\frac{3\sqrt{3}}{2})^2+(3-\frac{3}{2})^2} = \sqrt{\frac{27}{4}+\frac{9}{4}}$$

$$=\sqrt{\frac{36}{4}} = 3$$

OA, OB AB এর যেকোন দুইটির সমষ্টি তৃতীয়টি অপেক্ষা বৃহত্তর এবং OA = OB = AB = 3.

$\therefore$ প্রদত্ত বিন্দু দুইটি মূলবিন্দুর সাথে একটি সমবাহু ত্রিভুজ উৎপন্ন করে।

এখন, সমবাহু ত্রিভুজটির ক্ষেত্রফল $=\frac{\sqrt{3}}{4}(3)^2$

$=\frac{9\sqrt{3}}{4}$ বর্গ একক

4(b) দেখাও যে, C(– 2 , –1) এবং D(5 , – 4) বিন্দু দুইটি A(– 3 , 1) এবং B(1 , – 1) বিন্দুদ্বয়ের সংযোগ রেখার একই পার্শ্বে অবস্থিত। AB রেখার কোন পার্শ্বে মূলবিন্দু অবস্থিত ?

সমাধান ঃ $\delta_{ABC} = (-3-1)(-1+1)-(1+1)(1+2)$

$= -6$

$\delta_{ABD} = (-3-1)(-1+4)-(1+1)(1-5)$

$= -12+8 = -4$

এখন, $\delta_{ABC}\times\delta_{ABD} = -6\times -4 > 0$ বলে C এবং D বিন্দুদ্বয় AB এর একই পার্শ্বে অবস্থিত।

দ্বিতীয় অংশ ঃ O(0 , 0) মূলবিন্দু হলে,

$\delta_{AB0} = (-3-1)(-1-0)-(1+1)(1-0)$
$= 4-2 = 2$

$\delta_{AB0} \times \delta_{ABC} = -6\times 2 < 0$ বলে AB রেখার যে পার্শ্বে C ও D অবস্থিত তার বিপরীত পার্শ্বে মূলবিন্দু অবস্থিত।

5. (–2, 3) , (–3 , – 4) , (5 , –1) ও (2, 2) বিন্দু চারটি ক্রমান্বয়ে নিয়ে যে চতুর্ভুজ গঠিত হয় তার ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান ঃ প্রদত্ত বিন্দু চারটি ক্রমান্বয়ে নিয়ে যে চতুর্ভুজ গঠিত হয় তার ক্ষেত্রফল

$= \frac{1}{2}\left|\begin{vmatrix} -2 & -3 & 5 & 2 & -2 \\ 3 & -4 & -1 & 2 & 3 \end{vmatrix}\right|$

$= \frac{1}{2}|8+3+10+6-(-9-20-2-4|$

$= \frac{1}{2}|27+35| = 31$ বর্গ একক (Ans.)

6(a) t এর মান কত হলে (2t + 1, t + 2), (2 – t , 2 – 5t) এবং (5 t , 7t) বিন্দুত্রয় ধনাত্মক ক্রমে অবস্থান করে একটি ত্রিভুজ গঠন করবে ?

সমাধান ঃ প্রদত্ত বিন্দুত্রয়ের নিশ্চায়ক $= (2t+1-2+t)$
$(2-5t-7t)-(t+2-2+5t)(2-t-5t)$
$= (3t-1)(2-12t)+6t(2-6t)$
$= (3t-1)(2-12t+12t) = 2(3t-1)$

প্রদত্ত বিন্দুত্রয় ধনাত্মক ক্রমে অবস্থান করে একটি ত্রিভুজ গঠন করলে, $2(3t-1)>0 \Rightarrow t > \frac{1}{3}$

6(b) দেখাও যে, (t , 3t – 2), (1– 2t , 2 – 3t) এবং (– t , – t) বিন্দুত্রয় ঋণাত্মক ক্রমে থাকবে, যদি t>1 হয়।

সমাধান ঃ প্রদত্ত বিন্দুত্রয়ের নিশ্চায়ক $= (t-1+2t)$
$(2-3t+t)-(3t-2-2+3t)(1-2t+t)$
$= (3t-1)(2-2t)-(6t-4)(1-t)$
$= (1-t)(6t-2-6t+4) = 2(1-t)$

প্রদত্ত বিন্দুত্রয় ঋণাত্মক ক্রমে অবস্থান করে একটি ত্রিভুজ গঠন করলে, $2(1-t)< 0$

$t>1$ (Showed)

7. t পরিবর্তনশীল হলে দেখাও যে, P(t + 2 , 3t) বিন্দুর সঞ্চারপথের সমীকরণ $3x - y = 6$.

প্রমাণ ঃ ধরি, P বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক (x, y).

$t+2 = x \Rightarrow t = x-2$ এবং

$3t = y \Rightarrow 3(x-2) = y \quad [\because t = x-2]$

$3x - y = 6$, যা নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ।

8. একটি ত্রিভুজের শীর্ষ বিন্দুগুলি A(x, y), B(1, 3) ও C(3,1) হলে এবং x + y = 1 হলে ত্রিভুজটির ত্রেফল নির্ণয় কর। [KUET 07-08]

সমাধান : প্রদত্ত বিন্দু তিনটি দ্বারা গঠিত ত্রিভুজের ত্রেফল

$= \frac{1}{2}|(x-1)(3-1)-(y-3)(1-3)|$

$= \frac{1}{2}|2x-2+2y-6| = \frac{1}{2}|2x+2y-8|$

$= |x+y-4| = |1-4| = 3$ বর্গ একক।

ভর্তি পরীক্ষার MCQ :

1. কোন বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক (–1, $\sqrt{3}$) হলে বিন্দুটির পোলার স্থানাঙ্ক– [JH,IU 07-08; CU 05-06; KU 03-04]

$Sol^n.: r = \sqrt{1+3} = 2, \theta = \tan^{-1}\frac{\sqrt{3}}{-1}$

$= 180° - \tan^{-1}\sqrt{3} = 180° - 30° \therefore (2, 120°)$

2. (1, 4) এবং (9 , – 12) বিন্দুদ্বয়ের সংযোগকারী রেখাংশ অন্তঃস্থভাবে যে বিন্দুতে 5 : 3 অনুপাতে বিভক্ত হয় তার স্থানাংক– [DU, Jt.U 06-07, RU 07-08, 06-07; KUET 05-06]

$Sol^n.:$ স্থানাংক $=(\frac{3+45}{8}, \frac{12-60}{8}) = (6,-6)$

3. (2, –4) ,(–3,6) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে y-অক্ষরেখা যে অনুপাতে বিভক্ত করে– [RU 07-08]

$Sol^n.:$ অনুপাত $= \frac{-4-0}{0-6} = \frac{2}{3}$

4. ABC ত্রিভুজের শীর্ষ বিন্দুর স্থানাঙ্ক (2,2) , (3,4) ও (5,6) হলে উক্ত ত্রিভুজটির ভরকেন্দ্র – [RU 07-08]

$Sol^n.: G = (\frac{2+3+5}{3}, \frac{2+4+6}{3}) = (\frac{10}{3}, 4)$

5. (x,y) , (2,3) এবং (5,1) একই সরলরেখায় অবস্থিত হলে– [DU 05-06]

$Sol^n.$ $(x-2)(3-1)-(y-3)(2-5)=0$

$\Rightarrow 2x-4+3y-9=0 \Rightarrow 2x+3y-13=0$

6. (2, 2–2x),(1,2) এবং (2,b–2x) বিন্দুগুলো সমরেখ হলে, এর মান – [DU 06-07]

$Sol^n.$: $(2-1)(2-b+2x)-(2-2x-2)(1-2)=0$

$\Rightarrow 2-b+2x-2x=0 \Rightarrow b=2$

7. কোন ত্রিভুজের শীর্ষবিন্দু সমূহ (–1, –2) , (2,5), (3,10) হলে, তার ক্ষেত্রফল– [DU 03-04]

Sol^n : $\frac{1}{2}|(-3)(-5)-(-7)(-1)|=\frac{1}{2}(8)=4$

8. কোন ত্রিভুজের শীর্ষবিন্দু সমূহ (–4, 3) , (–1, –2), (3,–2) হলে, তার ক্ষেত্রফল– [Jt.U 08-09]

$Sol^n.$: $\frac{1}{2}|(-3).0-5(-4)|=\frac{1}{2}.20=10$

9. ABCD সামান্তরিকের A, B, C বিন্দু তিনটির স্থানাঙ্ক যথাক্রমে (1,2), (3,4), (1,0) হলে সামান্ত রিকের ক্ষেত্রফল – [RU07-08]

$Sol^n.$: সামান্তরিকের ক্ষেত্রফল $= 2.\frac{1}{2}|\{(-2).4-$

$(-2).2\,|=|-8+4|=4$ বর্গ একক।

10. A(2,4), B(2,8) এবং C বিন্দুদ্বয় সমবাহু ত্রিভুজ গঠন কর । AB এর যে পার্শ্বে মূলবিন্দু , C তার বিপরীত পার্শ্বে অবস্থিত হলে C এর স্থানাঙ্ক নির্ণয় কর। [RU 06-07]

$Sol^n.$: দুইটি শীর্ষের ভুজ সমান বলে C এর কোটি $=\frac{4+8}{2}=6$ এবং ভুজ $=2\pm\frac{\sqrt{3}}{2}|4-8|=2\pm2\sqrt{3}$

আবার, $2>0$ এবং বিন্দুটি মূলবিন্দুর বিপরীত পার্শ্বে বিধায় C এর স্থানাঙ্ক $(2+\sqrt{3}, 6)$.

11. একটি ত্রিভুজের বাহুগুলোর সমীকরণ 2x + y =12, x – 2y = 1 এবং 4x –3y = 4 . ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। [RU 05-06; KU 03-04]

$Sol^n.$: ক্যালকুলেটরের সাহায্যে শীর্ষত্রয় (5,2),(1,0), (4,4). $\therefore\ \Delta=\frac{1}{2}|\,4.(-4)-2.(-3)|=5$ বর্গ একক।

MODE 3 times 1 EQN 2 2 = 1 = 1

2 = 1 = − 2 = 1 = x =5 =

y =2

12. a এর কোন মানের জন্য (a^2 ,2) ,(a ,1) এবং (0,0) বিন্দুত্রয় সমরেখ হবে? [BUET 05-06]

$Sol^n.$ $(a^2-a)(1-0)-(2-1)(a-0)=0$

$\Rightarrow a^2-2a=0 \Rightarrow a=0\,,2$

এক নজরে প্রয়োজনীয় সূত্রাবলী

(a) ঢাল (m) ঃ **1.** একটি সরলরেখা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে θ কোণ উৎপন্ন করলে তার ঢাল, $m = \tan\theta$

2. একটি সরলরেখা (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুগামী হলে তার ঢাল, $m = \dfrac{y_1 - y_2}{x_1 - x_2}$.

3. একটি সরলরেখা মূলবিন্দু এবং (x_1, y_1) বিন্দুগামী হলে তার ঢাল, $m = \dfrac{y_1}{x_1}$.

(b) একটি রেখার সমীকরণ ঃ

1. y-অক্ষের , $x = 0$. **2.** x– অক্ষের , $y = 0$

3. y-অক্ষের সমান্তরাল অর্থাৎ x- অক্ষের উপর লম্ব রেখার সমীকরণ, $x = a$.

4. x -অক্ষের সমান্তরাল অর্থাৎ y-অক্ষের উপর লম্ব রেখার সমীকরণ, $y = b$.

5. m ঢাল বিশিষ্ট এবং মূলবিন্দুগামী রেখার সমীকরণ, $y = mx$.

6. একটি সরলরেখার ঢাল m এবং y-অক্ষের ছেদক অংশ c হলে তার সমীকরণ হবে $y = mx + c$

7. একটি রেখার ঢাল m এবং রেখাটি (x_1, y_1) বিন্দুগামী হলে, রেখাটির সমীকরণ,

$$y - y_1 = m(x - x_1)$$

8. (x_1, y_1) এবং (x_2, y_2) বিন্দুগামী রেখার সমীকরণ $\dfrac{x - x_1}{x_1 - x_2} = \dfrac{y - y_1}{y_1 - y_2}$

$$\Rightarrow (x - x_1)(y_1 - y_2) - (y - y_1)(x_1 - x_2) = 0.$$

$$\Rightarrow (y_1 - y_2)x - (x_1 - x_2)y = (y_1 - y_2)x_1 - (x_1 - x_2)y_1$$

9. x -অক্ষ এবং y -অক্ষ হতে যথাক্রমে a এবং b অংশ ছেদকারী রেখার সমীকরণ $\dfrac{x}{a} + \dfrac{y}{b} = 1$.

10. মূলবিন্দু এবং (x_1, y_1) বিন্দুগামী রেখার সমীকরণ

$$y = \frac{y_1}{x_1}x \Rightarrow xy_1 - yx_1 = 0$$

11. মূলবিন্দু হতে কোন সরলরেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য p এবং লম্বটি x-অক্ষের ধনাত্মক দিকের সাথে α কোণ উৎপন্ন করলে, রেখাটির সমীকরণ হবে $x\cos\alpha + y\sin\alpha = p$.

x –অক্ষের ধনাত্মক দিকের সাথে θ কোণ উৎপন্ন করে এমন সরলরেখার সমীকরণ $\dfrac{x - x_1}{\cos\theta} = \dfrac{y - y_1}{\sin\theta} = r$, যেখানে (x, y) বিন্দু হতে (x_1, y_1) বিন্দুর দূরত্ব r.

MCQ এর জন্য বিশেষ সূত্র ঃ

1. AD মধ্যমার সমীকরণ,

$$(2y_1 - y_2 - y_3)x - (2x_1 - x_2 - x_3)y = (2y_1 - y_2 - y_3)x_1 - (2x_1 - x_2 - x_3)y_1$$



2. $ax + by + c = 0$ দ্বারা x-অক্ষের ছেদাংশ $= -c/a$, y -অক্ষের ছেদাংশ $= -c/b$; অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিত অংশ $= \sqrt{(c/a)^2 + (c/b)^2}$; অক্ষদ্বয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল $= \dfrac{c^2}{2|ab|}$.

3. একটি রেখার অক্ষদ্বয়ের মধ্যবর্তী অংশ (α, β) বিন্দুতে সমদ্বিখণ্ডিত হলে তার সমীকরণ,

$$\frac{x}{2\alpha} + \frac{y}{2\beta} = 1$$

4. মূলবিন্দু হতে কোন রেখার উপর অঙ্কিত লম্ব x-অক্ষের ধনাত্মক দিকের সাথে θ কোণ উৎপন্ন করলে তার সমীকরণ $\dfrac{x}{a} + \dfrac{y}{b} = 1$, যেখানে $\tan\theta = \dfrac{a}{b}$

5. $a_1x + b_1y + c_1 = 0 \cdots(1)$,
$a_2x + b_2y + c_2 = 0 \cdots(2)$ ও

$a_3x+b_3y+c_3=0\cdots$(3) রেখা তিনটি দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল =

$$\frac{\{c_1(a_2b_3-a_3b_2)-c_2(a_1b_3-a_3b_1)+c_3(a_1b_2-a_2b_1)\}^2}{2|(a_2b_3-a_3b_2)(a_1b_3-a_3b_1)(a_1b_2-a_2b_1)|}$$

6. (1) ও (2) রেখার ছেদবিন্দুগামী এবং (3) এর সমান্তরাল ও লম্ব এরূপ রেখার সমীকরণ যথাক্রমে $\frac{a_1x+b_1y+c_1}{a_2x+b_2y+c_2}=\frac{a_1b_3-a_3b_1}{a_2b_3-a_3b_2}$

$$\frac{a_1x+b_1y+c_1}{a_2x+b_2y+c_2}=\frac{a_1a_3+b_1b_3}{a_2a_3+b_2b_3}$$

প্রশ্নমালা – III E

1(i) (a) x অক্ষের ধনাত্মক দিকের সাথে 30^0 কোণ উৎপন্ন করে এরূপ সরলরেখার ঢাল নির্ণয় কর।

সমাধানঃ নির্ণেয় ঢাল $=\tan 30^0=\frac{1}{\sqrt{3}}$

(b) (3, –4) ও (4, –5) বিন্দুগামী সরলরেখার ঢাল নির্ণয় কর।

সমাধানঃ প্রদত্ত বিন্দুদ্বয় দিয়ে অতিক্রমকারী সরললেখার ঢাল $=\frac{-4-(-5)}{3-4}=\frac{1}{-1}=-1$

(c) একটি সরলরেখার সমীকরকরণ নির্ণয় কর যা x-অক্ষের সমান্তরাল এবং নিচে 4 একক দূরে অবস্থিত

সমাধানঃ x-অক্ষের সমান্তরাল এবং তার নিচে 4 একক দূরে অবস্থিত এরূপ সরলরেখার সমীকরণ, $y=-4$

(d) একটি সরলরেখার সমীকরকরণ নির্ণয় কর যা y-অক্ষের সমান্তরাল এবং তার ডানে 5 একক দূরে অবস্থিত।

সমাধানঃ y-অক্ষের সমান্তরাল এবং তার ডানে 5 একক দূরে অবস্থিত এরূপ সরলরেখার সমীকরণ, $x=5$

(e) x –অক্ষের সমান্তরাল (3, –4) বিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর

সমাধানঃ ধরি, x –অক্ষের সমান্তরাল সরলরেখার সমীকরণ $y=k$ যেখানে k একটি ধ্রুবক

$y=k$ রেখাটি (3, –4) বিন্দুগামী।

$$-4=k\Rightarrow k=-4.$$

k এর মান বসিয়ে পাই, $y=-4$ (Ans.)

1(ii) নিম্নের দুইটি বিন্দুগামী রেখার সমীকরণ নির্ণয় কর ঃ

(a) (a, b) এবং $(-a, -b)$

(b) (a, b) এবং $(a+b, a-b)$

সমাধান ঃ (a) $(a\ \ b)$ এবং $(-a, -b)$ বিন্দুগামী রেখার সমীকরণ, $\frac{x-a}{a+a}=\frac{y-b}{b+b}\Rightarrow\frac{x-a}{2a}=\frac{y-b}{2b}$

$\Rightarrow bx-ab=ay-ab\Rightarrow bx-ay=0$

(b) (a, b) এবং $(a+b\ \ a-b)$ বিন্দুগামী রেখার সমীকরণ, $(b-a+b)x-(a-a-b)y$
$=(b-a+b).a-(a-a-b)b$

[$(y_1-y_2)x-(x_1-x_2)y=$
$(y_1-y_2)x_1-(x_1-x_2)y_1$ সূত্রের সাহায্যে]

$\Rightarrow (2b-a)x+by=2ab-a^2+b^2$

$(2b-a)x+by+a^2-2ab-b^2=0$

2. একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $\sin^{-1}(5/13)$ কোণ উৎপন্ন করে এবং y-অক্ষের ধনাত্মক দিকের ছেদাংশ 5 একক।

সমাধানঃ ধরি, $\theta=\sin^{-1}(5/13)\Rightarrow\sin\theta=\frac{5}{13}$

$$\tan\theta=\frac{\sin\theta}{\cos\theta}\quad\frac{\sin\theta}{\sqrt{1-\sin^2\theta}}$$

$$\Rightarrow\tan\theta=\frac{5/13}{\sqrt{1\quad 25/169}}=\frac{5}{13}\times\frac{13}{12}=\frac{5}{12}$$

নির্ণেয় রেখার ঢাল, $m=\frac{5}{12}$ এবং -অক্ষের ছেদক অংশ, $c=5$ একক

নির্ণেয় রেখার সমীকরণ, $y=mx+c$

$\Rightarrow y=\frac{}{12}x+5\Rightarrow 12y=5x+60.$ (Ans.)

3. (a) A(1, 1) , B(3, 4) এবং C(5, – 2) বিন্দু তিনটি ABC ত্রিভুজের শীর্ষবিন্দু। AB ও AC এর মধ্যবিন্দুর সংযোগ রেখার সমীকরণ নির্ণয় কর।

[কু.'০৬,'০৮;ঢা.'১১;কু.'১৪; মা.বো.'০৭; য.'০৯]

সমাধান ঃ ধরি, AB ও AC এর মধ্যবিন্দু যথাক্রমে D ও E. তাহলে, $D \equiv (\frac{1+3}{2}, \frac{1+4}{2}) = (2, \frac{5}{2})$ এবং $E \equiv (\frac{1+5}{2}, \frac{1-2}{2}) = (3, -\frac{1}{2})$.

DE রেখার সমীকরণ, $\frac{x-2}{2-3} = \frac{y - \frac{5}{2}}{\frac{5}{2} + \frac{1}{2}}$

$\Rightarrow \frac{x-2}{-1} = \frac{2y-5}{6} \Rightarrow 6x - 12 = -2y + 5$

$6x + 2y - 17 = 0$ (Ans.)

3(b) (2 , 4) , (– 4 , – 6) এবং (6 , – 8) বিন্দু তিনটি একটি ত্রিভুজের শীর্ষবিন্দু । ত্রিভুজটির মধ্যমাগুলোর সমীকরণ নির্ণয় কর। [চ.'০৭]

সমাধান ঃ



ধরি, ত্রিভুজের শীর্ষত্রয় A(2, 4), B(–4, –6) ও C(6 – 8) এবং BC, CA AB বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D, E, F.

$D \equiv (\frac{-4+6}{2} \ \frac{-6-8}{2}) = (1, -7)$

$E \equiv (\frac{6+2}{2}, \frac{-8+4}{2}) = (4, -2)$

$F \equiv (\frac{2-4}{2}, \frac{4-6}{2}) = (-1, -1)$

AD মধ্যমার সমীকরণ, $\frac{x \quad 2}{2 \quad 1} = \frac{y-4}{4+7}$

$11x \quad 22 = \quad 4 \Rightarrow 11x - y - 18 = 0$

BE মধ্যমার সমীকরণ $\frac{x+4}{4 \quad 4} = \frac{y+6}{-6+2}$

$4x \quad 16 = \quad 8y \quad 48$

$\quad \quad 12 \quad 0 \Rightarrow x - 2y - 8 = 0$

CF মধ্যমার সমীকরণ, $\frac{x \quad 6}{6+1} = \frac{y+8}{8 \quad 1}$

$\Rightarrow -x + 6 = y + 8 \Rightarrow x + y + 2 = 0$

[MCQ এর জন্য, AD মধ্যমার সমীকরণ, $(8 + 6 + 8)x - (4 + 4 - 6)y = 22 \times 2 - 2 \times 4 = 36$
$\Rightarrow 11x - y - 18 = 0$]

3(c) A(h , k) বিন্দুটি $6x - y = 1$ রেখার উপর এবং B(k , h) বিন্দুটি $2x - 5y = 5$ রেখার উপর অবস্থিত। AB সরলরেখাটির সমীকরণ নির্ণয় কর। [দি.'০৯; ঢা.,চ.'১২,'১৪; ব.'১০; রা.,য.'১১; সি.,য.'১৪]

সমাধান ঃ A(h , k) বিন্দুটি $6x - y = 1$ রেখার উপর অবস্থিত । $6h - k = 1$ (1)

আবার, B(k , h) বিন্দুটি $2x - 5y = 5$ রেখার উপর অবস্থিত । $2k - 5h = 5$ (2)

$(1) \times 2 + (2) \Rightarrow 12h - 5h = 7 \Rightarrow h = 1$

(1) হতে আমরা পাই, $6.1 - k = 1 \Rightarrow k = 5$

$A \equiv (1, 5)$ এবং $B \equiv (5 \quad 1)$

AB রেখার সমীকরণ, $\frac{x-1}{1-5} = \frac{y-5}{5-1}$

$\Rightarrow 4x - 4 = -4y + 20 \Rightarrow 4x + 4y = 24$

$x + y - 6 = 0$ (Ans.)

3(d) যদি (a, b) , (a', b') , $(a - a', b - b')$ বিন্দুত্রয় সমরেখ হয়, তবে দেখাও যে, তাদের সংযোগ রেখাটি মূলবিন্দু দিয়ে যায় এবং $ab' = a'b$. [কু.'০৯]

প্রমাণ: ধরি, প্রদত্ত বিন্দুত্রয় A(a, b) $B(a', b')$ $C(a - a', b - b')$. বিন্দু তিনটি সমরেখ বলে,

AB রেখার ঢাল = AC রেখার ঢাল

$\Rightarrow \frac{b-b'}{a-a'} = \frac{b-b+b'}{a-a+a'} \Rightarrow \frac{b-b'}{a-a'} = \frac{b'}{a'}$

$\Rightarrow a'b - a'b' = ab' - a'b' \quad a'b' = ab'$

এখন, A(a, b) , $B(a', b')$ বিন্দুগামী রেখার সমীকণ

$\frac{x-a}{a-a'} = \frac{y-b}{b-b'} \Rightarrow (b-b')x - ab + ab'$

$= (a-a')y - ab + a'b$

$(b \quad b')x \quad (a \quad a')y \quad 0 \quad [\because a'b' \quad ab']$

যেহেতু সমীকরণটি ধ্রুবপদ মুক্ত, সুতরাং বিন্দুত্রয়ের সংযোগ রেখাটি মূলবিন্দু দিয়ে যায়।

3(i) (a) $x - 4 = 0$, $y - 5 \quad 0$ $x \quad 3 \quad 0$ এবং $y + 2 = 0$ রেখাগুলো দ্বারা বিন্দু

কর্ণদ্বয়ের সমীকরণ নির্ণয় কর।[ঢা.'১২; চ.'০৫; কু.'০৯ ; ব.'১৪]

সমাধান :



ধরি, $AB \equiv x = 4$

$DC \equiv x = -3$

$BC \equiv y = 5$ এবং

$DA \equiv y = -2$ রেখা

চারটি ABCD চর্তুভুজের বাহু।

AB ও AD বাহুদ্বয় A(4 , – 2) বিন্দুতে , AB ও BC বাহুদ্বয় B(4,5) বিন্দুতে, BC ও CD বাহুদ্বয় C(–3,5) বিন্দুতে, CD ও DA বাহুদ্বয় D(–3, –2) বিন্দুতে ছেদ করে।

AC কর্ণের সমীকরণ, $\frac{x-4}{4+3} = \frac{y+2}{-2-5}$

$\Rightarrow -x + 4 = y + 2 \Rightarrow x + y - 2 = 0$

BD কর্ণের সমীকরণ, $\frac{x-4}{4+3} = \frac{y-5}{5+2}$

$\Rightarrow x - 4 = y - 5 \Rightarrow x - y + 1 = 0$

কর্ণদ্বয়ের সমীকরণ, $x - y + 1 = 0$, $x + y - 2 = 0$

3(i) (b) $x = 4$, $x = 8$, $y = 6$ এবং $y = 10$ রেখাগুলো দ্বারা উৎপন্ন আয়তক্ষেত্রের কর্ণদ্বয়ের সমীকরণ নির্ণয় কর। [চ.'০২]

সমাধান ধরি,



$AB \equiv x = 4$

$D \equiv x = 8$

$BC \equiv y = 10$ এবং

$AD \equiv y = 6$ রেখা

চারটি ABCD আয়তক্ষেত্রের বাহু।

AB ও AD বাহুদ্বয় A(4 6) বিন্দুতে , AB ও BC বাহুদ্বয় B(4,10) বিন্দুতে, BC ও CD বাহুদ্বয় C(8,10) বিন্দুতে, CD ও DA বাহুদ্বয় D(8, 6) বিন্দুতে ছেদ করে।

AC কর্ণের সমীকরণ $\frac{x-4}{4-8} = \frac{y-6}{6-10}$

$\Rightarrow x - 4 = y - 6 \Rightarrow x - y + 2 = 0$

BD কর্ণের সমীকরণ, $\frac{x-4}{4-8} = \frac{y-10}{10-6}$

$\Rightarrow x - 4 = -y + 10 \Rightarrow x + y - 14 = 0$

কর্ণদ্বয়ের সমীকরণ, $x - y + 2 = 0$, $x + y - 14 = 0$

4. (a) $3x + \sqrt{3}y + 2 = 0$ এবং $x \cos\alpha + y \sin\alpha = p$ একই সরলরেখা নির্দেশ করলে p এর মান নির্ণয় কর। [মা.বো.'০৫]

সমাধান: দেওয়া আছে, $3x + \sqrt{3}y + 2 = 0$ এবং $x \cos\alpha + y \sin\alpha = p$ একই সরলরেখা নির্দেশ করে।

$$\frac{\cos\alpha}{3} = \frac{\sin\alpha}{\sqrt{3}} = \frac{-p}{2}$$

$$\Rightarrow \cos\alpha = \frac{-3p}{2} \text{ এবং } \sin\alpha = \frac{-\sqrt{3}p}{2}$$

$$\sin^2\alpha + \cos^2\alpha = \left(\frac{-\sqrt{3}p}{2}\right)^2 + \left(\frac{-3p}{2}\right)^2$$

$$\Rightarrow 1 = \frac{3p^2}{4} + \frac{9p^2}{4} \Rightarrow 12p^2 = 4$$

$$\Rightarrow p^2 = \frac{1}{3} \qquad p = \pm\frac{1}{\sqrt{3}} \quad \text{(Ans.)}$$

(b) $3x - 4y = 12$ এবং $x \cos\alpha + y \sin\alpha = p$ একই সরলরেখা নির্দেশ করলে p এবং α এর মান নির্ণয় কর। [প্র.ভ.প '০৪]

সমাধান: দেওয়া আছে, $3x - 4y = 12$ এবং $x \cos\alpha + y\sin\alpha = p$ একই সরলরেখা নির্দেশ করে।

$$\frac{\cos\alpha}{3} = \frac{\sin\alpha}{-4} = \frac{p}{12}$$

$$\Rightarrow \cos\alpha = \frac{3p}{12} = \frac{p}{4} \text{ এবং } \sin\alpha = \frac{-p}{3}$$

$$\sin^2\alpha + \cos^2\alpha = \left(\frac{p}{4}\right)^2 + \left(\frac{-p}{3}\right)^2$$

$$\Rightarrow 1 = \frac{p^2}{16} + \frac{p^2}{9} \Rightarrow \frac{p^2(9+16)}{16.9} = 1$$

$$\Rightarrow p^2 = \frac{144}{25} \qquad p = \pm\frac{12}{5} \quad \text{(Ans.)}$$

আবার, $\tan\alpha = \frac{\sin\alpha}{\cos\alpha} = \frac{-p/3}{p/4} = -\frac{4}{3}$

$$\alpha = \tan^{-1}\left(-\frac{4}{3}\right) \quad \text{(Ans.)}$$

5. (a) একটি সরলরেখা অক্ষদ্বয় হতে সমান সমান অংশ কর্তন করে এবং (α , β) বিন্দু দিয়ে অতিক্রম করে তার সমীকরণ নির্ণয় কর। [কু.'০৪; দি.'১১]

সমাধানঃ ধরি, অক্ষদ্বয় হতে সমান সমান অংশ কর্তন করে এরূপ রেখাটির সমীকরণ $\frac{x}{a}+\frac{y}{\pm a}=1$

$\Rightarrow x \pm y = a \Rightarrow x + y = a$ অথবা, $x - y = a$

রেখাটি (α , β) বিন্দু দিয়ে অতিক্রম করলে,

$a = \alpha + \beta$ অথবা, $a = \alpha - \beta$

নির্ণেয় রেখার সমীকরণ, $x + y = \alpha + \beta$

অথবা, $x - y = \alpha - \beta$

5(b) একটি সরলরেখা (2 , 6) বিন্দু দিয়ে যায় এবং যার দ্বারা অক্ষদ্বয়ের খন্ডিত অংশের সমষ্টি 15 তার সমীকরণ নির্ণয় কর। [মা.বো.'০৪,'০৮]

সমাধানঃ ধরি, (2 , 6) বিন্দুগামী রেখার সমীকরণ

$y - 6 = m(x - 2)$

$\Rightarrow mx - y = 2m - 6 \quad \cdots (1)$

$\Rightarrow \frac{x}{(2m-6)/m}+\frac{y}{-(2m-6)}=1$

প্রশ্নমতে, $\frac{2m-6}{m}+\{-(2m-6)\}=15$

$\Rightarrow 2m - 6 - 2m^2 + 6m = 15m$

$\Rightarrow 2m^2 + 7m + 6 = 0$

$\Rightarrow 2m^2 + 4m + 3m + 6 = 0$

$\Rightarrow 2m(m + 2) + 3(m + 2) = 0$

$\Rightarrow (m + 2)(2m + 3) = 0$

$m = -2$ অথবা, $m = -\frac{3}{2}$

(1) এ m এর মান বসিয়ে পাই,

$-2x - y = 2(-2) - 6 \Rightarrow 2x + y = 10$

অথবা, $-\frac{3}{2}x - y = 2.(-\frac{3}{2})-6$

$\Rightarrow 3x + 2y = 6 + 12 \Rightarrow 3x + 2y = 18$

উত্তর ঃ $2x + y = 10$ বা, $3x + 2y = 18$

5. (c) একটি সরলরেখা (1 , 4) বিন্দু দিয়ে যায় এবং অক্ষদ্বয়ের সাথে প্রথম চতুর্ভাগে 8 বর্গ একক ক্ষেত্রফলবিশিষ্ট একটি ত্রিভুজ গঠন করে তার সমীকরণ নির্ণয় কর। [ব.'০৬; চ.'১১; কু.'১২]

সমাধানঃ ধরি, রেখাটির সমীকরণ $\frac{x}{a}+\frac{y}{b}=1 \cdots (1)$

(1) রেখাটি (1 , 4) বিন্দু দিয়ে অতিক্রম করে।

$\frac{1}{a}+\frac{4}{b}=1 \Rightarrow \frac{1}{a}=1-\frac{4}{b}=\frac{b-4}{b}$

$\Rightarrow a = \frac{b}{b-4} \qquad (2)$

(1) রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ গঠন করে তার ক্ষেত্রফল $= \frac{1}{2}ab$.

প্রশ্নমতে, $\frac{1}{2}ab = 8 \Rightarrow \frac{b}{b-4}.b = 16$

$\Rightarrow b^2 = 16b - 64 \Rightarrow b^2 - 16b + 64 = 0$

$\Rightarrow (b - 8)^2 = 0 \Rightarrow b = 8$

(2) হতে পাই, $a = \frac{8}{8-4} = 2$

রেখাটির সমীকরণ $\frac{x}{2}+\frac{y}{8}=1 \Rightarrow 4x + y = 8$

5(d) একটি সরলরেখা (3 , 7) বিন্দু দিয়ে যায় এবং অক্ষদ্বয় হতে বিপরীত চিহ্নবিশিষ্ট সমমানের অংশ ছেদ করে তার সমীকরণ নির্ণয় কর। [চ.'০১]

সমাধানঃ ধরি, অক্ষদ্বয় হতে বিপরীত চিহ্নবিশিষ্ট সমমানের অংশ ছেদ করে এরূপ রেখাটির সমীকরণ

$\frac{x}{a}+\frac{y}{-a}=1 \Rightarrow x - y = a \qquad (1)$

(1) রেখাটির (3 , 7) বিন্দু দিয়ে যায়।

$3 - 7 = a \Rightarrow a = -4$

রেখাটির *সমীকরণ* $x-y = -4 \Rightarrow x - y + 4 = 0$

6. (a) $x + 2y + 7 = 0$ রেখাটির অক্ষদ্বয়ের মধ্যবর্তী খন্ডিতাংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। উপরি উক্ত খন্ডিতাংশ কোন বর্গের বাহু হলে, তার ক্ষেত্রফল নির্ণয় কর। [ঢা.'০৭; চ.'০৮; রা.'১০;ব. '০৫,'১২; য.'১৩; দি.'১০; সি.'১৪; মা.'১২]

সমাধানঃ প্রদত্ত সমীকরণ, $x + 2y + 7 = 0$

$\Rightarrow x + 2y = -7 \Rightarrow \frac{x}{-7}+\frac{y}{-7/2}=1$

রেখাটি অক্ষদ্বয়কে (ধরি) A(−7, 0) এবং B(0 , −7/2) বিন্দুতে ছেদ করে।

AB এর মধ্যবিন্দুর স্থানাঙ্ক $= (\frac{-7}{2}, \frac{-7/2}{2})$

$= (\frac{-7}{2}, \frac{-7}{4})$

এবং $AB^2 = (-7)^2 + (-7/2)^2 = 49 + \frac{49}{4} = 61\frac{1}{4}$

রেখাটির অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিতাংশ AB কোন বর্গের বাহু হলে, তার ক্ষেত্রফল $= 61\frac{1}{4}$ বর্গ একক।

6(b) যে সরলরেখার অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিত অংশ (6 , 2) বিন্দুতে 2 : 3 অনুপাতে অন্তর্বিভক্ত হয় তার সমীকরণ নির্ণয় কর। [ব.'০৪,'০৭; রা.'০৮; দি.'১১]

সমাধান: ধরি, রেখাটির সমীকরণ $\frac{x}{a} + \frac{y}{b} = 1 \cdots (1)$

(1) রেখাটি অক্ষদ্বয়কে (ধরি) A(a, 0) এবং B(0 , b) বিন্দুতে ছেদ করে।

AB রেখাংশ (6 , 2) বিন্দুতে 2 3 অনুপাতে অন্তর্বিভক্ত হয় ।

$\frac{2.0 + 3a}{2+3} = 6 \Rightarrow 3a = 30 \Rightarrow a = 10$ এবং

$\frac{2b + 3.0}{2+3} = 2 \Rightarrow 2b = 10 \Rightarrow b = 5$

রেখাটির সমীকরণ $\frac{x}{10} + \frac{y}{5} = 1 \Rightarrow x + 2y = 10$

6(c) যে সরলরেখার অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিত অংশ (– 4 , 3) বিন্দুতে 5 : 3 অনুপাতে অন্তর্বিভক্ত হয় তার সমীকরণ নির্ণয় কর। [কু.'০৬; সি.'১১; ব.'১৩]

সমাধান: ধরি, রেখাটির সমীকরণ $\frac{x}{a} + \frac{y}{b} = 1 \cdots (1)$

(1) রেখাটি অক্ষদ্বয়কে (ধরি) A(a, 0) এবং B(0 , b) বিন্দুতে ছেদ করে।

AB রেখাংশ (–4 , 3) বিন্দুতে 5 3 অনুপাতে অন্তর্বিভক্ত হয় ।

$\frac{5.0 + 3a}{5+3} = -4 \Rightarrow 3a = -32 \Rightarrow a = -\frac{32}{3}$

এবং $\frac{5b + 3.0}{5+3} = 3 \Rightarrow 5b = 24 \Rightarrow b = \frac{24}{5}$

নির্ণেয় রেখার সমীকরণ $\frac{x}{-32/3} + \frac{y}{24/5} = 1$

$\Rightarrow \frac{3x}{-32} + \frac{5y}{24} = 1 \Rightarrow \frac{-9x + 20y}{96} = 1$

$9x - 20y + 96 = 0$ (Ans.)

6(d) একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা অক্ষদ্বয়ের সাথে 16 বর্গ একক ক্ষেত্রফলবিশিষ্ট ত্রিভুজ গঠন করে এবং মূলবিন্দু থেকে যার উপর অঙ্কিত লম্ব *x*-অক্ষের ধনাত্মক দিকের সাথে 45° কোণ উৎপন্ন করে। [সি.'০৫; য.'১০]

সমাধান: ধরি, রেখাটির সমীকরণ



$x \cos 45° + y \sin 45° = p$

$\Rightarrow \frac{x}{\sqrt{2}} + \frac{y}{\sqrt{2}} = p$

$\Rightarrow \frac{x}{\sqrt{2}p} + \frac{y}{\sqrt{2}p} = 1 \cdots (1)$

(1) রেখাটির *x*-অক্ষকে $A(\sqrt{2}p, 0)$ এবং *y*-অক্ষকে $B(0, \sqrt{2}p)$ বিন্দুতে ছেদ করে।

প্রশ্নমতে, $\Delta OAB = \frac{1}{2}(OA \times OB) = 16$

$\Rightarrow \frac{1}{2}(\sqrt{2}p \times \sqrt{2}p) = 16$

$\Rightarrow p^2 = 16 \Rightarrow p = \pm 4$

রেখাটির সমীকরণ, $x + y + 4\sqrt{2} = 0$

অথবা, $x + y - 4\sqrt{2} = 0$

[$\frac{a}{b} = \tan 45° \Rightarrow a = b \therefore a^2 = 32$]

6(e) একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা অক্ষদ্বয়ের সাথে 8 বর্গ একক ক্ষেত্রফলবিশিষ্ট ত্রিভুজ গঠন করে এবং মূলবিন্দু থেকে যার উপর অঙ্কিত লম্ব *x*-অক্ষের ধনাত্মক দিকের সাথে 45° কোণ উৎপন্ন করে। [চ.'০৬,'১৩; দি.'১৩; রা.'কু.'১৪; য.'১০]

সমাধান: ধরি, রেখাটির সমীকরণ



$x \cos 45° + y \sin 45° = p$

$\Rightarrow \frac{x}{\sqrt{2}} + \frac{y}{\sqrt{2}} = p$

$\Rightarrow \frac{x}{\sqrt{2}p} + \frac{y}{\sqrt{2}p} = 1 \cdots (1)$

(1) রেখাটির x-অক্ষকে $A(\sqrt{2}p,0)$ এবং y-অক্ষকে $B(0,\sqrt{2}p)$ বিন্দুতে ছেদ করে।

প্রশ্নমতে, $\Delta OAB=\frac{1}{2}(OA\times OB)=8$

$\Rightarrow \frac{1}{2}(\sqrt{2}p\times\sqrt{2}p)=8$

$\Rightarrow p^2=8\Rightarrow p=\pm 2\sqrt{2}$

রেখাটির সমীকরণ, $x+y+4=0$

অথবা, $x+y-4=0$

7. (a) P ও Q বিন্দুদ্বয় x-অক্ষের উপর এবং R ও S বিন্দুদ্বয় y-অক্ষের উপর অবস্থিত। PR ও QS এর সমীকরণ যথাক্রমে $4x+3y+6=0$ ও $x+2y-1=0$ হলে, দেখাও যে, PQ = RS. [ঢা.'০৪]

প্রমাণ : PR রেখার সমীকরণ, $4x+3y+6=0$

$\Rightarrow 4x+3y=-6 \Rightarrow \frac{x}{-3/2}+\frac{y}{-2}=1$ এবং

QS রেখার সমীকরণ, $x+2y-1=0$

$\Rightarrow x+2y=1\Rightarrow \frac{x}{1}+\frac{y}{1/2}=1$

প্রশ্নমতে, $P\equiv(-3/2\quad 0)$, $R\equiv(0\quad 2)$

$Q\equiv(1,0)$, $S\equiv(0,1/2)$.

$$PQ=\sqrt{(-\frac{3}{2}-1)^2+(0-0)^2}=\frac{3+2}{2}=\frac{5}{2}$$

এবং $RS=\sqrt{(0-0)^2+(2-\frac{1}{2})^2}=\frac{4+1}{2}=\frac{5}{2}$

$PQ=\frac{5}{2}=RS$ (Showed)

7.(b) এমন একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা (– 2 , – 5) বিন্দু দিয়ে যায় এবং x ও y-অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে যেন OA + 2.OB = 0 হয় , যখন O মূলবিন্দু। [ঢা. '০৬,'১৩; য.'০৬,'১১২; চ. '০৬; সি. '০৭; ব. '০৮,'১০]

সমাধান: ধরি, রেখাটির সমীকরণ



$\frac{x}{a}+\frac{y}{b}=1\cdots\cdots(1)$

এখানে, $a=OA$ এবং $b=OB$

প্রশ্নমতে, $OA+2.OB=0$

$\Rightarrow a+2b=0\Rightarrow a=-2b$

(1) রেখাটি $(-2,-5)$ বিন্দুগামী।

$\therefore \frac{-2}{a}+\frac{-5}{b}=1\Rightarrow\frac{-2}{-2b}+\frac{-5}{b}=1\ [\because a=-2b]$

$\Rightarrow \frac{1-5}{b}=1\Rightarrow b=-4$ এবং $a=-2\times-4=8$

নির্ণেয় রেখার সমীকরণ $\frac{x}{8}+\frac{y}{-4}=1$

$\Rightarrow x-2y=8$ (Ans.)

(c) এমন একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা (3 , 2) বিন্দু দিয়ে যায় এবং x ও y-অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে যেন OA – OB = 2 হয় যখন O মূলবিন্দু। [কু.'০২; য.'০৪,'১২; ব.'০৫; ; রা., চ., দি.'১০]

সমাধান: ধরি, রেখাটির সমীকরণ $\frac{x}{a}+\frac{y}{b}=1\cdots(1)$

এখানে, $a=OA$ এবং $b=OB$

প্রশ্নমতে, $OA-OB=2\Rightarrow a-b=2$

$\Rightarrow a=b+2\qquad(2)$

(1) রেখাটি $(3,2)$ বিন্দুগামী।

$\frac{3}{a}+\frac{2}{b}=1\Rightarrow\frac{3}{b+2}+\frac{2}{b}=1\ [\because a=b+2]$

$\Rightarrow \frac{3b+2b+4}{(b+2)b}=1\Rightarrow b^2+2b=5b+4$

$\Rightarrow b^2-3b-4=0\Rightarrow(b-4)(b+1)=0$

$b=4$ অথবা, $b=-1$

$(2)\Rightarrow a=4+2=6$, যখন $b=4$

অথবা, $a=-1+2=1$, যখন $b=-1$

রেখাটির সমীকরণ $\frac{x}{6}+\frac{y}{4}=1\Rightarrow 2x+3y=12$

অথবা, $\frac{x}{1}+\frac{y}{-1}=1\Rightarrow x-y=1$

7(d) $x+ay=a$ রেখাটি x ও y-অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে যেন OA = 3.OB হয়, যখন O মূলবিন্দু। P এর স্থানাঙ্ক (0 , – 9) হলে, AP এর সমীকরণ নির্ণয় কর।

সমাধান: প্রদত্ত রেখার সমীকরণ, $x+ay=a$

$\Rightarrow \frac{x}{a}+\frac{y}{1}=1\qquad(1)$

(1) রেখাটি x ও y-অক্ষকে যথাক্রমে A(a, 0) এবং B (0 ,1) বিন্দুতে ছেদ করে এবং OA = a ও OB = 1.

প্রশ্নমতে, $OA = 3.OB \Rightarrow a = 3.1 = 3$

A বিন্দুর স্থানাঙ্ক (3 , 0)

AP এর সমীকরণ $\frac{x-3}{3-0} = \frac{y-0}{0+9}$

$\Rightarrow 9x - 27 = 3y \therefore 3x - y = 9$ (Ans.)

7(e) $x\cos\alpha + y\sin\alpha = p$ সরলরেখাটি x ও y-অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে। α কে পরিবর্তনশীল ধরে দেখাও যে, AB এর মধ্যবিন্দুর সঞ্চারপথের সমীকরণ $p^2(x^2+y^2) = 4x^2y^2$.
[য. '০২; ব. '০ ২; সি.'০৩; কু.'০৭; ঢা.'১১]

সমাধান: প্রদত্ত রেখার সমীকরণ,

$x\cos\alpha + y\sin\alpha = p$

$\Rightarrow \frac{x}{p/\cos\alpha} + \frac{y}{p/\sin\alpha} = 1 \quad \cdots (1)$

(1) রেখাটি x ও y-অক্ষকে যথাক্রমে A(p/cosα, 0) এবং B (0 , p/sinα) বিন্দুতে ছেদ করে।

AB এর মধ্যবিন্দুর স্থানাঙ্ক $(\frac{p}{2\cos\alpha}, \frac{p}{2\sin\alpha})$

ধরি AB এর মধ্যবিন্দুর সেটের যেকোন একটি উপাদান (x , y).

$x = \frac{p}{2\cos\alpha} \Rightarrow \cos\alpha = \frac{p}{2x}$ এবং

$y = \frac{p}{2\sin\alpha} \Rightarrow \sin\alpha = \frac{p}{2y}$

$\cos^2\alpha + \sin^2\alpha = (\frac{p}{2x})^2 + (\frac{p}{2y})^2$

$\Rightarrow 1 = \frac{p^2}{4x^2} + \frac{p^2}{4y^2} \Rightarrow \frac{p^2(y^2+x^2)}{4x^2y^2} = 1$

$p^2(x^2+y^2) = 4x^2y^2$ (Showed)

8. (a) $x + 3y - 12 = 0$ রেখার অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিতাংশের ত্রিখণ্ডক বিন্দুদ্বয়ের সাথে মূলবিন্দুর সংযোগ রেখার সমীকরণ নির্ণয় কর। [কু.'০৩, '০৭; ব.'০৭; য.'০৮; রা.'১০]

সমাধান: প্রদত্ত রেখা $x + 3y - 12 = 0$

$\Rightarrow x + 3y = 12$

$\Rightarrow \frac{x}{12} + \frac{y}{4} = 1 \cdots (1)$



(1) রেখাটি x ও y-অক্ষকে যথাক্রমে (ধরি) A(12 , 0) ও B(0 , 4) বিন্দুতে ছেদ করে।

ধরি, AB রেখাংশের সমত্রিখণ্ডক বিন্দু P ও Q এবং O মূলবিন্দু।

$P \equiv (\frac{1\times0+2\times12}{1+2}, \frac{1\times4+2\times0}{1+2}) = (8, \frac{4}{3})$

$Q \equiv (\frac{2\times0+1\times12}{2+1}, \frac{2\times4+1\times0}{2+1}) = (4, \frac{8}{3})$

OP রেখার সমীকরণ, $y = \frac{4/3}{8}x$

$\Rightarrow y = \frac{1}{6}x \Rightarrow x = 6y$ এবং

OQ রেখার সমীকরণ, $y = \frac{8/3}{4}x$

$\Rightarrow y = \frac{2}{3}x \Rightarrow 2x = 3y$

নির্ণেয় রেখাদ্বয়ের সমীকরণ, $x = 6y$ ও $2x = 3y$

8 (b) $5x + 4y - 20 = 0$ রেখাটি x ও y–অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে।

I. AB এর দৈর্ঘ্য ও OAB ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর, যেখানে O মূলবিন্দু।

II. P ও Q বিন্দুদ্বয় AB রেখাকে সমান তিন ভাগে বিভক্ত করলে OP ও OQ এর সমীকরণ নির্ণয় কর।
[ঢা.'০৫; সি.'০৯; চ.'১৩]

III. দেখাও যে, OAP, OPQ ও OQB ত্রিভুজ তিনটির ক্ষেত্রফল পরস্পর সমান।

সমাধান: I. প্রদত্ত রেখার সমীকরণ, $5x + 4y - 20 = 0$

$\Rightarrow 5x + 4y = 20 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{5} = 1$, যা x ও y–অক্ষকে যথাক্রমে A (4, 0) ও B(0, 5) বিন্দুতে ছেদ করে।

$AB = \sqrt{(4-0)^2 + (0-5)^2} = \sqrt{16+25}$

$= \sqrt{41}$ একক।

এবং OAB ত্রিভুজের ত্রেফল $=\frac{1}{2}\times 5\times 4=10$ বর্গ একক।

II. P বিন্দুর স্থানাঙ্ক



$(\frac{1\times 0+2\times 4}{1+2},\frac{1\times 5+2\times 0}{1+2})$

$=(\frac{8}{3},\frac{5}{3})$

Q বিন্দুর স্থানাঙ্ক $(\frac{2\times 0+1\times 4}{2+1},\frac{2\times 5+1\times 0}{2+1})$

$=(\frac{4}{3},\frac{10}{3})$

OP রেখার সমীকরণ, $y=\frac{5/3}{8/3}x$

$\Rightarrow y=\frac{5}{8}x \Rightarrow 5x=8y$ এবং

OQ রেখার সমীকরণ, $y=\frac{10/3}{4/3}x$

$\Rightarrow y=\frac{10}{4}x \Rightarrow 5x=2y$

নির্ণেয় রেখাদ্বয়ের সমীকরণ, $5x=8y$ ও $5x=2y$

III. x-অ হতে P বিন্দুর দূরত্ব $\frac{5}{3}$ এবং y-অ হতে Q বিন্দুর দূরত্ব $\frac{4}{3}$.

OAP ত্রিভুজের ত্রেফল $=\frac{1}{2}(OA\times\frac{5}{3})$

$=\frac{1}{2}(4\times\frac{5}{3})=\frac{10}{3}$ বর্গ একক।

OBQ ত্রিভুজের ত্রেফল $=\frac{1}{2}(OB\times\frac{4}{3})$

$=\frac{1}{2}(5\times\frac{4}{3})=\frac{10}{3}$ বর্গ একক।

OPQ ত্রিভুজের ত্রেফল $=\frac{1}{2}|\frac{8}{3}\times\frac{10}{3}-\frac{4}{3}\times\frac{5}{3}|$

$=\frac{1}{2}|\frac{80}{9}-\frac{20}{9}|=\frac{1}{2}\times\frac{60}{9}=\frac{10}{3}$ বর্গ একক।

OAP, OPQ ও OQB ত্রিভুজ তিনটির ত্রেফল পরস্পর সমান।

9. (a) $2y+x-5=0$, $y+2x-7=0$ এবং $x-y+1=0$ রেখাত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। [য.'০৩]

সমাধান: মনে করি, ABC ত্রিভুজের বাহু তিনটি,

$AB\equiv x+2y-5=0 \cdots(1)$,

$BC\equiv 2x+y-7=0 \cdots(2)$,

$CA\equiv x-y+1=0 \cdots(3)$



(1) ও (3) এর ছেদবিন্দু,

$A\equiv(\frac{2-5}{-1-2},\frac{-5-1}{-2-1})=(1,2)$

(1) ও (2) এর ছেদবিন্দু,

$B\equiv(\frac{-14+5}{1-4},\frac{-10+7}{1-4})=(3,1)$

(2) ও (3) এর ছেদবিন্দু,

$C\equiv(\frac{1-7}{-2-1},\frac{-7-2}{-2-1})=(2,3)$.

$\delta_{ABC}=(1-3)(1-3)-(2-1)(3-2)$

$=4-1=3$

$\therefore \Delta ABC$ এর ক্ষেত্রফল $=\frac{1}{2}|\delta_{ABC}|=\frac{3}{2}$ বর্গ একক

$\therefore$ রেখাত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{3}{2}$ বর্গ একক।

$$[\Delta=\frac{\begin{vmatrix}1 & 2 & -5\\ 2 & 1 & -7\\ 1 & -1 & 1\end{vmatrix}^2}{2\begin{vmatrix}1 & 2\\ 2 & 1\end{vmatrix}\begin{vmatrix}2 & 1\\ 1 & -1\end{vmatrix}\begin{vmatrix}1 & 2\\ 1 & -1\end{vmatrix}}=\frac{9^2}{2\times 27}=\frac{3}{2}]$$

9(b) দেখাও যে, $x=a$, $y=b$ এবং $y=mx$ রেখাত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{1}{2|m|}(b-ma)^2$ বর্গ একক।[য. '০৫; রা.'০৮; কু.'১২; ব.'১৩]

প্রমাণ ঃ ধরি, ABC ত্রিভুজের বাহু তিনটি,



$AB \equiv x = a \cdots (1)$,
$BC \equiv y = b \cdots (2)$,
$AC \equiv y = mx \cdots (3)$

(1) ও (3) এর ছেদবিন্দু , $A \equiv (a, ma)$

(1) ও (2) এর ছেদবিন্দু , $B \equiv (a, b)$

(2) ও (3) এর ছেদবিন্দু , $C \equiv (\frac{b}{m}, b)$

$$\delta_{ABC} = (a - a)(b - b) - (ma - b)(a - \frac{b}{m})$$

৫. k এর মান কত হলে $2x-y+7=0$ ও $3x+ky-5=0$ রেখা দুইটি পরস্পর লম্ব হবে ?

সমাধান : $2x-y+7=0$ ও $3x+ky-5=0$ রেখা দুইটি পরস্পর লম্ব হলে,

$2\times3+(-1)\times k=0$ [$a_1a_2+b_1b_2=0$ সূত্র দ্বারা]

$\Rightarrow k=6$ (Ans.)

৬. $(2,-3)$ বিন্দুগামী এবং $(5,7)$ ও $(-6,3)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখার উপর লম্ব এরূপ সরলরেখার সীকরণ নির্ণয় কর।

সমাধান : $(2,-3)$ বিন্দুগামী এবং $(5,7)$ ও $(-6,3)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখার লম্ব এরূপ সরলরেখার সমীকরণ $y+3=-\frac{5+6}{7-3}(x-2)$

$\Rightarrow y+3=-\frac{11}{4}(x-2)$

$\Rightarrow 4y+12=-11x+22$

$11x+4y=10$ (Ans.)

$\Rightarrow$ [$(5 + 6)x + (7-3)y = 11\times2 + 4\times-3=10$]

৭. এরূপ একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা $2x + 3y + 4 = 0$ ও $3x + 4y - 5 = 0$ রেখা দুইটির ছেদ বিন্দু দিয়ে যায় এবং $6x - 7y + 8 = 0$ রেখার উপর লম্ব হয়।

সমাধান: $2x + 3y + 4 = 0$ ও $3x + 4y - 5 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক $= (\frac{-15-16}{8-9}, \frac{12+10}{8-9}) = (31, -22)$.

$(31,-22)$ বিন্দুগামী এবং $6x-7y + 8 = 0$ রেখার উপর লম্ব এরূপ রেখার সমীকরণ,

$7x + 6y = 7\times31 + 6\times-22$

$\Rightarrow 7x + 6y = 217 - 132$

$7x + 6y - 85 = 0$ (Ans.)

[MCQ এর জন্য, $\frac{2x+3y+4}{3x+4y-5} = \frac{2\times6+3\times-7}{3\times6+4\times-7}$]

৮. (2 , 5) ও (5 , 6) বিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর। দেখাও যে, তা (− 4 , 5) ও (− 3 , 2) বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখার উপর লম্ব।

সমাধান: (2 , 5) ও (5 , 6) বিন্দুগামী সরলরেখার সমীকরণ $\frac{x-2}{2-5} = \frac{y-5}{5-6} \Rightarrow \frac{x-2}{-3} = \frac{y-3}{-1}$

$\Rightarrow x - 2 = 3y + 9 \therefore x - 3y + 13 = 0 \cdots(1)$

২য় অংশ : (1) রেখার ঢাল $= -\frac{1}{-3} = \frac{1}{3}$

(− 4 , 5) ও (− 3 , 2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখার ঢাল $= \frac{5-2}{-4+3} = \frac{3}{-1} = -3$

ঢাল দুইটির গুণফল $= \frac{1}{3}\times-3 = -1$

(2 , 5) ও (5 , 6) বিন্দুগামী রেখাটি (− 4 , 5) ও (− 3 , 2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখার উপর লম্ব।

৯. (− 3 ,− 2) বিন্দুগামী এবং $2x + 3y = 3$ রেখার উপর লম্ব সরলরেখার সমীকরণ নির্ণয় কর। মূলবিন্দুগামী এবং এই দুইটি রেখার ছেদবিন্দুগামী সরলরেখারও সমীকরণ নির্ণয় কর।

সমাধান: (− 3 ,− 2) বিন্দুগামী এবং $2x + 3y = 3$ রেখার উপর লম্ব রেখার সমীকরণ

$3x - 2y = 3\times-3 - 2\times-2$

$\Rightarrow 3x - 2y = -9 + 4 \quad \therefore 3x - 2y + 5 = 0$

২য় অংশ: ধরি, $2x+3y-3 = 0$ ও $3x-2y + 5 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী রেখার সমীকরণ,

$2x + 3y - 3 + k(3x-2y + 5) = 0$

$\Rightarrow (2 + 3k)x + (3 - 2k)y - 3 + 5k = 0$

এ রেখাটি মূলবিন্দুগামী বলে, ধ্রুবপদ $-3 + 5k = 0$

$\Rightarrow k = \frac{3}{5}$. অতএব , নির্ণেয় রেখার সমীকরণ,

$2x + 3y - 3 + \frac{3}{5}(3x-2y + 5) = 0$

$\Rightarrow 10x + 15y - 15 + 9x - 6y + 15 = 0$

$\Rightarrow 19x + 9y = 0$ (Ans.)

১০. (1 , 2) , (4 , 4) , (2 , 8) বিন্দুগুলো একটি ত্রিভুজের বাহুগুলোর মধ্যবিন্দু । বাহুগুলোর সমীকরণ নির্ণয় কর।



সমাধান ধরি, ABC ত্রিভুজে BC , CA , AB বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D(1, 2), E(4 , 4) , F(2 , 8). **[ব.'০২]**

$BC || FE$, $CA || DF$ এবং $AB || ED$.

BC রেখার ঢাল = FE রেখার ঢাল $\neq \frac{8-4}{2-4} = -2$

AC রেখার ঢাল = FD রেখার ঢাল $= \frac{8-2}{2-1} = 6$

AB রেখার ঢাল = ED রেখার ঢাল $= \frac{4-2}{4-1} = \frac{2}{3}$

D(1 , 2) বিন্দুগামী BC বাহুর সমীকরণ $y - 2 = -2(x - 1) \Rightarrow 2x + y - 4 = 0$

E(4 , 4) বিন্দুগামী CA বাহুর সমীকরণ $y - 4 = 6(x - 4) \Rightarrow 6x - y - 20 = 0$

এবং F(2 , 8) বিন্দুগামী AB বাহুর সমীকরণ $y - 8 = \frac{2}{3}(x - 2) \Rightarrow 3y - 24 = 2x - 4$

$2x - 3y + 20 = 0$

[MCQ এর জন্য, BC বাহুর সমীকরণ,

$\Rightarrow (4 - 8)x - (4 - 2)y = -4\times1 - 2\times2$]

১১. এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা $2x + 3y = 1$ ও $x - 2y + 3 = 0$ সরলরেখা দুইটির সঙ্গে

সমবিন্দু এবং অক্ষদ্বয় হতে সমান সংখ্যামানের অংশ ছেদ করে।

সমাধান: ধরি, প্রদত্ত রেখাদ্বয়ের সঙ্গে সমবিন্দু এরূপ রেখার সমীকরণ $2x + 3y - 1 + k(x - 2y + 3) = 0$

$\Rightarrow (2 + k)x + (3 - 2k)y - 1 + 3k = 0$ এ রেখাটি অক্ষদ্বয় হতে সমান সংখ্যামানের অংশ ছেদ করে বলে x ও y এর সহগের সংখ্যামান সমান।

$$2 + k = \pm(3 - 2k)$$

$$2 + k = 3 - 2k \Rightarrow 3k = 1 \Rightarrow k = \frac{1}{3}$$

অথবা, $2 + k = -3 + 2k \Rightarrow k = 5$

নির্ণেয় রেখার সমীকরণ,

$$2x + 3y - 1 + \frac{1}{3}(x - 2y + 3) = 0$$

$$\Rightarrow 6x + 9y - 3 + x - 2y + 3 = 0$$

$$\Rightarrow 7x + 7y = 0 \Rightarrow x + y = 0$$

অথবা, $2x + 3y - 1 + 5x - 10y + 15 = 0$

$$\Rightarrow 7x - 7y + 14 = 0 \Rightarrow x - y + 2 = 0$$

প্রশ্নমালা III G

এক নজরে প্রয়োজনীয় সূত্রাবলী ঃ

1. $P(x_1, y_1)$ বিন্দু থেকে $ax + by + c = 0$ সরলরেখার লম্ব দূরত্ব $= \dfrac{|ax_1 + by_1 + c|}{\sqrt{a^2 + b^2}}$

2.(i) $ax + by + c_1 = 0$ ও $ax + by + c_2 = 0$ সমান্তরাল সরলরেখা দুইটির মধ্যবর্তী দূরত্ব $= \dfrac{|c_2 - c_1|}{\sqrt{a^2 + b^2}}$

(ii) $ax + by + c = 0$ হতে d একক দূরবর্তী রেখার সমীকরণ $ax + by + c \pm d\sqrt{a^2 + b^2} = 0$

3. $f(x, y) \equiv a_1x + b_1y + c_1 = 0$ ও $g(x, y) \equiv a_2x + b_2y + c_2 = 0$ রেখা দুইটির অন্তর্ভুক্ত কোণগুলোর সমদ্বিখণ্ডকদ্বয়ের সমীকরণ

$$\frac{a_1x + b_1y + c_1}{\sqrt{a_1^2 + b_1^2}} = \pm\frac{a_2x + b_2y + c_2}{\sqrt{a_2^2 + b_2^2}}$$

(i) $P(\alpha, \beta)$ বিন্দু ধারণকারী কোণটির সমদ্বিখণ্ডকের সমীকরণ '+' হবে যখন $f(\alpha, \beta) \times g(\alpha, \beta) > 0$

'–' হবে যখন $f(\alpha, \beta) \times g(\alpha, \beta) < 0$

(ii) মূলবিন্দু ধারণকারী কোণটির সমদ্বিখণ্ডকের সমীকরণ '+' অথবা '–' হবে যখন যথাক্রমে $c_1 \times c_2 > 0$ বা, < 0

(iii) $P(x', y')$ বিন্দুটি রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত স্থূলকোণে অথবা সূক্ষ্মকোণে অবস্থিত হবে যখন যথাক্রমে $f(x', y') \times g(x' + y')$

$$\times(a_1a_2 + b_1b_2 > 0 \text{ বা}, < 0$$

(iv) $a_1a_2 + b_1b_2 > 0$ হলে, '+' স্থূলকোণের ও '–' সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ ।

$a_1a_2 + b_1b_2 < 0$ হলে, '+' সূক্ষ্মকোণের ও '–' স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ ।

4. ABC ত্রিভুজের $AB \equiv a_1x + b_1y + c_1 = 0$, $AC \equiv a_2x + b_2y + c_2 = 0$, $BC \equiv px + qy + r = 0$ হলে, $\angle A$ স্থূলকোণ অথবা সূক্ষ্মকোণ হবে যদি যথাক্রমে $\begin{vmatrix} a_1 & b_1 \\ p & q \end{vmatrix}\begin{vmatrix} p & q \\ a_2 & b_2 \end{vmatrix}(a_1a_2 + b_1b_2)$ > 0, অথবা < 0 হয়।

5. ABC ত্রিভুজের শীর্ষ তিনটি $A(x_1, y_1)$, $B(x_2, y_2)$ ও $C(x_3, y_3)$ হলে, $\angle A$ সূক্ষ্মকোণ বা স্থূলকোণ হবে যদি যথাক্রমে $(x_1 - x_2)(x_1 - x_3) + (y_1 - y_2)(y_1 - y_3) > 0$, অথবা < 0 হয়।

6. ABC ত্রিভুজের শীর্ষ তিনটি $A(x_1, y_1)$, $B(x_2, y_2)$ ও $C(x_3, y_3)$ হলে, অন্তঃব্যাসার্ধ, $r = \dfrac{1}{a + b + c}|\delta_{ABC}|$ এবং অন্তঃকেন্দ্র $= \left(\dfrac{ax_1 + bx_2 + cx_3}{a + b + c}, \dfrac{ay_1 + by_2 + cy_3}{a + b + c}\right)$; যখন $AB = c$, $BC = a$, $CA = b$ এবং $\delta_{ABC} = (x_1 - x_2)(y_2 - y_3) - (x_2 - x_3)(y_1 - y_2)$

অর্থাৎ অন্তঃকেন্দ্রের

$$\text{ভুজ} = \frac{\sum x_1\sqrt{(x_2 - x_3)^2 + (y_2 - y_3)^2}}{\sum\sqrt{(x_2 - x_3)^2 + (y_2 - y_3)^2}} \text{ এবং}$$

$$\text{কোটি} = \frac{\sum y_1\sqrt{(x_2 - x_3)^2 + (y_2 - y_3)^2}}{\sum\sqrt{(x_2 - x_3)^2 + (y_2 - y_3)^2}}$$

MCQ এর জন্য বিশেষ সূত্র ঃ

1. $a_1x+b_1y+c_1=0$ ও $a_2x+b_2y+c_2=0$ সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব = $\dfrac{|c_1\sqrt{a_2^2+b_2^2}-c_2\sqrt{a_1^2+b_1^2}|}{\sqrt{a_1^2+b_1^2}\sqrt{a_2^2+b_2^2}}$

2. $f(x)\equiv ax+by+c=0$ রেখা $g(x)\equiv a_1x+b_1y+c_1=0$ ও AB রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণগুলোর একটি সমদ্বিখন্ডক হলে AB এর সমীকরণ $(a^2+b^2)g(x)-2(aa_1+bb_1)f(x)=0$

3. $A(x_1,y_1)$, $B(x_2,y_2)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে $ax+by+c=0$ সরলরেখাটি $|ax_1+by_1+c|$ $|ax_2+by_2+c|$ অনুপাতে বিভক্ত করে।

প্রশ্নমালা III G

1(a) Sol^n.: সবগুলি তথ্য সত্য। Ans. D

(b) Sol^n. (2 , 3) ও (6 7) বিন্দুগামী সরলরেখার ঢাল = $\dfrac{3-7}{2-6}=\dfrac{-4}{-4}=1$ Ans. A

(c) Sol^n.: y- অক্ষের সমীকরণ $x=0$
নির্ণেয় অনুপাত = $|7|$ $|-5|=7:5$

(d) Sol^n.: ত্রিভুজটির ক্ষেত্রফল $=\dfrac{1}{2}|x_1y_2-x_2y_1|$

$=\dfrac{1}{2}|24-15|=4\cdot5$

(e) Sol^n.: নির্ণেয় কোণ = $\tan^{-1}(\dfrac{4}{-4})$

$=180^0-\tan^{-1}1=180^0-45^0=135^0$

(f) Sol^n.: রেখাটির সমীকরণ, x = (3 , – 6) বিন্দুর x-স্থানাঙ্ক $\Rightarrow x=3$

(g) Sol^n.: Ans.D

(h) Sol^n.: সবগুলি তথ্য সত্য। Ans. D

(i) Sol^n.: রেখাটির সমীকরণ, $3x+4y=3\times5+4\times(-3)\Rightarrow 3x+4y=3$

(j) Sol^n.: রেখাটির সমীকরণ, $4x-3y=4\times4-3\times0\Rightarrow 4x-3y=16$

(k) Sol^n.: লম্বদূরত্ব $=\dfrac{|-12|}{\sqrt{3^2+4^2}}=\dfrac{12}{5}$

(*l*) Sol^n.: $3x+4y=12\Rightarrow\dfrac{x}{4}+\dfrac{y}{3}=1$

ত্রিভুজটির ক্ষেত্রফল $=\dfrac{1}{2}|ab|=\dfrac{1}{2}|12|=6;$

[এখানে, a = 4, b = 3]

$AB=\sqrt{a^2+b^2}=\sqrt{4^2+3^2}=5$ একক ।

রেখার সমীকরণ, $y=\dfrac{b}{a}x\Rightarrow y=\dfrac{3}{4}x\Rightarrow 3x=4y$

(m) Sol^n.: $r=\sqrt{(-\sqrt{3})^2+(-\sqrt{3})^2}$

$=\sqrt{3+3}=\sqrt{6}$ $\therefore$ Ans. C

(n) Sol^n : রেখার সমীকরণ

$7x-3y=7.2-3.1=11$

$\Rightarrow 7x-3y-11=0$ Ans. B

(o) Sol^n : $y=6$ ও $x=5$ এর ছেদবিন্দু A(5, 6)
$y^2=a(x-7)$ এ $y=6$ বসিয়ে পাই,

$36=a(x-7)\Rightarrow x=\dfrac{36}{a}+7$

$B(\dfrac{36}{a}+7, 6)$

$AB=|\dfrac{36}{a}+7-5|=7\Rightarrow\dfrac{36}{a}+2=\pm7$

$\Rightarrow\dfrac{36}{a}=5,-9\Rightarrow a=-\dfrac{36}{9}=-4,\quad a<0$

$\therefore$ Ans. A

1(i) (a) (1, 2) বিন্দু হতে $x-\sqrt{3}y+4=0$ রেখার উপর একটি লম্ব অঙ্কিত হল। মূলবিন্দু থেকে এ লম্বের লম্বদূরত্ব নির্ণয় কর। [প্র.ভ.প.'০৫]

সমাধান : (1 , 2) বিন্দু হতে $x-\sqrt{3}y+4=0$ রেখার উপর অঙ্কিত লম্বের সমীকরণ,

$\sqrt{3}x+y=\sqrt{3}\times1+2$

$\Rightarrow \sqrt{3}x+y-2-\sqrt{3}=0\cdots\cdots(1)$

$\therefore$ মূলবিন্দুর থেকে (1) এর লম্ব দূরত্ব $=\dfrac{|-2-\sqrt{3}|}{\sqrt{3+1}}$

$= \dfrac{2+\sqrt{3}}{2}$ (Ans.)

(b) $4x + 3y = c$ এবং $12x - 5y = 2(c + 3)$ রেখা দুইটি হতে মূলবিন্দু সমদূরবর্তী। c এর ধনাত্মক মান নির্ণয় কর। [রা.'০৮,'১২ ;চ.'০৬; য.'১০,'১৪; ঢা.'০৯]

সমাধান : $4x + 3y = c$ অর্থাৎ $4x + 3y - c = 0$

হতে মূলবিন্দু দুরত্ব $= \dfrac{|-c|}{\sqrt{16+9}} = \dfrac{|c|}{5}$

আবার, $12x - 5y = 2(c + 3)$ অর্থাৎ $12x - 5y - 2(c + 3) = 0$ হতে মূলবিন্দুর দূরত্ব

$= \dfrac{|-2(c+3)|}{\sqrt{144+25}} = \dfrac{|2(c+3)|}{13}$

প্রশ্নমতে, $\dfrac{|2(c+3)|}{13} = \dfrac{|c|}{5} \Rightarrow \dfrac{2(c+3)}{13} = \pm\dfrac{c}{5}$

'+' নিয়ে, $10c + 30 = 13c \Rightarrow 3c = 30 \therefore c = 10$

'–' নিয়ে, $10c + 30 = -13c \Rightarrow 23c = -30$

$\Rightarrow c = -30/23$

c এর ধনাত্মক মান 10. (Ans.)

(c) (a, b) বিন্দুটি $3x - 4y + 1 = 0$ এবং $4x + 3y + 1 = 0$ রেখাদ্বয় হতে সমদূরবর্তী হলে, দেখাও যে, $a + 7b = 0$ অথবা $7a - b + 2 = 0$

[রা.'০১,'১০; সি.'০১; মা.'০৮; চ.'১৩]

প্রমাণ ঃ $3x - 4y + 1 = 0$ রেখা হতে (a, b) বিন্দুর দূরত্ব $= \dfrac{|3a-4b+1|}{\sqrt{9+16}} = \dfrac{|3a-4b+1|}{5}$

আবার, $4x + 3y + 1 = 0$ রেখা হতে (a, b) বিন্দুর দূরত্ব $= \dfrac{|4a+3b+1|}{\sqrt{16+9}} = \dfrac{|4a+3b+1|}{5}$

প্রশ্নমতে, $\dfrac{|3a-4b+1|}{5} = \dfrac{|4a+3b+1|}{5}$

$\Rightarrow 3a-4b+1 = \pm(4a+3b+1)$

'+' নিয়ে, $3a-4b+1-4a-3b-1=0$

$\Rightarrow -a-7b=0 \Rightarrow a+7b=0$

'–' নিয়ে, $3a-4b+1+4a+3b+1=0$

$\Rightarrow 7a-b+2=0$

$a+7b=0$ অথবা $7a-b+2=0$

(d) মূলবিন্দু থেকে $x \sec\theta - y \operatorname{cosec}\theta = k$ ও $x \cos\theta - y \sin\theta = k \cos 2\theta$ রেখা দুইটির লম্ব দুরত্ব যথাক্রমে p ও p' হলে, প্রমাণ কর যে, $4p^2 + p'^2 = k^2$ [চ.'০৩,'১১; রা.'০৪;য.'০৯]

প্রমাণ : মূলবিন্দু থেকে $x\sec\theta - y\operatorname{cosec}\theta - k = 0$ এর দূরত্ব $p = \left|\dfrac{-k}{\sqrt{\sec^2\theta + \operatorname{cosec}^2\theta}}\right|$

মূলবিন্দু (0 0) থেকে $x\cos\theta - y\sin\theta - k\cos 2\theta = 0$ এর দূরত্ব,

$$p' = \left|\frac{-k\cos 2\theta}{\sqrt{\cos^2\theta+\sin^2\theta}}\right|$$

$\text{L.H.S.} = 4p^2 + p'^2$

$$= 4\frac{k^2}{\sec^2\theta+\operatorname{cosec}^2\theta} + \frac{k\cos^2 2\theta}{1}$$

$$= \frac{4k^2}{1/\cos^2\theta + 1/\sin^2\theta} + k^2\cos^2 2\theta$$

$$= \frac{4k^2(\sin^2\theta\cos^2\theta)}{\sin^2\theta+\cos^2\theta} + k^2\cos^2 2\theta$$

$$= \frac{k^2(2\sin\theta\cos\theta)^2}{1} + k^2\cos^2 2\theta$$

$$= k^2(\sin^2 2\theta + \cos^2 2\theta)$$

$$= k^2 .1 = k^2 = \text{R.H.S. (Proved)}$$

(e) দেখাও যে, $(\pm 4, 0)$ বিন্দু দুইটি থেকে $3x\cos\theta + 5y\sin\theta = 15$ এর উপর অঙ্কিত লম্ব দুইটির গুণফল θ মুক্ত হবে।

[য.'০৩; ঢা.'০৬; ব.'০৮ ; কু.'১৩]

প্রমাণ : (4, 0) বিন্দু থেকে $3x\cos\theta + 5y\sin\theta - 15 = 0$ এর লম্বদূরত্ব

$$= \left|\frac{12\cos\theta - 15}{\sqrt{9\cos^2\theta + 25\sin^2\theta}}\right| = d_1 \text{ (ধরি)}$$

(4, 0) বিন্দু থেকে $3x\cos\theta + 5y\sin\theta - 15 = 0$ এর লম্বদূরত্ব

$$= \left|\frac{-12\cos\theta - 15}{\sqrt{9\cos^2\theta + 25\sin^2\theta}}\right| = d_2 \text{ (ধরি)}$$

লম্বদূরত্ব দুইটির গুণফল,

$$d_1 d_2 = \left|\frac{12\cos\theta - 15}{\sqrt{9\cos^2\theta + 25\sin^2\theta}}\right| \left|\frac{-12\cos\theta - 15}{\sqrt{9\cos^2\theta + 25\sin^2\theta}}\right|$$

$$= \left|\frac{225 - 144\cos^2\theta}{9\cos^2\theta + 25(1-\cos^2\theta)}\right|$$

$$= \left|\frac{9(25 - 16\cos^2\theta)}{(25 - 16\cos^2\theta)}\right| = 9\text{; যা } \theta \text{ মুক্ত।}$$

লম্ব দূরত্ব দুইটির গুণফল θ মুক্ত।

1(f) $(\sqrt{3}, 1)$ বিন্দু থেকে $\sqrt{3}x - y + 8 = 0$ এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর এই লম্ব x -অক্ষের সঙ্গে যে কোণ উৎপন্ন করে তা নির্ণয় কর। [কু.'০৭]

সমাধান : $(\sqrt{3}, 1)$ বিন্দু থেকে $\sqrt{3}x - y + 8 = 0$ এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য $= \frac{|3 - 1 + 8|}{\sqrt{3+1}}$

$$= \frac{10}{2} = 5$$

২য় অংশ : প্রদত্ত রেখার ঢাল $= \sqrt{3}$

প্রদত্ত রেখার উপর লম্ব রেখার ঢাল $= -\frac{1}{\sqrt{3}}$

লম্বরেখা x -অক্ষের সঙ্গে যে কোণ উৎপন্ন করে তার পরিমাণ $= \tan^{-1}(-\frac{1}{\sqrt{3}}) = 180^0 - \tan^{-1}\frac{1}{\sqrt{3}}$

$$= 180^0 - 30^0 = 150^0$$

(g) (2, 3) বিন্দু এবং 4x + 37 – 7 = 0 রেখার সাপেক্ষে উক্ত বিন্দুর প্রতিবিম্বের মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর। [প্র.ভ.প.'০৫; কু.'১১]

সমাধান ঃ $(2, 3)$ বিন্দু হতে $4x + 3y - 7 = 0$ রেখার দূরত্ব $= \frac{|4\times2 + 3\times3 - 7|}{\sqrt{16+9}}$

$$= \frac{|8 + 9 - 7|}{5} = \frac{10}{5} = 2 \text{ একক}$$

$\therefore$ $(2, 3)$ বিন্দু এবং প্রদত্ত রেখার সাপেক্ষে উক্ত বিন্দুর প্রতিবিম্বের মধ্যবর্তী দূরত্ব $= 2\times2 = 4$ একক

(h) প্রমাণ কর যে, $(\pm c, 0)$ বিন্দু দুটি হতে bx cosθ + ay sinθ = ab এর উপর অঙ্কিত লম্বদ্বয়ের গুণফল b^2 হয় যখন $a^2 = b^2 + c^2$ [কু.'০৯]

প্রমাণ : $(c, 0)$ বিন্দু হতে প্রদত্ত রেখার উপর অঙ্কিত লম্ব $= \left|\frac{bc\cos\theta - ab}{\sqrt{b^2\cos^2\theta + a^2\sin^2\theta}}\right| = d_1$ (ধরি)

এবং $(-c, 0)$ বিন্দু হতে প্রদত্ত রেখার উপর অঙ্কিত লম্ব $= \left|\frac{-bc\cos\theta - ab}{\sqrt{b^2\cos^2\theta + a^2\sin^2\theta}}\right| = d_2$ (ধরি)

$$d_1 d_2 = \left|\frac{-(b^2c^2\cos^2\theta - a^2b^2)}{b^2\cos^2\theta + a^2 - a^2\cos^2\theta}\right|$$

$$= \left|\frac{-b^2(c^2\cos^2\theta - a^2)}{(b^2 - a^2)\cos^2\theta + a^2}\right|$$

$$= \left|\frac{b^2(a^2 - c^2\cos^2\theta)}{-c^2\cos^2\theta + a^2}\right| \quad [\because a^2 = b^2 + c^2]$$

লম্বদ্বয়ের গুণফল $= b^2$

2(a) $3x - 2y = 1$ এবং $6x - 4y + 9 = 0$ সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর। [মা.'০৪,'০৬]

সমাধান ঃ প্রদত্ত রেখাদ্বয়,

$3x - 2y = 1 \Rightarrow 3x - 2y - 1 = 0 \cdots (1)$ এবং

$6x - 4y + 9 = 0 \Rightarrow 3x - 2y + \frac{9}{2} = 0 \cdots (2)$

(1) ও (2) সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব

$$= \frac{|-1 - \frac{9}{2}|}{\sqrt{9+4}} = \frac{|-\frac{11}{2}|}{\sqrt{13}} = \frac{11}{2\sqrt{13}} \text{ একক।}$$

2(b) দেখাও যে, $4x + 7y - 26 = 0$ রেখার উপরিস্থিত যেকোন বিন্দু $3x + 4y - 12 = 0$ ও $5x + 12y - 52 = 0$ রেখা দুইটি হতে সমদূরবর্তী।

প্রমাণ ঃ ধরি, $4x + 7y - 26 = 0$ রেখার উপর $P(\alpha, \beta)$ যেকোন একটি বিন্দু।

$$4\alpha + 7\beta - 26 = 0 \Rightarrow \alpha = \frac{26 - 7\beta}{4}$$

$3x + 4y - 12 = 0$ রেখা হতে $P(\alpha, \beta)$ এর দূরত্ব

$= \dfrac{|3\alpha + 4\beta - 12|}{\sqrt{9+16}} = \dfrac{|3\frac{26-7\beta}{4} + 4\beta - 12|}{5}$

$= \dfrac{|78 - 21\beta + 16\beta - 48|}{5\times4} = \dfrac{|30-5\beta|}{5\times4}$

$= \dfrac{|6-\beta|}{4}$

$5x + 12y - 52 = 0$ রেখা হতে $P(\alpha, \beta)$ এর দূরত্ব

$= \dfrac{|5\alpha + 12\beta - 52|}{\sqrt{25+144}} = \dfrac{|5\frac{26-7\beta}{4} + 12\beta - 52|}{13}$

$= \dfrac{|130 - 35\beta + 48\beta - 208|}{13\times4} = \dfrac{|-78+13\beta|}{5\times4}$

$= \dfrac{13|6-\beta|}{13\times4} = \dfrac{|6-\beta|}{4}$

$\therefore$ $4x + 7y - 26 = 0$ রেখার উপরিস্থিত যেকোন বিন্দু $3x + 4y - 12 = 0$ ও $5x + 12y - 52 = 0$ রেখা দুইটি হতে সমদূরবর্তী।

বিকল্প পদ্ধতি প্রশ্নমতে এটাই প্রমাণ করা যথেষ্ট যে, $3x + 4y - 12 = 0 \cdots (1)$ ও

$5x + 12y - 52 = 0 \cdots(2)$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণগুলোর সমদ্বিখন্ডকদ্বয়ের একটি $4x + 7y - 26 = 0$

এখন, (1) ও (2) রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণগুলোর সমদ্বিখন্ডকের সমীকরণ,

$$\frac{3x+4y-12}{\sqrt{9+16}} = \pm\frac{5x+12y-52}{\sqrt{25+144}}$$

$$\Rightarrow \frac{3x+4y-12}{5} = \pm\frac{5x+12y-52}{13}$$

$\Rightarrow 39x + 52y - 156 = \pm(25x + 60y - 260)$

'–' নিয়ে, $64x + 112y - 416 = 0$

$\Rightarrow 4x + 7y - 26 = 0$, যা একটি সমদ্বিখন্ডকের সমীকরণ।

3.(a) $12x - 5y + 26 = 0$ রেখা থেকে 2 একক দূরে এবং $x + 5y = 13$ রেখার উপর অবস্থিত বিন্দুসমূহের স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান ঃ ধরি, $x + 5y = 13 \cdots(1)$ রেখাস্থ বিন্দু (α, β), $12x - 5y + 26 = 0 \cdots(2)$ রেখা থেকে 2 একক দূরে অবস্থিত।

$\alpha + 5\beta = 13 \Rightarrow \alpha = 13 - 5\beta \quad (3)$

এবং $\dfrac{|12\alpha - 5\beta + 26|}{\sqrt{144+25}} = 2$

$\Rightarrow 12\alpha - 5\beta + 26 = \pm 26$

'+' নিয়ে, $12\alpha - 5\beta = 0$

$\Rightarrow 12(13 - 5\beta) - 5\beta = 0$ [(3) দ্বারা]

$\Rightarrow 156 - 60\beta - 5\beta = 0 \Rightarrow 65\beta = 156$

$\Rightarrow \beta = \dfrac{156}{65} = \dfrac{12}{5} \therefore \alpha = 13 - 5.\dfrac{12}{5} = 1$

আবার, '–' নিয়ে, $12\alpha - 5\beta + 52 = 0$

$\Rightarrow 12(13 - 5\beta) - 5\beta + 52 = 0$ [(3) দ্বারা]

$\Rightarrow 156 - 60\beta - 5\beta + 52 = 0 \Rightarrow 65\beta = 208$

$\Rightarrow \beta = \dfrac{208}{65} = \dfrac{16}{5} \therefore \alpha = 13 - 5.\dfrac{16}{5} = -3$

বিন্দুসমূহের স্থানাঙ্ক $(1, \frac{12}{5}), (-3, \frac{16}{5})$

3(b) (x, y) বিন্দুটি $3x - 4y + 1 = 0$ ও $4x + 3y + 1 = 0$ রেখা দুইটি হতে সমদূরবর্তী হলে দেখাও যে, $x + 7y = 0$ অথবা, $7x - y + 2 = 0$. [চ.'০২; সি.'০৮]

সমাধান ঃ $3x - 4y + 1 = 0$ রেখা হতে (x, y) বিন্দুর দূরত্ব $= \dfrac{|3x-4y+1|}{\sqrt{9+16}} = \dfrac{|3x-4y+1|}{5}$ এবং

$4x + 3y + 1 = 0$ রেখা হতে (x, y) বিন্দুর দূরত্ব

$= \dfrac{|4x+3y+1|}{\sqrt{16+9}} = \dfrac{|4x+3y+1|}{5}$

প্রশ্নমতে, $\dfrac{|3x-4y+1|}{5} = \dfrac{|4x+3y+1|}{5}$

$3x - 4y + 1 = \pm(4x + 3y + 1)$

'+' নিয়ে পাই, $3x - 4y + 1 = 4x + 3y + 1$

$\Rightarrow x + 7y = 0$

'–' নিয়ে পাই, $3x - 4y + 1 = -4x - 3y - 1$

$\Rightarrow 7x - y + 2 = 0$

4.(a) $12x - 5y = 7$ রেখার 2 একক দূরবর্তী সমান্তরাল রেখার সমীকরণ নির্ণয় কর। [ব.'১০ কু.'০৮; য.'১০,'১২; রা.'১৩; চ.'১৪]

সমাধান : ধরি, $12x - 5y = 7$ অর্থাৎ $12x - 5y - 7 = 0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ $12x - 5y + k = 0$

এ রেখা দুইটির মধ্যবর্তী দূরত্ব $= \frac{|k+7|}{\sqrt{144+25}}$

প্রশ্নমতে, $\frac{|k+7|}{\sqrt{144+25}} = 2 \Rightarrow \frac{k+7}{13} = \pm 2$

$\Rightarrow k = \pm 26 - 7$

$k = 19$ অথবা, $k = -33$

নির্ণেয় রেখার সমীকরণ $12x - 5y + 19 = 0$

অথবা, $12x - 5y - 33 = 0$

4(b) $(1, -2)$ বিন্দু থেকে $7\frac{1}{2}$ একক দূরবর্তী এবং $3x + 4y = 7$ রেখাটির সমান্তরাল রেখাসমূহের সমীকরণ নির্ণয় কর।

[দি.'১০; চ.'১২; য.'১৩; ঢা.'১৪; সি.'১৩; ব.'১৪]

সমাধান : ধরি, প্রদত্ত রেখার সমান্তরাল রেখার সমীকরণ $3x + 4y + k = 0 \cdots \quad (1)$

(1) রেখা হতে $(1, -2)$ বিন্দুর দূরত্ব $= \frac{|3-8+k|}{\sqrt{9+16}}$

প্রশ্নমতে, $\frac{|3-8+k|}{\sqrt{9+16}} = 7\frac{1}{2} \Rightarrow \frac{k-5}{5} = \pm \frac{15}{2}$

$2k - 10 = 75 \Rightarrow k = 85/2$ এবং

$2k - 10 = -75 \Rightarrow k = -65/2$

নির্ণেয় রেখাসমূহের সমীকরণ $3x + 4y + \frac{85}{2} = 0$

$\Rightarrow 6x + 8y + 85 = 0$

এবং $3x + 4y - \frac{65}{2} = 0 \Rightarrow 6x + 8y = 65$

4(c) $4x - 3y = 8$ সরলরেখার সমান্তরাল এবং তা থেকে 2 একক দূরে অবস্থিত রেখাসমূহের সমীকরণ নির্ণয় কর। [সি.'০৭,'১৩; ঢা'১০,'১৩; য.'০৪; মা.'০৫; চ.'০৯; ব.'১৩; দি.'১৪]

সমাধান : ধরি, $4x - 3y = 8$ অর্থাৎ $4x - 3y - 8 = 0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ $4x - 3y + k = 0$

এ রেখা দুইটির মধ্যবর্তী দূরত্ব $= \frac{|k+8|}{\sqrt{16+9}}$

প্রশ্নমতে, $\frac{|k+8|}{\sqrt{16+9}} = 2 \Rightarrow \frac{k+8}{5} = \pm 2$

$\Rightarrow k = \pm 10 - 8$

$k = 10 - 8 = 2$ এবং, $k = -10 - 8 = -18$

নির্ণেয় রেখাসমূহের সমীকরণ $4x - 3y + 2 = 0$

এবং $4x - 3y - 18 = 0$

4(d) $(7, 17)$ বিন্দু দিয়ে যায় এবং $(1, 9)$ বিন্দু থেকে 6 একক দূরে অবস্থিত সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

সমাধান : ধরি, $(7, 17)$ বিন্দু দিয়ে যায় এরূপ রেখার সমীকরণ, $y - 17 = m(x - 7)$

$\Rightarrow mx - y - 7m + 17 = 0 \cdots \cdots (1)$

(1) রেখাটি থেকে $(1, 9)$ বিন্দুর দূরত্ব

$= \left|\frac{m - 9 - 7m + 17}{\sqrt{m^2+1}}\right| = \left|\frac{8-6m}{\sqrt{m^2+1}}\right|$

পশ্নমতে, $\left|\frac{8-6m}{\sqrt{m^2+1}}\right| = 6 \Rightarrow \left|\frac{4-3m}{\sqrt{m^2+1}}\right| = 3$

$\Rightarrow (4 - 3m)^2 = 9(m^2 + 1)$

$\Rightarrow 16 - 24m + 9m^2 = 9m^2 + 9$

$\Rightarrow 24m = 7 \Rightarrow m = 7/24$

নির্ণেয় রেখার সমীকরণ $y - 17 = \frac{7}{24}(x - 7)$

$\Rightarrow 24y - 408 = 7x - 49$

$\Rightarrow 7x - 24y + 359 = 0$

5. (a) এমন সরলরেখার সমীকরণ নির্ণয় কর যার ঢাল -1 এবং মূলবিন্দু থেকে যার দূরত্ব 4 একক।

[কু.'০৬; সি.'০৯]

সমাধান : ধরি, -1 ঢাল বিশিষ্ট সরলরেখার সমীকরণ,

$y = -1.x + c \Rightarrow x + y - c = 0 \cdots (1)$

মূলবিন্দু $(0,0)$ থেকে (1) এর দূরত্ব $= \frac{|-c|}{\sqrt{2}}$

প্রশ্নমতে, $\frac{|-c|}{\sqrt{2}} = 4 \Rightarrow |c| = 4\sqrt{2}$

$\Rightarrow c = \pm 4\sqrt{2}$

নির্ণেয় রেখার সমীকরণ, $x + y \pm 4\sqrt{2} = 0$

5 (b) মূলবিন্দু থেকে 7 একক দূরত্বে এবং $3x - 4y + 7 = 0$ রেখার উপর লম্ব রেখাসমূহের সমীকরণ নির্ণয় কর।

[চ.'০৫; সি.'০৬,'১১; রা.' ০৯; দি.'০৯, '১১,'১২; ব.'১১; মা.'১৪]

সমাধান ঃ ধরি, প্রদত্ত রেখার উপর লম্ব রেখার সমীকরণ

$4x + 3y + k = 0 \cdots \quad (1)$

মূলবিন্দু (0,0) থেকে (1) এর দূরত্ব $= \dfrac{|k|}{\sqrt{16+9}}$

প্রশ্নমতে, $\dfrac{|k|}{\sqrt{16+9}} = 7 \Rightarrow \dfrac{k}{5} = \pm 7$

$= \pm 35$

নির্ণেয় রেখাসমূহের সমীকরণ $4x + 3y + 35 = 0$ এবং $4x + 3y - 35 = 0$

5(c) একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $60°$ কোণ উৎপন্ন করে এবং মূলবিন্দু থেকে 4 একক দূরে অবস্থিত। [চ.'১৩]

সমাধান : ধরি, রেখাটির সমীকরণ,

$y = x \tan 60° + c \Rightarrow y = \sqrt{3}x + c$

$\Rightarrow \sqrt{3}x - y + c = 0 \quad \cdots(1)$

মূলবিন্দু (0,0) থেকে (1) এর দূরত্ব $= \dfrac{|c|}{\sqrt{3+1}} = \dfrac{|c|}{2}$

প্রশ্নমতে $\dfrac{|c|}{2} = 4 \Rightarrow \dfrac{c}{2} = \pm 4 \Rightarrow c = \pm 8$

রেখাটির সমীকরণ $\sqrt{3}x - y + 8 = 0$

অথবা, $\sqrt{3}x - y - 8 = 0$

5(d) একটি সরলরেখা অক্ষ দুইটি থেকে সমমানের যোগবোধক অংশ ছেদ করে । মূল বিন্দু থেকে তার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য 4 একক। তার সমীকরণ বের কর। [ব.'১১; কু.'১১; সি.'১৩]

সমাধান ঃ ধরি, অক্ষ দুইটি থেকে সমমানের যোগবোধক অংশ ছেদ করে এরূপ সরলরেখার সমীকরণ,

$\dfrac{x}{a} + \dfrac{y}{a} = 1 \Rightarrow x + y = a \cdots$(i), যেখানে $a > 0$.

মূল বিন্দু থেকে (i) এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য

$\dfrac{|0+0-a|}{\sqrt{1^2+1^2}} = \quad \Rightarrow |-a| = 4\sqrt{2}$

$\Rightarrow a = 4 \quad [\because a > 0.]$

নির্ণেয় সরলরেখার সমীকরণ, $x + y = 4\sqrt{2}$

6(a) $y = 2x + 1$ ও $2y - x = 4$ রেখা দুইটির অন্তর্ভুক্ত কোণগুলোর সমদ্বিখন্ডক y-অক্ষকে P ও Q বিন্দুতে ছেদ করে। PQ এর দূরত্ব নির্ণয় কর।

[রা.'১১,'১৪; সি.'০৫; ব.'১২;কু.'১৪; চুয়েট'০৮-০৯]

সমাধান ঃ প্রদত্ত $y = 2x + 1$ অর্থাৎ $2x - y + 1 = 0$ ও $2y - x = 4$ অর্থাৎ $x - 2y + 4 = 0$ রেখা দুইটির অন্তর্ভুক্ত কোণের সমদ্বিখন্ডকের সমীকরণ,

$$\frac{2x - y + 1}{\sqrt{4+1}} = \pm \frac{x - 2y + 4}{\sqrt{1+4}}$$

$\Rightarrow 2x - y + 1 = \pm(x - 2y + 4)$

'+' নিয়ে, $x + y = 3 \Rightarrow \dfrac{x}{3} + \dfrac{y}{3} = 1$, যা y-অক্ষকে P(0 , 3) বিন্দুতে ছেদ করে।

'–' নিয়ে, $2x - y + 1 = -x + 2y - 4$

$\Rightarrow 3x - 3y = -5 \Rightarrow \dfrac{x}{-5/3} + \dfrac{y}{5/3} = 1$, যা y-অক্ষকে Q(0 , $\dfrac{5}{3}$) বিন্দুতে ছেদ করে।

PQ এর দূরত্ব $= |3 - \dfrac{5}{3}| = |\dfrac{4}{3}| = 1\dfrac{1}{3}$

6(b) দেখাও যে, (0,1) বিন্দুটি $12x - 5y + 1 = 0$ ও $5x + 12y - 16 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণগুলোর একটি সমদ্বিখন্ডকের উপর অবস্থিত। [রা.'০৬; সি.'০৮,'১৪; কু. '১১,'১৩; চ. '০৮; য.'১১; দি.'১৩]

প্রমাণ প্রশ্নমতে এটাই প্রমাণ করা যথেষ্ট যে, $12x - 5y + 1 = 0$ ও $5x + 12y - 16 = 0$ রেখাদ্বয় হতে (0,1) বিন্দুটি সমদূরবর্তী ।

(1) থেকে (0,1) বিন্দুর দূরত্ব $= \dfrac{|0-5+1|}{\sqrt{144+25}}$

$= \dfrac{|-4|}{13} = \dfrac{4}{13}$

(2) থেকে (0,1) বিন্দুর দূরত্ব $= \dfrac{|0+12-16|}{\sqrt{25+144}}$

$= \dfrac{|-4|}{13} = \dfrac{4}{13}$

পদত্ত রেখাদ্বয় হতে (0,1) বিন্দুটি সমদূরবর্তী ।

(0,1) বিন্দুটি পদত্ত রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণগুলোর একটি সমদ্বিখন্ডকের উপর অবস্থিত।

বিকল্প পদ্ধতি ঃ পদত্ত রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণগুলোর সমদ্বিখন্ডকের সমীকরণ,

$$\frac{12x-5y+1}{\sqrt{144+25}}=\pm\frac{5x+12y-16}{\sqrt{25+144}}$$

$\Rightarrow$ 12x − 5y + 1 = ±(5x + 12y − 16)

'+' নিয়ে, 12x − 5y + 1 = 5x + 12y − 16

$\Rightarrow$ 7x − 17y + 17 = 0 ⋯(1)

ধরি, f (x , y) ≡ 7x − 17y + 17 = 0

'−' নিয়ে, 12x − 5y + 1 = −5x − 12y +16

$\Rightarrow$ 17x + 7y − 15 = 0 ⋯(2)

ধরি, g (x , y) ≡ 17x + 7y − 15 = 0

এখন, f (0 , 1) = 7.0 − 17.1 + 17 = 0 এবং

g (0 , 1) = 17.0 + 7.1 − 15 = −8

(0,1) বিন্দুটি (1) কে সিদ্ধ করে অর্থাৎ (0,1) বিন্দুটি (1) দ্বারা সূচিত সমদ্বিখন্ডকের উপর অবস্থিত।

6(c) $4y - 3x = 3$ এবং $3y - 4x = 5$ রেখা দুইটির অন্তর্ভুক্ত স্থূলকোণের সমীকরণ নির্ণয় কর। **[ব.'০২; দি.'০৯]**

সমাধান ঃ $4y - 3x = 3 \Rightarrow 3x - 4y + 3 = 0$ কে $a_1x+b_1y+c_1=0$ এর সাথে এবং $3y-4x=5$ $\Rightarrow 4x - 3y + 5 = 0$ কে $a_2x+b_2y+c_2=0$ এর সাথে তুলনা করে পাই,

$$a_1a_2+b_1b_2 = 3\times4+(-4)\times(-3)$$
$$= 12 + 12 = 24 > 0$$

রেখা দুইটির অন্তর্ভুক্ত স্থূলকোণের সমদ্বিখন্ডকের সমীকরণ, $\frac{3x-4y+3}{\sqrt{9+16}}=\frac{4x-3y+5}{\sqrt{16+9}}$

$\Rightarrow 3x-4y+3 = 4x-3y+5$

$\Rightarrow -x-y-2=0 \therefore x+y+2=0$ (Ans.)

6(d) $3x + 4y = 11$ এবং $12x - 5y - 2 = 0$ রেখা দুইটির অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণের সমদ্বিখন্ডকের সমীকরণ নির্ণয় কর। **[প্র.ভ.প.'০৬;ব.'০৯]**

সমাধান ঃ $3x + 4y = 11 \Rightarrow 3x + 4y - 11=0$ কে $a_1x+b_1y+c_1=0$ এর সাথে এবং $12x-5y-2=0$ কে $a_2x+b_2y+c_2=0$ এর সাথে তুলনা করে পাই

$$a_1a_2+b_1b_2 = 3\times12+4\times(-5)$$
$$= 36 - 20 = > 0$$

রেখা দুইটির অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণের সমদ্বিখন্ডকের সমীকরণ, $\frac{3x+4y-11}{\sqrt{9+16}}=-\frac{12x-5y-2}{\sqrt{144+25}}$

$$\Rightarrow \frac{3x+4y-11}{5}=-\frac{12x-5y-2}{13}$$

$\Rightarrow 39x+52y-143=-60x+25y+10$

$\Rightarrow$ 99x + 27y −153 = 0

11x + 3y − 17 = 0 (Ans.)

7(a) $4x - 4y + 3 = 0$ এবং $x + 7y - 2 = 0$ রেখা দুইটির অন্তর্ভুক্ত কোণগুলোর সমদ্বিখন্ডকের সমীকরণ নির্ণয় কর এবং দেখাও যে, সমদ্বিখন্ডকদ্বয় পরস্পর লম্ব। এদের কোনটি মূলবিন্দু ধারণকারী কোণের সমদ্বিখন্ডক। **[য.'০২,'০৭,'১২]**

সমাধান: প্রদত্ত রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণগুলোর সমদ্বিখন্ডকের সমীকরণ

$$\frac{4x-4y+3}{\sqrt{16+16}}=\pm\frac{x+7y-2}{\sqrt{1+49}}$$

$$\Rightarrow \frac{4x-4y+3}{4\sqrt{2}}=\pm\frac{x+7y-2}{5\sqrt{2}}$$

$\Rightarrow$ 20x − 20y + 15 = ± (4x + 28y − 8)

'+' নিয়ে, 20x − 20y + 15 = 4x + 28y − 8

$\Rightarrow$ 16x − 48y + 23 = 0 (1)

'−' নিয়ে, 20x − 20y + 15 = −4x − 28y + 8

$\Rightarrow$ 24x + 8y + 7 = 0 ⋯ (2)

২য় অংশ : (1) রেখার ঢাল = $-\frac{16}{-48}=\frac{1}{3}$

(2) রেখার ঢাল = $-\frac{24}{8}=-3$

এ ঢাল দুইটির গুণফল = $\frac{1}{3}\times-3=-1$

সমদ্বিখন্ডকদ্বয় পরস্পর লম্ব।

৩য় অংশ ঃ প্রদত্ত রেখা দুইটির ধ্রুব পদ 3 ও −2 বিপরীত চিহ্নযুক্ত বলে '−' চিহ্ন নিয়ে প্রাপ্ত সমদ্বিখন্ডক সমীকরণ অর্থাৎ 24x + 8y + 7 = 0 মূলবিন্দু ধারণকারী কোণের সমদ্বিখন্ডক।

7(b) $4x+ 3y + 2=0$ এবং $12x + 5y + 13=0$ রেখা দুইটির অন্তর্ভুক্ত যে কোণটি মূলবিন্দু ধারণ কারে তার সমদ্বিখন্ডকের সমীকরণ নির্ণয় কর। **[মা.বো.'০৭]**

সমাধান প্রদত্ত রেখা দুইটির ধ্রুব পদ 2 ও 13 সমচিহ্নযুক্ত।

মূলবিন্দু ধারণকারী কোণের সমদ্বিখন্ডকের সমীকরণ $\frac{4x+3y+2}{\sqrt{16+9}}=\frac{12x+5y+13}{\sqrt{144+25}}$

$\Rightarrow \frac{4x+3y+2}{5}=\frac{12x+5y+13}{13}$

$\Rightarrow 60x + 25y + 65 = 52x + 39y + 26$

$8x - 14y + 39 = 0$ (Ans.)

7(c) $x + y + 1 = 0$ রেখাটি $3x - 4y + 3 = 0$ ও AB রেখা দুইটির অন্তর্ভুক্ত কোণগুলোর একটির সমদ্বিখন্ডক। AB রেখার সমীকরণ নির্ণয় কর।

সমাধান: ধরি, AB রেখার ঢাল m_2, $x + y + 1= 0$ $\cdots$(1) রেখার ঢাল, $m = -1$ এবং $3x- 4y + 3 = 0$ $\cdots$(2) রেখার ঢাল, $m_1 = \frac{3}{4}$.



(1), (2) ও AB রেখাত্রয়ের ছেদবিন্দু = $(\frac{3+4}{-4-3}, \frac{3-3}{-4-3}) = (-1, 0)$

(2) ও (1) এর অন্তর্ভুক্ত কোণ $\tan^{-1}\frac{m_1 - m}{1+m_1 m}$ এবং (1) ও AB এর অন্তর্ভুক্ত কোণ $\tan^{-1}\frac{m-m_2}{1+mm_2}$ পরস্পর সমান।

$\frac{m_1 - m}{1+m_1 m} = \frac{m-m_2}{1+mm_2}$

$\Rightarrow \frac{\frac{3}{4}+1}{1+(-1)\frac{3}{4}} = \frac{-1-m_2}{1-m_2}$

$\Rightarrow \frac{4+3}{4-3} = \frac{-1-m_2}{1-m_2} \Rightarrow 7 = \frac{-1-m_2}{1-m_2}$

$\Rightarrow 7 - 7m_2 = -1 - m_2 \Rightarrow 6m_2 = 8$

$\Rightarrow m_2 = \frac{4}{3}$

AB রেখার সমীকরণ $y - 0 = \frac{4}{3}(x+1)$

$\Rightarrow 3y = 4x + 4 \therefore 4x - 3y + 4 = 0$ (Ans.)

[**MCQ এর জন্য,** $(1^2+1^2)(3x-4y+3)-2(1\times3+1\times-4)(x+y+1)=0$]

8(a) (0 , 0) , (0 , 3) ও (4 , 0) বিন্দুগুলি দ্বারা গঠিত ত্রিভুজের কোণগুলির অন্তদ্বিখন্ডক নির্ণয় কর এবং দেখাও যে, তারা সমবিন্দু। [ঢা.'০৪; কু.'১০; সি.'১১]



সমাধান : মনে করি, ABC ত্রিভুজের শীর্ষ তিনটি A(0,0), B(0, 3) ও C(4, 0) এবং AD, BE ও CF ত্রিভুজটির কোণগুলির অন্তর্দ্বিখন্ডক BC, CA ও AB বাহুকে যথাক্রমে D, E ও F বিন্দুতে ছেদ করে।

$BC = \sqrt{3^2+4^2} = 5$, $AC = \sqrt{4^2+0^2} = 4$

$AB = \sqrt{0^2+3^2} = 3$

$\angle A$ এর অন্তর্দ্বিখন্ডক AD বলে, D বিন্দু BC কে AB: AC = 3   4 অনুপাতে অন্তর্বিভক্ত করবে।

$D \equiv (\frac{3.4+4.0}{3+4}, \frac{3.0+4.3}{3+4}) = (\frac{12}{7}, \frac{12}{7})$

অনুরূপভাবে, $E \equiv (\frac{3.4+5.0}{3+5}, \frac{3.0+5.0}{3+5}) = (\frac{3}{2}, 0)$

$F \equiv (\frac{4.0+5.0}{4+5}, \frac{4.3+5.0}{4+5}) = (0, \frac{4}{3})$

AD অন্তর্দ্বিখন্ডকের সমীকরণ,

$y = \frac{12/7}{12/7}x \quad y = x \;\cdots(1)$

BE অন্তর্দ্বিখন্ডকের সমীকরণ,

$(x - 0)(0 - 0) - (y - 3)(0 - \frac{3}{2}) = 0$

$\Rightarrow 3x + \frac{3}{2}y - \frac{9}{2} = 0 \Rightarrow 6x + 3y - 9 = 0$

$2x + y - 3 = 0 \cdots (2)$

CF অন্তর্দ্বিখন্ডকের সমীকরণ,

$(x - 4)(0 - \frac{4}{3}) - (y - 0)(4 - 0) = 0$

$\Rightarrow -\frac{4}{3}x + \frac{16}{3} - 4y = 0 \Rightarrow -4x - 12y + 16 = 0$

$x + 3y - 4 = 0 \quad (3)$

বিকল্প পদ্ধতি ঃ ধরি, OAB ত্রিভুজের শীর্ষ তিনটি O(0,0), A(4, 0) ও B(0, 3).

স্পষ্টতঃ OA ও OB বাহু যথাক্রমে x ও y অক্ষ বরাবর।



OA বাহুর সমীকরণ $y = 0$

OB বাহুর সমীকরণ $x = 0$

এবং AB বাহুর সমীকরণ $\frac{x}{4}+\frac{y}{3}=1$

$\Rightarrow 3x + 4y - 12 = 0$

OAB ত্রিভুজটির $\angle AOB = 90°$

$\angle OAB$ ও $\angle OBA$ সূক্ষ্মকোণ।

স্পষ্টতঃ $\angle AOB$ এর সমদ্বিখন্ডকের ঢাল ধনাত্মক। অতএব, $\angle AOB$ এর সমদ্বিখন্ডকের সমীকরণ

$$\frac{y}{\sqrt{1^2}}=\frac{x}{\sqrt{1^2}} \quad \therefore y = x \cdots(1)$$

BO ও BA বাহুর জন্য,

$a_1a_2+b_1b_2 = 1.3 + 0.4 > 0$

$\angle OBA$ এর সমদ্বিখন্ডকের সমীকরণ

$$\frac{3x+4y-12}{\sqrt{3^2+4^2}}=-\frac{x}{\sqrt{1^2}}$$

$\Rightarrow 3x + 4y - 12 = -5x$

$\Rightarrow 8x + 4y - 12 = 0$

$2x + y - 3 = 0 \qquad (2)$

আবার, এখন, AO ও AB বাহুর জন্য,

$a_1a_2+b_1b_2 = 0.3 + 1.4 > 0$

$\angle OAB$ এর সমদ্বিখন্ডকের সমীকরণ

$$\frac{3x+4y-12}{\sqrt{3^2+4^2}}=-\frac{y}{\sqrt{1^2}}$$

$\Rightarrow 3x + 4y - 12 = -5y$

$\Rightarrow 3x + 9y - 12 = 0$

$\therefore x + 3y - 4 = 0 \qquad (3)$

দ্বিতীয় অংশ ঃ সমীকরণ (1) ও (2) সমাধান করে পাই, $x = 1, y = 1$ যা সমীকরণ (৩) কেও সিদ্ধ করে।

ΔABC এর কোণগুলির অন্তর্দ্বিখন্ডকত্রয় সমবিন্দু।

8(b) যে ত্রিভুজের বাহুগুলোর সমীকরণ $4x + 3y - 12 = 0$, $3x - 4y + 16 = 0$ এবং $4x - 3y - 12 = 0$ তার অন্তঃকেন্দ্র নির্ণয় কর। [সি.'০৩]

সমাধান: ধরি, ABC ত্রিভুজের বাহু তিনটি

$$AB \equiv 4x + 3y - 12 = 0 \cdots(1) \text{ i.e., } \frac{x}{3}+\frac{y}{4}=1$$

$$BC \equiv 3x - 4y + 16 = 0 \cdots(2) \text{ i.e., } \frac{x}{\frac{-16}{3}}+\frac{y}{4}=1$$

$$CA \equiv 4x - 3y - 12 = 0 \cdots(3) \text{ i.e., } \frac{x}{3}+\frac{y}{-4}=1$$



চিত্রে ABC ত্রিভুজটি দেখানো হয়েছে।

সমীকরণ তিনটির ধ্রুবপদ ' – ' করে পাই,

$4x + 3y - 12 = 0, -3x + 4y - 16 = 0,$

$4x - 3y - 12 = 0$

$\angle ABC$ এবং $\angle BAC$ কোণ দুইটির মধ্যে মূলবিন্দু নাই। অতএব, $\angle ABC$ এর সমদ্বিখন্ডক

$$\frac{4x+3y-12}{\sqrt{16+9}}=-\frac{-3x+4y-16}{\sqrt{9+16}}$$

$\Rightarrow 4x + 3y - 12 = 3x - 4y + 16$

$\Rightarrow x + 7y - 28 = 0 \cdots (4)$ এবং

$\angle BAC$ এর সমদ্বিখন্ডক

$$\frac{4x+3y-12}{\sqrt{16+9}}=-\frac{4x-3y-12}{\sqrt{16+9}}$$

$\Rightarrow 4x + 3y - 12 = -4x + 3y + 12$

$\Rightarrow 8x = 24 \Rightarrow x = 3$

$(4) \Rightarrow 3 + 7y - 28 = 0 \Rightarrow y = \frac{25}{7}$

প্রদত্ত রেখা তিনটি দ্বারা গঠিত ত্রিভুজের অন্তঃকেন্দ্র $(3, \frac{25}{7})$.

8(c) যে ত্রিভুজের বাহুগুলোর সমীকরণ $x = 3, y = 4$ এবং $4x + 3y = 12$ তার কোণগুলোর সমদ্বিখন্ডকের সমীকরণ নির্ণয় কর।

সমাধান: ধরি, ABC ত্রিভুজের AB, BC ও CA বাহু তিনটির সমীকরণ যথাক্রমে $x = 3 \cdots (1)$ $y = 4$ (2) ও $4x + 3y = 12 \cdots (3)$ অর্থাৎ $\frac{x}{3} + \frac{y}{4} = 1$



চিত্রে ABC ত্রিভুজটি দেখানো হয়েছে। সমীকরণ তিনটির ধ্রুবপদ '–' করে পাই,

$x - 3 = 0 \cdots (1)$, $y - 4 = 0 \cdots (2)$ এবং $4x + 3y - 12 = 0 \cdots (3)$

চিত্র থেকে এটা স্পষ্ট যে, ত্রিভুজটির $\angle BAC$ কোণ মূলবিন্দু ধারণ করে কিন্তু $\angle ABC$ ও $\angle ACB$ কোণ দুইটি মূলবিন্দু ধারণ করে না।

$\angle BAC$ এর সমদ্বিখন্ডক $\frac{x-3}{\sqrt{1}} = \frac{y-4}{\sqrt{1}}$

$\Rightarrow x - 3 = y - 4 \Rightarrow x - y + 1 = 0$

$\angle ABC$ এর সমদ্বিখন্ডক $\frac{x-3}{\sqrt{1}} = -\frac{4x+3y-12}{\sqrt{16+9}}$

$\Rightarrow 5(x - 3) = - 4x - 3y + 12$

$\Rightarrow 9x + 3y - 15 - 12 = 0 \Rightarrow 9x + 3y - 27 = 0$

$\Rightarrow 3x + y - 9 = 0$

$\angle ACB$ এর সমদ্বিখন্ডক $\frac{y-4}{\sqrt{1}} = -\frac{4x+3y-12}{\sqrt{16+9}}$

$\Rightarrow 5(y - 4) = - 4x - 3y + 12$

$\Rightarrow 5y - 20 + 4x + 3y - 12 = 0$

$\Rightarrow 4x + 8y - 32 = 0 \Rightarrow x + 2y - 8 = 0$

ত্রিভুজের **কোণগুলোর সমদ্বিখন্ডকের সমীকরণ** $x - y + 1 = 0$, $3x + y - 9 = 0$ এবং $x + 2y - 8 = 0$

8(d) $5x + 12y = 15$ এবং অক্ষ দুইটি সমন্বয়ে গঠিত ত্রিভুজের কোণ তিনটির বহির্দ্বিখন্ডকের সমীকরণ নির্ণয় কর।

সমাধান: ধরি, প্রদত্ত রেখাটি অক্ষদুইটি সমন্বয়ে OAB ত্রিভুজ গঠন করে যার বাহু তিনটি



$OA \equiv y = 0 \cdots (1)$

$OB \equiv x = 0 \cdots (2)$ এবং

$AB \equiv 5x + 12y = 15 \cdots (3)$

i.e., $\frac{x}{3} + \frac{y}{5/4} = 1$

চিত্রে OAB ত্রিভুজটি দেখানো হয়েছে। চিত্র থেকে এটা স্পষ্ট যে, ত্রিভুজটির $\angle AOB = 90°$ অতএব, $\angle OAB$ ও $\angle OBA$ এর বহিঃস্থ কোণ দুইটি স্থূলকোণ এবং $\angle AOB$ এর বহির্দ্বিখন্ডকের ঢাল ঋণাত্মক।

(1) ও (2) এর অন্তর্ভুক্ত $\angle AOB$ কোণের বহির্দ্বিখন্ডকের সমীকরণ, $\frac{x}{\sqrt{1}} = -\frac{y}{\sqrt{1}} \Rightarrow x + y = 0$

(1) ও (3) সমীকরণে x-এর সহগদ্বয়ের গুণফল + y-এর সহগদ্বয়ের গুণফল $= 0 \times 5 + 1 \times 12 = 12 > 0$

(1) ও (3) এর অন্তর্ভুক্ত কোণের বহির্দ্বিখন্ডকের সমীকরণ, $\frac{5x+12y-15}{\sqrt{25+144}} = \frac{y}{\sqrt{1}}$

$\Rightarrow 5x + 12y - 15 = 13y$

$\Rightarrow 5x - y - 15 = 0$

আবার, (2) ও (3) সমীকরণে, x-এর সহগদ্বয়ের গুণফল + y-এর সহগদ্বয়ের গুণফল $= 1 \times 5 + 0 \times 12 = 5 > 0$

(2) ও (3) এর অন্তর্ভুক্ত কোণের বহির্দ্বিখন্ডকের সমীকরণ, $\frac{5x+12y-15}{\sqrt{25+144}} = \frac{x}{\sqrt{1}}$

$\Rightarrow 5x + 12y - 15 = 13x$

$\Rightarrow 8x - 12y + 15 = 0$

8(e) Δ ABC এর শীর্ষ দুইটি A(5 , 0), B(–4, –3) এবং অন্তঃকেন্দ্র (1, 2) হলে, C বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান :



ধরি, Δ ABC এর অন্তঃকেন্দ্র O(1, 2).

AB এর ঢাল $= \frac{0+3}{5+4} = \frac{1}{3}$

AO এর ঢাল $= \frac{0-2}{5-1} = -\frac{1}{2}$

BO এর ঢাল $= \frac{2+3}{1+4} = 1$

AC রেখার ঢাল m_1 হলে,

$$\frac{m_1 + \frac{1}{2}}{1 - \frac{1}{2}m_1} = \frac{-\frac{1}{2} - \frac{1}{3}}{1 + (-\frac{1}{2}).\frac{3}{4}} \Rightarrow \frac{2m_1 + 1}{2 - m_1} = \frac{-3-2}{8-3}$$

$$\Rightarrow \frac{2m_1 + 1}{2 - m_1} = -1 \Rightarrow 2m_1 + 1 = -2 + m_1$$

$\Rightarrow m_1 = -3$

AC রেখার সমীকরণ, $y - 0 = -3(x - 5)$

$\Rightarrow y = -3x + 15 \cdots (1)$

আবার, BC রেখার ঢাল m_2 হলে,

$$\frac{m_2 - 1}{1 + 1.m_2} = \frac{1 - \frac{1}{3}}{1 + 1.\frac{1}{3}} = \frac{3-1}{3+1} = \frac{1}{2}$$

$\Rightarrow 2m_2 - 2 = 1 + m_2 \Rightarrow m_2 = 3$

BC রেখার সমীকরণ, $y + 3 = 3(x + 4)$

$\Rightarrow y + 3 = 3x + 12$

$\Rightarrow -3x + 15 + 3 = 3x + 12$ [(1) দ্বারা]

$\Rightarrow 6x = 6 \Rightarrow x = 1$

(1) হতে পাই, $y = -3.1 + 15 = 12$

(1) ও (2) এর ছেদবিন্দু $C \equiv (1, 12)$

বিকল্প পদ্ধতি : ধরি, Δ ABC এর অন্তঃকেন্দ্র O(1, 2).

AB রেখার সমীকরণ, $\frac{x-5}{5+4} = \frac{y-0}{0+3}$

$\Rightarrow x - 5 = 3y \Rightarrow x - 3y - 5 = 0$

AO রেখার সমীকরণ, $\frac{x-5}{5-1} = \frac{y-0}{0-2}$

$\Rightarrow -2x + 10 = 4y \Rightarrow x + 2y - 5 = 0$

BO রেখার সমীকরণ, $\frac{x-1}{1+4} = \frac{y-2}{2+3}$

$\Rightarrow x - 1 = y - 2 \Rightarrow x - y + 1 = 0$

এখন, AC ও AB এর অন্তর্ভুক্ত কোণের সমদ্বিখণ্ডক AO. অতএব, AC রেখার সমীকরণ,

$(1^2 + 2^2)(x - 3y - 5) - 2\{1.1 + (-3)(2)\}(x + 2y - 5) = 0$

$\Rightarrow 5(x - 3y - 5) + 10(x + 2y - 5) = 0$

$\Rightarrow x - 3y - 5 + 2x + 4y - 10 = 0$

$\Rightarrow 3x + y - 15 = 0 \Rightarrow y = -3x + 15 \cdots (1)$

আবার, BA ও BC এর অন্তর্ভুক্ত কোণের সমদ্বিখণ্ডক BO. অতএব, BC রেখার সমীকরণ,

$(1^2 + 1^2)(x - 3y - 5) - 2\{1.1 + (-3)(-1)\}(x - y + 1) = 0$

$\Rightarrow x - 3y - 5 - 4(x - y + 1) = 0$

$\Rightarrow x - 3y - 5 - 4x + 4y - 4 = 0$

$\Rightarrow -3x + -3x + 15 - 9 = 0$ [(1) দ্বারা]

$\Rightarrow -6x = -6 \Rightarrow x = 1$

(1) হতে পাই, $y = -3.1 + 15 = 12$

AC ও BC এর ছেদবিন্দু $C \equiv (1, 12)$

9. $y = 2x + 1$ ও $2y - x = 4$ দুইটি সরলরেখার সমীকরণ।

(a) মূলবিন্দু ও প্রদত্ত রেখাদ্বয়ের ছেদ বিন্দুগামী রেখার সমীকরণ নির্ণয় কর।

(b) রেখা দুইটির অন্তর্ভুক্ত কোণদ্বয়ের সমদ্বিখণ্ডক y-অক্ষকে P ও Q বিন্দুতে ছেদ করলে PQ এর দূরত্ব নির্ণয় কর। **[রা.'১১,'১৪; সি.'০৫; ব.'১২; কু.'১৪; চুয়েট'০৮-০৯]**

(c) মূলবিন্দু থেকে $\sqrt{5}$ একক দূরত্বে এবং $2y - x = 4$ রেখার উপর লম্ব রেখাসমূহের সমীকরণ নির্ণয় কর।

সমাধান : (a) ধরি, প্রদত্ত রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী রেখার সমীকরণ, $2x - y + 1 + k(x - 2y + 4) = 0$ (i) ; যা মূলবিন্দু (0, 0) দিয়ে অতিক্রম করে।

$2\times0 - 0 + 1 + k(0 - 2\times0 + 4) = 0$

$\Rightarrow 4k = -1 \Rightarrow k = -\frac{1}{4}$

$\therefore$ (i) হতে পাই, $2x - y + 1 - \frac{1}{4}(x - 2y + 4) = 0$

$\Rightarrow 8x - 4y + 4 - x + 2y - 4 = 0$

$\Rightarrow \quad 7x - 2y = 0$ (Ans.)

(b) প্রশ্নমালা III G এর 6(a) দ্রষ্টব্য।

(c) ধরি, $2y - x = 4 \Rightarrow x - 2y + 4 = 0$ রেখার উপর লম্ব সরলরেখার সমীকরণ, $2x + y + k = 0 \cdots\cdots$ (i)

মূলবিন্দু (0,0) হতে (i) এর লম্ব দূরত্ব $= \dfrac{|k|}{\sqrt{2^2+1^2}}$

প্রশ্নমতে, $\dfrac{|k|}{\sqrt{2^2+1^2}} = \sqrt{5} \Rightarrow k = \pm 5$

রেখাসমূহের সমীকরণ, $2x + y \pm 5 = 0$

10. A(1, 1), B(3, 4) এবং C(5, – 2) বিন্দু তিনটি ABC ত্রিভুজের শীর্ষবিন্দু।

(a) ABC ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর।

(b) AB ও AC এর মধ্যবিন্দুর সংযোগ রেখার সমীকরণ নির্ণয় কর। **[কু.'০৬,'০৮;ঢা.'১১; কু.'১৪; মা.বো.'০৭; য.'০৯]**

(c) ABC ত্রিভুজের কোণগুলির অন্তর্দ্বিখন্ডক নির্ণয় কর।

সমাধান: (a) ABC ত্রিভুজের ক্ষেত্রফল $= \dfrac{1}{2}|4 - 6 + 5 - (3 + 20 - 2)| = \dfrac{1}{2}|3 - 21| = 9$ বর্গ একক।

(b) প্রশ্নমালা III E এর 3(a) দ্রষ্টব্য।

(c) সমাধান:



AB, BC ও CA বাহু তিনটির সমীকরণ যথাক্রমে,

$(x - 1)(1 - 4) - (y - 1)(1 - 3) = 0$

$\Rightarrow \quad + \quad 2y \quad 0$

$\Rightarrow 3x - 2y - 1 = 0 \qquad (1)$

$(x - 3)(4 + 2) - (y - 4)(3 - 5) = 0$

$\Rightarrow 6x - 18 + 2y - 8 = 0$

$\Rightarrow 3x + y - 13 = 0 \cdots\cdots (2)$ এবং

$(x - 1)(1 + 2) - (y - 1)(1 - 5) = 0$

$\Rightarrow 3x - 3 + 4y - 4 = 0$

$\Rightarrow 3x + 4y - 7 = 0 \cdots\cdots (3)$

চিত্রে ABC ত্রিভুজটি দেখানো হয়েছে।

চিত্র থেকে এটা স্পষ্ট যে, ত্রিভুজটির $\angle BAC$ কোণ মূলবিন্দু ধারণ করে কিন্তু $\angle ABC$ ও $\angle ACB$ কোণ দুইটি মূলবিন্দু ধারণ করে না।

$AB \equiv 3x - 2y - 1 = 0 \qquad (1)$

$BC \equiv 3x + y - 13 = 0$

$CA \equiv 3x + 4y - 7 = 0$

$\angle BAC$ এর সমদ্বিখন্ডক

$$\frac{3x-2y-1}{\sqrt{9+4}} = \frac{3x+4y-7}{\sqrt{9+16}}$$

$$\Rightarrow \frac{3x-2y-1}{\sqrt{13}} = \frac{3x+4y-7}{5}$$

$\Rightarrow 15x - 10y - 5 = 3\sqrt{13}\,x + 4\sqrt{13}\,y - 7\sqrt{13}$

$\Rightarrow (15 - 3\sqrt{13})\,x - (10 + 4\sqrt{13})\,y - 5 + 7\sqrt{13} = 0$

$\angle ABC$ এর সমদ্বিখন্ডক

$$\frac{3x-2y-1}{\sqrt{9+4}} = -\frac{3x+y-13}{\sqrt{9+1}}$$

$$\Rightarrow \frac{3x-2y-1}{\sqrt{13}} = -\frac{3x+y-13}{\sqrt{10}}$$

$\Rightarrow 3\sqrt{13}\,x + \sqrt{13}\,y - 13\sqrt{13} = -3\sqrt{10}\,x + 2\sqrt{10} + \sqrt{10}$

$\Rightarrow (3\sqrt{13} + 3\sqrt{10})x + (\sqrt{13} - 2\sqrt{10})y - 13\sqrt{13} - \sqrt{10} = 0$

$\angle ACB$ এর সমদ্বিখন্ডক

$$\frac{3x+4y-7}{\sqrt{9+16}} = -\frac{3x+y-13}{\sqrt{9+1}}$$

$$\Rightarrow \frac{3x+4y-7}{5} = -\frac{3x+y-13}{\sqrt{10}}$$

$\Rightarrow 15x + 5y - 65 = -3\sqrt{10}\,x - 4\sqrt{10}\,y + 7\sqrt{10}$

$\Rightarrow (15 + 3\sqrt{10})x + (5 + 4\sqrt{10})y - 65 - 7\sqrt{10} = 0$

ত্রিভুজের কোণগুলির সমদ্বিখন্ডকের সমীকরণ,

$(15 - 3\sqrt{13})x - (10 + 4\sqrt{13})y - 5 + 7\sqrt{13} = 0,$

$(3\sqrt{13} + 3\sqrt{10})x + (\sqrt{13} - 2\sqrt{10})y - 13\sqrt{13} - \sqrt{10} = 0$ এবং

$(15 + 3\sqrt{10})x + (5 + 4\sqrt{10})y - 65 - 7\sqrt{10} = 0$

11.



(a) AD বাহুর ঢাল $m = \tan 45° = 1$, y অক্ষের ছেদাংশ c = B বিন্দুর y স্থানাঙ্ক = 6.

AD বাহুর সমীকরণ $y = mx + c$

$\Rightarrow y = x + 6 = x + 6 \Rightarrow x - y + 6 = 0$

(b) x অক্ষের সমান্তরাল এবং B(5, 6) বিন্দুগামী AB বাহুর সমীকরণ $y = 6$

B(5, 6) বিন্দুগামী এবং AD এর সমান্তরাল BC বাহুর সমীকরণ $x - y = 5 - 6 \Rightarrow x - y + 1 = 0$

এখানে $a_1a_2 + b_1b_2 = 0\times1 + 1\times-1 = -1 < 0$ এবং $\angle ABC$ একটি স্থূলকোণ।

ABC কোণের সমদ্বিখন্ডকের সমীকরণ,

$$\frac{x - y + 1}{\sqrt{1+1}} = -\frac{y+6}{\sqrt{1}}$$

$\Rightarrow x - y + 1 = -\sqrt{2}y - 6\sqrt{2}$

$x + (\sqrt{2} - 1)y + 1 + 6\sqrt{2} = 0$

(c) এখানে A এর স্থানাঙ্ক (0, 6)

ধরি, AB≡ $y = 6$ বাহুর সমান্তরাল DC বাহুর সমীকরণ $y = k$

$y = k$ এবং $x - y + 6 = 0 \Rightarrow x = y - 6$ এর ছেদ বিন্দু D (k – 6, k).

$y = k$ এবং $x - y + 1 = 0 \Rightarrow x = y - 1$ এর ছেদ বিন্দু C(k – 1, k)

এখন, AD = BC

$\Rightarrow \sqrt{(k-6-0)^2 + (k-6)^2} = 3\sqrt{2}$

$\Rightarrow \sqrt{2(k-6)^2} = 3\sqrt{2}$

$\Rightarrow \sqrt{2}(k-6) = 3\sqrt{2}$

$\Rightarrow k - 6 = 3 \Rightarrow k = 9$

C বিন্দুর স্থানাঙ্ক (8, 9) এবং D বিন্দুর স্থানাঙ্ক (3, 9).

কাজ

১. দেখাও যে, $(-\frac{1}{2}, -2)$ বিন্দুটি $2x-3y+4=0$ ও $6x+4y-7=0$ রেখা দুইটি হতে সমদূরবর্তী। [য.'০৬]

প্রমাণ: $2x - 3y + 4 = 0$ রেখা হতে $(-\frac{1}{2}, -2)$ এর

$$\text{দূরত্ব} = \frac{|2\times-\frac{1}{2} - 3\times-2 + 4|}{\sqrt{2^2+3^2}} = \frac{|-1+6+4|}{\sqrt{13}}$$

$$= \frac{|9|}{\sqrt{13}} = \frac{9}{\sqrt{13}}$$

$6x + 4y - 7 = 0$ রেখা হতে $(-\frac{1}{2}, -2)$ এর লম্ব

$$\text{দূরত্ব} = \frac{|6\times-\frac{1}{2} + 4\times-2 - 7|}{\sqrt{6^2+4^2}} = \frac{|-3-8-7|}{\sqrt{36+16}}$$

$$= \frac{|-18|}{\sqrt{52}} = \frac{18}{2\sqrt{13}} = \frac{9}{\sqrt{13}}$$

প্রদত্ত বিন্দু হতে রেখা দুইটি সমদূরবর্তী ।

২. এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা মূলবিন্দু দিয়ে যায় এবং $2x + 3y - 5 = 0$ এবং $3x + 2y - 7 = 0$ রেখা দুইটির সাথে সমান সমান কোণ উৎপন্ন করে।

সমাধান ধরি, মূলবিন্দুগামী রেখার সমীকরণ $y = mx$

অর্থাৎ $mx - y = 0 \cdots (1)$

$2x + 3y - 5 = 0$ এবং $3x + 2y - 7 = 0$

রেখার ঢাল যথাক্রমে $m_1 = -\dfrac{2}{3}$ এবং $m_2 = -\dfrac{3}{2}$

প্রদত্ত রেখাদ্বয় (1) রেখার সঙ্গে সমান সমান কোণ উৎপন্ন করে বলে, $\dfrac{m - m_1}{1 + mm_1} = \pm \dfrac{m - m_2}{1 + mm_2}$

$$\Rightarrow \frac{m + \frac{2}{3}}{1 - \frac{2}{3}m} = \pm \frac{m + \frac{3}{2}}{1 - \frac{3}{2}m}$$

$$\Rightarrow \frac{3m + 2}{3 - 2m} = \pm \frac{2m + 3}{2 - 3m}$$

$\Rightarrow$ '+' নিয়ে, $4 - 9m^2 = 9 - 4m^2$

$\Rightarrow 5m^2 = -5$, যা সম্ভব নয়।

'−' নিয়ে, $4 - 9m^2 = -9 + 4m^2$

$\Rightarrow 13m^2 = 13 \Rightarrow m^2 = 1 \Rightarrow m = \pm 1$

রেখাটির সমীকরণ, $x - y = 0$ বা, $x + y = 0$

অতিরিক্ত প্রশ্ন (সমাধানসহ)

1 একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $\sin^{-1}(5/13)$ কোণ উৎপন্ন করে।



সমাধান: দেওয়া আছে, রেখার ঢাল,

$m = \tan \sin^{-1}(5/13)$

$= \tan \tan^{-1} \dfrac{5}{12} = \dfrac{5}{12}$ এবং y-অক্ষের ছেদক অংশ, $c = 5$ একক।

নির্ণেয় রেখার সমীকরণ, $y = mx + c$

$\Rightarrow y = \dfrac{5}{12}x + 5 \Rightarrow 12y = 5x + 60$ (Ans.)

2(a) (3,2) ও (7,3) বিন্দু দুইটি $2x - 5y + 3 = 0$ রেখার একই অথবা বিপরীত পার্শ্বে অবস্থিত কিনা নির্ণয় কর। বিন্দু দুইটির কোনটি রেখাটির যে পার্শ্বে মূল বিন্দু, ঠিক সে পার্শ্বে অবস্থিত?

সমাধান ঃ ধরি, $f(x, y) \equiv 2x - 5y + 3 = 0$

$f(3, 2) = 2 \times 3 - 5 \times 2 + 3 = -1,$

$f(7, 3) = 14 - 15 + 3 = 2,$

$f(0, 0) = 2 \times 0 - 5 \times 0 + 3 = 3$

$f(3, 2)$ ও $f(7, 3)$ বিপরীত চিহ্নবিশিষ্ট বলে, বিন্দু দুইটি রেখাটির বিপরীত পার্শ্বে অবস্থিত।

আবার, $f(7, 3)$ ও $f(0, 0)$ একই চিহ্নবিশিষ্ট বলে, মূলবিন্দু ও (7, 3) বিন্দু রেখাটির একই পার্শ্বে অবস্থিত।

2(b) দেখাও যে, মূলবিন্দু ও (1,6) বিন্দুটি $x - y + 4 = 0$ এবং $x + 2y - 4 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত বিপ্রতীপ কোণে অবস্থিত।

প্রমাণ ঃ ধরি, $f(x, y) \equiv x - y + 4 = 0 \cdots (1)$

এবং $g(x, y) \equiv x + 2y - 4 = 0 \quad (2)$

$f(0,0) = 0 - 0 + 4 = 4$

$f(1, 6) = 1 - 6 + 4 = -1$

$f(0,0) \times f(1, 6) = 4 \times -1 < 0$

মূলবিন্দু ও (1,6) বিন্দু (1) রেখার বিপরীত পাশে অবস্থিত।



আবার, $g(0,0) = 0 + 0 - 4 = -4$

$g(1, 6) = 1 + 12 - 4 = 9$

$g(0,0) \times g(1, 6) = -4 \times 9 < 0$

মূলবিন্দু ও (1,6) বিন্দু (2) রেখার বিপরীত পাশে অবস্থিত।

মূলবিন্দু ও (1,6) বিন্দুটি $x - y + 4 = 0$ এবং $x + 2y - 4 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত বিপ্রতীপ কোণে অবস্থিত।

2(c) দেখাও যে, মূলবিন্দু এবং (2 , − 1) বিন্দুটি যথাক্রমে $2x - y - 4 = 0$ এবং $4x + 2y - 9 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত স্থূলকোণে এবং সূক্ষ্মকোণে অবস্থিত।

প্রমাণ ঃ ধরি, $f(x, y) \equiv 2x - y - 4 = 0 \cdots (1)$

এবং $g(x, y) \equiv 4x + 2y - 9 = 0 \quad (2)$

$f(0,0) = -4$, $g(0, 0) = -9$

$f(2, -1) = 4 + 1 - 4 = 1$

$g(2, -1) = 8 - 2 - 9 = -3$

এবং $a_1a_2 + b_1b_2 = 2 \times 4 + (-1) \times 2 = 6$

এখন, $f(0,0) \times g(0,0)(a_1a_2 + b_1b_2) = 216 > 0$

মূলবিন্দু প্রদত্ত রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত স্থূলকোণে অবস্থিত।

এবং $f(2,-1)\times g(2,-1)(a_1a_2+b_1b_2)=-18<0$

$(2\ ,\ -1)$ বিন্দুটি প্রদত্ত রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণে অবস্থিত।

3. $2x + 3y + 5 = 0$ এবং $4x - 6y - 7 = 0$ রেখা দুইটির অন্তর্ভুক্ত যে কোণটি $(1\ ,\ 2)$ বিন্দু ধারণ করে তার সমদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

সমাধান : ধরি, $f(x, y)\equiv 2x+3y+5=0$

এবং $g(x, y)\equiv 4x-6y-7=0$

$f(1, 2)\times g(1, 2)=(2+6+5)(4-12-7)$

$=12.(-15)<0$

$(1,2)$ বিন্দু ধারণকারী সমদ্বিখণ্ডকের সমীকরণ,

$$\frac{2x+3y+5}{\sqrt{4+9}}=-\frac{4x-6y-7}{\sqrt{16+36}}$$

$$\Rightarrow \frac{2x+3y+5}{\sqrt{13}}=-\frac{4x-6y-7}{\sqrt{52}}$$

$$\Rightarrow \frac{2x+3y+5}{\sqrt{13}}=-\frac{4x-6y-7}{2\sqrt{13}}$$

$\Rightarrow 4x+6y+10=-4x+6y+7$

$\Rightarrow 8x+3=0$ (Ans.)

4(a) $4x + 3y = 12,\ 3x - 4y + 16 = 0$ ও $4x - 3y + 4 = 0$ রেখা তিনটি দ্বারা গঠিত ত্রিভুজের লম্বকেন্দ্র নির্ণয় কর।

সমাধান : ধরি, ABC ত্রিভুজের বাহু তিনটি

$AB\equiv 4x+3y-12=0\cdots(1)$

$BC\equiv 3x-4y+16=0\cdots(2)$

$CA\equiv 4x-3y+4=0\cdots(3)$



(1) ও (3) এর ছেদবিন্দু,

$$A\equiv\left(\frac{12-36}{-12-12},\frac{-48-16}{-12-12}\right)=\left(1,\frac{8}{3}\right)$$

(1) ও (2) এর ছেদবিন্দু,

$$B\equiv\left(\frac{48-48}{-16-9},\frac{-36-64}{-16-9}\right)=(0,4)$$

$A(1,\frac{8}{3})$ বিন্দুগামী এবং BC এর উপর লম্বরেখার সমীকরণ $4x+3y=4.1+3.\frac{8}{3}$

$\Rightarrow$ [illegible] $=0 \cdots (4)$

আবার , $B(0,\ 4)$ বিন্দুগামী এবং AC এর উপর লম্বরেখার সমীকরণ $3x+4y=3.0+4.4$

$\Rightarrow\ 3x+4y-16=0\cdots(5)$

(4) ও (5) এর ছেদবিন্দুর স্থানাঙ্ক

$$=\left(\frac{-48+48}{16-9},\frac{-36+64}{16-9}\right)=(0,4)$$

5(b) $A(-3\ ,\ 0)$, $B(3\ ,\ 0)$ ও $C(6\ ,\ 6)$ বিন্দু তিনটি ABC ত্রিভুজের শীর্ষবিন্দু। ত্রিভুজটির লম্বকেন্দ্র ও পরিকেন্দ্র নির্ণয় কর।

সমাধান : A $(-3,0)$ বিন্দুগামী এবং BC রেখার উপর লম্ব রেখার সমীকরণ, $(3-6)x+(0-6)y$



$=-3\times-3-6\times0$

$\Rightarrow -3x-6y-9=0$

$\Rightarrow x+2y+3=0\cdots(1)$

$B(3,0)$ বিন্দুগামী এবং AC রেখার উপর লম্ব রেখার সমীকরণ, $(-3-6)x+(0-6)y=-9.3+(-6).0$

$\Rightarrow -9x-6y+27=0$

$\Rightarrow 3x+2y-9=0\cdots\cdots(2)$

(1) ও (2) এর ছেদবিন্দু $\left(\frac{-18-6}{2-6},\frac{9+9}{2-6}\right)$

$=\left(\frac{-24}{-4},\frac{18}{-4}\right)=\left(6,-\frac{9}{2}\right)$,যা ত্রিভুজটির লম্বকেন্দ্র।

এবং AC এর মধ্যবিন্দু $\left(\frac{3}{2},3\right)$.

এখন, BC এর মধ্যবিন্দু $\left(\frac{9}{2},3\right)$ দিয়ে যায় এবং BC এর উপর লম্ব এরূপ রেখার সমীকরণ,

$$(3-6)x+(0-6)y=-3.\frac{9}{2}+(-6).3$$

$\Rightarrow -3x-6y=\frac{-27-36}{2}=\frac{-63}{2}$

$\Rightarrow -6x-12y+63=0$

$\Rightarrow 2x+4y-21=0\cdots(3)$

আবার, AC এর মধ্যবিন্দু $\left(\frac{3}{2},3\right)$ দিয়ে যায় এবং AC এর উপর লম্ব এরূপ রেখার সমীকরণ,

$$(-3-6)x+(0-6)y=-9.\frac{3}{2}-6.3$$

$\Rightarrow \quad 9x - 6y = \frac{-27-36}{2} = \frac{-63}{2}$

$\Rightarrow -18x - 12y + 63 = 0$

$\Rightarrow 6x + 4y - 21 = 0 \cdots \quad (4)$

(3) ও (4) এর ছেদবিন্দু $(\frac{-84+84}{8-24}, \frac{-126+42}{8-24})$

$= (\frac{0}{-16}, \frac{-84}{-16}) = (0, \frac{21}{4})$,যা ত্রিভুজটির পরিকেন্দ্র ।

5(c) সূক্ষ্মকোণী ত্রিভুজ ABC এর শীর্ষ তিনটি A(4 , 0), B(0 , 2) ও C(3 , 5) হলে, ΔABC এর পাদত্রিভুজের অন্ত:কেন্দ্র নির্ণয় কর।



সমাধান : ধরি, Δ ABC এ AD , BE, CF যথাক্রমে BC, CA, AB এর উপর লম্ব । অতএব, Δ ABC এর পাদত্রিভুজ Δ DEF.

BC এর উপর লম্ব AD এর সমীকরণ,

$(3-0)x + (5-2)y = 3\times4 + 3\times0$

$\Rightarrow 3x + 3y - 12 = 0$

$\Rightarrow x + y - 4 = 0 \quad (1)$

আবার, CA এর উপর লম্ব BE এর সমীকরণ,

$(4-3)x + (0-5)y = 1\times0 - 5\times2$

$\Rightarrow x - 5y + 10 = 0 \cdots (2)$

$(1) - (2) \Rightarrow 6y - 14 = 0 \Rightarrow y = \frac{7}{3}$

(1) হতে পাই, $x + \frac{7}{3} - 4 = 0$

$\Rightarrow x + \frac{7-12}{3} = 0 \Rightarrow x = \frac{5}{3}$

Δ ABC এর লম্বকেন্দ্র $= (\frac{5}{3}, \frac{7}{3})$.

পাদত্রিভুজ Δ DEF পরিকেন্দ্র = Δ ABC এর লম্বকেন্দ্র $= (\frac{5}{3}, \frac{7}{3})$ (Ans.)

6(a) ΔABC এর AB , BC , CA বাহু তিনটির সমীকরণ যথাক্রমে 4x + 3y − 12 = 0 , x − 4y + 4 = 0 , 6x + 5y − 15 = 0 . দেখাও যে, $\angle ABC$ একটি স্থূলকোণ।

প্রমাণ : AB , BC , CA বাহু তিনটির সমীকরণকে যথাক্রমে $a_1x + b_1y + c_1 = 0$, $a_2x + b_2y + c_2 = 0$, px + qy + r = 0 এর সাথে তুলনা করে পাই,



$\begin{vmatrix} a_1 & b_1 \\ p & q \end{vmatrix} \times \begin{vmatrix} p & q \\ a_2 & b_2 \end{vmatrix} (a_1a_2 + b_1b_2)$

$= \begin{vmatrix} 4 & 3 \\ 6 & 5 \end{vmatrix} \times \begin{vmatrix} 6 & 5 \\ 1 & -4 \end{vmatrix} \{4.1 + 3.(-4)\}$

$= (20-16)(-24-5)(4-12)$

$= 4(-29)(-8) > 0$

$\angle ABC$ একটি স্থূলকোণ। (Showed)

6(b) প্রমাণ কর যে, A(−2, 4) , B(−3, −2) ও C(5, −1) বিন্দু তিনটি একটি সূক্ষ্মকোণী ত্রিভুজের শীর্ষ ।

প্রমাণ ঃ



$AB = \sqrt{(-2+3)^2 + (4+2)^2}$

$= \sqrt{1+36} = \sqrt{37}$

$BC = \sqrt{(-3-5)^2 + (-2+1)^2} = \sqrt{64+1}$

$= \sqrt{65}$

$CA = \sqrt{(5+2)^2 + (-1-4)^2} = \sqrt{49+25}$

$= \sqrt{74}$

AB , BC , CA এর যেকোন দুইটির সমষ্টি তৃতীয়টি অপেক্ষা বৃহত্তর । অতএব, A, B, C বিন্দু তিনটি একটি ত্রিভুজ গঠন করে।

এখন, $\angle A$ এর ক্ষেত্রে, $(x_1 - x_2)(x_2 - x_3) + (y_1 - y_2)(y_2 - y_3) = (-2+3)(-2-5) + (4+2)(4+1) = -7 + 30 = 23 > 0$

$\angle A$ সূক্ষ্মকোণ।

$\angle B$ এর ক্ষেত্রে, $(x_1 - x_2)(x_2 - x_3) + (y_1 - y_2)(y_2 - y_3) = (-3+2)(-3-5) + (-2-4)(-2+1) = 8 + 6 = 14 > 0$

$\angle B$ সূক্ষ্মকোণ।

$\angle C$ এর ক্ষেত্রে, $(x_1 - x_2)(x_2 - x_3) + (y_1 - y_2)(y_2 - y_3) = (5 + 2)(5 + 3) + (-1-4)(-1 + 2) = 56 - 5 = 53 > 1$

$\angle C$ সূক্ষ্মকোণ।

প্রদত্ত বিন্দু তিনটি একটি সূক্ষ্মকোণী ত্রিভুজের শীর্ষ।

6(c) প্রমাণ কর যে, (–2, –1), (1, 3) ও (4, 1) বিন্দু তিনটি একটি স্থূলকোণী ত্রিভুজের শীর্ষ ।

প্রমাণ ঃ ধরি, প্রদত্ত বিন্দু তিনটি A(–2,–1),B(1,3) ও (4,1).



$\therefore AB = \sqrt{(-2-1)^2 + (-1-3)^2}$

$= \sqrt{9+16} = 5$

$BC = \sqrt{(1-4)^2 + (3-1)^2} = \sqrt{9+4} = \sqrt{13}$

$CA = \sqrt{(4+2)^2 + (1+1)^2} = \sqrt{36+4} = \sqrt{40}$

AB , BC , CA এর যেকোন দুইটির সমষ্টি তৃতীয়টি অপেক্ষা বৃহত্তর । অতএব, A, B, C বিন্দু তিনটি একটি ত্রিভুজ গঠন করে যার CA বৃহতম বহু।

CA বৃহতম বহুর বিপরীত কোণ $\angle B$ এর ক্ষেত্রে,

$(1-4)(1+2) + (3-1)(3+1)$

$= -9 + 8 = -1 < 0$

$\angle B$ স্থূলকোণ।

প্রদত্ত বিন্দু তিনটি একটি স্থূলকোণী ত্রিভুজেরশীর্ষ ।

7(a) A(0, 7) এবং B(4,9) বিন্দুদ্বয় ABCD বর্গের শীর্ষবিন্দু হলে C ও D এর স্থানাঙ্ক নির্ণয় কর ।

সমাধান ঃ



$AB = \sqrt{(0-4)^2 + (7-9)^2}$

$= \sqrt{16+4} = 2\sqrt{5}$

AB বাহুর সমীকরণ

$(x-0)(7-9) - (y-7)(0-4) = 0$

$\Rightarrow -2x + 4y - 28 = 0 \Rightarrow x - 2y + 14 = 0$

A(0, 7) বিন্দুগামী AB বাহুর উপর লম্ব AD বাহুর সমীকরণ, $2x + y = 2\times 0 + 7$

$\Rightarrow 2x + y - 7 = 0 \qquad (1)$

B(4,9) বিন্দুগামী AB বাহুর উপর লম্ব BC বাহুর সমীকরণ, $2x + y = 2\times 4 + 9$

$\Rightarrow 2x + y - 17 = 0 \qquad (2)$

AB এর সমান্তরাল $2\sqrt{5}$ একক দূরবর্তী CD বাহুর সমীকরণ $x - 2y + 14 \pm 2\sqrt{5}\sqrt{1^2 + 2^2} = 0$

$\Rightarrow x - 2y + 14 \pm 10 = 0$

$x - 2y + 24 = 0 \cdots\cdots (3)$

$x - 2y + 4 = 0 \cdots \qquad (4)$

(1) ও (3) ছেদবিন্দু D এর স্থানাঙ্ক (–2 ,11)

(2) ও (3) ছেদবিন্দু C এর স্থানাঙ্ক (2 ,13)

আবার, (1) ও (4) ছেদবিন্দু D এর স্থানাঙ্ক (2 ,3)

(2) ও (4) ছেদবিন্দু C এর স্থানাঙ্ক (6 ,5)

C(2,13) ও D (–2 ,11) অথবা, C(6 , 5) ও D(2 , 3)

7(b) (0, 7) ও (6 , 5) বিন্দুদ্বয় একটি বর্গের কর্ণের শীর্ষবিন্দু হলে অপর শীর্ষবিন্দু দুইটির স্থানাঙ্ক নির্ণয় কর ।

সমাধান ঃ ধরি, ABCD বর্গের AC কর্ণেও শীর্ষবিন্দু A(0, 7) ও C(6 , 5).



$\therefore AC = \sqrt{36+4} = 2\sqrt{10}$

AC কর্ণের লম্বসমদ্বিখন্ডক BD কর্ণের সমীকরণ $(0-6)x + (7-5)y = \frac{1}{2}(0 + 49 - 36 - 25) \Rightarrow -6x + 2y + 6 = 0$

$\Rightarrow 3x - y - 3 = 0 \qquad (1)$

AC কর্ণের সমীকরণ $x + 3y = 0 + 3\times 7$

$\Rightarrow x + 3y - 21 = 0$

AC কর্ণের সমান্তরাল $2\sqrt{10}$ একক দূরবর্তী রেখার সমীকরণ সরলরেখার সমীকরণ,

$x + 3y - 21 \pm \sqrt{10}\sqrt{1^2 + 3^2} = 0$

$\Rightarrow x + 3y - 21 \pm 10 = 0$

$x + 3y - 11 = 0 \qquad (2)$ এবং

$x + 3y - 31 = 0 \cdots \qquad (3)$

(1) ও (2) এর ছেদবিন্দুর স্থানাঙ্ক (2, 3)

(1) ও (3) এর ছেদবিন্দুর স্থানাঙ্ক (4, 9)

অপর শীর্ষবিন্দু দুইটির স্থানাঙ্ক (2, 3) ও (4, 9)

ব্যবহারিক অনুশীলন

1. পরীক্ষণের নাম ঃ A(8 , 10) ও B(18, 20) বিন্দুর সংযোগ রেখাংশকে 2 3 অনুপাতে বহির্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় ।

মূলতত্ত্ব ঃ $A(x_1, y_1)$ এবং $B(x_2, y_2)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে m_1 m_2 অনুপাতে বহির্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক

$$\left(\frac{m_1x_2 - m_2x_1}{m_1 - m_2}, \frac{m_1y_2 - m_2y_1}{m_1 - m_2}\right)$$

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) পেন্সিল কম্পাস।



(i) একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা X′OX ও YOY′ আঁকি।

(ii) x অক্ষ y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 2 বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে A(8 10) ও B(18, 20) বিন্দুদ্বয়কে গ্রাফ পেপারে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে সংযোগ করে AB রেখাংশ লেখচিত্রে উপস্থাপন করি।

(iii) B বিন্দু দিয়ে x অক্ষের সমান্তরাল BG রেখার উপর যেকোন দুইটি বিন্দু P ও Q নেই যেন PQ BQ = 2 3 হয়। (এখানে, B থেকে 15 বর্গ দূরে Q এবং P থেকে 10 বর্গ দূরে Q বিন্দু অবস্থিত।)

(iv) P, A যোগ করি এবং PA এর সমান্তরাল QC রেখা অঙ্কন করি যা BA এর বর্ধিতাংশকে C বিন্দুতে ছেদ করে।

ফল সংকলন ঃ

C এর স্থানাঙ্ক	
গ্রাফ হতে প্রাপ্ত মান	সূত্র হতে প্রাপ্ত মান
(-12,-10)	$\left(\frac{2\times18-3\times8}{2-3}, \frac{2\times20-3\times10}{2-3}\right)$ $= \left(\frac{36-24}{-1}, \frac{40-30}{-1}\right)$ $= (-12, -10)$

ফলাফল ঃ প্রদত্ত বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে 2 3 অনুপাতে বহির্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক (−12, −10).

2. পরীক্ষণের নাম ঃ ABC ত্রিভুজের শীর্ষবিন্দু A(5, 6), B(−9,1) এবং C(−3, −1) ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয়।

মূলতত্ত্ব ABC ত্রিভুজের শীর্ষত্রয় $A(x_1, y_1)$, $B(x_2, y_2)$ এবং $C(x_3, y_3)$ হলে ABC ত্রিভুজের ক্ষেত্রফল,

$$\Delta ABC = \frac{1}{2}\left|\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}\right| \text{ বর্গ একক।}$$

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) সায়েন্টিফিক ক্যালকুলেটর।

কার্যপদ্ধতি ঃ

(i) একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা X′OX ও YOY′ আঁকি।



(ii) x - অক্ষ ও y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 1

বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে A(5, 6), B(−9,1) এবং C(−3, −1) বিন্দুগুলি গ্রাফ পেপারে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে A,B; B, C ; C, A সংযোগ করে ABC ত্রিভুজটি অঙ্কন করি।

(iii) A বিন্দু দিয়ে y অক্ষের সমান্তরাল PQ রেখা আঁকি।

(iv) B ও C হতে PQ এর উপর যথাক্রমে BL ও CM লম্ব আঁকি ।

হিসাব ঃ $BL = |-9-(5)| = 14$,
$CM = |-3-(-5)| = 8$, $AL = |6-1| = 5$,
$LM = |1-(-1)| = 2$, $AM = 5+2 = 7$

ফল সংকলন ঃ

ABC ত্রিভুজের ক্ষেত্রফল
গ্রাফ হতে প্রাপ্ত মান: ΔABC = ট্রাপিজিয়াম BLMC এর ক্ষেত্রফল + ত্রিভুজ BLA এর ক্ষেত্রফল − ত্রিভুজ AMC এর ক্ষেত্রফল $=\frac{1}{2}\times(BL+CM)\times LM+\frac{1}{2}\times BL\times AL-\frac{1}{2}\times CM\times AM$ $=\frac{1}{2}\times(14+8)\times 2+\frac{1}{2}\times 14\times 5-\frac{1}{2}\times 8\times 7$ $= 22+35-28 = 29$ বর্গ একক।
সূত্র হতে প্রাপ্ত মান $\Delta ABC=\frac{1}{2}\left\|\begin{vmatrix}5 & -9 & -3 & 5\\ 6 & 1 & -1 & 6\end{vmatrix}\right\|$ $=\frac{1}{2}\|5+9-18-(-54-3-5)\|$ $=\frac{1}{2}\|-4+62\|=\frac{1}{2}\|58\| = 29$ বর্গ একক।

ফলাফল ঃ ABC ত্রিভুজের ক্ষেত্রফল = 29 বর্গ একক।

3. পরীক্ষণের নাম ঃ $3x-5y=-11$ সরলরেখার লেখচিত্র অঙ্কন

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) সায়েন্টিফিক ক্যালকুলেটর।

কার্যপদ্ধতি ঃ

(i) প্রদত্ত সরলরেখার সমীকরণ হতে পাই,

$$-5y=-3x-11 \Rightarrow y=\frac{3x+11}{5}$$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	−2	3	−7
y	1	4	−2

(ii) একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা X′OX ও YOY′ আঁকি ।



(iv) x-অক্ষ ও y-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 2 বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে (−2, 1) (3, 4) ও (−7, −2) বিন্দু তিনটি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে সংযোগ করে $3x-5y=-11$ সরলরেখার লেখচিত্র অঙ্কন করি।

লেখচিত্রের বৈশিষ্ট ঃ

(i) প্রদত্ত সরলরেখার ঢাল–ছেদ আকৃতি $y=\frac{3}{5}x+\frac{11}{5}$ এ $c=\frac{11}{5}>0$ বলে রেখাটি y অক্ষকে ধনাত্মক দিকে $\frac{11}{5}$ একক দূরে ছেদ করবে।

(ii) $m=\frac{3}{5}>0$ বলে রেখাটি x অক্ষের ধনাত্মক দিকের সাথে সূক্ষ্মকোণ উৎপন্ন করে।

4. সংযুক্ত চিত্রের সাহায্যে AB সরলরেখার সমীকরণ নির্ণয় কর, যেখানে (6 , 5) বিন্দুটি AB এর উপর অবস্থিত।

পরীক্ষণের নাম ঃ প্রদত্ত চিত্র ও তথ্য হতে সরলরেখার সমীকরণ নির্ণয়।



মূলতত্ত্ব ঃ a (x অক্ষের ছেদাংশের পরিমাণ) ও b(y অক্ষের ছেদাংশের পরিমাণ) নির্ণয় করে $\frac{x}{a}+\frac{y}{b}=1$ সূত্র দ্বারা, c (y অক্ষের ছেদাংশের পরিমাণ) ও ঢাল m (x অক্ষের ধনাত্মক দিকের সাথে প্রদত্ত রেখার উৎপন্ন কোণের tangent) নির্ণয় করে y = mx + c সূত্র দ্বারা সরলরেখার সমীকরণ নির্ণয় করা যায়।

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) কম্পাস, (vii) চাঁদা ইত্যাদি।

কার্যপদ্ধতি ঃ

প্রদত্ত রেখা দ্বারা x অক্ষের ধনাত্মক দিকে সাথে উৎপন্ন কোণের পরিমাণ চাঁদা দিয়ে পরিমাপ করি। উৎপন্ন কোণের পরিমাণ 30° ।

হিসাব ঃ

রেখাটির ঢাল = $\tan 30° = \frac{1}{\sqrt{3}}$. y অক্ষের ছেদাংশ c হলে রেখাটির সমীকরণ হবে y = mx + c

$$\Rightarrow y = \frac{1}{\sqrt{3}}x + c$$

তথ্য অনুসারে, রেখাটি (6, 5) বিন্দুগামী।

$$5 = \frac{6}{\sqrt{3}} + c \Rightarrow c = \frac{5\sqrt{3}-6}{\sqrt{3}}$$

রেখাটির নির্ণেয় সমীকরণ

$$y = \frac{1}{\sqrt{3}}x + \frac{5\sqrt{3}-6}{\sqrt{3}}$$

$$\Rightarrow \sqrt{3}\,y = x + 5\sqrt{3} - 6$$

5. y-অক্ষের সাপেক্ষে A(– 5, 5) বিন্দুর এবং B(7, 2) ও C(5, –4) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের প্রতিচ্ছবি নির্ণয় কর।

পরীক্ষণের নাম ঃ y-অক্ষের সাপেক্ষে A(– 5, 5) বিন্দুর এবং B(7, 2) ও C(5, –4) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের প্রতিচ্ছবি নির্ণয় ।

মূলতত্ত্ব ঃ x-অক্ষ ও y-অক্ষের সাপেক্ষে (x , y) বিন্দুর প্রতিচ্ছবি যথাক্রমে $(x , -y)$ ও $(-x , y)$ ।

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার ইত্যাদি।

কার্যপদ্ধতি ঃ

(i) একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা X′OX ও YOY′ আঁকি ।

(ii) x অক্ষ ও y অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 1 বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে A(–5, 5), B(7 2) এবং C(5 –4) বিন্দুগুলি গ্রাফ পেপারে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে B, C সংযোগ করে BC রেখাংশ অঙ্কন করি।

(iii) A(–5, 5) বিন্দু হতে y অক্ষের উপর AL লম্ব অঙ্কন করি এবং AL কে A′ পর্যন্ত বর্ধিত করি যেন AL = LA′ হয়। তাহলে, y অক্ষের সাপেক্ষে A বিন্দুর প্রতিচ্ছবি A′(5, 5) ।



(iv) তদ্রূপ y অক্ষের সাপেক্ষে B(7, 2) বিন্দুর প্রতিচ্ছবি B′(−7, 2) এবং C(5 −4) বিন্দুর প্রতিচ্ছবি C′(−5, −4) নির্ণয় করি।

(v) সরু পেন্সিল দিয়ে B′, C′ সংযোগ করি এবং y অক্ষের সাপেক্ষে BC রেখাংশের প্রতিচ্ছবি B′C′ অঙ্কন করি, যা (−7, 2) ও (−5, −4) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশ।

বৈশিষ্ট ঃ

(i) y অক্ষের সাপেক্ষে A(− 5, 5) ও A′(5, 5) পরস্পর পরস্পরের প্রতিচ্ছবি এবং এদের y স্থানাঙ্ক অভিন্ন ও একটির x স্থানাঙ্ক অপরটির বিপরীত ঋণাত্মক মানের সমান।

(ii) y অক্ষের সাপেক্ষে BC রেখাংশ ও B′C′ রেখাংশ পরস্পর পরস্পরের প্রতিচ্ছবি ও দৈর্ঘ্যে সমান এবং y অক্ষ থেকে এদের যেকোন একটির উপরস্ত যেকোন বিন্দুর সমদূরবর্তী বিন্দু অপরটির উপর অবস্থিত হবে।

6. $y = x$ সরলরেখার সাপেক্ষে A(5 , 6) বিন্দুর এবং B(−3, 5) ও C(4, −8) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের প্রতিচ্ছবি নির্ণয় কর।

পরীক্ষণের নাম ঃ $y = x$ সরলরেখার সাপেক্ষে A(5 6) বিন্দুর এবং B(−3, 5) ও C(4, −8) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের প্রতিচ্ছবি নির্ণয় ।

মূলতত্ত্ব ঃ y = x রেখার সাপেক্ষে (h, k) বিন্দুর প্রতিচ্ছবি (k, h).

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার ইত্যাদি।

কার্যপদ্ধতি ঃ

(i) একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা X′OX ও YOY′ আঁকি ।

(ii) প্রদত্ত সমীকরণ y = x (i) এ x এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি

x	0	2	3
y	0	2	3

(iii) x অক্ষ ও y অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে (2, 2) ও (3 , 3) বিন্দুগুলি গ্রাফ পেপারে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে সংযোগ করে প্রদত্ত রেখা (i) এর লেখচিত্র অঙ্কন করি।



(iv) একই স্কেলে A(5 6), B(−3, 5) ও C(4, −8) বিন্দুগুলি গ্রাফ পেপারে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে B, C সংযোগ করে BC রেখাংশ অঙ্কন করি।

(v) A বিন্দু থেকে (i) নং রেখার উপর অঙ্কিত লম্বকে A′ পর্যন্ত বর্ধিত করি যেন A ও A′ বিন্দুদ্বয় প্রদত্ত রেখা থেকে সমদূরবর্তী হয়। তাহলে, (i) নং রেখার সাপেক্ষে A বিন্দুর প্রতিচ্ছবি A′

6. তদ্রূপ (i) নং রেখার সাপেক্ষে B বিন্দুর প্রতিচ্ছবি B′ এবং C বিন্দুর প্রতিচ্ছবি C′ নির্ণয় করি।

7. সরু পেন্সিল দিয়ে B′ C′ সংযোগ করে (i) নং রেখার সাপেক্ষে BC রেখাংশের প্রতিচ্ছবি B′C′ অঙ্কন করি।

হিসাব ঃ $y = x$ (i) রেখার ঢাল = 1 এবং এর উপর লম্ব রেখার ঢাল = −1.

ধরি, (i) এর সাপেক্ষে A(5, 6) বিন্দুর প্রতিচ্ছবি A′(h, k) ।

AA′ এর মধ্যবিন্দু $\left(\frac{h+5}{2}, \frac{k+6}{2}\right)$ (i) এর উপর অবস্থিত এবং AA′ ঢাল $= \frac{k-6}{h-5} = -1$

(i) হতে পাই, $\frac{k+6}{2} = \frac{h \quad 5}{2}$

$\Rightarrow h \quad 5 = k + 6$

এবং $-h + 5 = k - 6$

$\Rightarrow h + k - 11 = 0 \cdots$ (iii)

(ii) + (iii) $\Rightarrow 2h - 12 = 0 \Rightarrow h = 6$

(ii) হতে $6 - k - 1 = 0 \Rightarrow k = 5$

$y = x$ রেখার সাপেক্ষে A(5, 6) বিন্দুর প্রতিচ্ছবি (6, 5)।

সূত্রের সাহায্যে ঃ A(5, 6) বিন্দুর প্রতিচ্ছবি (6,5).
B(−3, 5) বিন্দুর প্রতিচ্ছবি (5, −3).
C(4, −8) বিন্দুর প্রতিচ্ছবি (−8,4)

ফলাফল ঃ $y = x$ রেখার সাপেক্ষে A(5, 6) বিন্দুর প্রতিচ্ছবি (6,5) এবং B(−3, 5) ও C(4, −8) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের প্রতিচ্ছবি (5, −3) ও (−8,4) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশ ।

ভর্তি পরীক্ষার MCQ :

1. $y = 3x + 7$ এবং $3y - x = 8$ সরলরেখাদ্বয়ের অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণ – [DU 08-09]

Sol^n : এখানে $m_1 = 3$, $m_2 = \frac{1}{3}$

$$\tan\theta = \left|\frac{3 - \frac{1}{3}}{1 + 3.\frac{1}{3}}\right| = \frac{8}{6} \Rightarrow \theta = \tan^{-1}\frac{4}{3}$$

2. $2x - 3y + 6 = 0$ রেখার উপর লম্ব এবং (1,-1) বিন্দুগামী রেখার সমীকরণ–[DU, 02-03, 97-98; RU 06-07]

Sol^n : রেখার সমীকরণ $3x + 2y = 3 - 2 = 1$

3. $5x - 2y + 4 = 0$ এবং $4x - 3y + 5 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দু এবং মূলবিন্দু দিয়ে গমনকারী রেখার সমীকরণ – [DU 05-07; Jt.U 07-08]

Sol^n : সমীকরণ $5(5x - 2y) - 4(4x - 3y) = 0$

$\Rightarrow 25x - 10y - 16x + 12y = 0$

$\Rightarrow 9x + 2y = 0$

4. একটি সরলরেখার অক্ষদ্বয়ের মধ্যবর্তী অংশ (2,3) বিন্দুতে সমদ্বিখন্ডিত হয়। রেখাটির সমীকরণ– [DU04-05]

Sol^n : রেখার সমীকরণ $\frac{x}{2\times2} + \frac{y}{2\times3} = 1$

$\Rightarrow 3x + 2y = 12$

5. সরলরেখা $3x + 4y - 12 = 0$ দ্বারা অক্ষদ্বয়ের মধ্যবর্তী খন্ডিত অংশের দৈর্ঘ্য– [DU 03-04]

Sol^n : দৈর্ঘ্য $= \sqrt{(12/3)^2 + (12/4)^2}$

$= \sqrt{16 + 9} = 5$

6. $2x - 5y + 10 = 0$ দ্বারা নির্দেশিত সরলরেখা এবং অক্ষদ্বয় দ্বারা বেষ্টিত ত্রিভুজের ক্ষেত্রফল– [DU 99-00]

Sol^n : $\frac{1}{2}.\frac{10^2}{2\times5} = 5$

7. একটি সরলরেখা (3,5) বিন্দু দিয়ে যায় অক্ষদ্বয় হতে বিপরীত চিহ্ন বিশিষ্ট অংশ ছেদ করে।সরলরেখাটির সমীকরণ কি? [DU 98-99]

Sol^n : সমীকরণ, $x - y = 3 - 5 \Rightarrow x - y + 2 = 0$

8. α এর কোন মানের জন্য $(\alpha-1)x + (\alpha+1)y = 7$ রেখাটি $3x + 5y + 7 = 0$ রেখার সমান্তরাল হবে? [DU 01-02]

Sol^n : $\frac{\alpha - 1}{3} = \frac{\alpha + 1}{5} \Rightarrow 2\alpha = 8 \Rightarrow \alpha = 4$

9. $5x - 5\sqrt{3}y + 2 = 0$ এবং $3\sqrt{3}x + 3y = 4$ রেখা দুইটির অন্তর্ভুক্ত কোণ হবে– [BUET 06-07]

Sol^n : এখানে ,$m_1 = \frac{1}{\sqrt{3}}$, $m_2 = -\sqrt{3}$

$m_1 m_2 = -1$ অন্তর্ভুক্ত কোণ $= 90°$

10. (2,3) বিন্দু হতে $4x + 3y - 7 = 0$ রেখার সাপেক্ষে প্রতিবিম্ব বিন্দুর দূরত্ব – [BUET 06-07]

Sol^n : দূরত্ব $= 2\frac{|8 + 9 - 7|}{\sqrt{16 + 9}} = \frac{2.10}{5} = 4$

11. মূলবিন্দু হতে $3x + 4y = 10$ রেখটির লম্বদূরত্ব [DU 07-08, Jt.U 07-08]

Sol^n : লম্বদূরত্ব $= \frac{|-10|}{\sqrt{9 + 16}} = 2$

12. (4, −2) বিন্দু হতে $5x + 12y = 3$ রেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য – [DU 06-07, 04-05; RU 06-07, 05-06; CU 02-03]

Sol^n : লম্বদূরত্ব $= \frac{|20 - 24 - 3|}{\sqrt{25 + 144}} = \frac{7}{13}$

13. α সূক্ষ্মকোণ হলে $x\cos\alpha + y\sin\alpha = 4$ এবং $4x + 3y = 5$ সমান্তরাল রেখাদ্বয়ের দূরত্ব– [DU 06-07

Sol^n : সমান্তরাল রেখাদ্বয়ের দূরত্ব =

$$\left|\frac{-4}{\sqrt{\cos^2\alpha+\sin^2\alpha}}-\frac{-5}{\sqrt{4^2+3^2}}\right|$$

$= 4-1 = 3$

14. (1, –1) এবং (2,4) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের লম্ব সমদ্বিখন্ডকের সমীকরণ– [DU 04-05]

Sol^n : লম্ব সমদ্বিখন্ডকের সমীকরণ

$$(1-2)x + (-1-4)y = \frac{1}{2}(1^2+1^2-2^2-4^2)$$

$\Rightarrow -x - 5y + 10 = 0 \Rightarrow x + 5y - 10 = 0$

15. (–5,7) ও (3,–1) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের লম্ব সমদ্বিখন্ডকের সমীকরণ–[DU 00-01;RU 06-07]

Sol^n : $-8x + 8y = \frac{1}{2}(25 + 49 - 9 - 1) = 32$

$\Rightarrow x - y + 4 = 0$

16. $y = 1 + \frac{1}{2+x}$ বক্ররেখা x- অক্ষকে A বিন্দুতে এবং y - অক্ষকে B বিন্দুতে ছেদ করলে AB রেখার সমীকরণ – [DU 07-08, Jt.U 08-09]

Sol^n : $2y + xy = 2 + x + 1$

$\Rightarrow$ $x - 2y + 3 = 0$ [$\because$ সরলরেখায় xy থাকেনা]

17. x এর কোন মানের জন্য (1, –x), (1, x) এবং (x^2, –1) বিন্দু তিনটি একই রেখায় অবস্থান করবে? [BUET 12-13]

Sol^n : $\begin{vmatrix} 1 & 1 & x^2 & 1 \\ -x & x & -1 & -x \end{vmatrix} = 0$

$\Rightarrow x-1-x^3-(-x+x^3-1) = 0$

$\Rightarrow x-1-x^3+x-x^3+1 = 0$

$\Rightarrow -2x^2+2x = 0$

$\Rightarrow x(x-1)(x+1) = 0$

$\Rightarrow x = 0, 1, -1$

এক নজরে প্রয়োজনীয় সূত্রাবলী

1.(a) (0 , 0) কেন্দ্র এবং ' r ' ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের সমীকরণ $x^2 + y^2 = r^2$.

(b) (h , k) কেন্দ্র এবং ' r ' ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের সমীকরণ $(x - h)^2 + (y - k)^2 = r^2$.

(h,k) কেন্দ্র এবং (α, β) বিন্দুগামী বৃত্তের সমীকরণ $(x - h)^2 + (y - k)^2 = (\alpha - h)^2 + (\beta - k)^2$

(c) (– g, – f) কেন্দ্রবিশিষ্ট বৃত্তের সমীকরণ $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$, যেখানে ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c}$

(d) (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ,

$$(x - x_1)(x - x_2) + (y - y_1)(y - y_2) = 0.$$

(e) একটি বৃত্ত ও একটি সরলরেখার ছেদবিন্দুগামী বৃত্তের সমীকরণ, বৃত্ত + k(সরলরেখা)=0; ধ্রুবক $k \neq 0$

(f) দুইটি বৃত্তের ছেদবিন্দু দিয়ে যায় এরূপ বৃত্তের সমীকরণ, প্রথম বৃত্ত + k (দ্বিতীয় বৃত্ত) = 0 ; ধ্রুবক $k \neq 0$.

(g) $f(x , y) = 0$ বৃত্ত ও $g(x , y) = 0$ সরলরেখার (অথবা , $f(x , y)= 0$ ও $g(x , y) = 0$ বৃত্তদ্বয়ের) ছেদবিন্দু এবং (α , β) বিন্দুগামী বৃত্তের সমীকরণ $\frac{f(x,y)}{f(\alpha,\beta)} = \frac{g(x,y)}{g(\alpha,\beta)}$; $f(\alpha,\beta) \neq 0$, $g(\alpha,\beta) \neq 0$

(h) খলিফার পদ্ধতিঃ যেকোন দুইটি বিন্দু (x_1, y_1) ও (x_2, y_2) দিয়ে অতিক্রম করে এরূপ বৃত্তের সমীকরণ ,

$$(x - x_1)(x - x_2) + (y - y_1)(y - y_2) + k\{(x - x_1)(y_1 - y_2) - (y - y_1)(x_1 - x_2)\} = 0$$

; ধ্রুবক $k \neq 0$

2. (a) $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্ত দ্বারা x-অক্ষের খণ্ডিতাংশ $= 2\sqrt{g^2 - c}$ এবং y-অক্ষের খণ্ডিতাংশ $= 2\sqrt{f^2 - c}$.

(b) $(x - h)^2 + (y - k)^2 = r^2$ বৃত্ত দ্বারা x-অক্ষের খণ্ডিতাংশ $= 2\sqrt{r^2 - k^2}$ এবং y-অক্ষের খণ্ডিতাংশ $= 2\sqrt{r^2 - h^2}$

3. (a) (r_1, θ_1) কেন্দ্র ও a ব্যাসার্ধ বিশিষ্ট পোলার স্থানাঙ্কে বৃত্তের সমীকরণ, $a^2 = r^2 + r_1^2 - 2rr_1\cos(\theta - \theta_1)$

(b) পোলার স্থানাঙ্কে বৃত্তের সাধারণ সমীকরণ $r^2 + 2r(g\cos\theta + f\sin\theta) + c = 0$, যার কেন্দ্র $(\sqrt{g^2 + f^2}, \tan^{-1}\frac{f}{g})$, ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c}$

MCQ এর জন্য বিশেষ সূত্র ঃ

1. f(x, y)= 0 বৃত্তের সাথে এককেন্দ্রিক এবং (x_1, y_1) বিন্দুগামী বৃত্তের সমীকরণ $f(x , y) = f(x_1, y_1)$

2. x-অক্ষকে মূলবিন্দুতে স্পর্শ করে এবং (x_1, y_1) বিন্দুগামী বৃত্তের সমীকরণ, $\frac{x^2 + y^2}{y} = \frac{x_1^2 + y_1^2}{y_1}$.

3. কেন্দ্র (h,k) এবং x –অক্ষকে স্পর্শ করে এরূপ বৃত্তের সমীকরণ $x^2 + y^2 - 2hx - 2ky + h^2 = 0$

4. কেন্দ্র (h,k) এবং y –অক্ষকে স্পর্শ করে এরূপ বৃত্তের সমীকরণ $x^2 + y^2 - 2hx - 2ky + h^2 = 0$

প্রশ্নমালা – IV A

1. $ax^2 + 2bxy - 2y^2 + 8x + 12y + 6 = 0$ একটি বৃত্ত নির্দেশ করলে, 'a' ও 'b' এর মান নির্ণয় কর। অতপর বৃত্তটির কেন্দ্র ও ব্যাসার্ধ নির্ণয় কর।

সমাধান ঃ $ax^2 + 2bxy - 2y^2 + 8x + 12y + 6 = 0$ একটি বৃত্ত নির্দেশ করলে, xy এর সহগ , $2b = 0$

$\Rightarrow$ b = 0 এবং x^2 ও y^2 এর সহগ দুইটি সমান অর্থাৎ $a = -2$.

বৃত্তটির সমীকরণ হবে ,

$$-2x^2 - 2y^2 + 8x + 12y + 6 = 0$$

$$\Rightarrow x^2 + y^2 + 2(-2)x + 2(-3)y - 3 = 0$$

বৃত্তটির কেন্দ্র (–2 , – 3) এবং

ব্যাসার্ধ $= \sqrt{2^2 + 3^2 - (-3)} = \sqrt{4 + 9 + 3} = 4$

2. (a, b) কেন্দ্র এবং $\sqrt{a^2+b^2}$ ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ (a, b) কেন্দ্র এবং $\sqrt{a^2+b^2}$ ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের সমীকরণ,

$$(x-a)^2+(y-b)^2=(\sqrt{a^2+b^2})^2$$
$$\Rightarrow x^2-2ax+a^2+y^2-2by+b^2=a^2+b^2$$
$$x^2+y^2-2ax-2by=0 \text{ (Ans.)}$$

3. (a) এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা $x^2+y^2-4x+5y+9=0$ বৃত্তের সাথে এককেন্দ্রিক এবং $(2,-1)$ বিন্দু দিয়ে অতিক্রম করে।

[কু.'০৫; য.'১০; দি.'১৩]

সমাধান ঃ $x^2+y^2-4x+5y+9=0$ বৃত্তটির কেন্দ্রের স্থানাঙ্ক $=(-\frac{-4}{2},-\frac{5}{2})=(2,-\frac{5}{2})$,যা নির্ণেয় বৃত্তের কেন্দ্র।

এখন নির্ণেয় বৃত্তের ব্যাসার্ধ = কেন্দ্র $(2,-\frac{5}{2})$ হতে $(2,-1)$ বিন্দুর দূরত্ব $=|-\frac{5}{2}+1|=\frac{3}{2}$

নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$$(x-2)^2+(y+\frac{5}{2})^2=(\frac{3}{2})^2$$
$$\Rightarrow x^2-4x+4+y^2+5y+\frac{25}{4}-\frac{9}{4}=0$$
$$\Rightarrow x^2-4x+4+y^2+5y+\frac{25-9}{4}=0$$
$$\Rightarrow x^2-4x+4+y^2+5y+4=0$$
$$x^2+y^2-4x+5y+8=0 \text{ (Ans.)}$$

[MCQ এর জন্য, $x^2+y^2-4x+5y=2^2+1^2-4.2+5(-1)=4+1-8-5$]

3.(b) এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা $x^2+y^2-6x+8y=0$ বৃত্তের সাথে এককেন্দ্রিক এবং $(3,-1)$ বিন্দু দিয়ে অতিক্রম করে। [সি.'০১]

সমাধান ঃ $x^2+y^2-6x+8y=0$ বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক $=(3,-4)$,যা নির্ণেয় বৃত্তের কেন্দ্র।

এখন নির্ণেয় বৃত্তের ব্যাসার্ধ = কেন্দ্র $(3,-4)$ হতে $(3,-1)$ বিন্দুর দূরত্ব $=|-4+1|=3$

নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$$(x-3)^2+(y+4)^2=3^2$$
$$\Rightarrow x^2-6x+9+y^2+8y+16=9$$
$$x^2+y^2-6x+8y+16=0 \text{ (Ans.)}$$

3(c) একটি বৃত্তের কেন্দ্র $(4,-5)$ এবং এটি মূলবিন্দু দিয়ে যায়। তার সমীকরণ এবং অক্ষ দুইটি থেকে তা কি পরিমাণ অংশ ছেদ করে তা নির্ণয় কর।

[সি.'০৬; য.'০৮; কু.'১৪]

সমাধান ঃ কেন্দ্র $(4,-5)$ এবং মূলবিন্দু দিয়ে যায় এরূপ বৃত্তের সমীরকণ, $x^2+y^2+2(-4)x+2(5)y=0$

$$x^2+y^2-8x+10y=0 \cdots(1)$$

(1) বৃত্তটিকে $x^2+y^2+2gx+2fy+c=0$ এর সাথে তুলনা করে পাই, $g=-4$, $f=5$, $c=0$

বৃত্তটি দ্বারা x–অক্ষের খন্ডিতাংশের পরিমাণ $2\sqrt{g^2-c}=2\sqrt{4^2-0}=8$ এবং

বৃত্তটি দ্বারা y–অক্ষের খন্ডিতাংশের পরিমাণ $2\sqrt{g^2-c}=2\sqrt{5^2-0}=10$

4.(a) একটি বৃত্তের কেন্দ্র $(4,-8)$ এবং তা y-অক্ষকে স্পর্শ করে । তার সমীকরণ নির্ণয় কর।

[ব.'০১; ঢা.'০২]

সমাধান ঃ $(4,-8)$ কেন্দ্রবিশিষ্ট বৃত্তটি y-অক্ষকে স্পর্শ করে ।

বৃত্তটির ব্যাসার্ধ = | কেন্দ্রের ভুজ | = | 4 | = 4

বৃত্তের সমীকরণ, $(x-4)^2+(y+8)^2=4^2$

$$\Rightarrow x^2-8x+16+y^2+16y+64=16$$
$$x^2+y^2-8x+16y+64=0$$

[MCQ এর জন্য, $x^2+y^2-8x+16y+8^2=0$]

4(b) $(-5, 7)$ কেন্দ্রবিশিষ্ট এবং x-অক্ষকে স্পর্শ করে এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [মা.'০৭]

সমাধান ঃ $(-5,7)$ কেন্দ্রবিশিষ্ট বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে ।

বৃত্তটির ব্যাসার্ধ = | কেন্দ্রের y-স্থানাঙ্ক |= |7|= 7

বৃত্তের সমীকরণ, $(x+5)^2+(y-7)^2=7^2$

$$\Rightarrow x^2+10x+25+y^2-14y+49=49$$
$$x^2+y^2+10x-14y+25=0$$

4(c) $(2, 3)$ বিন্দুতে কেন্দ্রবিশিষ্ট এবং x-অক্ষকে স্পর্শ করে এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর। বৃত্তটি y-অক্ষ হতে যে পরিমাণ অংশ ছেদ করে তা নির্ণয় কর।

[রা.'০১; কু.'০৯]

সমাধান ঃ $(2, 3)$ কেন্দ্রবিশিষ্ট বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে।

বৃত্তটির ব্যাসার্ধ = | কেন্দ্রের কোটি| = | 3 | = 3

বৃত্তের সমীকরণ, $(x-2)^2 + (y-3)^2 = 3^2$

$\Rightarrow x^2 - 4x + 4 + y^2 - 6y + 9 = 9$

$x^2 + y^2 - 4x - 6y + 4 = 0$

এখন বৃত্তটিকে $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ এর সাথে তুলনা করে পাই, $g = -2, f = -3, c = 4$

বৃত্তটি দ্বারা y–অক্ষের খন্ডিতাংশের পরিমাণ

$2\sqrt{g^2 - c} = 2\sqrt{9-4} = 2\sqrt{5}$

5. একটি বৃত্ত (– 6, 5), (– 3, – 4) এবং (2, 1) বিন্দু তিনটি দ্বারা অতিক্রম করে। বৃত্তটির সমীকরণ, কেন্দ্রের স্থানাঙ্ক এবং ব্যাসার্ধ নির্ণয় কর।[ব.'০২;দি.'০৯]

সমাধান ঃ খলিফার নিয়মানুসারে ধরি $(-6 \quad 5)$ ও $(-3, -4)$ বিন্দুগামী বৃত্তের সমীকরণ ,

$(x+6)(x+3) + (y-5)(y+4) +$
$k\{(x+6)(5+4) - (y-5)(-6+3)\} = 0$

$\Rightarrow x^2 + 9x + 18 + y^2 - y - 20 +$
$k(9x + 54 + 3y - 15) = 0$

$\Rightarrow x^2 + y^2 + 9x - y - 2 +$
$k(9x + 3y + 39) = 0 \qquad (1)$

(1) বৃত্তটি (2, 1) বিন্দুগামী বলে,

$4 + 1 + 18 - 1 - 2 + k(18 + 3 + 39) = 0$

$\Rightarrow 60k = -20 \Rightarrow k = -\frac{1}{3}$

(1) এ k এর মান বসিয়ে পাই,

$x^2 + y^2 + 9x - y - 2 - 3x - y - 13 = 0$

$x^2 + y^2 + 6x - 2y - 15 = 0 \cdots (1)$

(1) বৃত্তটির কেন্দ্রের স্থানাঙ্ক $\left(-\frac{6}{2}, -\frac{-2}{2}\right)$

$= (-3, 1)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{9+1-(-15)} = 5$

[MCQ : $\dfrac{(x+6)(x+3)+(y-5)(y+4)}{9(x+6)-(-3)(y-5)}$

$= \dfrac{(2+6)(2+3)+(1-5)(1+4)}{9(2+6)-(-3)(1-5)}$]

6. (a) $2x - y = 3$ রেখার উপর কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত (3 , – 2) ও (– 2 , 0) বিন্দু দুইটি দিয়ে অতিক্রম করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর। [ঢ.'০৮; ব. '১০,'১২; সি. '০৬; য. '০৭; কু. '০৭; রা.'১০,'১৩]

সমাধান ঃ খলিফার নিয়মানুসারে ধরি $(3 \quad -2)$ ও $(-2, 0)$ বিন্দুগামী বৃত্তের সমীকরণ ,

$(x-3)(x+2) + (y+2)(y-0) +$
$k\{(x-3)(-2-0) - (y+2)(3+2)\} = 0$

$\Rightarrow x^2 - x - 6 + y^2 + 2y +$
$k(-2x + 6 - 5y - 10) = 0$

$\Rightarrow x^2 + y^2 + (-1-2k)x + (2-5k)y - 6 - 4k = 0 \qquad (1)$

বৃত্তটির কেন্দ্র $\left(\frac{1+2k}{2}, -\frac{2-5k}{2}\right)$, $2x - y = 3$ রেখার উপর অবস্থিত।

$2\frac{1+2k}{2} - \left(-\frac{2-5k}{2}\right) = 3$

$\Rightarrow 2 + 4k + 2 - 5k = 6$

$\Rightarrow -k = 2 \Rightarrow k = -2$

k এর মান (1) এ বসিয়ে পই,

$x^2 + y^2 + (-1+4)x + (2+10)y - 6 + 8 = 0$

$x^2 + y^2 + 3x + 12y + 2 = 0$ (Ans.)

6(b) $x + 2y - 10 = 0$ রেখার উপর কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত (3 , 5) ও (6, 4) বিন্দু দুইটি দিয়ে অতিক্রম করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

[ঢা.'০২; রা.'০৮; য.'১২]

সমাধান ঃ খলিফার নিয়মানুসারে ধরি $(3 \quad 5)$ ও $(6, 4)$ বিন্দুগামী বৃত্তের সমীকরণ ,

$(x-3)(x-6) + (y-5)(y-4) +$
$k\{(x-3)(5-4) - (y-5)(3-6)\} = 0$

$\Rightarrow x^2 - 9x + 18 + y^2 - 9y + 20 +$
$k(x - 3 + 3y - 15) = 0$

$\Rightarrow x^2 + y^2 + (-9+k)x + (-9+3k)y + 38 - 18k = 0 \quad \cdots (1)$

(1) বৃত্তটির কেন্দ্র $\left(\frac{9-k}{2}, \frac{9-3k}{2}\right)$, $x + 2y - 10 = 0$ রেখার উপর অবস্থিত।

$\frac{9-k}{2} + 2.\frac{9-3k}{2} = 10$

$\Rightarrow 9 - k + 18 - 6k = 20$

$\Rightarrow -7k = -7 \Rightarrow k = 1$

k এর মান (1) এ বসিয়ে পই,

$x^2 + y^2 - 8x - 6y + 38 - 18 = 0$

$x^2 + y^2 - 8x - 6y + 20 = 0$ (Ans.)

6(c) $x + 2 = 0$ রেখার উপর কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত $(-7, 1)$ ও $(-1, 3)$ বিন্দু দুইটি দিয়ে অতিক্রম করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর। [চ.'০৭;মা.'০৫]

সমাধান ঃ খলিফার নিয়মানুসারে ধরি $(-7 \quad 1)$ ও $(-1, 3)$ বিন্দুগামী বৃত্তের সমীকরণ ,

$(x + 7)(x + 1) + (y - 1)(y - 3) +$
$k\{(x + 7)(1-3) - (y - 1)(-7 + 1)\} = 0$

$\Rightarrow x^2 + 8x + 7 + y^2 - 4y + 3 +$
$k(-2x - 14 + 6y - 6) = 0$

$\Rightarrow x^2 + y^2 + (8 - 2k)x + (-4 + 6k)y$
$+ 10 - 20k = 0 \quad \cdots (1)$

(1) বৃত্তটির কেন্দ্র $(-\frac{8-2k}{2}, -\frac{-4+6k}{2}) =$ $(k - 4, 2 - 3k)$, $x + 2 = 0$ রেখার উপর অবস্থিত।

$k - 4 + 2 = 0 \Rightarrow k = 2$

k এর মান (1) এ বসিয়ে পই,

$x^2 + y^2 + (8 - 4)x + (-4 + 12)y +$
$10 - 40 = 0$

$x^2 + y^2 + 4x + 8y - 30 = 0$ (Ans.)

6.(d) $x + 2y + 3 = 0$ রেখার উপর কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত $(-1, -1)$ ও $(3, 2)$ বিন্দু দুইটি দিয়ে অতিক্রম করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর। [কু.'১৩; সি.'১০]

সমাধান ঃ খলিফার নিয়মানুসারে ধরি $(-1, -1)$ ও $(3, 2)$ বিন্দুগামী বৃত্তের সমীকরণ ,

$(x + 1)(x - 3) + (y + 1)(y - 2) +$
$k\{(x + 1)(-1-2) - (y + 1)(-1 - 3)\} = 0$

$\Rightarrow x^2 - 2x - 3 + y^2 - y - 2 +$
$k(-3x - 3 + 4y + 4) = 0$

$\Rightarrow x^2 + y^2 + (-2 - 3k)x + (-1 + 4k)y$
$- 5 + k = 0 \quad \cdots (1)$

(1) বৃত্তটির কেন্দ্র $(\frac{2+3k}{2}, \frac{1-4k}{2})$,

$x + 2y + 3 = 0$ রেখার উপর অবস্থিত।

$$\frac{2+3k}{2} + 2 . \frac{1-4k}{2} + 3 = 0$$

$\Rightarrow 2 + 3k + 2 - 8k + 6 = 0$

$\Rightarrow -5k = -10 \Rightarrow k = 2$

k এর মান (1) এ বসিয়ে পই,

$x^2 + y^2 + (-2-6)x + (-1 + 8)y - 5 + 2 = 0$

$x^2 + y^2 - 8x + 7y - 3 = 0$ (Ans.)

7.(a) x-অক্ষের উপর কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত $(3, 5)$ ও $(6, 4)$ বিন্দু দুইটি দিয়ে অতিক্রম করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর।[কু., রা., ব.'০৩; দি.'১০; সি.১৪]

সমাধান ঃ খলিফার নিয়মানুসারে ধরি $(3 \quad 5)$ ও $(6, 4)$ বিন্দুগামী বৃত্তের সমীকরণ ,

$(x - 3)(x - 6) + (y - 5)(y - 4) +$
$k\{(x-3)(5-4) - (y - 5)(3 - 6)\} = 0$

$\Rightarrow x^2 - 9x + 18 + y^2 - 9y + 20 +$
$k(x - 3 + 3y - 15) = 0$

$\Rightarrow x^2 + y^2 + (-9+k)x + (-9 + 3k)y$
$+ 38 - 18k = 0 \quad \cdots (1)$

(1) বৃত্তটির কেন্দ্র $(\frac{k-9}{2}, \frac{9-3k}{2})$, x-অক্ষের উপর অবস্থিত। $\therefore \frac{9-3k}{2} = 0 \Rightarrow k = 3$

k এর মান (1) এ বসিয়ে পই,

$x^2 + y^2 + (-9 + 3)x + 38 - 54 = 0$

$x^2 + y^2 - 6x - 16 = 0$ (Ans.)

বিকল্প পদ্ধতি ঃ



ধরি, কেন্দ্র x-অক্ষের উপর অবস্থিত এরূপ বৃত্তের সমীকরণ $x^2 + y^2 + 2gx + c = 0 \cdots \cdots (1)$

(1) বৃত্তটি (3, 5) ও (6,4) বিন্দু দিয়ে অতিক্রম করে।

$9 + 25 + 6g + c = 0$

$\Rightarrow 34 + 6g + c = 0 \quad \cdots (2)$ এবং

$36 + 16 + 12g + c = 0$

$\Rightarrow 52 + 12g + c = 0 \cdots \cdots (3)$

$(3) - (2) \Rightarrow 18 + 6g = 0 \Rightarrow g = -3$

(2) হতে পাই, $34 - 18 + c = 0 \Rightarrow c = -16$

(1) এ g ও c এর মান বসিয়ে পাই,

$x^2+y^2-6x-16=0$ (Ans.)

7(b) y-অক্ষের উপর কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত (3 , 0) ও (– 4, 1) বিন্দু দুইটি দিয়ে অতিক্রম করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর। [চ.'০৫]

সমাধান : ধরি, বৃত্তটির সমীকরণ,

$x^2+y^2+2gx+2fy+c=0 \cdots (1)$

(1) বৃত্তটির কেন্দ্র y-অক্ষের উপর অবস্থিত।

$g=0$

বৃত্তটি (3 , 0) ও (– 4, 1) বিন্দুগামী।

$9+0+c=0 \Rightarrow c=-9$ এবং

$16+1+2f+c=0$

$\Rightarrow 17+2f-9=0 \Rightarrow 2f=-8 \Rightarrow f=-4$

(1) এ g , f ও c এর মান বসিয়ে পাই,

$x^2+y^2-8y-9=0$

7. (c) y-অক্ষের উপর কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত মূলবিন্দু এবং (p , q) বিন্দু দিয়ে অতিক্রম করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

[রা. '০২; সি. '০৪; য. '০৫; ঢা.'১২; রা.,চ.'১৩]

সমাধান : ধরি, বৃত্তটির সমীকরণ,

$x^2+y^2+2gx+2fy+c=0 \cdots (1)$

(1) বৃত্তটির কেন্দ্র y-অক্ষের উপর অবস্থিত।

$g=0$

বৃত্তটি মূলবিন্দু (0, 0) ও (p, q) বিন্দুগামী।

$0+0+c=0 \Rightarrow c=0$ এবং

$p^2+q^2+2qf+0=0$

$$\Rightarrow f=-\frac{p^2+q^2}{2q}$$

(1) এ g , f ও c এর মান বসিয়ে পাই,

$$x^2+y^2+2\left(-\frac{p^2+q^2}{2q}\right)y=0$$

$q(x^2+y^2)=(p^2+q^2)y$ (Ans.)

7(d) (3 , 0) ও (7, 0) বিন্দুগামী এবং y-অক্ষকে স্পর্শ করে এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [রা.'০২, '০৬; ব.'০২,'১১]

সমাধানঃ খলিফার নিয়মানুসারে ধরি (3 0) ও (7, 0) বিন্দুগামী বৃত্তের সমীকরণ ,

$(x-3)(x-7)+(y-0)(y-0)+$
$k\{(x-3)(0-0)-(y-0)(3-7)\}=0$

$\Rightarrow x^2-10x+21+y^2+k(4y)=0$

$\Rightarrow x^2+y^2-10x+4ky+21=0 \cdots (1)$

(1) বৃত্তটির কেন্দ্র $(5,-2k)$ এবং ব্যাসার্ধ

$=\sqrt{5^2+(-2k)^2-21}=\sqrt{4+4k^2}$

(1) বৃত্তটি y-অক্ষকে স্পর্শ করে ।

$\sqrt{4+4k^2}=|5|$

$\Rightarrow 4+4k^2=25 \Rightarrow 4k^2=21$

$$\Rightarrow k=\pm\frac{\sqrt{21}}{2}$$

k এর মান (1) এ বসিয়ে পই,

$$x^2+y^2-10x+4\left(\pm\frac{\sqrt{21}}{2}\right)y+21=0$$

$x^2+y^2-10x\pm 2\sqrt{21}y+21=0$

বিকল্প পদ্ধতি : ধরি , y-অক্ষকে স্পর্শ করে এরূপ বৃত্তের সমীকরণ $(x-h)^2+(y-k)^2=h^2$

$\Rightarrow x^2+y^2-2hx-2ky+k^2=0 \cdots (1)$

(1) বৃত্তটি (3 , 0) ও (7, 0) বিন্দুগামী ।

$9-6h+k^2=0 \cdots \cdots (2)$ এবং

$49-14h+k^2=0 \cdots \cdots (3)$

$(2)-(3) \Rightarrow -40+8h=0 \Rightarrow h=5$

(2) এ h = 5 বসিয়ে পাই, $9-30+k^2=0$

$\Rightarrow k^2=21 \Rightarrow k=\pm\sqrt{21}$

(1) এ h ও k এর মান বসিয়ে পাই,

$x^2+y^2-10x\pm 2\sqrt{21}y+21=0$

7(e) (1,1) ও (2,2) বিন্দু দুইটি দিয়ে অতিক্রমকারী বৃত্তের ব্যাসার্ধ 1; বৃত্তের সমীকরণ নির্ণয় কর এবং দেখাও যে, এরূপ দুইটি বৃত্ত পাওয়া যাবে। [য.'০৩]

সমাধান খলিফার নিয়মানুসারে ধরি, (1 1) ও (2, 2) বিন্দুগামী বৃত্তের সমীকরণ ,

$(x-1)(x-2)+(y-1)(y-2)+$
$k\{(x-1)(1-2)-(y-1)(1-2)\}=0$

$\Rightarrow x^2-3x+2+y^2-3y+2+$
$k(-x+1+y-1)=0$

$\Rightarrow x^2+y^2+(-3-k)x+(-3+k)y$
$+4=0 \cdots (1)$

(1) বৃত্তটির কেন্দ্র $\left(\frac{k+3}{2},\frac{3-k}{2}\right)$ এবং

ব্যাসার্ধ $= \sqrt{(\frac{k+3}{2})^2 + (\frac{3-k}{2})^2 - 4}$

$= \sqrt{\frac{k^2+6k+9+k^2-6k+9-16}{4}}$

$= \sqrt{\frac{2(k^2+1)}{4}} = \sqrt{\frac{k^2+1}{2}}$

প্রশ্নমতে, $\sqrt{\frac{k^2+1}{2}} = 1 \Rightarrow k^2 + 1 = 2$

$\Rightarrow k^2 = 1 \Rightarrow k = \pm 1$

$\therefore$ নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 - 4x - 2y + 4 = 0$, যখন $k = 1$

এবং $x^2 + y^2 - 2x - 4y + 4 = 0$, যখন $k = -1$

8.(a) এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা মূলবিন্দু থেকে 2 একক দূরে x-অক্ষকে দুইটি বিন্দুতে ছেদ করে এবং যার ব্যাসার্ধ 5 একক। [য.'০৫; ব.'১১]

সমাধান নির্ণেয় বৃত্তটি মূলবিন্দু থেকে 2 একক দূরে x-অক্ষকে দুইটি বিন্দুতে ছেদ করে বলে তা (2 , 0) ও (– 2 , 0) দিয়ে অতিক্রম করে।

খলিফার নিয়মানুসারে ধরি, (2 0) ও (– 2, 0) বিন্দুগামী বৃত্তের সমীকরণ ,

$(x-2)(x+2) + (y-0)(y-0) +$
$k\{(x-2)(0-0) - (y-0)(2+2)\} = 0$

$\Rightarrow x^2 - 4 + y^2 + k(-4y) = 0$

$\Rightarrow x^2 + y^2 - 4ky - 4 = 0 \cdots (1)$

(1) বৃত্তটির কেন্দ্র $(0, 2k)$ এবং

ব্যাসার্ধ $= \sqrt{0^2 + (2k)^2 + 4} = \sqrt{4k^2 + 4}$

প্রশ্নমতে, $\sqrt{4k^2+4} = 5 \Rightarrow 4k^2 + 4 = 25$

$\Rightarrow 4k^2 = 21 \Rightarrow k = \pm\frac{\sqrt{21}}{2}$

k এর মান (1) এ বসিয়ে পই,

$x^2 + y^2 - 4(\pm\frac{\sqrt{21}}{2})y - 4 = 0$

$x^2 + y^2 \pm 2\sqrt{21}y - 4 = 0$ (Ans.)

8(b) এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা y-অক্ষকে $(0, \sqrt{3})$ বিন্দুতে স্পর্শ করে এবং (– 1, 0) বিন্দু দিয়ে অতিক্রম করে। বৃত্তটির কেন্দ্র ও ব্যাসার্ধ নির্ণয় কর। [ঢা.'০৬; য.'১০]

সমাধান ঃ ধরি, বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0 \quad (1)$



(1) বৃত্তটি y-অক্ষকে $(0, \sqrt{3})$ বিন্দুতে স্পর্শ করে।

$f^2 = c$ এবং

$-f = \sqrt{3}$

$\Rightarrow f = -\sqrt{3}$

$c = (-\sqrt{3})^2 = 3$

আবার, (1) বৃত্তটি(– 1, 0) বিন্দুগামী।

$1 + 0 - 2g + 0 + c = 0$

$\Rightarrow 1 - 2g + 3 = 0 \Rightarrow g = 2$

নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + 4x - 2\sqrt{3}y + 3 = 0$

২য় অংশ ঃ বৃত্তটির কেন্দ্র $(-g, -f) = (-2, \sqrt{3})$

এবং ব্যাসার্ধ $\sqrt{g^2 + f^2 - c} = \sqrt{4+3-3} = 2$

8(c) এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা x-অক্ষকে (2, 0) বিন্দুতে স্পর্শ করে এবং (– 1, 9) বিন্দু দিয়ে অতিক্রম করে। [য.'০০; চ.'০৩]

সমাধানঃ ধরি, বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0 \cdots (1)$



(1) বৃত্তটি x-অক্ষকে (2, 0) বিন্দুতে স্পর্শ করে।

$g^2 = c$ এবং $-g = 2$

$\Rightarrow g = -2$

$c = (2)^2 = 4$

আবার, (1) বৃত্তটি (– 1, 9) বিন্দু দিয়ে অতিক্রম করে।

$1 + 81 - 2g + 18f + c = 0$

$\Rightarrow 82 + 4 + 18f + 4 = 0$

[c ও g এর মান বসিয়ে।]

$\Rightarrow 18f = -90 \Rightarrow f = -5$

নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 - 4x - 10y + 4 = 0$ (Ans.)

[MCQ এর জন্য,

$\frac{(x-2)^2 + (y-0)^2}{y} = \frac{(-1-2)^2 + (9-0)^2}{9}$]

আবার, (1) বৃত্তটি y-অক্ষ থেকে 6 একক দীর্ঘ একটি জ্যা কর্তন করে।

$$2\sqrt{f^2-c} = 6 \Rightarrow \sqrt{f^2-16} = 3$$

$$\Rightarrow f^2 - 16 = 9 \Rightarrow f^2 = 25 \Rightarrow f = \pm 5$$

নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$$x^2+y^2-8x \pm 10y + 16 = 0 \text{ (Ans.)}$$

9.(c) (– 4 , 3) ও (12 , – 1) বিন্দু দুইটির সংযোগ রেখাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ নির্ণয় কর। বৃত্তটি দ্বারা y-অক্ষের ছেদাংশের দৈর্ঘ্য নির্ণয় কর।
[রা.'০০; ব.'০৪; কু.'০৮; দি.'১০]

সমাধান ঃ (– 4 , 3) ও (12 , – 1) বিন্দু দুইটির সংযোগ রেখাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ,

$$(x+4)(x-12)+(y-3)(y+1)=0$$

$$\Rightarrow x^2-8x-48+y^2-2y-3=0$$

$$\Rightarrow x^2+y^2-8x-2y-51=0 \text{ (Ans.)}$$

২য় অংশ ঃ $x^2+y^2-8x-2y-51=0$ কে $x^2+y^2+2gx+2fy+c=0$ এর সঙ্গে তুলনা করে পাই, $g=-4$, $f=-1$ এবং $c=-51$

y-অক্ষের ছেদাংশের দৈর্ঘ্য $= 2\sqrt{f^2-c}$

$$= 2\sqrt{1^2-(-51)} = 2\sqrt{52} = 4\sqrt{13}$$

9(d) প্রমাণ কর যে, (–2 , 3) ও (3 , – 4) বিন্দু দুইটির সংযোগ রেখাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ $(x+2)(x-3)+(y-3)(y+4)=0$

প্রমাণ:



ধরি, ব্যাসের প্রান্ত বিন্দু দুইটি A(–2, 3) ও B(3 , – 4) এবং P(x,y) পরিধির উপর যেকোন একটি বিন্দু।

PA এবং PB যোগ করি। যেহেতু AB ব্যাস, $\angle APB$ একটি অর্ধবৃত্তস্থ কোণ। $\therefore \angle APB = 90°$

(AP রেখার ঢাল) $\times$ (BP রেখার ঢাল) $= -1$

$$\Rightarrow \frac{y-3}{x+2} \times \frac{y+4}{x-3} = -1$$

$$\Rightarrow (y-3)(y+4) = -(x+2)(x-3)$$

$$(x+2)(x-3)+(y-3)(y+4)=0$$

(Proved)

10. এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা উভয় অক্ষকে স্পর্শ করে এবং (1, 8) বিন্দু দিয়ে অতিক্রম করে।
[চ.'০১,'০৭; য.'০৩ ; মা.বো.'০৬; সি.'০৯; কু.'১২]

সমাধান ঃ ধরি, বৃত্তটির সমীকরণ

$$(x-h)^2+(y-k)^2=r^2 \cdots (1)$$



(1) বৃত্তটি উভয় অক্ষকে স্পর্শ করে।

$k = h$ এবং $r = |h|$

(1) হতে পাই,

$$(x-h)^2+(y-h)^2=|h|^2$$

$$\Rightarrow x^2-2hx+h^2+y^2-2hy+h^2=h^2$$

$$\Rightarrow x^2+y^2-2hx-2hy+h^2=0 \cdots (2)$$

যা (1, 8) বিন্দু দিয়ে অতিক্রম করে।

$$1+64-2h-16h+h^2=0$$

$$\Rightarrow h^2-18h+65=0$$

$$\Rightarrow (h-5)(h-13)=0 \quad \therefore h = 5, 13$$

নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$x^2+y^2-10x-10y+25=0$ এবং

$x^2+y^2-26x-26y+169=0$

11.(a) একটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যার কেন্দ্র (6 , 0) এবং যা $x^2+y^2-4x=0$ বৃত্ত ও $x=3$ রেখার ছেদবিন্দু দিয়ে যায়। [ঢা.'০৭; রা.'০৭,'১৪; ব. '০৮,'১২; চ.'০৮; মা.'০৯,'১৪; য.'১৩; দি.'১৪] [ঢা.'০৩]

সমাধান ঃ ধরি, প্রদত্ত বৃত্ত ও রেখার ছেদবিন্দু দিয়ে যায় এরূপ বৃত্তের সমীকরণ $x^2+y^2-4x+k(x-3)=0$

$$\Rightarrow x^2+y^2+(-4+k)x-3k=0 \cdots (1)$$

(1) বৃত্তের কেন্দ্র $\left(-\frac{k-4}{2}, 0\right)$.

প্রশ্নমতে, বৃত্তের কেন্দ্র (6 , 0).

$$-\frac{k-4}{2} = 6 \Rightarrow k-4=-12 \quad \therefore k=-8$$

নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$$x^2+y^2+(-4-8)x-3.(-8)=0$$

$$x^2+y^2-12x+24=0 \text{ (Ans.)}$$

11(b) একটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা মূলবিন্দু এবং $x^2 + y^2 - 2x - 4y - 4 = 0$ বৃত্ত ও $2x + 3y + 1 = 0$ রেখার ছেদ বিন্দু দিয়ে যায়।
[য.'০২; সি.'০২; ব.'০৭; চ.'১১]

সমাধান : ধরি, প্রদত্ত বৃত্ত এবং রেখার ছেদবিন্দু দিয়ে যায় এরূপ বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 - 2x - 4y - 4 + k(2x + 3y + 1) = 0 \cdots\cdots (1)$

(1) বৃত্তটি মূলবিন্দু (0, 0) দিয়ে অতিক্রম করে।

$-4 + k = 0 \Rightarrow k = 4$

(1) এ k এর মান বসিয়ে পাই,

$x^2 + y^2 - 2x - 4y - 4 + 8x + 12y + 4 = 0$

$\Rightarrow x^2 + y^2 + 6x + 8y = 0$ (Ans.)

11.(c) একটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যার কেন্দ্র (0,3) এবং যা $x^2 + y^2 - 4y = 0$ বৃত্ত ও $y - 2 = 0$ রেখার ছেদ বিন্দু দিয়ে যায়। **[চ.'০২]**

সমাধান : ধরি, প্রদত্ত বৃত্ত ও রেখার ছেদবিন্দু দিয়ে যায় এরূপ বৃত্তের সমীকরণ $x^2 + y^2 - 4y + k(y - 2) = 0$

$\Rightarrow x^2 + y^2 + (-4 + k)y - 2k = 0 \cdots (1)$

(1) বৃত্তের কেন্দ্র $(0, -\frac{k-4}{2})$.

প্রশ্নমতে, বৃত্তের কেন্দ্র (0, 3).

$-\frac{k-4}{2} = 3 \Rightarrow k - 4 = -6 \therefore k = -2$

নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + (-4 - 2)y - 2.(-2) = 0$

$x^2 + y^2 - 6x + 4 = 0$ (Ans.)

12. (a) দেখাও যে, A(1 , 1) বিন্দুটি $x^2 + y^2 + 4x + 6y - 12 = 0$ বৃত্তের উপর অবস্থিত । A বিন্দুগামী ব্যাসের অপর প্রান্তবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।
[ঢা.'১০; য.'০৭; কু.,রা.,'০৯;দি.'১২;ব.'১৩; চ.'১৪]

প্রমাণ : ধরি, $f(x,y) \equiv x^2 + y^2 + 4x + 6y - 12 = 0$

$f(1, 1) = 1^2 + 1^2 + 4.1 + 6.1 - 12$

$= 1 + 1 + 4 + 6 - 12 = 0$

A(1 , 1) বিন্দুটি প্রদত্ত বৃত্তের উপর অবস্থিত।

২য় অংশ: প্রদত্ত বৃত্তের কেন্দ্র$=(-\frac{4}{2}, -\frac{6}{2}) = (-2, -3)$

ধরি, A(1 1) বিন্দুগামী ব্যাসের অপর প্রান্তবিন্দুর B(α , β).

$\frac{1+\alpha}{2} = -2 \Rightarrow 1 + \alpha = -4 \Rightarrow \alpha = -5$

এবং $\frac{1+\beta}{2} = -3 \Rightarrow 1 + \beta = -6 \Rightarrow \beta = -7$

ব্যাসের অপর প্রান্তবিন্দুর স্থানাঙ্ক (– 5 , – 7)

12 (b) $x^2 + y^2 - 8x + 6y + 21 = 0$ বৃত্তের বর্ধিত যে ব্যাসটি (2 , 5) বিন্দু দিয়ে অতিক্রম করে তার সমীকরণ নির্ণয় কর। **[কু.'০১]**

সমাধান : প্রদত্ত বৃত্ত $x^2 + y^2 - 8x + 6y + 21 = 0$

এর কেন্দ্রের স্থানাঙ্ক $= (-\frac{-8}{2}, -\frac{6}{2}) = (4, -3)$

(2 , 5) বিন্দু ও কেন্দ্র (4 , –3) দিয়ে অতিক্রম করে এরূপ ব্যাসের সমীকরণ, $\frac{x-2}{2-4} = \frac{y-5}{5+3}$

$\Rightarrow 8x - 16 = -2y + 10 \Rightarrow 8x + 2y = 26$

$4x + y = 13$ (Ans.)

12 (c) $x^2 + y^2 = b(5x - 12y)$ বৃত্তের বর্ধিত যে ব্যাসটি মূলবিন্দু দিয়ে অতিক্রম করে তার সমীকরণ নির্ণয় কর। **[প্র.ভ.প.' ৮৯, '০৪]**

সমাধান : প্রদত্ত বৃত্ত $x^2 + y^2 = b(5x - 12y)$

$\Rightarrow x^2 + y^2 - 5bx + 12by = 0 \cdots (1)$

(1) বৃত্তের কেন্দ্র $(-\frac{-5b}{2}, -\frac{12b}{2}) = (\frac{5b}{2}, 6b)$

(1) বৃত্তের বর্ধিত যে ব্যাসটি মূলবিন্দু দিয়ে অতিক্রম করে তার সমীকরণ $y = \frac{6b}{5b/2}x \Rightarrow y = \frac{12}{5}x$

$12x + 5y = 0$ (Ans.)

12 (d) (1,1) বিন্দুগামী একটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা x-অক্ষকে স্পর্শ করে এবং যার কেন্দ্র $x + y = 3$ রেখার উপর প্রথম চতুর্ভাগে অবস্থিত। **[কু.'০৮]**

সমাধান : ধরি, বৃত্তের সমীকরণ

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0 \cdots (1)$

(1) বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে।

$c = g^2 \cdots (2)$

(1) বৃত্তটির কেন্দ্র (– g , –f), $x + y = 3$ রেখার উপর প্রথম চতুর্ভাগে অবস্থিত।

$-g - f = 3 \Rightarrow f = -g - 3 \quad \cdots (3)$

আবার, বৃত্তটি (1, 1) বিন্দুগামী ।

$1 + 1 + 2g + 2f + c = 0$

$\Rightarrow 2 + 2g + 2(-g-3) + g^2 = 0$ [(2) ও (3) দ্বারা]

$\Rightarrow 2 + 2g - 2g - 6 + g^2 = 0$

$\Rightarrow g^2 = 4 \Rightarrow g = -2$

[প্রথম চতুর্ভাগে g ও f ঋণাত্মক ।]

এখন (2) হতে পাই, $c = (-2)^2 = 4$ এবং

(3) হতে পাই, $f = 2 - 3 = -1$

$\therefore$ নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 - 4x - 2y + 4 = 0$

12(e) $\frac{1}{2}\sqrt{10}$ ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্ত (1,1) বিন্দু দিয়ে অতিক্রম করে এবং বৃত্তটির কেন্দ্র $y = 3x-7$ রেখার উপর অবস্থিত। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

[সি. '০৮; রা. ০৮; কু. '০৭; য. '০৬; চ.'০৯; ঢা.'১১]

সমাধান : ধরি, $\frac{1}{2}\sqrt{10}$ ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের সমীকরণ

$(x-h)^2 + (y-k)^2 = (\frac{1}{2}\sqrt{10})^2 = \frac{5}{2}$

$\Rightarrow 2(x^2 - 2hx + h^2 + y^2 - 2ky + k^2) = 5 \cdots (1)$

$y = 3x-7$ রেখার উপর (1) বৃত্তের কেন্দ্র (h , k) অবস্থিত। $\therefore \ k = 3h - 7 \cdots (2)$

(1) বৃত্ত (1, 1) বিন্দু দিয়ে অতিক্রম করে।

$2(1 - 2h + h^2 + 1 - 2k + k^2) = 5$

$\Rightarrow 2h^2 + 2k^2 - 4h - 4k = 1$

$\Rightarrow 2h^2 + 2(3h-7)^2 - 4h - 4(3h-7) = 1$ [(2) দ্বারা]

$\Rightarrow 2h^2 + 2(9h^2 - 42h + 49) - 4h - 12h + 28 - 1 = 0$

$\Rightarrow 2h^2 + 18h^2 - 84h + 98 - 4h - 12h + 28 - 1 = 0$

$\Rightarrow 20h^2 - 100h + 125 = 0$

$\Rightarrow 4h^2 - 20h + 25 = 0 \Rightarrow (2h-5)^2 = 0$

$\Rightarrow h = \frac{5}{2}$. (2) হতে পাই, $k = 3\frac{5}{2} - 7 = \frac{1}{2}$

(1) এ h ও k এর মান বসিয়ে পাই,

$2x^2 - 4.\frac{5}{2}x + 2.\frac{25}{4} + 2y^2 - 4\frac{1}{2}y + 2.\frac{1}{4} = 5$

$\Rightarrow 8x^2 - 40x + 50 + 8y^2 - 8y + 2 = 20$

$\Rightarrow 8x^2 + 8y^2 - 40x - 8y + 32 = 0$

$x^2 + y^2 - 5x - y + 4 = 0$ (Ans.)

13.(a) $4\sqrt{2}$ বাহুবিশিষ্ট বর্গের একটি শীর্ষ মূলবিন্দুতে অবস্থিত এবং এর বিপরীত শীর্ষটি x-অক্ষের উপর অবস্থিত। ঐ বর্গের কর্ণকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ নির্ণয় কর। **[য.'০৪]**

সমাধান ধরি, OABC বর্গের একটি শীর্ষ মূলবিন্দু O(0,0)এবং x-অক্ষের উপর এর বিপরীত শীর্ষ B অবস্থিত।



OAB সমকোণী ত্রিভুজে,

$OB^2 = OA^2 + AB^2$

$= (4\sqrt{2})^2 + (4\sqrt{2})^2$

[$\because$ বর্গের বাহুর দৈর্ঘ্য $= 4\sqrt{2}$]

$= 32 + 32 = 64$

$OB = \pm 8 =$ B বিন্দুর ভুজ।

B বিন্দুর স্থানাঙ্ক $(\pm 8, 0)$

OB কে ব্যাস ধরে অঙ্কিত নির্ণেয় বৃত্তের সমীকরণ

$(x-0)(x \pm 8) + (y-0)(y-0) = 0$

$\Rightarrow x^2 \pm 8x + y^2 = 0$

$x^2 + y^2 \pm 8x = 0$ (Ans.)

13(b) b বাহুবিশিষ্ট OABC একটি বর্গ। OA ও OC কে অক্ষ ধরে দেখাও যে, বর্গটির পরিবৃত্তের সমীকরণ হবে $x^2 + y^2 = b(x+y)$.

[ঢা.'০৫; রা.'১০; ব.'১৩]

প্রমাণ : b বাহুবিশিষ্ট OABC বর্গের x ও y- অক্ষ বরাবর যথাক্রমে OA ও OC অবস্থিত হলে A ও C এর স্থানাঙ্ক যথাক্রমে (b,0) ও (0 ,b).



বর্গের কর্ণ AC কে ব্যাস ধরে অঙ্কিত পরিবৃত্তের সমীকরণ

$(x-b)(x-0) + (y-0)(y-b) = 0$

$\Rightarrow x^2 - bx + y^2 - by = 0$

$x^2 + y^2 = b(x+y)$ (Provsd)

14 (a) এরূপ দুইটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যাদের প্রত্যেকটির কেন্দ্র (3 , 4) এবং যারা $x^2 + y^2 = 9$ বৃত্তকে স্পর্শ করে। **[য.'১০]**

সমাধান ঃ প্রদত্ত বৃত্ত $x^2+y^2=9 \cdots$ (i) এর কেন্দ্র $A(0,0)$ এবং ব্যাসার্ধ $r_1=3$

ধরি, নির্ণেয় বৃত্তের কেন্দ্র $B(3,4)$ এবং ব্যাসাধ r_2

বৃত্তদ্বয় পস্পরকে বহিঃস্থভাবে স্পর্শ করলে,

$$r_1+r_2=AB \Rightarrow 3+r_2=\sqrt{3^2+4^2}=5$$

$\Rightarrow r_2=2$

আবার, বৃত্তদ্বয় পস্পরকে বহিঃস্থভাবে স্পর্শ করলে,

$$r_2-r_1=AB \Rightarrow r_2-3=\sqrt{3^2+4^2}=5$$

$r_2=8$

নির্ণেয় বৃত্ত দুইটির সমীকরণ,

$(x-3)^2+(y-4)^2=2^2$

$\Rightarrow x^2+y^2-6x-8y+9+16-4=0$

$x^2+y^2-6x-8y+21=0$ এবং

$(x-3)^2+(y-4)^2=8^2$

$\Rightarrow x^2+y^2-6x-8y+9+16-64=0$

$x^2+y^2-6x-8y-39=0$

14.(b) $\frac{1}{a^2}+\frac{1}{b^2}=\frac{1}{c}$ **হলে দেখাও যে,** $x^2+y^2+2ax+c=0$ **ও** $x^2+y^2+2by+c=0$ **বৃত্ত দুইটি পরস্পরকে স্পর্শ করবে।** [মা.'০৭]

প্রমাণ : $x^2+y^2+2ax+c=0$ বৃত্তের কেন্দ্র

$A(-a,0)$ এবং ব্যাসার্ধ $r_1=\sqrt{a^2-c}$

$x^2+y^2+2by+c=0$ বৃত্তের কেন্দ্র

$B(0,-b)$ এবং ব্যাসার্ধ $r_2=\sqrt{b^2-c}$

বৃত্ত দুইটি পরস্পরকে স্পর্শ করলে,

$AB=|r_1 \pm r_2|$

$\Rightarrow \sqrt{a^2+b^2}=|\sqrt{a^2-c} \pm \sqrt{b^2-c}|$

$\Rightarrow a^2+b^2=a^2-c+b^2-c$

$\pm 2\sqrt{(a^2-c)(b^2-c)}$ [বর্গ করে।]

$2c=\pm 2\sqrt{(a^2-c)(b^2-c)}$

$\Rightarrow c^2=(a^2-c)(b^2-c)$ [বর্গ করে।]

$\Rightarrow c^2=a^2b^2-b^2c-a^2c+c^2$

$\Rightarrow b^2c+a^2c=a^2b^2 \Rightarrow \frac{1}{a^2}+\frac{1}{b^2}=\frac{1}{c}$

$\frac{1}{a^2}+\frac{1}{b^2}=\frac{1}{c}$ হলে, প্রদত্ত রেখা দুইটি স্পর্শ করবে।

15. $x=a(\cos\theta-1)$ **এবং** $y=a(\sin\theta+1)$ **হলে, বৃত্তের কার্তেসীয় সমীকরণ, ব্যাসার্ধ ও কেন্দ্রের স্থানাঙ্ক নির্ণয় কর।**

সমাধান: $x=a(\cos\theta-1)=a\cos\theta-a$

$\Rightarrow a\cos\theta=x-a$

আবার, $y=a(\sin\theta+1)=a\sin\theta+a$

$\Rightarrow a\sin\theta=y-a$

এখন, $a^2\cos^2\theta+a^2\sin^2\theta=(x-a)^2+(y-a)^2$

$\therefore (x-a)^2+(y-a)^2$, যা বৃত্তটির কার্তেসীয় সমীকরণ । বৃত্তটির ব্যাসার্ধ a এবং কেন্দ্র $(a,-a)$

16. প্রদত্ত শর্ত সিদ্ধ করে এরূপ বৃত্তের পোলার সমীকরণ নির্ণয় কর:

সমাধান: (a) $(4, 30^0)$ কেন্দ্র ও 5 ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের পোলার সমীকরণ,

$5^2=r^2+4^2-2r.4\cos(\theta-30^0)$

$\Rightarrow 25=r^2+16-8r\cos(\theta-\frac{\pi}{6})$

$r^2-8r\cos(\theta-\frac{\pi}{6})-9=0$

(b) $(3,\frac{3\pi}{2})$ কেন্দ্র ও 2 ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের পোলার সমীকরণ,

$2^2=r^2+3^2-2r.3\cos(\theta-\frac{3\pi}{2})$

$\Rightarrow 4=r^2+9-6r\cos(\frac{3\pi}{2}-\theta)$

$\Rightarrow r^2+5+6r\cos\theta=0$

(c) মনে করি, বৃত্তের ব্যাসার্ধ a. তাহলে বৃত্তের পোলার সমীকরণ, $a^2=r^2+3^2-2r.3\cos(\theta-0^0)$

$\Rightarrow a^2=r^2+9-6r\cos(\theta \cdots \cdots$ (1)

(1) বৃত্তটি পোল $(0, 0^0)$ বিন্দুগামী বলে, $a^2=0^2+9-6.0.\cos 0^0 \Rightarrow a^2=9 \Rightarrow a=3.$

নির্ণেয় সমীকরণ, $9=r^2+9-6r\cos\theta$

$\Rightarrow r^2=6r\cos\theta \Rightarrow r=6\cos\theta$

(d) মনে করি, বৃত্তের ব্যাসার্ধ p. তাহলে বৃত্তের পোলার সমীকরণ, $p^2 = r^2 + r_1^2 - 2r r_1 \cos(\theta - \theta_1) \cdots (1)$

(1) বৃত্তটি পোল $(0, 0^0)$, $(a, 0^0)$, $(b, 90^0)$ বিন্দুগামী।

$p^2 = 0^2 + r_1^2 - 2.0.r_1 \cos(0^0 - \theta_1)$

$\Rightarrow p^2 = r_1^2 \Rightarrow p = r_1 \cdots \cdots (2)$

$p^2 = a^2 + r_1^2 - 2.a.r_1 \cos(0^0 - \theta_1)$

$\Rightarrow a^2 = 2a r_1 \cos\theta_1$, $[\because p = r_1]$

$\Rightarrow a = 2r_1 \cos\theta_1 \cdots \cdots (3)$

এবং $p^2 = b^2 + r_1^2 - 2.b.r_1 \cos(90^0 - \theta_1)$

$\Rightarrow b^2 = 2b r_1 \sin\theta_1$, $[\because p = r_1]$

$\Rightarrow b = 2r_1 \sin\theta_1$

(1) হতে পাই, $r_1^2 = r^2 + r_1^2$
$-2r r_1 (\cos\theta\cos\theta_1 + \sin\theta\sin\theta_1)$

$r^2 = r(\cos\theta .2r_1\cos\theta_1 + \sin\theta .2r_1 \sin\theta_1)$

$r = a\cos\theta + b\sin\theta$

17. বৃত্তটির কেন্দ্র ও ব্যাসার্ধ নির্ণয় কর:

(a) **সমাধান:** প্রদত্ত বৃত্তের সমীকরণ $r^2 - 4\sqrt{3}r\cos\theta - 4r\sin\theta + 15 = 0$ কে পোলার স্থানাঙ্কে বৃত্তের সাধারণ সমীকরণ $r^2 + 2r(g\cos\theta + f\sin\theta) + c = 0$ এর সাথে তুলনা করে পাই, $g = -2\sqrt{3}$, $f = -2$, $c = 15$.

$$\sqrt{g^2 + f^2} = \sqrt{12+4} = 4, \tan^{-1}\frac{-f}{-g} =$$

$$\tan^{-1}\frac{2}{2\sqrt{3}} = \tan^{-1}\frac{1}{\sqrt{3}} = \frac{\pi}{6}$$

নির্ণেয় কেন্দ্র $(4, \frac{\pi}{6})$ এবং ব্যাসার্ধ =

$$\sqrt{g^2 + f^2 - c} = \sqrt{12+4-15} = 1$$

(b) $r = 2a\cos\theta \Rightarrow r^2 - 2ra\cos\theta = 0$ কে পোলার স্থানাঙ্কে বৃত্তের সাধারণ সমীকরণ $r^2 + 2r(g\cos\theta + f\sin\theta) + c = 0$ এর সাথে তুলনা করে পাই, $g = -a$, $f = 0$, $c = 0$.

$$\sqrt{g^2 + f^2} = \sqrt{a^2 + 0} = a, \tan^{-1}\frac{-f}{-g} =$$

$$\tan^{-1}\frac{0}{a} = \tan^{-1}0 = 0^0$$

নির্ণেয় কেন্দ্র $(a, 0^0)$ এবং ব্যাসার্ধ =

$$\sqrt{a^2 + 0^2 - 0} = a$$

18. (a) একটি বৃত্তের কেন্দ্র x-অক্ষের উপর, যা মূলবিন্দু থেকে ধনাত্মক দিকে 7 একক দূরে অবস্থিত। বৃত্তটির ব্যাসার্ধ 4 একক হলে, বৃত্তটির পোলার সমীকরণ নির্ণয় কর।

সমাধান: প্রশ্নমতে নির্ণেয় বৃত্তটির কেন্দ্র (7, 0) এবং ব্যাসার্ধ = 4.

বৃত্তটির পোলার সমীকরণ,

$4^2 = r^2 + 7^2 - 2r.7\cos(\theta - 0)$

$\Rightarrow 16 = r^2 + 49 - 14r\cos\theta$

$r^2 - 14r\cos\theta + 33 = 0$ (Ans.)

(b) একটি বৃত্তের কেন্দ্র y-অক্ষের উপর, যা মূলবিন্দু থেকে ধনাত্মক দিকে 8 একক দূরে অবস্থিত। বৃত্তটির ব্যাসার্ধ 5 একক হলে, বৃত্তটির পোলার সমীকরণ নির্ণয় কর।

সমাধান: প্রশ্নমতে নির্ণেয় বৃত্তটির কেন্দ্র $(8, \frac{\pi}{2})$ এবং ব্যাসার্ধ = 5.

বৃত্তটির পোলার সমীকরণ,

$5^2 = r^2 + 8^2 - 2r.8\cos(\theta - \frac{\pi}{2})$

$\Rightarrow 25 = r^2 + 64 - 16r\cos(\frac{\pi}{2} - \theta)$

$r^2 - 16r\sin\theta + 39 = 0$.

(c) একটি বৃত্তের কেন্দ্র $(3, 30^0)$ এবং বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে; বৃত্তটির পোলার সমীকরণ নির্ণয় কর।



সমাধানঃ প্রশ্নমতে নির্ণেয় বৃত্তটির কেন্দ্র $(3, 30^0)$ এবং ব্যাসার্ধ $= CD = 3\sin 30^0 = \frac{3}{2}$

বৃত্তটির পোলার সমীকরণ,

$$\left(\frac{3}{2}\right)^2 = r^2 + 3^2 - 2r.3\cos(\theta - 30^0)$$

$$\Rightarrow \frac{9}{4} = r^2 + 9 - 6r\cos(\theta - 30^0)$$

$$\Rightarrow 9 = 4r^2 + 36 - 24r\cos(\theta - 30^0)$$

$$4r^2 - 24r\cos(\theta - 30^0) + 27 = 0$$

(d) একটি বৃত্তের কেন্দ্র $(4, \frac{\pi}{3})$ এবং বৃত্তটি y-অক্ষকে স্পর্শ করে; বৃত্তটির পোলার সমীকরণ নির্ণয় কর।



সমাধানঃ প্রশ্নমতে নির্ণেয় বৃত্তটির কেন্দ্র $(4, \frac{\pi}{3})$ এবং ব্যাসার্ধ $= OB = 4\cos\frac{\pi}{3} = 4.\frac{1}{2} = 2$

বৃত্তটির পোলার সমীকরণ,

$$(2)^2 = r^2 + 4^2 - 2r.4\cos(\theta - \frac{\pi}{3})$$

$$\Rightarrow 4 = r^2 + 16 - 8r\cos(\theta - \frac{\pi}{3})$$

$$r^2 - 8r\cos(\theta - \frac{\pi}{3}) + 12 = 0$$

19. যদি বৃত্তের উপরস্থ (4,1) বিন্দুটি $(1 + 5\cos\theta, -3 + 5\sin\theta)$ দ্বারা প্রকাশিত হয়, তবে এ বিন্দুগামী ব্যাসের অপর প্রান্তের স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান : প্রশ্নমতে

$$4 = 1 + 5\cos\theta, \ 1 = -3 + 5\sin\theta$$

$$\Rightarrow 5\cos\theta = 3, \ 5\sin\theta = 4$$

$$\Rightarrow \cos\theta = \frac{3}{5}, \ \sin\theta = \frac{4}{5}$$

আমরা জানি, প্রদত্ত বিন্দুগামী ব্যাসের অপর প্রান্তের জন্য θ এর মান $180°$ বৃদ্ধি পায়।

অপর প্রান্তের জন্য,

$$\cos(180° + \theta) = -\cos\theta = -\frac{3}{5} \text{ এবং}$$

$$\sin(180° + \theta) = -\sin\theta = -\frac{4}{5}$$

(4,1) বিন্দুগামী ব্যাসের অপর প্রান্তের স্থানাঙ্ক

$$(1 + 5\times(-\frac{3}{5}), -3 + 5\times(-\frac{4}{5}))$$

$$= (1 - 3, -3 - 4) = (-2, -7) \text{ (Ans.)}$$

16(a) $r^2 - 4\sqrt{3}r\cos\theta - 4r\sin\theta + 15 = 0$ বৃত্তের কেন্দ্র ও ব্যাসার্ধ নির্ণয় কর।

সমাধান: পোলার স্থানাঙ্কে বৃত্তের সাধারণ সমীকরণ $r^2 + 2r(g\cos\theta + f\sin\theta) + c = 0$ ও প্রদত্ত সমীকরণ $r^2 - 4\sqrt{3}r\cos\theta - 4r\sin\theta + 15 = 0$ তুলনা কওে পাই, $g = -2\sqrt{3}$, $f = -2$, $c = 15$

$$\sqrt{g^2 + f^2} = \sqrt{12 + 4} = 4,$$

$$\sqrt{g^2 + f^2 - c} = \sqrt{12 + 4 - 15} = 1$$

$$\tan^{-1}\frac{f}{g} = \tan^{-1}\frac{-2\sqrt{3}}{-2} = \pi + \tan^{-1}\sqrt{3}$$

$$= \pi + \frac{\pi}{6} = \frac{7\pi}{6}$$

$\therefore$ বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক $= (\sqrt{g^2 + f^2}, \tan^{-1}\frac{f}{g})$

$= (4, \frac{7\pi}{6})$ এবং ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c} = 1$

16(b) $(4, 30^0)$ কেন্দ্র ও 5 ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের পোলার সমীকরণ,

$$5^2 = r^2 + 4^2 - 2r\times 4\times\cos(\theta - 30^0)$$

$$\Rightarrow r^2 - 8r\cos(\theta - \frac{\pi}{6}) - 9 = 0$$

কাজ

১। এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা প্রত্যেক অক্ষরেখাকে মূলবিন্দু থেকে ধনাত্মক দিকে 5 একক দূরত্বে স্পর্শ করে।



সমাধানঃ নির্ণেয় বৃত্তটি প্রত্যেক অক্ষরেখাকে মূলবিন্দু থেকে ধনাত্মক দিকে 5 একক দূরত্বে স্পর্শ করে।

বৃত্তটির কেন্দ্র (5, 5)

এবং ব্যাসার্ধ $= |5| = 5.$

বৃত্তটির সমীকরণ $(x-5)^2 + (y-5)^2 = 5^2$

$\Rightarrow x^2 - 10x + 25 + y^2 - 10y + 25 = 25$

$x^2 + y^2 - 10x - 10y + 25 = 0$ (Ans.)

২। দেখাও যে, $x^2 + y^2 - 4x + 6y + 8 = 0$ এবং $x^2 + y^2 - 10x - 6y + 14 = 0$ বৃত্ত দুইটি পরস্পরকে $(3, -1)$ বিন্দুতে স্পর্শ করে।

প্রমাণ : $x^2 + y^2 - 4x + 6y + 8 = 0$ বৃত্তের কেন্দ্র $C_1(2,-3)$ এবং ব্যাসার্ধ $r_1 = \sqrt{4+9-8} = \sqrt{5}$

$x^2 + y^2 - 10x - 6y + 14 = 0$ বৃত্তের কেন্দ্র $C_2(5, 3)$ এবং ব্যাসার্ধ $r_2 = \sqrt{25+9-14} = \sqrt{20}$ $= 2\sqrt{5}$

ধরি, প্রদত্ত বিন্দু $P(3, -1)$.

এখন $C_1P = \sqrt{(2-3)^2 + (-3+1)^2} = \sqrt{5} = r_1$

এবং $C_2P = \sqrt{(5-3)^2 + (3+1)^2} = \sqrt{20}$

$= 2\sqrt{5} = r_2$

$C_1C_2 = \sqrt{(2-5)^2 + (-3-3)^2} = \sqrt{9+36}$

$= \sqrt{45} = 3\sqrt{5} = \sqrt{5} + 2\sqrt{5} = C_1P + C_2P$

বৃত্তের কেন্দ্র দুইটি এবং $(3, -1)$ বিন্দু একই সরলরেখায় অবস্থিত।

অতএব, প্রদত্ত বৃত্ত দুইটি পরস্পরকে $(3, -1)$ বিন্দুতে স্পর্শ করে। (প্রমাণিত)

৩। দেখাও যে, $x^2 + y^2 - 6x + 6y - 18 = 0$ ও $x^2 + y^2 - 2y = 0$ বৃত্ত দুইটি পরস্পরকে অন্তঃস্থভাবে স্পর্শ করে।

প্রমাণ ঃ $x^2 + y^2 - 6x + 6y - 18 = 0$ বৃত্তের কেন্দ্র $A(3, -3)$ এবং ব্যাসার্ধ $r_1 = \sqrt{9+9+18}$ $= 6$

$x^2 + y^2 - 2y = 0$ বৃত্তের কেন্দ্র $A(0, 1)$ এবং ব্যাসার্ধ $r_2 = \sqrt{0+1+0} = 1$

এখন, $AB = \sqrt{(3-0)^2 + (-3-1)^2} = 5$

এবং $r_1 - r_2 = 6 - 1 = 5 = AB$

বৃত্ত দুইটি পরস্পরকে অন্তঃস্থভাবে স্পর্শ করে।

৪। বৃত্তের পোলার সমীকরণ নির্ণয় কর যার কেন্দ্র $(6, \frac{\pi}{4})$ এবং ব্যাসার্ধ 5

৫। দেখাও যে, $r = a\cos\theta$ একটি বৃত্ত যার কেন্দ্র $(\frac{a}{2}, 0)$ ও ব্যাসার্ধ $\frac{a}{2}$.

অতিরিক্ত প্রশ্ন (সমাধানসহ)

1. ABCD বর্গের পরিবৃত্তের সমীকরণ $x^2 + y^2 - 5x + 8y - 39 = 0$. $A(-1, 3)$ হলে B, C ও D এর স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান ABCD বর্গের পরিবৃত্ত $x^2 + y^2 - 5x + 8y - 39 = 0$ এর কেন্দ্র $(\frac{5}{2}, -4)$ হবে ABCD বর্গের AC ও BD কর্ণদ্বয়ের ছেদবিন্দু O.



ধরি, C এর স্থানাঙ্ক (α, β)

AC এর মধ্যবিন্দু $(\frac{5}{2}, -4)$।

$\therefore \frac{\alpha-1}{2} = \frac{5}{2} \Rightarrow \alpha = 5 + 1 = 6$

এবং $\frac{\beta+3}{2} = -4 \Rightarrow \beta = -8 - 3 = -11$

C এর স্থানাঙ্ক $(6, -11)$.

ধরি, AB বাহুর ঢাল m এবং AB বাহু AC কর্ণের সাথে $45°$ কোণ উৎপন্ন করে ।

$\frac{m+2}{1-2m} = \tan 45^\circ = 1 \Rightarrow m+2 = 1-2m$

$\Rightarrow 3m = -1 \Rightarrow m = -\frac{1}{3}$

AB ও DC বাহুর ঢাল $\frac{1}{3}$.

A(− 1, 3) বিন্দুগামী AB রেখার সমীকরণ

$y-3 = -\frac{1}{3}(x+1) \Rightarrow 3y-9 = -x-1$

$\Rightarrow x+3y-8=0 \cdots\cdots (1)$

C(6 , − 11) বিন্দুগামী (1) এর উপর লম্ব BC এর সমীকরণ $3x - y = 18+11$

$\Rightarrow 3x-y-29=0 \cdots\cdots(2)$

(1) ও (2) এর ছেদবিন্দু B এর স্থানাঙ্ক

$= (\frac{-87-8}{-1-9}, \frac{-24+29}{-1-9}) = (\frac{19}{2}, -\frac{1}{2})$

A(− 1, 3) বিন্দুগামী AB এর লম্ব AD এর সমীকরণ $3x-y=-3-3$

$\Rightarrow 3x-y+6=0 \cdots (3)$

C(6 , − 11) বিন্দুগামী (3) এর উপর লম্ব CD এর সমীকরণ $x+3y = 6-33=-27$

$\Rightarrow x+3y+27=0 \quad \cdots(4)$

(3) ও (4) এর ছেদবিন্দু D এর স্থানাঙ্ক

$= (\frac{-27-18}{9+1}, \frac{6-81}{9+1}) = (-\frac{9}{2}, -\frac{15}{2})$

2.(a) ABC সমবাহু ত্রিভুজের দুইটি শীর্ষবিন্দু A(0 , 0) ও B(6 , 0) । ABC ত্রিভুজটির পরিবৃত্তের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ ধরি, C শীর্ষের স্থানাঙ্ক (α, β). ABC সমবাহু ত্রিভুজ বলে $AC^2 = BC^2 = AB^2$

$\Rightarrow \alpha^2+\beta^2 = (\alpha-6)^2+\beta^2$

$\Rightarrow \alpha^2+\beta^2 = \alpha^2-12\alpha+36+\beta^2$

$\Rightarrow 12\alpha = 36 \Rightarrow \alpha = 3$

আবার, $AC^2 = AB^2 \Rightarrow \alpha^2+\beta^2 = 6^2$

$\Rightarrow 9+\beta^2 = 36 \Rightarrow \beta^2 = 27 \Rightarrow \beta = \pm 3\sqrt{3}$

C শীর্ষের স্থানাঙ্ক $(3, \pm 3\sqrt{3})$.

ধরি, A(0,0) দিয়ে যায় এরূপ পরিবৃত্তের সমীকরণ

$x^2+y^2+2gx+2fy=0 \cdots(1)$

(1) বৃত্ত B(6,0) এবং $C(3, \pm 3\sqrt{3})$ বিন্দুগামী।

$36+12g=0 \Rightarrow g=-3$ এবং

$9+27+6g \pm 6\sqrt{3} f = 0$

$36 - 18 \pm 6\sqrt{3} f = 0 \Rightarrow \pm 6\sqrt{3} f = 18$

$\Rightarrow f = \pm\sqrt{3}$

(1) এ g ও f এর মান বসিয়ে পাই,

$x^2+y^2-6x \pm 2\sqrt{3} y = 0$ (Ans.)

2 (b) $3x + 4y = 24$ সরলরেখা এবং অক্ষ দুইটি দ্বারা গঠিত ত্রিভুজের পরিবৃত্ত ও অন্তঃবৃত্তের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ ধরি, $3x+4y=24 \Rightarrow \frac{x}{8}+\frac{y}{6}=1$

সরলরেখা এবং অক্ষদ্বয় দ্বারা গঠিত ABC ত্রিভুজের শীর্ষবিন্দু A(0, 6), B(0, 0) ও C(8, 0).



পরিবৃত্ত ঃ ABC ত্রিভুজে, $\angle ABC = 90^\circ$ বলে, A ও C বিন্দুদ্বয় ত্রিভুজটির পরিবৃত্তের একটি ব্যাসের প্রান্তবিন্দু।

নির্ণেয় পরিবৃত্তের সমীকরণ,

$(x-0)(x-8)+(y-6)(y-0)=0$

$\Rightarrow x^2+y^2-8x-6y=0$ (Ans.)

অন্তঃবৃত্ত ঃ এখানে, $a = BC = |0-8| = 8$,

$b = AC = \sqrt{6^2+8^2} = 10,$

$c = AB = |6-0| = 6$

$\delta_{ABC} = 0(0-0)-6(0-8) = 48$

এবং $a+b+c = 8+10+6 = 24$ এখন $AC^2 = BC^2$

অন্তঃবৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক

$= (\frac{ax_1+bx_2+cx_3}{a+b+c}, \frac{ay_1+by_2+cy_3}{a+b+c})$

$= (\frac{8\times0+10\times0+6\times8}{24}, \frac{8\times6+10\times0+6\times0}{24})$

$= (2, 2)$

অন্তঃব্যাসার্ধ $= \frac{|\delta_{ABC}|}{a+b+c} = \frac{48}{24} = 2$

নির্ণেয় অন্তঃবৃত্তের সমীকরণ,

$(x-2)^2+(y-2)^2 = 2^2$

$\Rightarrow x^2 - 4x + 4 + y^2 - 4y + 4 = 4$

$x^2 + y^2 - 4x - 4y + 4 = 0$ (Ans.)

2(c) ABC ত্রিভুজের শীর্ষবিন্দু তিনটি A(1 , 0) , B(0 , 4) ও C(2 , 5) । ABC ত্রিভুজটির পরিকেন্দ্র, ভরকেন্দ্র ও লম্বকেন্দ্র নির্ণয় কর।

সমাধান ঃ



পরিকেন্দ্র: A(1, 0) ও B(0, 4) বিন্দুগামী বৃত্তের সমীকরণ $(x-1)(x-0)+(y-0)(y-4) = k\{(x-1)(0-4)-(y-0)(1-0)\}$

$\Rightarrow x^2 + y^2 - x - 4y = k(-4x + 4 - y)$, যা C(2, 5) বিন্দুগামী।

$2^2 + 5^2 - 2 - 4\times5 = k(-4\times2 + 4 - 5)$

$\Rightarrow 4 + 25 - 2 - 20 = k(-8 + 4 - 5)$

$\Rightarrow -9k = 7 \Rightarrow k = -7/9$

প্রদত্ত বিন্দুগামী ত্রিভুজের পরিবৃত্তের সমীকরণ

$x^2 + y^2 - x - 4y = -\frac{7}{9}(-4x + 4 - y)$

$\Rightarrow x^2 + y^2 - (1+\frac{28}{9})x - (4+\frac{7}{9})y + \frac{28}{9} = 0$

$\Rightarrow x^2 + y^2 - \frac{37}{9}x - \frac{43}{9}y + \frac{28}{9} = 0$

ত্রিভুজটির পরিকেন্দ্রের স্থানাঙ্ক $(\frac{37}{18}, \frac{43}{18})$

ভরকেন্দ্র : AB এর মধ্যবিন্দুর স্থানাঙ্ক $(\frac{1}{2}, 2)$ এবং C(2, 5) শীর্ষগামী মধ্যমার সমীকরণ,

$(x-2)(5-2) - (y-5)(2-\frac{1}{2}) = 0$

$\Rightarrow 3x - 6 - \frac{3}{2}y + \frac{15}{2} = 0$

$\Rightarrow 6x - 12 - 3y + 15 = 0$

$\Rightarrow 2x - y + 1 = 0 \cdots$ (i)

আবার, BC এর মধ্যবিন্দুর স্থানাঙ্ক $(1, \frac{9}{2})$ এবং A(1, 0) শীর্ষগামী মধ্যমার সমীকরণ,

$(x-1)(0-\frac{9}{2}) - (y-0)(1-1) = 0$

$\Rightarrow x = 1$; (i) হতে পাই, $y = 2 + 1 = 3$

ত্রিভুজটির ভরকেন্দ্র (1, 3).

লম্বকেন্দ্র : AB বাহুর সমীকরণ

$(x-1)(0-4) - (y-0)(1-0) = 0$

$\Rightarrow -4x + 4 - y = 0 \Rightarrow 4x + y - 4 = 0$

AB বাহুর উপর লম্ব এবং C(2 , 5) বিন্দুগামী রেখার সমীকরণ, $x - 4y = 2 - 20$

$\Rightarrow x = 4y - 18$ (ii)

আবার, BC বাহুর সমীকরণ

$(x-0)(4-5) - (y-4)(0-2) = 0$

$\Rightarrow -x + 2y - 8 = 0 \Rightarrow x - 2y + 8 = 0$

BC বাহুর উপর লম্ব এবং A(1 , 0) বিন্দুগামী রেখার সমীকরণ, $2x + y = 2$

$\Rightarrow 2(4y - 18) + y = 2$, [(ii) দ্বারা]

$\Rightarrow 8y - 36 + y = 2$

$\Rightarrow 9y = 38 \Rightarrow y = 38/9$

(ii) হতে পাই, $x = 4\times\frac{38}{9} - 18 = -\frac{10}{9}$

ত্রিভুজটির লম্বকেন্দ্র $(-\frac{10}{9}, \frac{38}{9})$

প্রশ্নমালা IV B

এক নজরে প্রয়োজনীয় সূত্রাবলী

1. $x^2 + y^2 = r^2$ বৃত্তে $y = mx + c$ রেখাটি স্পর্শক হওয়ার শর্ত, $c = \pm r\sqrt{m^2+1}$ ।

$x^2 + y^2 = r^2$ বৃত্তের স্পর্শকের সমীকরণ, $y = mx \pm r\sqrt{m^2+1}$ এবং স্পর্শবিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{-mr}{\sqrt{1+m^2}}, \frac{r}{\sqrt{1+m^2}}\right)$

2. $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের উপর $P(x_1, y_1)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ,

$xx_1 + yy_1 + g(x + x_1) + f(y + y_1) + c = 0$

3. বহিঃস্থ যেকোন বিন্দু (x_1, y_1) হতে $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের অঙ্কিত স্পর্শকের সমীকরণ, $(xx_1 + yy_1 + gx + gx_1 + fy + fy_1 + c)^2 = (x^2 + y^2 + 2gx + 2fy + c)(x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c)$

4. $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের উপর $P(x_1, y_1)$ বিন্দুতে অভিলম্বের সমীকরণ,

$(y_1 + f)x - (x_1 + g)y + gy_1 - fx_1 = 0.$

5. (x_1, y_1) বিন্দু হতে $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য,

$= \sqrt{x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c}$

6. (x_1, y_1) বিন্দু হতে $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তে অঙ্কিত স্পর্শ জ্যা এর সমীকরণ,

$xx_1 + yy_1 + g(x + x_1) + f(y + y_1) + c = 0$

7. $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তেরর কোন জ্যা এর মধ্যবিন্দু (x_1, y_1) হলে তার সমীকরণ,

$xx_1 + yy_1 + g(x + x_1) + f(y + y_1) + c = x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c$

8. $S_1 = 0$ ও $S_2 = 0$ বৃত্ত দুইটির সাধারণ জ্যা এর সমীকরণ, $S_1 - S_2 = 0$.

9. $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ এর প্রতিবিম্ব

(a) x অক্ষের সাপেক্ষে $x^2+y^2 + 2gx-2fy + c=0$

(b) y অক্ষের সাপেক্ষে $x^2+y^2 - 2gx+2fy + c=0$

(c) $ax + by + c= 0$) রেখার সাপেক্ষে ঃ এ রেখার সাপেক্ষে প্রদত্ত বৃত্তের কেন্দ্র $(-g, -f)$ এর প্রতিবিম্ব (g', f') কে কেন্দ্র এবং প্রদত্ত বৃত্তের ব্যাসার্ধকে ব্যাসার্ধ ধরে অঙ্কিত বৃত্তই নির্ণেয় প্রতিবিম্ব।

প্রশ্নমালা IV B

1. (a) $x^2 + y^2 + 4x + 6y + c = 0$ বৃত্তের ব্যাসার্ধ 3 হলে, c এর মান নিচের কোনটি?

$\text{Sol}^n : \sqrt{2^2+3^2-c} = 3 \Rightarrow c = 13 - 9 = 4$

(b) Sol^n :

(i) সংশোধন : x-অক্ষের ছেদাংশের পরিমাণ 6

$2\sqrt{r^2-k^2} = 2\sqrt{5^2-4^2} = 6$

(ii) $\sqrt{2^2+3^2-c} > 0 \Rightarrow c < 13$

(iii) সংশোধন : (1, 1) বিন্দুটি $x^2 + y^2 + 3x + 5y - c = 0$ বৃত্তের ভিতরে অবস্থান করলে $c > 10$ হবে।

$1^2 + 1^2 + 3.1 + 5.1 - c < 0 \Rightarrow c > 10.$

(c) Sol^n : $r = \sqrt{4^2+3^2} = 5$

(d) Sol^n : $(x-h)^2 + (y-k)^2 = k^2$

(e) Sol^n : উভয় অক্ষ কে স্পর্শ করার শর্ত $g^2 = f^2 = c$

$k = \pm 4, c = 16$

(f) Sol^n : বৃত্তটি মূলবিন্দুগামী বলে, $c = 0$ এবং y-অক্ষকে স্পর্শ করে বলে, $f^2 = c = 0$.

(g) Sol^n : (0,1) ও (1,0) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের মধ্যবিন্দু স্থানাঙ্ক $\left(\frac{0+1}{2}, \frac{1+0}{2}\right)$.

(h) Sol^n : (i) $AB = 5 - 3 = 2$

(ii) স্পর্শকের দৈর্ঘ্য $= \sqrt{1^2+1^2+2-6+11} = 3$

(iii) জ্যা এর সমীকরণ, $x.2 + y.3 = 2^2 + 3^2$

$\Rightarrow 2x + 3y = 13.$

(i) Sol^n : $r = a\cos\theta \Rightarrow r^2 = a.r\cos\theta$

$\Rightarrow x^2 + y^2 - ax = 0 \therefore$ কেন্দ্র $\left(\frac{a}{2}, 0\right)$

(j) Sol^n : সাধারণ জ্যা এর সমীকরণ, $x^2 + y^2 + 2x + 3y + 1 - (x^2 + y^2 + 4x + 3y + 2) = 0$

$\Rightarrow 2x + 1 = 0$

$x - 3y = k$ রেখাটি $x^2 + y^2 - 6x + 8y + 15 = 0$ বৃত্তকে স্পর্শ করে। পরবর্তী তিনটি প্রশ্নের উত্তর দাও:

(k) Sol^n : ব্যাসার্ধ $= \sqrt{3^2 + 4^2 - 15} = \sqrt{10}$,

y-অক্ষের খন্ডিতাংশ $= 2\sqrt{4^2 - 15} = 2$.

(*l*) Sol^n : $\frac{|3 - 3(-4) - k|}{\sqrt{1^2 + 3^2}} = \sqrt{10}$

$\Rightarrow |15 - k| = 10 \Rightarrow k - 15 = \pm 10 \Rightarrow k = 5, 25$

(m) Sol^n : $x - 3y = 5$ স্পর্শকের সমান্তরাল বৃত্তটির অপর স্পর্শকের সমীকরণ, $x - 3y = 25$.

(n) ***Sol^n*.:** $x^2 + y^2 + 2x + 4y - 1/3 = 0$
কেন্দ্র $= (-2/2, -4/2) = (-1, -2)$ $\therefore$ Ans. D

(o) ***Sol^n*.:** বৃত্তের ব্যাসার্ধ $= \sqrt{4^2 + 3^2} = 5$
(4, 3) ও (– 1, 3) এর দূরত্ব $= |4 + 1| = 5$
(4, 3) ও (9, 3) এর দূরত্ব $= |4 - 9| = 5$
(4, 3) ও (0, 3) এর দূরত্ব $= |4 - 0| = 4$
(0, 3) বৃত্তের উপর অবস্থিত নয়। Ans. C

(p) ***Sol^n*.:**



বৃত্তের ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c}$
$OA = OB = \sqrt{0 + c} = \sqrt{c}$
OABC চতুর্ভূজের ক্ষেত্রফল
$= 2\times OAC$ সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল

$= 2\times\frac{1}{2}(OA\times AC)$

$= \sqrt{c}\sqrt{g^2 + f^2 - c} = \sqrt{c(g^2 + f^2 - c)}$

Ans. B

2(a) (3 , 7) ও (9 , 1) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে ব্যাস ধরে একটি বৃত্ত অঙ্কন করা হয়েছে। দেখাও যে, $x + y = 4$ রেখাটি ঐ বৃত্তের একটি স্পর্শক। স্পর্শবিন্দুটি নির্ণয় কর। [চ.'০৫]

প্রমাণ ঃ (3 7) ও (9 1) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ,

$(x - 3)(x - 9) + (y - 7)(y - 1) = 0$
$\Rightarrow x^2 - 12x + 27 + y^2 - 8y + 7 = 0$
$\Rightarrow x^2 + y^2 - 12x - 8y + 34 = 0$ (1)
প্রদত্ত রেখা $x + y = 4 \Rightarrow y = 4 - x \cdots(2)$
(1) এ y এর মান বসিয়ে পাই,
$x^2 + (4 - x)^2 - 12x - 8(4 - x) + 34 = 0$
$\Rightarrow x^2 + 16 - 8x + x^2 - 12x - 32 + 8x + 34 = 0$
$\Rightarrow 2x^2 - 12x + 18 = 0 \Rightarrow x^2 - 6x + 9 = 0$
$\Rightarrow (x - 3)^2 \Rightarrow x = 3$
$(2) \Rightarrow y = 4 - 3 = 1$
$\therefore$ (2) রেখাটি প্রদত্ত বৃত্তের সাথে শুধুমাত্র (3,1) বিন্দুতে মিলিত হয়।

$x + y = 4$ রেখাটি বৃত্তটির একটি স্পর্শক এবং স্পর্শবিন্দু (3,1)

বিকল্প পদ্ধতি ঃ (3 7) ও (9 1) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ,

$(x - 3)(x - 9) + (y - 7)(y - 1) = 0$
$\Rightarrow x^2 - 12x + 27 + y^2 - 8y + 7 = 0$
$\Rightarrow x^2 + y^2 - 12x - 8y + 34 = 0$ (1)
(1) বৃত্তের কেন্দ্র (6 , 4) এবং
ব্যাসার্ধ $= \sqrt{36 + 16 - 34} = \sqrt{18} = 3\sqrt{2}$
বৃত্তের কেন্দ্র (6, 4) থেকে প্রদত্ত রেখা $x + y = 4$ অর্থাৎ $x + y - 4 = 0$ (2) এর লম্ব দূরত্ব

$= \frac{|6 + 4 - 4|}{\sqrt{1 + 1}} = \frac{6}{\sqrt{2}} = 3\sqrt{2} =$ বৃত্তের ব্যাসার্ধ।

প্রদত্ত রেখাটি বৃত্তকে স্পর্শ করে।

২য় অংশ ঃ (2) রেখার উপর লম্ব এবং বৃত্তের কেন্দ্র (6, 4) দিয়ে অতিক্রম করে এরূপ রেখার সমীকরণ,

$x - y = 6 - 4 \Rightarrow x - y = 2$ (3)
$(2) + (3) \Rightarrow 2x = 6 \Rightarrow x = 3$
(3) হতে পাই, $3 - y = 2 \Rightarrow y = 1$.
(2) ও (3) রেখার ছেদবিন্দু (3 1) যা নির্ণের স্পর্শ বিন্দু।

2(b) দেখাও যে, $y - 3x = 10$ রেখাটি $x^2 + y^2 = 10$ বৃত্তকে সমাপতিত বিন্দুতে ছেদ করে। বিন্দুটির স্থানাঙ্ক নির্ণয় কর। [ব.'০১]

প্রমাণ প্রদত্ত রেখা $y - 3x = 10$ হতে $y = 3x + 10 \cdots(1)$ এর মান প্রদত্ত বৃত্তে বসিয়ে পাই, $x^2 + (3x + 10)^2 = 10$

$\Rightarrow x^2 + 9x^2 + 60x + 100 - 10 = 0$

$\Rightarrow 10x^2 + 60x + 90 = 0$

$\Rightarrow x^2 + 6x + 9 = 0 \Rightarrow (x + 3)^2 = 0$

$\Rightarrow x + 3 = 0 \Rightarrow x = -3$

$(1) \Rightarrow y = 3.(-3) + 10 = -9 + 10 = 1$

$\therefore$ প্রদত্ত রেখাটি বৃত্তের সাথে শুধুমাত্র $(-3,1)$ বিন্দুতে মিলিত হয়।

প্রদত্ত রেখাটি বৃত্তকে সমাপতিত বিন্দুতে ছেদ করে এবং বিন্দুটির স্থানাঙ্ক $(-3,1)$.

2(c) $x^2 + y^2 - 4x - 6y + c = 0$ বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে। c এর মান ও স্পর্শবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। [ব. '০৪; ঢা. '০৪,'০৭'১১; রা. '০৫, '১২; য.'০৫, '০৮,'১১ ; চ.'০৫,'০৮; মা.বো.'০৫;]

সমাধান ঃ $x^2 + y^2 - 4x - 6y + c = 0$ বৃত্তের কেন্দ্র $(2, 3)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{4 + 9 - c} = \sqrt{13 - c}$

x-অক্ষ থেকে বৃত্তের কেন্দ্র $(2 , 3)$ এর দূরত্ব $= |3| = 3$

বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে।

$\sqrt{13 - c} = 3$

$\Rightarrow 13 - c = 9 \quad c = 4$



আবার, বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে এবং বৃত্তটির কেন্দ্রের ভুজ 2.

স্পর্শবিন্দুর স্থানাঙ্ক $(2 , 0)$.

2(d) দেখাও যে, $x - 3y = 5$ রেখাটি $x^2 + y^2 - 6x + 8y + 15 = 0$ বৃত্তকে স্পর্শ করে। স্পর্শবিন্দু দিয়ে যায় এরূপ ব্যাসের সমীকরণ নির্ণয় কর। [চ.'০৭; মা.'০৩]

প্রমাণ ঃ $x^2 + y^2 - 6x + 8y + 15 = 0 \cdots(1)$ বৃত্তের কেন্দ্র $(3 , -4)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{9 + 16 - 15} = \sqrt{10}$

বৃত্তের কেন্দ্র $(3 , -4)$ থেকে $x - 3y = 5$ অর্থাৎ $x - 3y - 5 = 0$ (2) রেখার লম্ব দূরত্ব $= \dfrac{|3 - 3\times(-4) - 5|}{\sqrt{1+9}} = \dfrac{|3 + 12 - 5|}{\sqrt{1+9}}$

$= \dfrac{10}{\sqrt{10}} = \sqrt{10} =$ বৃত্তের ব্যাসার্ধ ।

প্রদত্ত রেখাটি বৃত্তকে স্পর্শ করে।

২য় অংশ ঃ $x - 3y - 5 = 0$ স্পর্শকের উপর লম্ব এবং বৃত্তের কেন্দ্র $(3 , -4)$ দিয়ে অতিক্রমকারী নির্ণেয় ব্যাসের সমীকরণ $3x + y = 3\times3 - 4 = 9 - 4$

$3x + y = 5$ (Ans.)

3.(a) $3x + 4y = k$ রেখাটি $x^2 + y^2 = 10x$ বৃত্তকে স্পর্শ করলে k এর মান নির্ণয় কর।

[য.'০১; ব.'০৩,'০৭; রা.'০৬; সি.'১২]

প্রমাণ ঃ $x^2 + y^2 = 10x$ অর্থাৎ $x^2 + y^2 - 10x = 0$

বৃত্তের কেন্দ্র $(5 , 0)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{5^2} = 5$

বৃত্তের কেন্দ্র $(5 , 0)$ থেকে $3x + 4y = k$ অর্থাৎ $3x + 4y - k = 0$ রেখার লম্ব দূরত্ব $= \dfrac{|15 - k|}{\sqrt{9 + 16}}$

$= \dfrac{|15 - k|}{5}$

রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র থেকে রেখার দূরত্ব ব্যাসার্ধের সমান হবে।

$\dfrac{|15 - k|}{5} = 5 \Rightarrow |k - 15| = 25$

$\Rightarrow k - 15 = \pm 25 \quad \therefore k = 40$ বা, -10

3(b) দেখাও যে, $lx + my = 1$ রেখাটি $x^2 + y^2 - 2ax = 0$ বৃত্তকে স্পর্শ করবে যদি $a^2m^2 + 2al = 1$ হয়। [কু. '০৬,'০৮; ঢা. '০৮; রা.'১১; সি. '০৪; ব. '০৫,'০৯; চ. '০৮,'১০; মা.'০৩; দি.'০৯; য.'১১]

প্রমাণ ঃ $x^2 + y^2 - 2ax = 0$ বৃত্তের কেন্দ্র $(a , 0)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{a^2} = a$

বৃত্তের কেন্দ্র $(a , 0)$ থেকে $lx + my = 1$ অর্থাৎ $lx + my - 1 = 0$ রেখার লম্ব দূরত্ব $= \dfrac{|la - 1|}{\sqrt{l^2 + m^2}}$

রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র থেকে রেখার দূরত্ব ব্যাসার্ধের সমান হবে।

$$\frac{|la-1|}{\sqrt{l^2+m^2}} = a$$

$\Rightarrow |la-1|^2 = a^2(l^2+m^2)$ [বর্গ করে]

$\Rightarrow (la-1)^2 = a^2l^2 + a^2m^2$

$\Rightarrow l^2a^2 - 2la + 1 = a^2l^2 + a^2m^2$

$a^2m^2 + 2al = 1$ (Showed)

3. (c) $px + qy = 1$ রেখাটি $x^2 + y^2 = a^2$ বৃত্তকে স্পর্শ করে। দেখাও যে, (p, q) বিন্দুটি একটি বৃত্তের উপর অবস্থিত। [য.'০৬,'১২ ;কু.'০৪,'০৫,'১৩; রা.'০৫,'১৩; ঢা.'০৬; য.'০৬; ব.'০৮]

প্রমাণ ঃ $x^2 + y^2 = a^2$ বৃত্তের কেন্দ্র (0 , 0) এবং ব্যাসার্ধ = a

বৃত্তের কেন্দ্র (0 , 0) থেকে $px + qy = 1$ অর্থাৎ $px + qy - 1 = 0$ রেখার লম্ব দূরত্ব $= \frac{|-1|}{\sqrt{p^2+q^2}}$

রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র থেকে রেখার দূরত্ব ব্যাসার্ধের সমান হবে।

$\left|\frac{-1}{\sqrt{p^2+q^2}}\right| = a \Rightarrow p^2+q^2 = \frac{1}{a^2}$ এ থেকে স্পর্শ যে, (p , q) বিন্দুটি $x^2+y^2 = \frac{1}{a^2}$ বৃত্তের সমীকরণকে সিদ্ধ করে।

(p , q) বিন্দুটি একটি বৃত্তের উপর অবস্থিত।

3(d) $ax + 2y - 1 = 0$ রেখাটি $x^2 + y^2 - 8x - 2y + 4 = 0$ বৃত্তকে স্পর্শ করলে a এর মান নির্ণয় কর। [রা.'০৪]

প্রমাণ ঃ $x^2 + y^2 - 8x - 2y + 4 = 0$ বৃত্তের কেন্দ্র (4,1) এবং ব্যাসার্ধ $= \sqrt{4^2+1^2-4} = \sqrt{13}$

বৃত্তের কেন্দ্র (4 , 1) থেকে $ax + 2y - 1 = 0$ রেখার লম্ব দূরত্ব $= \left|\frac{4a+2-1}{\sqrt{a^2+4}}\right| = \left|\frac{4a+1}{\sqrt{a^2+4}}\right|$

রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র থেকে রেখার দূরত্ব ব্যাসার্ধের সমান হবে।

$$\left|\frac{4a+1}{\sqrt{a^2+4}}\right| = \sqrt{13}$$

$\Rightarrow (4a+1)^2 = 13(a^2+4)$ [বর্গ করে]

$\Rightarrow 16a^2 + 8a + 1 = 13a^2 + 52$

$\Rightarrow 3a^2 + 8a - 51 = 0$

$\Rightarrow 3a^2 + 17a - 9a - 51 = 0$

$\Rightarrow a(3a+17) - 3(3a+17) = 0$

$\Rightarrow (3a+17)(a-3) = 0$

$a = 3$ বা, $-17/3$

3(e) $3x + by - 1 = 0$ রেখাটি $x^2 + y^2 - 8x - 2y + 4 = 0$ বৃত্তকে স্পর্শ করে। b এর মান নির্ণয় কর। [রা. '০৮,'১২; কু.'০৪,'১০; সি. '০৮; মা.'০৫, য.'১১; চ.'১১; ব.'১২; ঢা.'১৩]

প্রমাণ ঃ $x^2 + y^2 - 8x - 2y + 4 = 0$ বৃত্তের কেন্দ্র (4, 1) এবং ব্যাসার্ধ $= \sqrt{4^2+1^2-4} = \sqrt{13}$

বৃত্তের কেন্দ্র (4 , 1) থেকে $3x + by - 1 = 0$ রেখার লম্ব দূরত্ব $= \left|\frac{12+b-1}{\sqrt{9+b^2}}\right| = \left|\frac{11+b}{\sqrt{9+b^2}}\right|$

রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র থেকে রেখার দূরত্ব ব্যাসার্ধের সমান হবে।

$$\left|\frac{11+b}{\sqrt{9+b^2}}\right| = \sqrt{13}$$

$\Rightarrow (11+b)^2 = 13(9+b^2)$ [বর্গ করে]

$\Rightarrow 121 + 22b + b^2 = 117 + 13b^2$

$\Rightarrow 12b^2 - 22b - 4 = 0$

$\Rightarrow 6b^2 - 11b - 2 = 0$

$\Rightarrow 6b^2 - 12b + b - 2 = 0$

$\Rightarrow 6b(b-2) + 1(b-2) = 0$

$\Rightarrow (b-2)(6b+1) = 0$

$b = 2$ বা, $-1/6$

3(f) (4 , 1) বিন্দু দিয়ে অতিক্রমকারী বৃত্ত $3x + 4y - 1 = 0$ ও $x - 3 = 0$ রেখা দুইটিকে স্পর্শ করে। r বৃত্তটির ব্যাসার্ধ হলে দেখাও যে, $r^2 - 20r + 40 = 0$.

প্রমাণ : ধরি, r ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের সমীকরণ

$(x-h)^2 + (y-k)^2 = r^2 \cdots (1)$

(1) বৃত্ত (4 , 1) বিন্দু দিয়ে অতিক্রম করে।

$(4-h)^2 + (1-k)^2 = r^2 \cdots (2)$

(1) বৃত্তের কেন্দ্র (h, k) হতে $3x + 4y - 1 = 0$ ও $x - 3 = 0$ রেখা দুইটির লম্ব দূরত্ব যথাক্রমে

$\frac{|3h+4k-1|}{\sqrt{9+14}} = \frac{|3h+4k-1|}{5}$ ও $\frac{|h-3|}{\sqrt{1}}$

(1) বৃত্তটি প্রদত্ত রেখা দুইটিকে স্পর্শ করলে ,

$|h-3| = r \Rightarrow h-3 = \pm r \Rightarrow h = \pm r + 3$

এবং $\frac{|3h+4k-1|}{5} = r \Rightarrow 3h + 4k - 1 = \pm 5r$

$\Rightarrow 3(\pm r + 3) + 4k - 1 = \pm 5r \quad [\therefore h = \pm r + 3]$

$\Rightarrow \pm 3r + 9 + 4k - 1 = \pm 5r$

$\Rightarrow 4k + 8 = \pm 2r \Rightarrow 2k = \pm r - 4$

$\Rightarrow k = \frac{\pm r - 4}{2}$

(2) এ h ও k এর মান বসিয়ে পাই,

$(4 \mp r - 3)^2 + (1 - \frac{\pm r - 4}{2})^2 = r^2$

$\Rightarrow (1 \mp r)^2 + \frac{(2 \mp r + 4)^2}{4} = r^2$

$\Rightarrow 4(1 \mp 2r + r^2) + (36 \mp 12r + r^2) = 4r^2$

$\Rightarrow 4 \mp 8r + 4r^2 + 36 \mp 12r + r^2 = 4r^2$

$\Rightarrow r^2 \mp 20r + 40 = 0$

কিন্তু বৃত্তটির ব্যাসার্ধ $r>0$ বলে r এর কোন ধনাত্মক বাস্তব মান $r^2 + 20r + 40 = 0$ কে সিদ্ধ করে না।

$r^2 - 20r + 40 = 0$ (Showed)

4.(a) $x^2 + y^2 - 2x - 4y - 4 = 0$ বৃত্তে অঙ্কিত স্পর্শক $3x - 4y + 5 = 0$ রেখার উপর লম্ব । স্পর্শকের সমীকরণ নির্ণয় কর। [কু.'০৫; রা.'০৭; ঢা.'১০]

সমাধান ঃ $x^2 + y^2 - 2x - 4y - 4 = 0$ বৃত্তের কেন্দ্র (1,2) এবং ব্যাসার্ধ $= \sqrt{1^2 + 2^2 + 4} = 3$

ধরি, $3x - 4y + 5 = 0$ রেখার উপর লম্ব স্পর্শকের সমীকরণ $4x + 3y + k = 0 \cdots \quad (1)$

(1) রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র (1,2) থেকে এর দূরত্ব ব্যাসার্ধের সমান হবে।

$\frac{|4.1 + 3.2 + k|}{\sqrt{16+9}} = 3 \Rightarrow |4 + 6 + k| = 15$

$\Rightarrow k + 10 = \pm 15 \therefore k = 5, -25$

নির্ণেয় স্পর্শকের সমীকরণ $4x + 3y - 25 = 0$, $4x + 3y + 5 = 0$

4(b) $x^2 + y^2 - 2x - 4y - 4 = 0$ বৃত্তে অঙ্কিত স্পর্শক $3x - 4y - 1 = 0$ রেখার সমান্তরাল। স্পর্শকের সমীকরণ নির্ণয় কর। [সি.'০১]

সমাধান ঃ $x^2 + y^2 - 2x - 4y - 4 = 0$ বৃত্তের কেন্দ্র (1,2) এবং ব্যাসার্ধ $= \sqrt{1^2 + 2^2 + 4} = 3$

ধরি, $3x - 4y - 1 = 0$ রেখার সমান্তরাল স্পর্শকের সমীকরণ $3x - 4y + k = 0 \cdots \quad (1)$

(1) রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র (1,2) থেকে এর দূরত্ব ব্যাসার্ধের সমান হবে।

$\frac{|3.1 - 4.2 + k|}{\sqrt{9+16}} = 3 \Rightarrow |3 - 8 + k| = 15$

$\Rightarrow k - 5 = \pm 15 \therefore k = 20, -10$

নির্ণেয় স্পর্শকের সমীকরণ $3x - 4y + 20 = 0$, $3x - 4y - 10 = 0$

5.(a) $x^2 + y^2 + 4x - 8y + 2 = 0$ বৃত্তের স্পর্শক অক্ষ দুইটি হতে একই চিহ্নবিশিষ্ট সমমানের অংশ ছেদ করে। স্পর্শকের সমীকরণ নির্ণয় কর। [ঢা.'০১,'০৯; রা.'০৪; য.'০৭; কু.'১১]

সমাধান ঃ $x^2 + y^2 + 4x - 8y + 2 = 0$ বৃত্তের কেন্দ্র (–2 4) এবং ব্যাসার্ধ $\sqrt{2^2 + 4^2 - 2} = \sqrt{18} = 3\sqrt{2}$

ধরি, অক্ষ দুইটি হতে একই চিহ্নবিশিষ্ট সমমানের অংশ ছেদ করে এরূপ স্পর্শকের সমীকরণ $\frac{x}{a} + \frac{y}{a} = 1$ অর্থাৎ $x + y - a = 0 \cdots \cdots (1)$

রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র (–2 , 4) থেকে এর দূরত্ব ব্যাসাধ $3\sqrt{2}$ এর সমান হবে।

$\frac{|-2 + 4 - a|}{\sqrt{1^2 + 1^2}} = 3\sqrt{2} \Rightarrow |2 - a| = 6$

$\Rightarrow a - 2 = \pm 6 \quad a = 8, -4$

নির্ণেয় স্পর্শকের সমীকরণ $x + y + 4 = 0$, $x + y - 8 = 0$

5(b) $x^2 + y^2 = 16$ বৃত্তে অঙ্কিত স্পর্শক x-অক্ষের ধনাত্মক দিকের সাথে 30° কোণ উৎপন্ন করে। স্পর্শকের সমীকরণ নির্ণয় কর।

[চ.'১০; ব.'১১; কু.'য,'১২]

সমাধান ঃ $x^2 + y^2 = 4^2$ বৃত্তের কেন্দ্র (0 ,0) এবং ব্যাসার্ধ = 4

ধরি, x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $30°$ কোণ উৎপন্ন করে এরূপ রেখার সমীকরণ

$$y = \tan 30^0 \times x + c = \frac{1}{\sqrt{3}} \times x + c$$

$$\Rightarrow x - \sqrt{3}y + \sqrt{3}c = 0 \cdots (1)$$

(1) রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র $(0, 0)$ থেকে 'এর দূরত্ব ব্যাসার্ধ 4 এর সমান হবে।

$$\frac{|\sqrt{3}c|}{\sqrt{1+3}} = 4 \Rightarrow |\sqrt{3}c| = 8 \Rightarrow c = \pm \frac{8}{\sqrt{3}}$$

নির্ণেয় স্পর্শকের সমীকরণ $x - \sqrt{3}y \pm 8 = 0$

6.(a) $x^2 + y^2 = b(5x - 12y)$ বৃত্তের এটি ব্যাস মূলবিন্দু দিয়ে অতিক্রম করে। ব্যাসটির সমীকরণ এবং মূলবিন্দুগামী স্পর্শকের সমীকরণ নির্ণয় কর। [ঢা.'০৪]

সমাধান ঃ $x^2 + y^2 = b(5x - 12y)$ অর্থাৎ $x^2 + y^2 - 5bx + 12by = 0 \cdots (1)$ বৃত্তের কেন্দ্র $(\frac{5b}{2}, -6b)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{\frac{25b^2}{4} + 36b^2}$

$$= \sqrt{\frac{25b^2 + 144b^2}{4}} = \sqrt{\frac{169b^2}{4}} = \frac{13b}{2}$$

মূলবিন্দু $(0, 0)$ এবং কেন্দ্র $(\frac{5b}{2}, -6b)$ দিয়ে অতিক্রমকারী নির্ণেয় ব্যাসের সমীকরণ $y = \frac{-6b}{5b/2}x$

$\Rightarrow 5y = -12x \quad 12x + 5y = 0$

২য় অংশ ঃ মূলবিন্দুগামী স্পর্শক মূলবিন্দুগামী ব্যাসের উপর লম্ব। অতএব, মূলবিন্দুগামী স্পর্শকের সমীকরণ $5x - 12y = 0$

6(b) দেখাও যে, $x + 2y = 17$ রেখাটি $x^2 + y^2 - 2x - 6y = 10$ বৃত্তের একটি স্পর্শক । এ বৃত্তের যে ব্যাসটি স্পর্শ বিন্দু দিয়ে অতিক্রম করে তার সমীকরণ নির্ণয় কর। [রা.'০২]

প্রমাণ ঃ $x^2 + y^2 - 2x - 6y = 10$ অর্থাৎ $x^2 + y^2 - 2x - 6y - 10 = 0$ বৃত্তের কেন্দ্র $(1,3)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{1+9+10} = \sqrt{20} = 2\sqrt{5}$

বৃত্তের কেন্দ্র $(1, 3)$ থেকে $x + 2y = 17$ অর্থাৎ $x + 2y - 17 = 0$ রেখার লম্বদূরত্ব $= \frac{|1+6-17|}{\sqrt{1+4}}$

$= \frac{|-10|}{\sqrt{5}} = 2\sqrt{5} =$ বৃত্তের ব্যাসার্ধ ।

রেখাটি প্রদত্ত বৃত্তের একটি স্পর্শক ।

২য় অংশ ঃ স্পর্শবিন্দুগামী ব্যাস স্পর্শকের উপর লম্ব এবং কেন্দ্র দিয়ে অতিক্রম করে। অতএব, $x + 2y = 17$ স্পর্শকের উপর লম্ব এবং কেন্দ্র $(1,3)$ দিয়ে অতিক্রম করে এরূপ ব্যাসের সমীকরণ $2x - y = 2.1 - 3 = -1$

$2x - y + 1 = 0$

7(a) $x^2 + y^2 - 3x + 10y - 15 = 0$ বৃত্তের $(4, -11)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ নির্ণয় কর। [সি. '০২; রা.'০৯]

সমাধান ঃ $x^2 + y^2 - 3x + 10y - 15 = 0$ বৃত্তের $(4, -11)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ,

$$x.4 + y.(-11) - \frac{3}{2}(x + 4) + 5(y - 11) - 15 = 0$$

[$xx_1 + yy_1 + g(x + x_1) + f(y + y_1) + c = 0$ সূত্র দ্বারা ।]

$\Rightarrow 8x - 22y - 3x - 12 + 10y - 110 - 30 = 0$

$5x - 12y - 152 = 0$ (Ans.)

7(b) $x^2 + y^2 = 45$ বৃত্তের $(6, -3)$ বিন্দুতে অঙ্কিত স্পর্শক $x^2 + y^2 - 4x + 2y - 35 = 0$ বৃত্তকে A ও B বিন্দুতে ছেদ করে। দেখাও যে, A ও B বিন্দুতে অঙ্কিত স্পর্শক পরস্পর লম্ব। [প্র.ভ.প.'০০]

প্রমাণ ঃ $x^2 + y^2 = 45$ বৃত্তের $(6, -3)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ, $x.6 + y.(-3) = 45$

$\Rightarrow 2x - y = 15 \Rightarrow y = 2x - 15 \cdots (1)$

$x^2 + y^2 - 4x + 2y - 35 = 0 \quad \cdots (2)$

বৃত্তে $y = 2x - 15$ বসিয়ে পাই,

$x^2 + (2x - 15)^2 - 4x + 2(2x - 15) - 35 = 0$

$\Rightarrow x^2 + 4x^2 - 60x + 225 - 4x + 4x - 30 - 35 = 0$

$\Rightarrow 5x^2 - 60x + 160 = 0$

$\Rightarrow x^2 - 12x + 32 = 0 \Rightarrow (x - 4)(x - 8) = 0$

$\Rightarrow x = 4, 8$

(1) হতে পাই, $y = 2.4 - 15 = 8 - 15 = -7$

এবং $y = 2.8 - 15 = 16 - 15 = 1$

$\therefore$ (1) রেখাটি (2) বৃত্তকে $A(4, -7)$ ও $B(8, 1)$ বিন্দুতে ছেদ করে।

$x^2 + y^2 - 4x + 2y - 35 = 0$

(2) বৃত্তের A(4, –7) বিন্দুতে অঙ্কিত স্পর্শকের সমীকরণ, x.4 + y.(–7) –2(x + 4) + (y – 7) –35 = 0

$\Rightarrow$ 4x – 7y – 2x – 8 + y – 7 – 35 = 0

$\Rightarrow$ 2x –6y –50 = 0 $\Rightarrow$ x –3y – 25 = 0 ,যার ঢাল = $-\frac{1}{-3}=\frac{1}{3}$

আবার (2) বৃত্তের B(8, 1) বিন্দুতে অঙ্কিত স্পর্শকের সমীকরণ,

x.8 + y.1 –2(x + 8) + (y + 1) –35 = 0

$\Rightarrow$ 8x + y – 2x – 16 + y + 1 – 35 = 0

$\Rightarrow$ 6x + 2y–50 = 0 $\Rightarrow$ 3x + y – 25= 0, যার ঢাল = $-\frac{3}{1}=-3$

এ ঢালদ্বয়ের গুণফল = $\frac{1}{3}\times -3 = -1$

A ও B বিন্দুতে অঙ্কিত স্পর্শক পরস্পর লম্ব।

8.(a) $x^2+y^2=20$ বৃত্তের 2 ভুজবিশিষ্ট বিন্দুতে স্পর্শকের সমীকরণ নির্ণয় কর।

[ব.'০৫; সি.'০৯; রা.'১০; দি.'১১]

সমাধান ঃ ধরি, 2 ভুজবিশিষ্ট বিন্দুর স্থানাঙ্ক (2, β), যা প্রদত্ত বৃত্ত $x^2+y^2=20$ এর উপর অবস্থিত।

$4+\beta^2=20 \Rightarrow \beta^2=16 \Rightarrow \beta = 4, -4$

2 ভুজবিশিষ্ট বিন্দুর স্থানাঙ্ক (2,4) এবং (2,–4)

প্রদত্ত বৃত্তের (2,4) এবং (2,–4) বিন্দুতে স্পর্শকের সমীকরণ x.2 + y.4 = 20 $\Rightarrow$ x + 2y = 10 এবং x.2 + y.(–4) = 20 $\Rightarrow$ x – 2y = 10

8(b) $x^2+y^2=13$ বৃত্তের 2 কোটিবিশিষ্ট বিন্দুতে স্পর্শকের সমীকরণ নির্ণয় কর। [য.'০৮]

সমাধান ঃ ধরি, 2 কোটিবিশিষ্ট বিন্দুর স্থানাঙ্ক (α, 2), যা প্রদত্ত বৃত্ত $x^2+y^2=13$ এর উপর অবস্থিত।

$\alpha^2+4=13 \Rightarrow \alpha^2=9 \Rightarrow \alpha = 3, -3$

2 ভুজবিশিষ্ট বিন্দুর স্থানাঙ্ক (3,2) এবং (–3,2)

প্রদত্ত বৃত্তের (3,2) এবং (–3,2) বিন্দুতে স্পর্শকের সমীকরণ x.3 + y.2 = 13 $\Rightarrow$ 3x + 2y = 13 এবং x.(–3) + y.2 =13 $\Rightarrow$ 3x – 2y +13 = 0

9.(a) (1, – 1) বিন্দু থেকে $2x^2+2y^2-x+3y+1=0$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য নির্ণয় কর।

[য.'০২; কু.'১৩; চ.'১১]

সমাধান ঃ (1, – 1) বিন্দু থেকে $2x^2+2y^2-x+3y+1=0$ অর্থাৎ $x^2+y^2-\frac{1}{2}x+\frac{3}{2}y+\frac{1}{2}=0$

বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য

$=\sqrt{1^2+(-1)^2-\frac{1}{2}.1+\frac{3}{2}(-1)+\frac{1}{2}}$

$=\sqrt{2-\frac{1}{2}-\frac{3}{2}+\frac{1}{2}}=\sqrt{\frac{4-3}{2}}=\frac{1}{\sqrt{2}}$ একক।

9. (b) (3, – 3) বিন্দু থেকে $x^2+y^2+8x+4y-5=0$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের সমীকরণ এবং দৈর্ঘ্য নির্ণয় কর। **[য.'০১]**

সমাধান ঃ $x^2+y^2+8x+4y-5=0$ বৃত্তের কেন্দ্র (– 4, –2) এবং ব্যাসার্ধ $=\sqrt{16+4+5}=5$

ধরি, (3, – 3) বিন্দুগামী স্পর্শকের সমীকরণ y + 3 = m(x –3) অর্থাৎ mx – y – 3m – 3 = 0

এ রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র (– 4, –2) থেকে এর দূরত্ব ব্যাসার্ধ $\sqrt{17}$ এর সমান হবে।

$$\left|\frac{-4m+2-3m-3}{\sqrt{m^2+1}}\right| = 5$$

$\Rightarrow (-7m-1)^2 = 25(m^2+1)$ [বর্গ করে]

$\Rightarrow 49m^2+14m+1=25m^2+25$

$\Rightarrow 24m^2+14m-24=0$

$\Rightarrow 12m^2+7m-12=0$

$\Rightarrow 12m^2+16m-9m-12=0$

$\Rightarrow 4m(3m+4)-3(3m+4)=0$

$\Rightarrow (3m+4)(4m-3)=0$

$m=-\frac{4}{3},\frac{3}{4}$

স্পর্শকের সমীকরণ $y+3=\frac{3}{4}(x-3)$

$\Rightarrow 4y+12=3x-9 \therefore 3x-4y=21$ এবং

$y+3=-\frac{4}{3}(x-3) \Rightarrow 3y+9=-4x+12$

$4x+3y=3$

২য় অংশ ঃ (3, –3) বিন্দু থেকে $x^2 + y^2 + 8x + 4y - 5 = 0$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য

$$= \sqrt{(3)^2 + (-3)^2 + 8.3 + 4.(-3) - 5}$$
$$= \sqrt{9 + 9 + 24 - 12 - 5} = \sqrt{25} = 5 \text{ একক।}$$

10.(a) (1, – 3) কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত $2x - y - 4 = 0$ রেখাকে স্পর্শ করে। তার সমীকরণ নির্ণয় কর।
[ব.'০৩; সি.'০৯; দি.'১০; য.'১২]

সমাধান ঃ বৃত্তের ব্যাসার্ধ = কেন্দ্র (1, – 3) হতে $2x - y - 4 = 0$ স্পর্শকের লম্ব দূরত্ব

$$= \frac{|2.1 + 3 - 4|}{\sqrt{4 + 1}} = \frac{1}{\sqrt{5}}$$

(1, – 3) কেন্দ্র ও $\frac{1}{\sqrt{5}}$ ব্যাসার্ধ বিশিষ্ট নির্ণেয় বৃত্তের সমীকরণ $(x - 1)^2 + (y + 3)^2 = (\frac{1}{\sqrt{5}})^2$

$$\Rightarrow 5(x^2 - 2x + 1 + y^2 + 6y + 9) = 1$$
$$\Rightarrow 5x^2 + 5y^2 - 10x + 30y + 50 - 1 = 0$$
$$5x^2 + 5y^2 - 10x + 30y + 49 = 0$$

10(b) $\sqrt{2}$ ব্যাসার্ধবিশিষ্ট দুইটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যারা $x + y + 1 = 0$ রেখাকে স্পর্শ করে এবং যাদের কেন্দ্র x-অক্ষের উপর অবস্থিত। [সি.'০৩,'১১]

সমাধান ঃ ধরি, x-অক্ষের উপর অবস্থিত বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক (α , 0).

$x + y + 1 = 0$ রেখাটি বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র (α , 0) থেকে এর দূরত্ব ব্যাসার্ধ $\sqrt{2}$ এর সমান হবে।

$$\frac{|\alpha + 0 + 1|}{\sqrt{1^2 + 1^2}} = \sqrt{2} \Rightarrow |\alpha + 1| = 2$$
$$\Rightarrow \alpha + 1 = \pm 2 \;\therefore \alpha = 1, -3$$

বৃত্ত দুইটির কেন্দ্র (1 , 0) এবং (– 3, 0)

নির্ণেয় বৃত্তের সমীকরণ $(x-1)^2 + y^2 = (\sqrt{2})^2$

$$\Rightarrow x^2 + y^2 - 2x + 1 = 2$$

$x^2 + y^2 - 2x - 1 = 0$ (Ans.) এবং

$$(x + 3)^2 + y^2 = (\sqrt{2})^2$$
$$\Rightarrow x^2 + 6x + 9 + y^2 = 2$$

$x^2 + y^2 + 6x + 7 = 0$ (Ans.)

10(c) (p , q) কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত মূলবিন্দু দিয়ে অতিক্রম করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর এবং প্রমাণ কর যে, মূলবিন্দুতে বৃত্তটির স্পর্শকের সমীকরণ হবে $px + qy = 0$. [কু.'০৩; য.'০৭]

সমাধান ঃ নির্ণেয় বৃত্তের ব্যাসার্ধ = কেন্দ্র (p , q) হতে মূলবিন্দুর দূরত্ব = $\sqrt{p^2 + q^2}$

(p , q) কেন্দ্র ও $\sqrt{p^2 + q^2}$ ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের সমীকরণ $(x - p)^2 + (y - q)^2 = p^2 + q^2$

$$\Rightarrow x^2 + y^2 - 2px - 2qy + p^2 + q^2 = p^2 + q^2$$

$x^2 + y^2 - px - qx = 0$ (Ans.)

২য় অংশ ঃ $x^2 + y^2 - px - qx = 0$ বৃত্তে মূলবিন্দুতে স্পর্শকের সমীকরণ,

$$x.0 + y.0 - \frac{1}{2}p(x + 0) - \frac{1}{2}q(y + 0) = 0$$
$$\Rightarrow -px - qy = 0 \;\therefore px + qy = 0 \text{ (Proved)}$$

11.(a) $y = 2x$ রেখাটি $x^2 + y^2 = 10x$ বৃত্তের একটি জ্যা। উক্ত জ্যাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ নির্ণয় কর।[কু.'০৪; চ.'০৩; দি.'০৯; য.'১০]

সমাধান ঃ ধরি, $y = 2x$ অর্থাৎ $2x - y = 0 \cdots (1)$ রেখা এবং $x^2 + y^2 - 10x = 0$ বৃত্তের ছেদবিন্দুগামী বৃত্তের সমীকরণ,

$$x^2 + y^2 - 10x + k(2x - y) = 0$$
$$\Rightarrow x^2 + y^2 + (-10 + 2k)x - ky = 0 \cdots (2)$$

(2) বৃত্তের কেন্দ্র $(-\frac{-10 + 2k}{2}, -\frac{-k}{2})$

$$= (5 - k, \frac{k}{2})$$

প্রদত্ত রেখাটি (2) বৃত্তের ব্যাস বলে এর কেন্দ্র $2x - y = 0$ রেখার উপর অবস্থিত হবে।

$$2(5 - k) - \frac{k}{2} = 0 \Rightarrow 20 - 4k - k = 0$$
$$\Rightarrow 5k = 20 \Rightarrow k = 4$$

(2) এ k এর মান বসিয়ে পাই,

$$x^2 + y^2 + (-10 + 8)x - 4y = 0$$

$\therefore x^2 + y^2 - 2x - 4y = 0$ (Ans.)

বিকল্প পদ্ধতি : $y = 2x \cdots (1)$ হতে y এর মান প্রদত্ত বৃত্তের সমীকরণে বসিয়ে পাই, $x^2 + (2x)^2 = 10x$

$$\Rightarrow x^2 + 4x^2 - 10x = 0 \Rightarrow 5x^2 - 10x = 0$$
$$\Rightarrow 5x(x - 2) = 0 \Rightarrow x = 0, 2$$

(1) হতে পাই, $y = 2.0 = 0$ এবং $y = 2.2 = 4$

প্রদত্ত বৃত্তের (1) জ্যা এর প্রান্তবিন্দু দুইটি (0,0) এবং (2,4).

(0,0) এবং (2,4) বিন্দু দুইটির সংযোগ রেখাংশকে ব্যাস ধরে অঙ্কিত নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$(x - 0)(x-2) + (y - 0)(y - 4) = 0$

$x^2 + y^2 - 2x - 4y = 0$ (Ans.)

11. (b) (3 , 7) ও (9 , 1) বিন্দু দুইটিকে একটি ব্যাসের প্রান্তবিন্দু ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ নির্ণয় কর এবং দেখাও যে, বৃত্তটি $x - y + 4 = 0$ রেখাকে স্পর্শ করে। [চ.'০৫; কু.'০৯; ঢা.'১২]

সমাধান ঃ (3 , 7) ও (9 1) বিন্দু দুইটিকে একটি ব্যাসের প্রান্তবিন্দু ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ,

$(x - 3)(x - 9) + (y - 7)(y -1) = 0$

$\Rightarrow x^2 - 12x + 27 + y^2 - 8y + 7 = 0$

$x^2 + y^2 -12x - 8y + 34 = 0 \cdots (1)$

২য় অংশ ঃ (1) বৃত্তের কেন্দ্র (6 , 4) এবং ব্যাসার্ধ $= \sqrt{36 + 16 - 34} = \sqrt{18} = 3\sqrt{2}$

এখন কেন্দ্র (6 , 4) থেকে $x - y + 4 = 0$ রেখার লম্ব দূরত্ব $= \dfrac{6-4+4}{\sqrt{1+1}} = \dfrac{6}{\sqrt{2}} = 3\sqrt{2} =$ বৃত্তের ব্যাসার্ধ ।

বৃত্তটি প্রদত্ত রেখাকে স্পর্শ করে।

12.(a) (3, –1) বিন্দুগামী একটি বৃত্ত x-অক্ষকে (2, 0) বিন্দুতে স্পর্শ করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর। মূলবিন্দু দিয়ে অতিক্রমকারী অপর স্পর্শকটির সমীকরণ নির্ণয় কর। [ঢা.'০৫; কু.'১২]

সমাধান ঃ ধরি, বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0 \quad (1)$

(1) বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে।

$c = g^2 \quad (2)$

(1) বৃত্তটি (2, 0) বিন্দু দিয়ে অতিক্রম করে।

$4 + 0 + 4g + 0 + c = 0$

$\Rightarrow 4 + 4g + g^2 = 0 \; [\because c = g^2]$

$\Rightarrow (g + 2)^2 = 0 \Rightarrow g + 2 = 0 \Rightarrow g = -2$

(2) হতে পাই, $c = (-2)^2 = 4$

আবার (1) বৃত্তটি (3, –1) বিন্দু দিয়ে অতিক্রম করে বলে, $9 + 1 + 6g - 2f + c = 0$

$\Rightarrow 10 + 6.(-2) - 2f + 4 = 0$

$\Rightarrow 14 - 12 - 2f = 0 \Rightarrow 2 - 2f = 0 \Rightarrow f = 1$

(1) এ g, f ও c এর মান বসিয়ে পাই,

$x^2 + y^2 - 4x + 2y + 4 = 0$

২য় অংশ ঃ ধরি, মূলবিন্দু দিয়ে অতিক্রমকারী অপর স্পর্শকটির সমীকরণ $y = mx$ অর্থাৎ $mx - y = 0$, $m \neq 0$.

এ রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র (2, –1) থেকে এর দূরত্ব ব্যাসার্ধ $\sqrt{4+1-4} = 1$ এর সমান হবে।

$\left|\dfrac{2m+1}{\sqrt{m^2+1}}\right| = 1 \Rightarrow (2m + 1)^2 = m^2 + 1$

$\Rightarrow 4m^2 + 4m + 1 = m^2 + 1$

$\Rightarrow 3m^2 + 4m = 0 \Rightarrow 3m + 4 = 0$

$\Rightarrow m = -\dfrac{4}{3}$

মূলবিন্দু দিয়ে অতিক্রমকারী অপর স্পর্শকটির সমীকরণ $y = -\dfrac{4}{3}x \quad \therefore 4x + 3y = 0$ (Ans.)

12 (b) b ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্ত যার কেন্দ্রের ভুজ ও কোটি উভয়ই ধনাত্মক , x-অক্ষ এবং $3y = 4x$ সরলরেখাকে স্পর্শ করে ; তার সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ ধরি, b ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের সমীকরণ $(x - h)^2 + (y - k)^2 = b^2 \cdots (1)$; এখানে h, k উভয়ই ধনাত্মক ।

(1) বৃত্ত x-অক্ষকে স্পর্শ করে।

বৃত্তের ব্যাসার্ধ, $b = |$ কেন্দ্রের কোটি $| = |k| = k$

আবার, (1) বৃত্ত $3y = 4x$ অর্থাৎ $4x - 3y = 0$ রেখাকে স্পর্শ করলে কেন্দ্র (h, k) থেকে এর দূরত্ব ব্যাসার্ধ b এর সমান হবে ।

$\dfrac{|4h - 3k|}{\sqrt{4^2 + 3^2}} = b \Rightarrow |4h - 3b| = 5b$

$\Rightarrow 4h - 3b = \pm 5b$

$4h = 8b$ অথবা, $4h = -2b$

$\Rightarrow h = 2b$ অথবা, $h = -\dfrac{b}{2}$; কিন্তু $h>0$.

$h = 2b$

(1) এ h ও k এর মান বসিয়ে পাই,

$(x - 2b)^2 + (y - b)^2 = b^2$

$\Rightarrow x^2 - 4bx + 4b^2 + y^2 - 2by + b^2 + b^2 = 0$

$x^2 + y^2 - 4bx - 2by + 4b^2 = 0$ (Ans.)

12 (c) $2x + 3y - 5 = 0$ রেখাটি (3 , 4) কেন্দ্রবিশিষ্ট বৃত্তের স্পর্শক। বৃত্তটি y-অক্ষের যে অংশ ছেদ করে তার পরিমাণ নির্ণয় কর। [য.'০৪; কু.'০৭]

সমাধান ঃ বৃত্তের ব্যাসার্ধ r = কেন্দ্র (3 , 4) হতে প্রদত্ত স্পর্শকের লম্বদূরত্ব $= \frac{|6+12-5|}{\sqrt{4+9}} = \frac{13}{\sqrt{13}}$

$= \sqrt{13}$

বৃত্তটি y-অক্ষের যে অংশ ছেদ করে তার পরিমাণ

$= 2\sqrt{r^2 - h^2}$, এখানে h = কেন্দ্রের ভুজ = 3

$= 2\sqrt{(\sqrt{13})^2 - 3^2} = 2\sqrt{13-9} = 2.2 = 4$

13.(a) $x^2 + y^2 = 144$ বৃত্তের একটি জ্যা এর সমীকরণ নির্ণয় কর যার মধ্যবিন্দু (4, – 6) বিন্দুতে অবস্থিত। [চ.'০৯; দি.'০৯,'১১;রা.'০৫;য.'০৬; ঢা.'০৭; মা.'০৪; কু.'১০; সি.'১১]

সমাধান ঃ ধরি, প্রদত্ত বৃত্ত $x^2 + y^2 = 144$ এর কেন্দ্র O(0 , 0) এবং জ্যা এর মধ্যবিন্দু P(4, –6).



OP রেখার সমীকরণ $y = \frac{-6}{4}x \Rightarrow 2y = -3x$

$\Rightarrow 3x + 2y = 0$

P(4, –6) বিন্দুগামী এবং 3x + 2y = 0 রেখার উপর লম্ব নির্ণেয় জ্যা এর সমীকরণ,

$2x - 3y = 2.4 - 3.(-6) = 8 + 18 = 26$

$2x - 3y = 26$ (Ans.)

13.(b) $x^2 + y^2 - 6x + 10y - 21 = 0$ বৃত্তের একটি জ্যা এর সমীকরণ ও দৈর্ঘ্য নির্ণয় কর যার মধ্যবিন্দু (1, – 2) বিন্দুতে অবস্থিত।

সমাধান ঃ



ধরি, প্রদত্ত বৃত্ত $x^2 + y^2 - 6x + 10y - 21 = 0$

এর কেন্দ্র O(3 , – 5) এবং AB জ্যা এর মধ্যবিন্দু P(1, – 2).

OP রেখার ঢাল $= \frac{-5+2}{3-1} = \frac{-3}{2}$

OP ⊥ AB বলে, AB এর ঢাল $= \frac{2}{3}$

P(1, –2) বিন্দুগামী $\frac{2}{3}$ ঢাল বিশিষ্ট নির্ণেয় জ্যা AB এর সমীকরণ, $y + 2 = \frac{2}{3}(x - 1)$

$\Rightarrow 3y + 6 = 2x - 2$

$2x - 3y - 8 = 0$ (Ans.)

২য় অংশ ঃ $OP = \sqrt{(3-1)^2 + (-2+5)^2}$

$= \sqrt{4+9} = \sqrt{13}$

OA = বৃত্তের ব্যাসার্ধ $= \sqrt{3^2 + 5^2 + 21}$

$= \sqrt{9+25+21} = \sqrt{55}$

OAP সমকোণী ত্রিভুজে OA অতিভুজ।

$AP^2 = OA^2 - OP^2 = 55 - 13 = 42$

$\Rightarrow AP = \sqrt{42}$

নির্ণেয় জ্যা এর দৈর্ঘ্য $AB = 2\ AP = 2\sqrt{42}$

বিকল্প পদ্ধতি ঃ $x^2 + y^2 - 6x + 10y - 21 = 0$ বৃত্তের যে জ্যাটি (1 , –2) বিন্দুতে সমদ্বিখণ্ডিত হয় তার সমীকরণ, $x.1 + y.(-2) - 3(x + 1) + 5(y - 2) - 21 = 1^2 + (-2)^2 - 6.1 + 10.(-2) - 21$ [$T = S_1$ সূত্রের সাহায্যে ।]

$\Rightarrow x - 2y - 3x - 3 + 5y - 10 = 1 + 4 - 6 - 20$

$\Rightarrow -2x + 3y - 13 + 21 = 0$

$2x - 3y - 8 = 0$ (Ans.)

২য় অংশ ঃ প্রদত্ত বৃত্তের কেন্দ্র (3 , –5) এবং ব্যাসার্ধ r $= \sqrt{9+25+21} = \sqrt{55}$.

কেন্দ্র (3 , –5) এবং জ্যা এর মধ্যবিন্দু (1, –2) এর দূরত্ব $d = \sqrt{(3-1)^2 + (-5+2)^2} = \sqrt{13}$

জ্যা এর দৈর্ঘ্য $= 2\sqrt{r^2 - d^2} = 2\sqrt{55-13}$

$= 2\sqrt{44}$ একক।

14. (a) $x^2 + y^2 + 6x + 2y + 6 = 0$ ও $x^2 + y^2 + 8x + y + 10 = 0$ বৃত্ত দুইটির সাধারণ জ্যাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [ব.'০৫]

সমাধান ঃ ধরি, $S_1 \equiv x^2 + y^2 + 6x + 2y + 6 = 0$

এবং $S_2 \equiv x^2 + y^2 + 8x + y + 10 = 0$

বৃত্ত দুইটির সাধারণ জ্যা এর সমীকরণ,

$S_1 - S_2 = 0 \Rightarrow -2x + y - 4 = 0$

$\Rightarrow 2x - y + 4 = 0 \cdots \cdots (1)$

ধরি, এ সাধারণ জ্যাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ $x^2 + y^2 + 6x + 2y + 6 + k(2x - y + 4) = 0$

$\Rightarrow x^2 + y^2 + (6 + 2k)x + (2 - k)y + 6 + 4k = 0 \cdots (2)$

(2) বৃত্তের কেন্দ্র $(-k-3, \frac{k-2}{2})$, যা সাধারণ জ্যা (1) এর উপর অবস্থিত।

$2(-k-3) - \frac{k-2}{2} + 4 = 0$

$\Rightarrow -4k - 12 - k + 2 + 8 = 0$

$\Rightarrow -5k - 2 = 0 \Rightarrow k = -\frac{2}{5}$

নির্ণেয় বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 + 6x + 2y + 6 - \frac{2}{5}(2x - y + 4) = 0$

$\Rightarrow 5(x^2 + y^2) + 30x + 10y + 30 - 4x + 2y - 8 = 0$

$5(x^2 + y^2) + 26x + 12y + 22 = 0$

14 (b) $(x-p)^2 + (y-q)^2 = r^2$ ও $(x-q)^2 + (y-p)^2 = r^2$ বৃত্ত দুইটির সাধারণ জ্যা এর দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান ঃ প্রদত্ত বৃত্তের সমীকরণদ্বয়কে লিখা যাই,

$x^2 + y^2 - 2px - 2qy + p^2 + q^2 - r^2 = 0$

এবং $x^2 + y^2 - 2qx - 2py + p^2 + q^2 - r^2 = 0$

বৃত্ত দুইটির সাধারণ জ্যা এর সমীকরণ,

$(-2p + 2q)x + (-2q + 2p)y = 0$

$\Rightarrow x - y = 0 \cdots \cdots (1)$

১ম বৃত্তের কেন্দ্র (p, q) এবং ব্যাসার্ধ $= r$

কেন্দ্র (p, q) থেকে (1) সাধারণ জ্যা এর লম্বদূরত্ব $d = \frac{|p-q|}{\sqrt{1+1}} = \frac{|p-q|}{\sqrt{2}}$

সাধারণ জ্যা এর দৈর্ঘ্য $= 2\sqrt{r^2 - d^2}$

$= 2\sqrt{r^2 - \frac{|p-q|^2}{(\sqrt{2})^2}} = \sqrt{4r^2 - \frac{4(p-q)^2}{2}}$

$= \sqrt{4r^2 - 2(p-q)^2}$ (Ans.)

14 (c) $x^2 + y^2 - 4x + 6y - 36 = 0$ ও $x^2 + y^2 - 5x + 8y - 43 = 0$ বৃত্ত দুইটির সাধারণ জ্যা এর সমীকরণ নির্ণয় কর।[প্র.ভ.প.'০৫;'০৬]

সমাধান ঃ ধরি, $S_1 \equiv x^2 + y^2 - 4x + 6y - 36 = 0$

এবং $S_2 \equiv x^2 + y^2 - 5x + 8y - 43 = 0$

বৃত্ত দুইটির সাধারণ জ্যা এর সমীকরণ,

$S_1 - S_2 = 0$

$\Rightarrow (-4 + 5)x + (6 - 8)y + (-36 + 43) = 0$

$x - 2y + 7 = 0$ (Ans.)

15.(a) দেখাও যে, $x^2 + y^2 - 2x + 4y - 31 = 0$ ও $x^2 + y^2 + 4x - 4y + 7 = 0$ বৃত্ত দুইটি পরস্পরকে অন্তঃস্থভাবে স্পর্শ করে। সাধারণ স্পর্শক ও স্পর্শ বিন্দু নির্ণয় কর। [ব.'১১]

প্রমাণ ঃ $x^2 + y^2 - 2x + 4y - 31 = 0$ বৃত্তের কেন্দ্র $C_1(1, -2)$ ও ব্যাসার্ধ $r_1 = \sqrt{1 + 4 + 31} = 6$

এবং $x^2 + y^2 + 4x - 4y + 7 = 0$ বৃত্তের কেন্দ্র $C_2(-2, 2)$ ও ব্যাসার্ধ $r_2 = \sqrt{4 + 4 - 7} = 1.$

$C_1C_2 = \sqrt{(1+2)^2 + (-2-2)^2}$

$= \sqrt{9 + 16} = 5 = 6 - 1 = r_1 - r_2$

প্রদত্ত বৃত্ত দুইটি পরস্পরকে অন্তঃস্থভাবে স্পর্শ করে।



সাধারণ স্পর্শক অর্থাৎ সাধারণ জ্যা এর সমীকরণ,

$(-2 - 4)x + (4 + 4)y + (-31 - 7) = 0$

$\Rightarrow -6x + 8y - 38 = 0$

$3x - 4y + 19 = 0$ (Ans.)

এ সাধারণ স্পর্শক কেন্দ্রদ্বয়ের সংযোগ রেখাংশ C_1C_2 কে ব্যাসার্ধদ্বয়ের অনুপাতে অর্থাৎ $r_1 : r_2$ অনুপাতে

বহির্বিভক্ত করবে। অতএব, স্পর্শবিন্দুর স্থানাঙ্ক $= (\frac{6.(-2)-1.1}{6-1}, \frac{6.2-1.(-2)}{6-1}) = (-\frac{13}{5}, \frac{14}{5})$

15(b) দেখাও যে, $x^2+y^2+2gx+2fy+c=0$ যেকোন বিন্দু হতে $x^2+y^2+2gx+2fy+c'=0$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য $\sqrt{c'-c}$.

প্রমাণ : ধরি, (α, β) প্রথম বৃত্তের উপর যেকোন বিন্দু ।

$$\alpha^2+\beta^2+2g\alpha+2f\beta+c=0$$
$$\Rightarrow \alpha^2+\beta^2+2g\alpha+2f\beta = -c \cdots(1)$$

এখন (α, β) বিন্দু থেকে দ্বিতীয় বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য $= \sqrt{\alpha^2+\beta^2+2g\alpha+2f\beta+c'}$

$$= \sqrt{-c+c'} = \sqrt{c'-c} \text{ (Showed)}$$

16.(a) $(-5, 4)$ বিন্দু থেকে $x^2+y^2-2x-4y+1=0$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের সমীকরণ নির্ণয় কর। [য.'০১; ঢা.'০৫,'১৩]

সমাধান ঃ $x^2+y^2-2x-4y+1=0 \cdots(1)$

বৃত্তের কেন্দ্র $(1, 2)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{1+4-1} = 2$

ধরি, $(-5, 4)$ বিন্দুগামী সাপর্শকের সমীকরণ $y-4=m(x+5)$ অর্থাৎ $mx-y+5m+4=0$

বৃত্তের কেন্দ্র $(1, 2)$ থেকে এ স্পর্শকের লম্বদূরত্ব ব্যাসার্ধ 2 এর সমান হবে।

$$\frac{|m-2+5m+4|}{\sqrt{m^2+1}} = 2 \Rightarrow \frac{|6m+2|}{\sqrt{m^2+1}} = 2$$
$$\Rightarrow (3m+1)^2 = m^2+1$$
$$\Rightarrow 9m^2+6m+1 = m^2+1$$
$$\Rightarrow 8m^2+6m=0 \Rightarrow m(8m+6)=0$$
$$m = 0, -\frac{3}{4}$$

স্পর্শকের সমীকরণ $y-4=0$ এবং

$$y-4 = -\frac{3}{4}(x+5)$$
$$\Rightarrow 4y-16 = -3x-15 \quad \therefore 3x+4y-1=0$$

16.(b) মূলবিন্দু থেকে $x^2+y^2-10x+20=0$ বৃত্তে অঙ্কিত স্পর্শক দুইটির সমীকরণ নির্ণয় কর। [ঢা.'০৮,'১১; রা.'১০,'১৩; সি.'১০; য.'০৫; চ. '০৬,'০৯,'১৩ ব.'১২]

সমাধান ঃ $x^2+y^2-10x+20=0 \cdots(1)$

বৃত্তের কেন্দ্র $(5, 0)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{25-20} = \sqrt{5}$

ধরি, মূলবিন্দু $(0, 0)$ দিয়ে অতিক্রমকারী সাপর্শকের সমীকরণ $y=mx$ অর্থাৎ $mx-y=0$

বৃত্তের কেন্দ্র $(5, 0)$ থেকে এ স্পর্শকের লম্বদূরত্ব ব্যাসার্ধ $\sqrt{5}$ এর সমান হবে।

$$\frac{|5m-0|}{\sqrt{m^2+1}} = \sqrt{5} \Rightarrow 25m^2 = 5(m^2+1)$$
$$\Rightarrow 5m^2 = m^2+1 \Rightarrow 4m^2 = 1 \therefore m = \pm\frac{1}{2}$$
$$(3m+1)^2 = m^2+1$$

স্পর্শক দুইটির সমীকরণ $y = \frac{1}{2}x \Rightarrow x-2y=0$

এবং $y = -\frac{1}{2}x \Rightarrow x+2y=0$

16 (c) মূলবিন্দু থেকে $x^2+y^2-6x-4y+9=0$ বৃত্তে অঙ্কিত স্পর্শক দুইটির অন্তর্ভুক্ত কোণ নির্ণয় কর।

সমাধান ঃ $x^2+y^2-6x-4y+9=0 \quad \cdots(1)$

বৃত্তের কেন্দ্র $(3, 2)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{9+4-9} = 2$

ধরি, মূলবিন্দু $(0, 0)$ দিয়ে অতিক্রমকারী সাপর্শকের সমীকরণ $y=mx$ অর্থাৎ $mx-y=0$

বৃত্তের কেন্দ্র $(3, 2)$ থেকে এ স্পর্শকের লম্বদূরত্ব ব্যাসার্ধ 2 এর সমান হবে।

$$\frac{|3m-2|}{\sqrt{m^2+1}} = 2 \Rightarrow (3m-2)^2 = 4(m^2+1)$$
$$\Rightarrow 9m^2-12m+4 = 4m^2+4$$
$$\Rightarrow 5m^2-12m=0 \Rightarrow m(5m-12)=0$$
$$\therefore m = 0, \frac{12}{5}$$

স্পর্শক দুইটির সমীকরণ $y=0$ এবং $y=\frac{12}{5}x.$

এখন $y=\frac{12}{5}x$ রেখা $y=0$ রেখা অর্থাৎ x-অক্ষের সাথে θ কোণ উৎপন্ন করলে, $\tan\theta = m$

$\theta = \tan^{-1}\frac{12}{5}$, যা স্পর্শক দূইটির অন্তর্ভুক্ত কোণ।

17.(a) $x=0, y=0$ ও $x=a$ রেখা তিনটিকে স্পর্শ করে এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর।

[য.'০১; রা.'০৫; কু.'০৪,'১১]

সমাধান ঃ ধরি, বৃত্তের সমীকরণ

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$



বৃত্তটি $x = 0$ রেখাকে অর্থাৎ y-অক্ষকে এবং $y = 0$ রেখাকে অর্থাৎ x-অক্ষকে স্পর্শ করে ।

$f^2 = c$ এবং $g^2 = c$

$g^2 = f^2 = c$

আবার, বৃত্তটি $x = a$ অর্থাৎ $x - a = 0$ রেখাকে স্পর্শ করে । অতএব, বৃত্তের কেন্দ্র $(-g, -f)$ হতে রেখাটির লম্বদূরত্ব ব্যাসার্ধ $\sqrt{g^2 + f^2 - c}$ এর সমান হবে।

$$\frac{|-g - a|}{\sqrt{1}} = \sqrt{g^2 + f^2 - c}$$

$$\Rightarrow g^2 + 2ag + a^2 = g^2 + f^2 - c$$

$$\Rightarrow 2ag + a^2 = f^2 - f^2 \quad [\quad c = f^2]$$

$$\Rightarrow 2ag + a^2 = 0 \;\therefore g = -\frac{a}{2}$$

$$c = g^2 = (-\frac{a}{2})^2 = \frac{a^2}{4} \text{ এবং}$$

$$f^2 = g^2 = \frac{a^2}{4} \Rightarrow f = \pm\frac{a}{2}$$

নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$$x^2 + y^2 + 2(-\frac{a}{2})x + 2(\pm\frac{a}{2})y + \frac{a^2}{4} = 0$$

$$x^2 + y^2 - ax \pm ay + \frac{1}{4}a^2 = 0 \text{ (Ans.)}$$

17.(b) $\sqrt{2}$ ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা উভয় অক্ষকে স্পর্শ করে এবং যার কেন্দ্র তৃতীয় চতুর্ভাগে অবস্থিত। [প্র.ভ.প. '০৪]

সমাধান ঃ ধরি, বৃত্তের সমীকরণ,

$(x - h)^2 + (y - k)^2 = r^2$

দেওয়া আছে, বৃত্তের ব্যাসার্ধ $r = \sqrt{2}$

বৃত্তটি উভয় অক্ষকে স্পর্শ করে।

$r = |h| = |k|$

$\Rightarrow r = -h = -k = \sqrt{2}$ [কেন্দ্র তৃতীয় চতুর্ভাগে অবস্থিত, $\therefore h, k < 0$]

$h = k = -\sqrt{2}$

নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$$(x + \sqrt{2})^2 + (y + \sqrt{2})^2 = (\sqrt{2})^2$$

$$\Rightarrow x^2 + 2\sqrt{2}x + 2 + y^2 + 2\sqrt{2}y + 2 = 2$$

$$x^2 + y^2 + 2\sqrt{2}x + 2\sqrt{2}y + 2 = 0$$

17(c) (– 5, – 6) বিন্দুগামী একটি বৃত্ত $3x + 4y - 11 = 0$ রেখাকে (1 , 2) বিন্দুতে স্পর্শ করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ (1 2) বিন্দুতে বিন্দুবৃত্তের সমীকরণ

$$(x - 1)^2 + (y - 2)^2 = 0$$

$$\Rightarrow x^2 - 2x + 1 + y^2 - 4y + 4 = 0$$

$$\Rightarrow x^2 + y^2 - 2x - 4y + 5 = 0 \cdots (1)$$

(– 5 , – 6) বিন্দুগামী এবং (1) বৃত্ত ও প্রদত্ত রেখা $3x + 4y - 11 = 0$ এর ছেদ বিন্দুগামী বৃত্তের সমীকরণ,

$$\frac{x^2 + y^2 - 2x - 4y + 5}{3x + 4y - 11} = \frac{25 + 36 + 10 + 24 + 5}{-15 - 24 - 11}$$

$$\Rightarrow \frac{x^2 + y^2 - 2x - 4y + 5}{3x + 4y - 11} = \frac{100}{-50}$$

$$\Rightarrow x^2 + y^2 - 2x - 4y + 5 = -6x - 8y + 22$$

$$x^2 + y^2 + 4x + 4y - 17 = 0$$

18. $12x + 5y = 212$ সরলরেখা হতে $x^2 + y^2 - 2x - 2y = 167$ বৃত্তের উপর যে বিন্দুটির দূরত্ব ক্ষুদ্রতম তার স্থানাঙ্ক নির্ণয় কর ।

সমাধান ঃ প্রদত্ত বৃত্তের কেন্দ্র O(1, 1) এবং ব্যাসার্ধ $= \sqrt{1 + 1 + 167} = \sqrt{169} = 13$

$12x + 5y - 212 = 0 \cdots (1)$ রেখার উপর লম্ব এবং কেন্দ্র O(1 ,1) দিয়ে অতিক্রম করে এরূপ রেখার সমীকরণ, $5x - 12y = 5 \times 1 - 12 \times 1 = -7$

$\Rightarrow 5x - 12y + 7 = 0 \cdots (2)$



(1) ও (2) রেখার ছেদবিন্দু M হলে,

$$M \equiv (\frac{35 - 2544}{-144 - 25}, \frac{-1060 - 84}{-144 - 25})$$

$$= (\frac{-2509}{-169}, \frac{-1144}{-169}) = (\frac{193}{13}, \frac{88}{13})$$

$$OM = \sqrt{(1-\frac{193}{13})^2 + (1-\frac{88}{13})^2}$$

$$= \sqrt{\frac{32400+5625}{169}} = \sqrt{\frac{38025}{169}} = 15$$

ধরি, নির্ণেয় বিন্দুটি $A(\alpha, \beta)$।

$OA = 13$ এবং

$AM = OM - OA = 15 - 13 = 2$

$OA : AM = 13 : 2$

$$\therefore \alpha = \frac{13 \times \frac{193}{13} + 2 \times 1}{13+2} = \frac{195}{15} = 13$$

এবং $$\beta = \frac{13 \times \frac{88}{13} + 2 \times 1}{13+2} = \frac{90}{15} = 6$$

নির্ণেয় বিন্দুর স্থানাঙ্ক $(13, 6)$।

19.(a) $x^2 + y^2 = r^2$ বৃত্তের যেসব জ্যা (α, β) বিন্দুগামী তাদের মধ্যবিন্দুর সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ



ধরি, প্রদত্ত বৃত্ত $x^2 + y^2 = r^2$ এর কেন্দ্র $O(0 \quad 0)$ এবং $A(\alpha, \beta)$ বিন্দুগামী জ্যাসমূহের মধ্যবিন্দুর সঞ্চারপথের উপর $P(x, y)$ যেকোন একটি বিন্দু। তাহলে, $OP \perp AP$.

OP এর ঢাল $\times$ AP এর ঢাল $= -1$

$$\Rightarrow \frac{0-y}{0-x} \times \frac{y-\beta}{x-\alpha} = -1$$

$$\Rightarrow y(y-\beta) = -x(x-\alpha)$$

$x(x-\alpha) + y(y-\beta) = 0$, যা নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ।

19. (b) (b , 0) বিন্দু হতে $x^2 + y^2 = a^2$ বৃত্তের স্পর্শকের উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর সঞ্চারপথ নির্ণয় কর। [ঢা.'০৮]

সমাধান ঃ



ধরি, $A(b,0)$ বিন্দু হতে $x^2 + y^2 = a^2$ বৃত্তের স্পর্শকের উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর সঞ্চারপথের উপর $P(x, y)$ যেকোন একটি বিন্দু PT যেকোন একটি স্পর্শক। তাহলে, $AP \perp PT$.

PT স্পর্শকের ঢাল, $m = -\frac{b-x}{0-y} = \frac{b-x}{y}$

PT স্পর্শকের সমীকরণ, $y = mx \pm a\sqrt{m^2+1}$

$$\Rightarrow y = \frac{b-x}{y}x \pm a\sqrt{\frac{(b-x)^2}{y^2}+1}$$

$$\Rightarrow y^2 = bx - x^2 \pm a\sqrt{(b-x)^2 + y^2}$$

$$\Rightarrow x^2 + y^2 - bx = \pm a\sqrt{(b-x)^2 + y^2}$$

$(x^2 + y^2 - bx)^2 = a^2\{(b-x)^2 + y^2\}^2$, যা নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ।

19 (c) (h , k) বিন্দু থেকে $x^2 + y^2 = 12$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য $x^2 + y^2 + 5x + 5y = 0$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্যের দ্বিগুণ। (h, k) বিন্দুটির সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ (h, k) বিন্দু থেকে $x^2 + y^2 = 12$ অর্থাৎ $x^2 + y^2 - 12 = 0$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য $= \sqrt{h^2+k^2-12}$ এবং $(h \quad k)$ বিন্দু থেকে $x^2 + y^2 + 5x + 5y = 0$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্যের $= \sqrt{h^2+k^2+5h+5k}$

প্রশ্নমতে,

$$\sqrt{h^2+k^2-12} = 2\sqrt{h^2+k^2+5h+5k}$$

$$\Rightarrow h^2 + k^2 - 12 = 4(h^2 + k^2 + 5h + 5k)$$

$$\Rightarrow 3h^2 + 3k^2 + 20h + 20k + 12 = 0$$

এখন h কে x দ্বার এবং k কে y দ্বারা প্রতিস্থাপন করে পাই, $3x^2 + 3y^2 + 20x + 20y + 12 = 0$, যা নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ।

19 (d) যেসব বিন্দু থেকে $x^2 + y^2 = a^2$ বৃত্তে অঙ্কিত স্পর্শক দুইটি পরস্পর লম্ব হয় তাদের সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর। [প্র.ভ.প.'০৮]

সমাধান ঃ ধরি, প্রদত্ত বৃত্ত $x^2 + y^2 = a^2$ এর কেন্দ্র $O(0 \quad 0)$ এবং সঞ্চারপথের উপর $P(x, y)$ যেকোন একটি

বিন্দু থেকে অঙ্কিত PA ও PB স্পর্শক দুইটি পরস্পর লম্ব ।



PAOB চতুর্ভুজে,

$\angle A = \angle B = \angle P = 90°$

$\angle O = 90°$ তাছাড়া, AO = OB = a

PAOB একটি বর্গক্ষেত্র যার প্রতিটি বাহুর দৈর্ঘ্য a একক।

$PO^2 = PA^2 + AO^2$

$\Rightarrow x^2 + y^2 = a^2 + a^2$

$\therefore x^2 + y^2 = 2a^2$, যা নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ।

বিকল্প পদ্ধতি ঃ ধরি, প্রদত্ত বৃত্তে স্পর্শকের সমীকরণ,

$y = mx \pm a\sqrt{1+m^2}$

$\Rightarrow y - mx = \pm a\sqrt{1+m^2}$

$\Rightarrow y^2 - 2mxy + m^2x^2 = a^2(1 + m^2)$

$\Rightarrow (x^2 - a^2)m^2 - 2mxy + y^2 - a^2 = 0$

মূলদ্বয় m_1 ও m_2 হলে, শর্তমতে, $m_1 m_2 = -1$

$\frac{y^2 - a^2}{x^2 - a^2} = -1 \Rightarrow y^2 - a^2 = -x^2 + a^2$

$\therefore x^2 + y^2 = 2a^2$, যা নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ।

19(e) $3x - y - 1 = 0$ সরলরেখা $(x-2)^2 + y^2 = 5$ বৃত্তকে যে সূক্ষ্মকোণে ছেদ করে তা নির্ণয় কর।

সমাধান ঃ প্রদত্ত বৃত্ত $(x-2)^2 + y^2 = 5$ (1)

এবং সরলরেখা $3x - y - 1 = 0$

অর্থাৎ $y = 3x - 1$ (2)



(1) এ y- এর মান বসিয়ে পাই,

$(x-2)^2 + (3x-1)^2 = 5$

$\Rightarrow x^2 - 4x + 4 + 9x^2 - 6x + 1 = 5$

$\Rightarrow 10x^2 - 10x = 0$

$\Rightarrow x(x-1) = 0 \Rightarrow x = 0, 1$

(2) হতে পাই, $y = -1, 2$

(2) রেখা (1) বৃত্তকে $(0, -1)$ ও $(1,2)$ বিন্দুতে ছেদ করে।

(1) বৃত্তের কেন্দ্র (2,0).

$(0, -1)$ বিন্দুতে অভিলম্বের ঢাল $= \frac{0+1}{2-0} = \frac{1}{2}$

$(0, -1)$ বিন্দুতে স্পর্শকের ঢাল $= -2$

(2) রেখার ঢাল = 3.

ধরি, নির্ণেয় কোণ φ.

$\tan\varphi = \left|\frac{3+2}{1+3.(-2)}\right| = 1 \quad \varphi = 45°$

19(f) দেখাও যে, P(h , k) বিন্দু থেকে মূলবিন্দু দিয়ে অতিক্রমকারী সরলরেখার উপর অঙ্কিত লম্বের প্রাদবিন্দুর সঞ্চারপথ একটি বৃত্ত।



প্রমাণ ঃ ধরি, P(h , k) বিন্দু থেকে মূলবিন্দু O(0,0) দিয়ে অতিক্রমকারী সরলরেখার উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর সঞ্চারপথের উপর Q(x,y) যেকোন একটি বিন্দু । তাহলে, $OQ \perp PQ$

OQ এর ঢাল × PQ এর ঢাল = −1

$\Rightarrow \frac{y}{x} \times \frac{y-k}{x-h} = -1 \Rightarrow y^2 - ky = -x^2 - hx$

$\Rightarrow \therefore x^2 + y^2 + hx + ky = 0$, যা একটি বৃত্তের সমীকরণ নির্দেশ করে।

সঞ্চারপথটি একটি বৃত্ত।

20. সমাধান ঃ

(a) ব্যাসের দৈর্ঘ্য = $(2, -4)$ ও $(0, 0)$ বিন্দু দুইটির দৈর্ঘ্য $= \sqrt{2^2 + (-4)^2} = \sqrt{4+16}$

$= 2\sqrt{5}$ একক।

(b) ব্যাসটির সমীকরণ,

$(x-2)(-4-0) - (y+4)(2-0) = 0$

$\Rightarrow -4(x-2) - 2(y+4) = 0$

$\Rightarrow 2(x-2) + (y+4) = 0$

$\Rightarrow 2x - 4 + y + 4 = 0 \ \therefore 2x + y = 0$

আবার, (2 −4) ও (0 0) বিন্দু দুইটিকে একটি ব্যাসের প্রান্তবিন্দু ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ,

$(x-2)(x-0) + (y+4)(y-0) = 0$

$\Rightarrow x^2 - 2x + y^2 + 4y = 0$

$x^2 + y^2 - 2x + 4y = 0 \cdots (1)$ (Ans.)

(c) (2 −4) ও (0 0) বিন্দু দিয়ে অতিক্রমকারী ব্যাসের সমীকরণ, $y = \frac{-4}{2}x$

$\Rightarrow y = -2x \Rightarrow 2x + y = 0$

ধরি, $2x + y = 0$ ব্যাসের সমান্তরাল স্পর্শকের সমীকরণ $2x + y + k = 0$ (2)

(1) বৃত্ত (2) রেখাকে স্পর্শ করলে কেন্দ্র $(1, -2)$ থেকে এর দূরত্ব ব্যাসার্ধ $\sqrt{1+4} = \sqrt{5}$ এর সমান হবে।

$$\frac{|2-2+k|}{\sqrt{4+1}} = \sqrt{5} \Rightarrow |k| = 5 \Rightarrow k = \pm 5$$

(2) এ k এর মান বসিয়ে পাই, $2x + y \pm 5 = 0$

21. $\boldsymbol{x^2 + y^2 - 4x - 6y + c = 0}$ **বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে।**

(a) প্রদত্ত বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 + 2(-2)x + 2.(-3)y + c = 0$

বৃত্তের কেন্দ্র $(2, 3)$,

ব্যাসার্ধ $= \sqrt{2^2 + 3^2 - c} = \sqrt{13 - c}$

এবং বৃত্তটি দ্বারা x-অক্ষের খন্ডিতাংশ $= 2\sqrt{2^2 - c}$

$$= 2\sqrt{4 - c}$$

(b) প্রশ্নমালা IV B এর 2(c) দ্রষ্টব্য।

(c) প্রশ্নমালা IV A এর 4(c) দ্রষ্টব্য।

22. সমাধান: কার্তেসীয় ও পোলার স্থানাঙ্কের সম্পর্ক হতে পাই, $r^2 = x^2 + y^2$, $x = r\cos\theta$, $y = r\sin\theta$.

$r^2 = -4r\cos\theta$ হতে পাই,

$x^2 + y^2 = -4x \Rightarrow x^2 + y^2 + 4x = 0$

(a) বৃত্তটির কেন্দ্র $= (-\frac{4}{2}, \frac{0}{2}) = (-2, 0)$

এবং ব্যাসার্ধ $= \sqrt{2^2 + 0 - 0} =$

(b) খলিফার নিয়মানুসারে $(-6,5)$ ও $(-3, -4)$ বিন্দুগামী বৃত্তের সমীকরণ,

$$(x+6)(x+3) + (y-5)(y+4) + k\{(x+6)(5+4) - (y-5)(-6+3)\} = 0$$

$$\Rightarrow x^2 + 9x + 18 + y^2 - y - 20 + k(9x + 54 + 3y - 15) = 0$$

$$\Rightarrow x^2 + y^2 + 9x - y - 2 + k(9x + 3y + 39) = 0 \quad (1)$$

(1) বৃত্তটি $(2, 1)$ বিন্দুগামী বলে,

$$4 + 1 + 18 - 1 - 2 + k(18 + 3 + 39) = 0$$

$$\Rightarrow 60k = -20 \Rightarrow k = -\frac{1}{3}$$

(1) এ k এর মান বসিয়ে পাই,

$$x^2 + y^2 + 9x - y - 2 - 3x - y - 13 = 0$$

$$x^2 + y^2 + 6x - 2y - 15 = 0 \quad (1)$$

(c) দ্বিতীয় বৃত্তের কেন্দ্র $(-3, 1)$.

$(-2, 0)$ ও $(-3, 1)$ কেন্দ্রগামী সরলরেখার সমীকরেণ

$$\frac{x+2}{-2+3} = \frac{y-0}{0-1} \Rightarrow y = -x - 2$$

$x^2 + y^2 + 4x = 0$ বৃত্তে $y = -x - 2$ বসিয়ে পাই, $x^2 + (x+2)^2 + 4x = 0$

$$\Rightarrow x^2 + x^2 + 4x + 4 + 4x = 0$$

$$\Rightarrow 2x^2 + 8x + 4 = 0 \Rightarrow x^2 + 4x + 2 = 0$$

$$\Rightarrow x = \frac{-4 \pm \sqrt{16-8}}{2} = \frac{-4 \pm 2\sqrt{2}}{2}$$

$$= -2 \pm \sqrt{2}$$

$x = -2 + \sqrt{2}$ হলে, $y = 2 - \sqrt{2} - 2 = -\sqrt{2}$

$x = -2 - \sqrt{2}$ হলে, $y = 2 + \sqrt{2} - 2 = \sqrt{2}$

প্রথম বৃত্তের ব্যাসের প্রান্তবিন্দু

$(-2+\sqrt{2}, -\sqrt{2})$ ও $(-2-\sqrt{2}, \sqrt{2})$

কাজ

১। $x^2 + y^2 + 4x - 10y + 28 = 0$ বৃত্তের $(-2, 4)$ বিন্দুতে স্পর্শক ও অভিলম্বের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ $x^2 + y^2 + 4x - 10y + 28 = 0$ বৃত্তের $(-2, 4)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ,

$$x.(-2) + y.4 + 2(x-2) - 5(y+4) + 28 = 0$$

$$\Rightarrow -2x + 4y + 2x - 4 - 5y - 20 + 28 = 0$$

$$\Rightarrow -y + 4 = 0 \quad y = 4$$

এখন ধরি, $y = 4$ স্পর্শকের উপর লম্ব অভিলম্বের সমীকরণ $x = k$, যা $(-2, 4)$ বিন্দুগামী।

$$-2 = k \Rightarrow k = -2$$

অভিলম্বের সমীকরণ $x = -2 \Rightarrow x + 2 = 0$

২। $x^2 + y^2 = a^2$ বৃত্তে অঙ্কিত স্পর্শক x-অক্ষের সাথে $\tan^{-1}\frac{2}{5}$ কোণ উৎপন্ন করে। স্পর্শকের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ $x^2 + y^2 = a^2$ বৃত্তের কেন্দ্র (0 ,0) এবং ব্যাসার্ধ = a

ধরি, x-অক্ষের সাথে $\tan^{-1}\frac{2}{5}$ কোণ উৎপন্ন করে এরূপ রেখার সমীকরণ $y = \tan(\tan^{-1}\frac{2}{5})x + c$

$\Rightarrow y = \frac{2}{5}x + c \Rightarrow 2x - 5y + 5c = 0 \cdots (1)$

(1) রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র (0 0) থেকে এর দূরত্ব ব্যাসার্ধ a এর সমান হবে।

$$\frac{|5c|}{\sqrt{4+25}} = a \Rightarrow |5c| = \sqrt{29}\,a$$

$$\Rightarrow 5c = \pm\sqrt{29}\,a \qquad c = \pm\frac{\sqrt{29}a}{5}$$

নির্ণেয় স্পর্শকের সমীকরণ

$$2x - 5y + 5(\pm\frac{\sqrt{29}a}{5}) = 0$$

$$\Rightarrow 2x - 5y \pm \sqrt{29}a = 0 \text{ (Ans.)}$$

৩। $x^2 + y^2 = a^2$ বৃত্তে অঙ্কিত স্পর্শক অক্ষ দুইটির সাথে a^2 ক্ষেত্রফলবিশিষ্ট একটি ত্রিভুজ গঠন করে। স্পর্শকের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ $x^2 + y^2 = a^2$ বৃত্তের কেন্দ্র (0 ,0) এবং ব্যাসার্ধ = a. ধরি, স্পর্শকের সমীকরণ $\frac{x}{b} + \frac{y}{c} = 1$

অর্থাৎ $cx + by - ab = 0 \cdots (1)$

(1) রেখাটি অক্ষ দুইটির সাথে যে ত্রিভুজ গঠন করে তার ক্ষেত্রফল = $\frac{1}{2}bc$

প্রশ্নমতে , $\frac{1}{2}bc = a^2 \Rightarrow bc = 2a^2 \cdots (2)$

আবার, (1) রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র (0 , 0) থেকে এর দূরত্ব ব্যাসার্ধ a এর সমান হবে।

$$\left|\frac{0-0-bc}{\sqrt{c^2+b^2}}\right| = a \Rightarrow b^2c^2 = a^2(b^2+c^2)$$

$$\Rightarrow b^2c^2 = \frac{bc}{2}(b^2+c^2) \qquad [\,(2) \text{ দ্বারা}\,]$$

$$\Rightarrow b^2 + c^2 = 2bc \Rightarrow (b-c)^2 = 0$$

$$b - c = 0 \Rightarrow b = c$$

$$(2) \Rightarrow b^2 = 2a^2 \Rightarrow b = c = \pm\sqrt{2}a$$

নির্ণেয় স্পর্শকের সমীকরণ $\frac{x}{\pm\sqrt{2}a} + \frac{y}{\pm\sqrt{2}a} = 1$

$$x + y = \pm a\sqrt{2} \text{ (Ans.)}$$

৪। দেখাও যে, x-অক্ষ $x^2 + y^2 - 4x - 5y + 4 = 0$ বৃত্তের একটি স্পর্শক। মূলবিন্দু দিয়ে অতিক্রমকারী অপর স্পর্শকের সমীকরল নির্ণয় কর।

প্রমাণ ঃ $x^2 + y^2 - 4x - 5y + 4 = 0$ বৃত্তের কেন্দ্র $(2, \frac{5}{2})$ এবং ব্যাসার্ধ = $\sqrt{4 + \frac{25}{4} - 4} = \frac{5}{2}$

এখন x-অক্ষ থেকে বৃত্তের কেন্দ্র $(2, \frac{5}{2})$ এর দূরত্ব

= | কেন্দ্রের কোটি | = $|\frac{5}{2}| = \frac{5}{2}$ = বৃত্তের ব্যাসার্ধ।

x-অক্ষ প্রদত্ত বৃত্তের একটি স্পর্শক।

২য় অংশ ঃ ধরি মূলবিন্দুগামী স্পর্শকের সমীকরণ $y = mx$ অর্থাৎ $mx - y = 0 \quad \cdots (1)$

(1) রেখাটি প্রদত্ত বৃত্তের একটি স্পর্শক হলে কেন্দ্র $(2, \frac{5}{2})$ থেকে এর দূরত্ব ব্যাসাধ $\frac{5}{2}$ এর সমান হবে।

$$\left|\frac{2m - 5/2}{\sqrt{m^2+1}}\right| = \frac{5}{2}$$

$$\Rightarrow \frac{(4m-5)^2}{4} = \frac{25}{4}(m^2+1)$$

$$\Rightarrow 16m^2 - 40m + 25 = 25m^2 + 25$$

$$\Rightarrow 9m^2 + 40m = 0 \ \therefore m = -\frac{40}{9}$$

নির্ণেয় স্পর্শকের সমীকরণ $y = -\frac{40}{9}x$

$$40x + 9y = 0 \text{ (Ans.)}$$

৫। 5 ব্যাসার্ধবিশিষ্ট দুইটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যারা $3x - 4y + 8 = 0$ রেখাকে স্পর্শ করে এবং

যাদের কেন্দ্র $3x + 4y - 1 = 0$ রেখার উপর অবস্থিত। [প্র.ভ.প. ৮৮]

সমাধান ঃ ধরি, 5 ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের সমীকরণ

$(x-h)^2 + (y-k)^2 = 5^2 \cdots(1)$

(1) এর কেন্দ্র (h, k) , $3x + 4y - 1 = 0$ রেখার উপর অবস্থিত।

$3h + 4k - 1 = 0 \cdots \cdots (2)$

(1) বৃত্ত $3x - 4y + 8 = 0$ রেখাকে স্পর্শ করলে কেন্দ্র (h , k) থেকে এর দূরত্ব ব্যাসার্ধ 5 এর সমান হবে।

$$\frac{|3h-4k+8|}{\sqrt{3^2+4^2}} = 5 \Rightarrow \frac{|3h-4k+8|}{5} = 5$$

$\Rightarrow |3h-4k+8| = 25 \Rightarrow 3h - 4k + 8 = \pm 25$

$3h - 4k - 17 = 0 \cdots \quad (3)$ এবং

$3h - 4k + 33 = 0 \quad \cdots(4)$

$(2) + (3) \Rightarrow 6h - 18 = 0 \Rightarrow h = 3$

(2) হতে , $9 + 4k - 1 = 0 \Rightarrow k = -2$

(1) এ h ও k এর মান বসিয়ে পাই,

$(x-3)^2 + (y+2)^2 = 25$ (Ans.)

আবার, $(2) + (4) \Rightarrow 6h + 32 = 0 \Rightarrow h = -\frac{16}{3}$

(2) হতে , $3(-\frac{16}{3}) + 4k - 1 = 0$

$\Rightarrow -16 + 4k - 1 = 0 \Rightarrow k = \frac{17}{4}$

(1) এ h ও k এর মান বসিয়ে পাই,

$$(x+\frac{16}{3})^2 + (y-\frac{17}{4})^2 = 25$$

৬। মূলবিন্দুগামী একটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা $3y + x = 20$ রেখাকে স্পর্শ করে এবং যার একটি ব্যাসের সমীকরণ $y = 3x$.

সমাধান ঃ ধরি, বৃত্তের সমীকরণ

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0 \cdots(1)$

(1) বৃত্ত মূলবিন্দুগামী। $c = 0$

(1) বৃত্তের কেন্দ্র (−g , −f), $y = 3x$ ব্যাসের উপর অবস্থিত। $\therefore -f = 3(-g) \Rightarrow f = 3g \cdots(2)$

আবার, $3y + x = 20$ অর্থাৎ $x + 3y - 20 = 0$ রেখা (1) বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র (− g, −f) থেকে এর দূরত্ব ব্যাসার্ধ $\sqrt{g^2+f^2-c}$ এর সমান হবে।

$$\frac{|-g-3f-20|}{\sqrt{1+9}} = \sqrt{g^2+f^2-c}$$

$\Rightarrow (g + 3f + 20)^2 = 10(g^2 + f^2)$ [c=0]

$\Rightarrow (g + 9g + 20)^2 = 10(g^2 + 9g^2)$ [$\because$ f = 3g]

$\Rightarrow 100(g+2)^2 = 100g^2$

$\Rightarrow g^2 + 4g + 4 = g^2 \Rightarrow g = -1$

(2) হতে পাই, $f = 3.(-1) = -3$

(1) এ f , g ও c এর মান বসিয়ে পাই,

$x^2 + y^2 - 2x - 6y = 0$ (Ans.)

৭। $y = 2x$ রেখাটি $x^2 + y^2 = 10x$ বৃত্তের একটি জ্যা। উক্ত জ্যাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের (2 , 4) বিন্দুতে স্পর্শকের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ $y = 2x$ (1) হতে y এর মান প্রদত্ত বৃত্তের সমীকরণে বসিয়ে পাই, $x^2 + (2x)^2 = 10x$

$\Rightarrow x^2 + 4x^2 - 10x = 0 \Rightarrow 5x^2 - 10x = 0$

$\Rightarrow 5x(x-2) = 0 \Rightarrow x = 0, 2$

(1) হতে পাই, $y = 2.0 = 0$ এবং $y = 2.2 = 4$

প্রদত্ত বৃত্তের (1) জ্যা এর প্রান্তবিন্দু দুইটি (0,0) এবং (2,4).

(0,0) এবং (2,4) বিন্দু দুইটির সংযোগ রেখাংশকে ব্যাস ধরে অঙ্কিত নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$(x-0)(x-2) + (y-0)(y-4) = 0$

$x^2 + y^2 - 2x - 4y = 0$

এখন $x^2 + y^2 - 2x - 4y = 0$ বৃত্তের (2, 4) বিন্দুতে স্পর্শকের সমীকরণ,

$x.2 + y.4 - (x+2) - 2(y+4) = 0$

$\Rightarrow 2x + 4y - x - 2 - 2y - 8 = 0$

$x + 2y - 10 = 0$ (Ans.)

৮। (3, −1) বিন্দুগামী একটি বৃত্ত $3x + y = 10$ রেখাকে (3, 1) বিন্দুতে স্পর্শ করে বৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ (3, 1) কেন্দ্রবিশিষ্ট বিন্দুবৃত্তের সমীকরণ, $(x-3)^2 + (y-1)^2 = 0 \cdots (1)$

(3, −1) বিন্দু দিয়ে যায় এবং (1) বৃত্ত ও $3x + y - 10 = 0$ রেখার ছেদবিন্দুগামী বৃত্তের সমীকরণ,

$$\frac{(x-3)^2+(y-1)^2}{(3-3)^2+(-1-1)^2} = \frac{3x+y-10}{3\times(3)+(-1)-10}$$

$\Rightarrow \dfrac{x^2-6x+9+y^2-2y+1}{0+4} = \dfrac{3x+y-10}{9-1-10}$

$\Rightarrow \dfrac{x^2-6x+y^2-2y+10}{4} = \dfrac{3x+y-10}{-2}$

$\Rightarrow x^2-6x+y^2-2y+10 = -6x-2y+20$

$x^2+y^2 = 10$ (Ans.)

৯। এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা $x = 0$, $y = 0$, $3x - 4y = 12$ রেখা তিনটিকে স্পর্শ করে এবং যার কেন্দ্র প্রথম চতুর্ভাগে অবস্থিত।

সমাধান ঃ ধরি, বৃত্তের সমীকরণ

$(x-h)^2 + (y-k)^2 = r^2$



বৃত্তটি $x = 0$ রেখাকে অর্থাৎ y-অক্ষকে এবং $y = 0$ রেখাকে অর্থাৎ x-অক্ষকে স্পর্শ করে ।

$r = |k| = k$ এবং

$r = |h| = h$

[$\because$ কেন্দ্র প্রথম চতুর্ভাগে অবস্থিত, $\therefore h, k > 0$]

$h = k = r$

আবার, বৃত্তটি $3x - 4y = 12$ অর্থাৎ $3x - 4y - 12 = 0$ রেখাকে স্পর্শ করে । অতএব, বৃত্তের কেন্দ্র (h, k) হতে রেখাটির লম্বদূরত্ব ব্যাসার্ধ r এর সমান হবে।

$\dfrac{|3h-4k-12|}{\sqrt{9+16}} = r$

$\Rightarrow |3h - 4h - 12| = 5h$ [$h = k = r$]

$\Rightarrow |h + 12| = 5h \Rightarrow h + 12 = \pm 5h$

$4h=12 \Rightarrow h = 3$ অথবা, $-6h=12 \Rightarrow h = -2$

কিন্তু $h > 0$ $\therefore h = k = r = 3$

নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$(x-3)^2 + (y-3)^2 = 3^2$

$\Rightarrow x^2 - 6x + 9 + y^2 - 6y + 9 = 9$

$x^2 + y^2 - 6x - 6y + 9 = 0$

১০। $2\sqrt{10}$ ব্যাসার্ধবিশিষ্ট এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা $3x - y = 6$ রেখাকে $(1, -3)$ বিন্দুতে স্পর্শ করে।

সমাধান ঃ ধরি, বৃত্তের সমীকরণ

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0 \cdots(1)$

(1) বৃত্তের $(1, -3)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ

$x.1 + y.(-3) + g(x+1) + f(y-3) + c = 0$

$\Rightarrow x - 3y + gx + g + fy - 3f + c = 0$

$\Rightarrow (1+g)x + (-3+f)y + g - 3f + c = 0$

প্রশ্নমতে, এ রেখা এবং $3x - y = 6$ অভিন্ন।

$\dfrac{1+g}{3} = \dfrac{-3+f}{-1} = \dfrac{g-3f+c}{-6}$

$\dfrac{1+g}{3} = \dfrac{-3+f}{-1}$ হতে পাই, $1 + g = 9 - 3f$

$\Rightarrow g = 8 - 3f \cdots(2)$

$\dfrac{-3+f}{-1} = \dfrac{g-3f+c}{-6}$ হতে পাই,

$-18 + 6f = g - 3f + c$

$\Rightarrow c = -18 + 9f - g = -18 + 9f - 8 + 3f$

$= 12f - 26$

আবার (1) বৃত্তের ব্যাসার্ধ $= \sqrt{g^2+f^2-c}$

$\sqrt{g^2+f^2-c} = 2\sqrt{10}$

$\Rightarrow (8-3f)^2 + f^2 - 12f + 26 = 40$

$\Rightarrow 64 - 48f + 9f^2 + f^2 - 12f - 14 = 0$

$\Rightarrow 10f^2 - 60f + 50 = 0$

$\Rightarrow f^2 - 6f + 5 = 0 \Rightarrow (f-5)(f-1) = 0$

$f = 1, 5$

$f = 1$ ধরে, $g = 8 - 3 = 5$, $c = 12 - 26 = -14$

$f = 5$ ধরে, $g = 8 - 15 = -7$, $c = 60 - 26 = 34$

নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + 10x + 2y - 14 = 0$ এবং

$x^2 + y^2 - 14x + 10y - 34 = 0$

বিকল্প পদ্ধতি ঃ $(1, -3)$ বিন্দুতে বিন্দুবৃত্তের সমীকরণ $(x-1)^2 + (y+3)^2 = 0$.

ধরি, এ বৃত্ত ও প্রদত্ত রেখার ছেদ বিন্দুগামী বৃত্তের সমীকরণ $(x-1)^2 + (y+3)^2 + k(3x - y - 6) = 0$

$\Rightarrow x^2 - 2x + 1 + y^2 + 6y + 9 + 3kx - ky - 6k = 0$

$\Rightarrow x^2 + y^2 + (-2+3k)x + (6-k)y + 10 - 6k = 0 \cdots (1)$

প্রশ্নমতে , (1) এর ব্যাসার্ধ $= 2\sqrt{10}$

$\Rightarrow \sqrt{\left(\dfrac{2-3k}{2}\right)^2 + \left(\dfrac{k-6}{2}\right)^2 - 10 + 6k} = 2\sqrt{10}$

$\Rightarrow \frac{1}{4}(4-12k+9k^2+k^2-12k+36)-10$
$+6k=40$

$\Rightarrow 4-12k+k^2+k^2-12k+36-200+24k=0$

$\Rightarrow 10k^2-160=0 \Rightarrow k^2=16 \therefore k=\pm 4$

(1) হতে নির্ণেয় বৃত্তের সমীকরণ,
$x^2+y^2+10x+2y-14=0$ এবং
$x^2+y^2-14x+10y+34=0$

১১। $(-2, 3)$ বিন্দু থেকে $2x^2+2y^2=3$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য নির্ণয় কর। [ব.'০১]

সমাধান ঃ $(-2, 3)$ বিন্দু থেকে $2x^2+2y^2=3$ অর্থাৎ $x^2+y^2-\frac{3}{2}=0$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের

দৈর্ঘ্য $=\sqrt{(-2)^2+(3)^2-\frac{3}{2}}=\sqrt{4+9-\frac{3}{2}}$

$=\sqrt{13-\frac{3}{2}}=\sqrt{\frac{26-3}{2}}=\sqrt{\frac{23}{2}}$ একক।

১২। $x^2+y^2=16$ বৃত্তের একটি জ্যা এর সমীকরণ নির্ণয় কর যার মধ্যবিন্দু $(-2, 3)$ বিন্দুতে অবস্থিত। [য.'০০]

সমাধান ঃ



ধরি, প্রদত্ত বৃত্ত $x^2+y^2=16$ এর কেন্দ্র $O(0, 0)$ এবং জ্যা এর মধ্যবিন্দু $P(-2, 3)$.

OP রেখার সমীকরণ $y=\frac{3}{-2}x \Rightarrow -2y=3x$

$\Rightarrow 3x+2y=0$

$P(-2, 3$ বিন্দুগামী এবং $3x+2y=0$ রেখার উপর লম্ব নির্ণেয় জ্যা এর সমীকরণ,

$2x-3y=2.(-2)-3.3=-4-9=-13$
$2x-3y+13=0$ (Ans.)

১৩। $x^2+y^2+4x-2y+3=0$ ও $x^2+y^2-4x+6y-21=0$ বৃত্ত দুইটির সাধারণ জ্যা এর সমীকরণ এবং দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান ঃ ধরি, $S_1 \equiv x^2+y^2+4x-2y+3=0$
এবং $S_2 \equiv x^2+y^2-4x+6y-21=0$
বৃত্ত দুইটির সাধারণ জ্যা এর সমীকরণ,

$S_1-S_2=0 \Rightarrow 8x-8y+24=0$
$x-y+3=0$ (1) (Ans.)

এখন S_1 বৃত্তের কেন্দ্র $(-2\ \ 1)$ এবং ব্যাসার্ধ

$r=\sqrt{(-2)^2+1^2-3}=\sqrt{2}$

কেন্দ্র $(-2, 1)$ হতে $x-y+3=0$ এর লম্বদূরত্ব

$d=\frac{|-2-1+3|}{\sqrt{1+1}}=0$

সাধারণ জ্যা এর দৈর্ঘ্য $=2\sqrt{r^2-d^2}$
$=2\sqrt{2-0}=2\sqrt{2}$ একক।

১৪। $3x^2+3y^2-29x-19y+56=0$ বৃত্তের একটি জ্যা এর সমীকরণ $x-y+2=0$. উক্ত জ্যা এর দৈর্ঘ্য এবং এ জ্যাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ $3x^2+3y^2-29x-19y+56=0$

অর্থাৎ $x^2+y^2-\frac{29}{3}x-\frac{19}{3}y+\frac{56}{3}=0$ বৃত্তের

কেন্দ্র $(\frac{29}{6}, \frac{19}{6})$ এবং

ব্যাসার্ধ $r=\sqrt{(\frac{29}{6})^2+(\frac{19}{6})^2-\frac{56}{3}}$

$=\sqrt{\frac{841+361-672}{36}}=\sqrt{\frac{530}{36}}$

কেন্দ্র $(\frac{29}{6}, \frac{19}{6})$ থেকে $x-y+2=0$

জ্যা এর লম্বদূরত্ব $d=\frac{|\frac{29}{6}-\frac{19}{6}+2|}{\sqrt{1+1}}=\frac{11}{3\sqrt{2}}$

জ্যা এর দৈর্ঘ্য $=2\sqrt{r^2-d^2}$

$=2\sqrt{\frac{530}{36}-\frac{121}{18}}=2\sqrt{\frac{530-242}{36}}$

$=2\sqrt{\frac{288}{36}}=2\sqrt{8}=4\sqrt{2}$ একক।

২য় অংশ ঃ ধরি প্রদত্ত জ্যাকে ব্যাস ধরে নির্ণেয় বৃত্তের সমীকরণ $x^2 + y^2 - \frac{29}{3}x - \frac{19}{3}y + \frac{56}{3} + k(x - y + 2) = 0$

$\Rightarrow x^2 + y^2 + (-\frac{29}{3} + k)x + (-\frac{19}{3} - k)y + \frac{56}{3} + 2k = 0 \cdots(1)$

(1) বৃত্তের কেন্দ্র $(\frac{29}{6} - \frac{k}{2}, \frac{19}{6} + \frac{k}{2})$, যা $x - 2y + 7 = 0$ রেখার উপর অবস্থিত।

$$\frac{29}{6} - \frac{k}{2} - \frac{19}{3} - k + 7 = 0$$

$\Rightarrow 29 - 3k - 38 - 6k + 42 = 0$

$\Rightarrow -9k = -33 \Rightarrow k = \frac{11}{3}$

নির্ণেয় বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 - \frac{29}{3}x - \frac{19}{3}y + \frac{56}{3} + \frac{11}{3}(x - y + 2) = 0$

$\Rightarrow 3(x^2 + y^2) - 29x - 19y + 56 + 11x - 11y + 22 = 0$

$\Rightarrow 3(x^2 + y^2) - 18x - 30y + 78 = 0$

$x^2 + y^2 - 6x - 10y + 26 = 0$ (Ans.)

অতিরিক্ত প্রশ্ন (সমাধানসহ)

1. $x^2 + y^2 - 6x + 8y + 21 = 0$ বৃত্তে অঙ্কিত স্পর্শক x-অক্ষের সমান্তরাল। স্পর্শকের সমীকরণ নির্ণয় কর।

সমাধান ঃ $x^2 + y^2 - 6x + 8y + 21 = 0$ বৃত্তের কেন্দ্র $(3, -4)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{3^2 + 4^2 - 21} = 2$

ধরি, x-অক্ষের সমান্তরাল স্পর্শকের সমীকরণ $y + k = 0$ (1)

(1) রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র $(3, -4)$ থেকে এর দূরত্ব ব্যাসার্ধের সমান হবে।

$$\frac{|-4 + k|}{\sqrt{1}} = 2 \Rightarrow |-4 + k| = 2$$

$\Rightarrow k - 4 = \pm 2 \quad \therefore k = 6, 2$

নির্ণেয় স্পর্শকের সমীকরণ $y + 6=0$, $y + 2=0$

ব্যবহারিক

পরীক্ষণের নাম ঃ $(x + 3)^2 + (y - 4)^2 = 5^2$ সমীকরণের লেখচিত্র অঙ্কন কর।সমীকরণের লেখচিত্র অঙ্কন কর।

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার ইত্যাদি।

কার্যপদ্ধতি ঃ

1. প্রদত্ত বৃত্তের সমীকরণ হতে পাই,

$(x + 3)^2 + (y - 4)^2 = 5^2$

$\Rightarrow (y - 4)^2 = 5^2 - (x + 3)^2$

$\Rightarrow y - 4 = \pm\sqrt{(5 + x + 3)(5 - x - 2)}$

$\Rightarrow y = 4 \pm \sqrt{-(x + 8)(x - 3)}$ (i)

$(x + 8)(x - 3) \leq 0 \Rightarrow -8 \leq x \leq 3$ অর্থাৎ $x \in [-8, 3]$ এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি

x	−8	−6	−6	−4	−4
y	4	8·24	−·24	9.29	−1·29
x	−2	−2	0	0	
y	9·48	−1·48	8·89	−0·89	

2. একটি ছক কাগজে স্থানাংকের অক্ষ রেখা $X'OX$ ও YOY' আঁকি

3. x অক্ষ ও y অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 2 বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি গ্রাফ পেপারে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে মুক্তহস্তে সংযোগ করে প্রদত্ত (i) এর লেখচিত্র অঙ্কন করি।



লেখের বৈশিষ্ট ঃ

1. লেখচিত্রটি একটি বৃত্ত।
2. লেখচিত্রটি অবিচ্ছিন্ন।

সতর্কতা ঃ

1. গ্রাফ পেপার সুষম বর্গক্ষেত্র বিশিষ্ট কিনা দেখে নেই।
2. শার্পনার দিয়ে পেন্সিল সরু করে নেই।

ভর্তি পরীক্ষার MCQ :

1. k এর মান কত হলে $(x - y + 3)^2 + (kx + 2)(y - 1) = 0$ সমীকরণটি একটি বৃত্ত নির্দেশ করবে? [DU 08-09, 01-02, SU 03-04]

Soln. বৃত্তের সমীকরণে xy এর সহগ শূন্য।
$-2 + k = 0 \Rightarrow k = 2$

2. $2x^2 + ay^2 = 9$ একটি বৃত্তের সমীকরণ । তাই a এর মান – [CU 07-09]

Soln. x^2 ও y^2 এর সহগ সমান । তাই $a = 2$

3. $x^2 + y^2 = 16$ এর বিবেচনায় (4,–3) বিন্দুটির অবস্থান কোথায় ? [RU 06-07]

Soln. $4^2 + (-3)^2 - 16 = 9 > 0$ বৃত্তের বাইরে।

4. $x^2 + y^2 - 24x + 10y = 0$ বৃত্তের ব্যাসার্ধ – [DU 03-04; RU 05-06]

Soln. ব্যাসার্ধ $= \sqrt{12^2 + 5^2 - 0} = 13$

5. $2x^2 + 2y^2 + 6x + 10y - 1 = 0$ বৃত্তের ব্যাসার্ধ r হলে, r =? [DU 95-96,97-98]

Soln. প্রদত্ত বৃত্ত $x^2 + y^2 + 3x + 5y - 1/2 = 0$

$$r = \sqrt{(\frac{3}{2})^2 + (\frac{5}{2})^2 + \frac{1}{2}} = \sqrt{\frac{9 + 25 + 2}{4}} = 3$$

6. $x^2 + y^2 - 5x = 0$ ও $x^2 + y^2 + 3x = 0$ বৃত্তদ্বয়ের কেন্দ্রের দূরত্ব কত? [DU 06-07]

Soln. কেন্দ্র $(\frac{5}{2}, 0)$ ও $(-\frac{3}{2}, 0)$ এর দূরত্ব $= |\frac{5}{2} + \frac{3}{2}|$
$= 4$

7. (–9 , 9) ও (5, 5) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ–[DU 05-06, 02-03; RU 06-07;NU 02-03]

Soln. $(x + 9)(x - 5) + (y - 9)(y - 5) = 0$
$\Rightarrow x^2 + 4x - 45 + y^2 - 14y + 45 = 0$
$\Rightarrow x^2 + y^2 + 4x - 14y = 0$

8. (4,5) কেন্দ্র বিশিষ্ট বৃত্ত, যা $x^2 + y^2 + 4x + 6y - 12 = 0$ বৃত্তের কেন্দ্র দিয়ে গমন করে তার সমীকরণ– [DU 03-04; RU 05-06]

Soln. প্রদত্ত বৃত্তের কেন্দ্র $(-2, -3)$. নির্ণেয় বৃত্তের সমীকরণ $x^2 + y^2 - 8x - 10y = (-2)^2 + (-3)^2 - 8(-2) - 10(-3)$
$\Rightarrow x^2 + y^2 - 8x - 10y - 59 = 0$

9. (–1,1) এবং (–7, 3) বিন্দু দিয়ে অতিক্রমকারী একটি বৃত্তের কেন্দ্র $2x + y = 9$ রেখার উপর অবস্থিত। বৃত্তটির সমীকরণ– [NU 08-09;SU 03-04]

A. $(x + 1)^2 + (y - 11)^2 = 100$
B. $(x - 2)^2 + (y - 1)^2 = 81$
C. $(x + 3)^2 + (y - 2)^2 = 4$
D. $(x - 5)^2 + (y + 1)^2 = 64$

Soln. A. option টির কেন্দ্র (–1, 11) , যা প্রদত্ত রেখার উপর অবস্থিত।

10. (5, 0) এবং (0, 5) বিন্দুটি অক্ষরেখাদ্বয়কে স্পর্শকারী বৃত্তের সমীকরণ – [DU 04-05]

Soln. $x^2 + y^2 - 2.5x - 2.5y + 5^2 = 0$
$\Rightarrow x^2 + y^2 - 10x - 10y + 25 = 0$

11. নিম্নের কোন সমীকরণ দ্বারা নির্দেশিত বৃত্তের স্পর্শক x অক্ষ? [DU 08-09]

A. $x^2 + y^2 - 10x - 6y + 9 = 0$
B. $x^2 + y^2 - 10x + 6y + 25 = 0$
C. $x^2 + y^2 + 6x - 10y + 25 = 0$
D. $x^2 + y^2 + 6x + 8y + 28 = 0$

Soln. প্রদত্ত option গুলোর মধ্যে B এর ক্ষেত্রে $g^2 = c$

12. $x^2 + y^2 - 4x - 6y + c = 0$ বৃত্তটি x অক্ষকে স্পর্শ করে । c এর মান– [DU 00-01,01-02; RU 07-08; NU 05-06]

Soln. $c = (\text{x এর সহগের অর্ধেক})^2 = 4$

13. $x^2 + y^2 - 4x - 6y + 4 = 0$ বৃত্তটি x অক্ষকে স্পর্শ করে । স্পর্শবিন্দুর স্থানাঙ্ক – [NU 07-08]

Sol^n. স্পর্শবিন্দু$\equiv$(−x এর সহগের অর্ধেক,0)=(2,0)

14. $x^2+y^2=81$ **বৃত্তটির জ্যা (−2, 3) বিন্দুতে সমদ্বিখন্ডিত হলে জ্যা এর সমীকরণ – [JU 05-06; KU 03-04]**

Sol^n. $x.(-2)+y.3=(-2)^2+3^2$
$\Rightarrow 2x-3y+13=0$

15. $x^2+y^2-4x+6y-36=0$ **এবং** $x^2+y^2-5x+8y-43=0$ **বৃত্তদ্বয়ের সাধারণ জ্যা এর সমীকরণ [RU 07-08; KUET 05-06]**

Sol^n. $(-4+5)x+(6-8)y-36+43=0$
$\Rightarrow x-2y+7=0$

16, (4,3) বিন্দুতে কেন্দ্র ধরে কত ব্যাসার্ধ বৃত্ত অঙ্কন করলে $x^2+y^2=4$ **বৃত্তকে স্পর্শ করবে?[IU07-08]**

Sol^n. $r\pm 2=\sqrt{(4-0)^2+(3-0)^2}=5$
$r=7$ বা, 3

17. $(x-3)^2+(y-4)^2=25$ **বৃত্তের কেন্দ্র হতে 3 একক দুরত্বে অবস্থিত জ্যা এর দৈর্ঘ্য – [IU 07-08]**

Sol^n. জ্যা এর দৈর্ঘ্য $=2\sqrt{5^2-3^2}=8$

18. $x^2+y^2=100$ **বৃত্ত দ্বারা** $x+7y-50=0$ **রেখার ছেদাংশের পরিমাণ – [KU 07-08]**

Sol^n. এখানে $r=10, d=\dfrac{|0+0-50|}{\sqrt{1+49}}=\sqrt{50}$

ছেদাংশের পরিমাণ $=2\sqrt{r^2-d^2}$
$=2\sqrt{100-50}=2\sqrt{50}=10\sqrt{2}$

19. $2x-3y-9=0$ **রেখাটি যে বৃত্তকে স্পর্শ করে তার কেন্দ্র (1,2) এর ব্যাসার্ধ** $r=\sqrt{5+c}$ **। c এর মান কত? [RU 06-07]**

Sol^n. $r=\sqrt{5+c}=\dfrac{|2.1-3.2-9|}{\sqrt{2^2+3^2}}=\sqrt{13}$

$c=13-5=8$

20. যে বৃত্তের কেন্দ্র মূলবিন্দুতে এবং এবং $2x+\sqrt{5}y-1=0$ **রেখাকে স্পর্শ করে তার সমীকরণ হবে– [CU-07-08; JU 07-08]**

Sol^n. $(x-0)^2+(y-0)^2=\left(\dfrac{2.0+5.0-1}{\sqrt{2^2+(\sqrt{5})^2}}\right)^2$

$\Rightarrow x^2+y^2=\dfrac{1}{9}\ \therefore 9(x^2+y^2)=1$

21. মূলবিন্দু থেকে (1,2) কেন্দ্র বিশিষ্ট বৃত্তের উপর অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য 2 একক হলে বৃত্তটির সমীকরণ– [RU 07-08]

Sol^n. (1,2) কেন্দ্র বিশিষ্ট বৃত্ত $x^2+y^2-2x-4y+c=0$ এবং (0,0) বিন্দু থেকে এ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য $=\sqrt{c}$. $\sqrt{c}=2\Rightarrow c=4$
$x^2+y^2-2x-4y+4=0$

22. একটি বৃত্তের সমীকরণ হল $2x^2+2y^2=25$**। 5 একক দৈর্ঘ্য বিশিষ্ট একটি জ্যা কেন্দ্রে কত রেডিয়ান কোণ তৈরী করবে? [SU 06-07]**

Sol^n. $2x^2+2y^2=25\Rightarrow x^2+y^2=\left(\dfrac{5}{\sqrt{2}}\right)^2$

$$\cos\theta=\frac{(5/\sqrt{2})^2+(5/\sqrt{2})^2-5^2}{2.\frac{5}{\sqrt{2}}.\frac{5}{\sqrt{2}}}=0$$

$\theta=\dfrac{\pi}{2}$

বিন্যাস ও সমাবেশ

প্রশ্নমালা V A

1. সমাধান ঃ

(a) দেওয়া আছে, ${}^{n-1}P_3 : {}^{n+1}P_3 = 5 : 12 \Rightarrow \frac{(n-1)!}{(n-1-3)!} : \frac{(n+1)!}{(n+1-3)!} = 5 : 12$ **[রা.'০৫]**

$\Rightarrow \frac{(n-1)!}{(n-4)!} \times \frac{(n-2)!}{(n+1)!} = \frac{5}{12} \Rightarrow \frac{(n-1)!}{(n-4)!} \times \frac{(n-2).(n-3).(n-4)!}{(n+1)n(n-1)!} = \frac{5}{12}$

$\Rightarrow \frac{(n-2).(n-3)}{(n+1)n} = \frac{5}{12} \Rightarrow 12(n^2 - 5n + 6) = 5(n^2 + n) \Rightarrow 12n^2 - 5n^2 - 60n - 5n + 72 = 0$

$\Rightarrow 7n^2 - 65n + 72 = 0 \Rightarrow 7n^2 - 56n - 9n + 72 = 0 \Rightarrow 7n(n-8) - 9(n-8) = 0$

$\Rightarrow (n-8)(7n-9) = 0 \Rightarrow n = 8, \frac{9}{7}$ কিন্তু n ভগ্নাংশ হতে পারেনা । $n = 8$

(b) দেওয়া আছে, $4 \times {}^nP_3 = 5 \times {}^{n-1}P_3 \Rightarrow 4.\frac{n!}{(n-3)!} = 5\frac{(n-1)!}{(n-1-3)!}$ **[কু.'০৫]**

$\Rightarrow 4.\frac{n.(n-1)!}{(n-3).(n-4)!} = 5\frac{(n-1)!}{(n-4)!} \Rightarrow 4.\frac{n}{n-3} = 5 \Rightarrow 5n - 15 = 4n \quad \therefore n = 15$ (Ans.)

(c) সাধারণ সূত্র ব্যবহার না করে n- সংখ্যক বিভিন্ন বস্তু থেকে প্রত্যেকবার যেকোন 3টিকে নিয়ে বিন্যাস সংখ্যা নির্ণয় কর।

সমাধান ঃ n সংখ্যক বিভিন্ন জিনিস থেকে প্রতিবার 3টি জিনিস নিয়ে 3টি শূন্যস্থান যত রকম ভাবে পূরণ করা যায় তাই হবে n সংখ্যক বিভিন্ন জিনিস থেকে প্রতিবার 3টি জিনিস নিয়ে গঠিত বিন্যাস সংখ্যার সমান ।

n সংখ্যক জিনিসের যেকোন একটিকে বসিয়ে প্রথম শূন্যস্থানটি n সংখ্যক উপায়ে পূরণ করা যায়। প্রথম শূন্যস্থানটি n প্রকারের যেকোন এক উপায়ে পূরণ করার পর দ্বিতীয় শূন্য স্থানটি অবশিষ্ট (n – 1) সংখ্যক জিনিস দ্বারা (n – 1) সংখ্যক উপায়ে পূরণ করা যায় । যেহেতু প্রথম শূন্য স্থানটি পূরণকরার প্রত্যেক উপায়ের সঙ্গে দ্বিতীয় স্থান পূরণের (n – 1) সংখ্যক সংযোগ করা যায়, সুতরাং প্রথম দুইটি শূন্য স্থান একত্রে n(n – 1) সংখ্যক উপায়ে পূরণ করা যাবে। অর্থাৎ ${}^nP_2 = n(n-1)$.

n সংখ্যক জিনিসের যেকোন দুইটি দ্বারা প্রথম ও দ্বিতীয় শূন্য স্থান পূরণ করার পর তৃতীয় শূন্য স্থানটি অবশিষ্ট (n – 2) সংখ্যক জিনিস দ্বারা (n – 2) সংখ্যক উপায়ে পূরণ করা যায়। সুতরাং , প্রথম তিনটি স্থান একত্রে মোট n(n – 1)(n – 2) সংখ্যক উপায়ে পূরণ করা যায় । অর্থাৎ ${}^nP_3 = n(n-1)(n-2)$.

2 'COURAGE' শব্দটির বর্ণগুলো নিয়ে কতগুলো বিন্যাস তৈরি করা করা যায়, যাদের প্রথমে একটি স্বরবর্ণ থাকবে?

সমাধান ঃ 'COURAGE' শব্দটিতে মোট 7টি বিভিন্ন অক্ষর আছে যাদের 4টি স্বরবর্ণ । প্রথম স্থানটি এই 4টি ভিন্ন স্বরবর্ণে যেকোনো একটি দ্বারা ${}^4P_1 = 4$ প্রকারে পূরণ করা যায় এবং অবশিষ্ট (7 – 1) অর্থাৎ , 6টি স্থান বাকি 6টি ভিন্ন অক্ষর দ্বারা $6! = 720$ প্রকারে পূরণ করা যায়। সুতরাং নির্ণেয় বিন্যাস সংখ্যা $= 4 \times 720 = 2880$

3. (a) সাধারণ সূত্র ব্যবহার না করে (p + q) সংখ্যক জিনিসের p সংখ্যক জিনিস এক জাতীয় এবং বাকীগুলো সব ভিন্ন হলে, এদের সবগুলোকে নিয়ে বিন্যাস সংখ্যা নির্ণয় কর।

সমাধান ঃ মনে করি , নির্ণেয় বিন্যাস সংখ্যা x । এই x সংখ্যক বিন্যাসের যেকোন একটির অন্তর্গত p সংখ্যক এক জাতীয় জিনিসের স্থলে p সংখ্যক ভিন্ন ভিন্ন জিনিস বসানো হলে অন্যদের স্থান পরিবর্তন না করে কেবল তাদের সাজানো

পরিবর্তন করে মোট p! সংখ্যক নতুন বিন্যাস পাওয়া যায় । সুতরাং , x সংখ্যক বিন্যাসের জন্য মোট $x \times p!$ সংখ্যক বিন্যাস হবে।

উপর্যুক্ত প্রক্রিয়ার পর দেখা যায় জিনিসগুলো সবই এখন ভিন্ন ভিন্ন এবং $(p + q)$ সংখ্যক ভিন্ন ভিন্ন জিনিসের সকগুলো নিয়ে গঠিত বিন্যাস সংখ্যা $(p + q)!$. $\quad x \times p! = (p+q)! \Rightarrow x = \dfrac{(p+q)!}{p!}$

(b) 10 টি বর্ণের কিছু সংখ্যক একজাতীয় এবং বাকীগুলো ভিন্ন ভিন্ন । যদি তাদের সবগুলোকে একত্রে নিয়ে 30240টি শব্দ গঠন করা যায়, তবে কতগুলো বর্ণ এক জাতীয়।

সমাধান ঃ মনে করি, 10টি বর্ণের r সংখ্যক একজাতীয় ।

এ 10টি বর্ণের সবগুলোকে একত্রে নিয়ে শব্দ গঠন করা যায় $\dfrac{10!}{r!}$ টি।

প্রশ্নমতে, $\dfrac{10!}{r!} = 30240 \Rightarrow r! = \dfrac{10!}{30240} = \dfrac{3628800}{30240} = 120 = 5! \qquad r = 5$ (Ans.)

4 (a) প্রমাণ কর যে, 'AMERICA' শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা ' CANADA ' শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যার 21 গুণ । **[চ.'০৩]**

প্রমাণ ঃ 'AMERICA ' শব্দটিতে মোট 7টি বর্ণ আছে যাদের 2 টি A .

'AMERICA ' শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা $= \dfrac{7!}{2!} = 2520 = 21 \times 120$

' CANADA ' শব্দটিতে 3টি A সহ মোট 6টি বর্ণ আছে ।

' CANADA ' শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা $= \dfrac{6!}{3!} = 120$

'AMERICA' শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা 'CANADA' শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যার 21 গুণ ।

4. (b) দেখাও যে, ' AMERICA ' শব্দটি বর্ণগুলো একত্রে নিয়ে যত প্রকারে সাজানো যায় ' CALCUTTA ' শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে তার দ্বিগুণ উপায়ে সাজানো যায়। **[ঢা.'০৪; রা.'১৩]**

প্রমাণ ঃ ' AMERICA ' শব্দটিতে মোট 7টি বর্ণ আছে যাদের 2টি A .

' AMERICA ' শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে সাজানো সংখ্যা $= \dfrac{7!}{2!} = 2520.$

' CALCUTTA ' শব্দটিতে মোট 8টি বর্ণ আছে যাদের 2টি C , 2টি A এবং 2টি T

' CALCUTTA ' শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে সাজানো সংখ্যা $= \dfrac{8!}{2!2!2!} = 5040 = 2 \times 2520$

' AMERICA ' শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে যত প্রকারে সাজানো যায় ' CALCUTTA' শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে তার দ্বিগুণ উপায়ে সাজানো যায় ।

5 (a) ' ARRANGE' শব্দটির অক্ষরগুলো কত প্রকারে সাজানো যায়, যাতে R দুইটি পাশাপাশি থাকবে না ?

সমাধান ঃ 'ARRANGE' শব্দটিতে মোট 7টি বর্ণ আছে যাদের 2টি A এবং 2টি R .

সবগুলো বর্ণ একত্রে নিয়ে মোট সাজানো সংখ্যা $= \dfrac{7!}{2! \times 2!} = 1260$

2টি R কে একটি একক বর্ণ মনে করলে মোট বর্ণের সংখ্যা হবে $(7 - 2 + 1)$ অর্থাৎ, 6টি যাদের 2টি A .

2টি R কে পাশাপাশি রেখে মোট সাজানো সংখ্যা $= \frac{6!}{2!} = 360$

R দুইটি পাশাপাশি না রেখে মোট সাজানো সংখ্যা = সবগুলো বর্ণ একত্রে নিয়ে মোট সাজানো সংখ্যা – R দুইটি পাশাপাশি রেখে মোট সাজানো সংখ্যা $= 1260 - 360 = 900$

5 (b) 'ENGINEERING ' শব্দটির সব কয়টি বর্ণকে কত প্রকারে সাজানো যায় তা নির্ণয় কর। তাদের কতগুলোতে তিনটি E একত্রে থাকবে এবং কতগুলোতে এরা প্রথমে থাকবে। [ব.'০২; রা.'০৩; কু.'০৩]

সমাধান ঃ ১ম অংশ ঃ 'ENGINEERING' শব্দটিতে মোট 11টি বর্ণ আছে যার মধ্যে 3টি E, 3টি N, 2টি G এবং 2টি I.

সব কয়টি বর্ণকে একত্রে নিয়ে মোট সাজানো সংখ্যা $= \frac{11!}{3!.3!.2!.2!} = \frac{39916800}{6.6.2.2} = 277200$ (Ans.)

২য় অংশ ঃ যেহেতু E তিনটি একত্রে থাকে, অতএব তাদেরকে একটি একক বর্ণ মনে করলে মোট বর্ণগুলো হবে (EEE), N, G, I, N, R, I, N, G. এই 9টি বর্ণের 3টি N, 2টি G এবং 2টি I.

E তিনটি একত্রে রেখে মোট সাজানো সংখ্যা $= \frac{9!}{3!.2!.2!} = \frac{362880}{6.2.2} = 15120$

৩য় অংশ ঃ 3 টি E প্রথমে রেখে অবশিষ্ট বর্ণের সংখ্যা হবে $(11-3)$ অর্থাৎ, 8টি ; যাদের 3টি N, 2টি G ও 2টি I

E তিনটি প্রথমে রেখে মোট সাজানো সংখ্যা $= \frac{8!}{3!.2!.2!} = \frac{40320}{6.2.2} = 1680$ (Ans.)

6. (a) 'PARALLEL' শব্দটির বর্ণগুলোর সবগুলো একত্রে নিয়ে যত প্রকারে সাজানো যায় তা নির্ণয় কর এবং স্বরবর্ণগুলোকে পৃথক না রেখে বর্ণগুলো কত প্রকারে সাজানো যায় তাও নির্ণয় কর।

[য.'০৬; ব.'০৭; সি.'০৮,'১১; চ.'০৮,'১২; দি.'০৯; রা.'১১; ঢা.'১৩]

সমাধান ঃ ১ম অংশ ঃ 'PARALLEL' শব্দটিতে 2টি A এবং 3টি L সহ মোট 8টি বর্ণ আছে ।

সবগুলো বর্ণ একত্রে নিয়ে মোট সাজানো সংখ্যা $= \frac{8!}{2!.3!} = \frac{40320}{2.6} = 3360$

২য় অংশ ঃ স্বরবর্ণ 3টি পৃথক না হলে, তাদেরকে একটি একক বর্ণ ধরতে হবে এবং ফলে বর্ণগুলো হবে (AAE), P, R, L, L, L.

3টি L সহ এই 6টি বর্ণকে $\frac{6!}{3!} = 120$ উপায়ে এবং 2টি A সহ 3টি স্বরবর্ণকে নিজেদের মধ্যে $\frac{3!}{2!} = 3$ উপায়ে সাজানো যায় ।

স্বরবর্ণগুলোকে পৃথক না রেখে বর্ণগুলোর মোট সাজানো সংখ্যা $= 120 \times 3 = 360$. (Ans.)

(b) স্বরবর্ণগুলোকে পাশাপাশি না রেখে ' TRIANGLE ' শব্দটির বর্ণগুলো কত সংখ্যক উপায়ে সাজানো যায় তা নির্ণয় কর? [ঢা.'০৫; চ.'০৭; মা.বো.'০৯,'১৩; ব.'১০]

সমাধান ঃ 'TRIANGLE' শব্দটিতে মোট 8টি ভিন্ন বর্ণ আছে যাদের 3টি স্বরবর্ণ।

সবগুলো বর্ণ একত্রে নিয়ে মোট সাজানো সংখ্যা $= 8! = 40320$

3টি স্বরবর্ণকে একটি একক বর্ণ মনে করলে পৃথক বর্ণগুলো হবে (IAE), T, R, N, G এবং L. এই 6টি ভিন্ন বর্ণকে 6! প্রকারে এবং 3টি ভিন্ন স্বরবর্ণকে নিজেদের মধ্যে 3! প্রকারে সাজানো যায় ।

স্বরবর্ণগুলোকে পাশাপাশি রেখে মোট সাজানো সংখ্যা $= 6! \times 3! = 720 \times 6 = 4320$

স্বরবর্ণগুলোকে পাশাপাশি না রেখে মোট সাজানো সংখ্যা = সবগুলো বর্ণ একত্রে নিয়ে মোট সাজানো সংখ্যা – স্বরবর্ণগুলোকে পাশাপাশি রেখে মোট সাজানো সংখ্যা $= 40320 - 4320 = 36000$

(c) স্বরবর্ণগুলোকে (i) কোন সময়ই পৃথক না রেখে এবং (ii) কোন সময়ই পাশাপাশি না রেখে ' DAUGHTER' শব্দটির বর্ণগুলো কত সংখ্যক উপায়ে সাজানো যায় তা নির্ণয় কর। [চ.'১০]

সমাধান ঃ (i) ' DAUGHTER ' শব্দটিতে মোট 8টি ভিন্ন বর্ণ আছে যাদের 3টি স্বরবর্ণ ।

সবগুলো বর্ণ একত্রে নিয়ে মোট সাজানো সংখ্যা $= 8! = 40320$

3টি স্বরবর্ণকে একটি একক বর্ণ মনে করলে পৃথক বর্ণগুলো হবে (AUE), D, G, H, T এবং R . এই 6টি ভিন্ন বর্ণকে 6! প্রকারে এবং 3টি ভিন্ন স্বরবর্ণকে নিজেদের মধ্যে 3! প্রকারে সাজানো যায় ।

স্বরবর্ণগুলোকে কোন সময়ই পৃথক না রেখে মোট সাজানো সংখ্যা $= 6! \times 3! = 720 \times 6 = 4320$

(ii) স্বরবর্ণগুলোকে কোন সময়ই পাশাপাশি না রেখে মোট সাজানো সংখ্যা = সবগুলো বর্ণ একত্রে নিয়ে মোট সাজানো সংখ্যা – স্বরবর্ণগুলোকে কোন সময়ই পৃথক না রেখে মোট সাজানো সংখ্যা $= 40320 - 4320 = 36000$

(d) 'DIGITAL' শব্দটির বর্ণগুলোর সবগুলো একত্রে নিয়ে কত প্রকারে সাজানো যায় তা নির্ণয় কর এবং এদের কতগুলিতে স্বরবর্ণ গুলো একত্রে থাকবে? [য. '১০]

সমাধান ঃ ' DIGITAL ' শব্দটিতে 2টি I সহ মোট 7টি বর্ণ আছে ।

সবগুলো বর্ণ একত্রে নিয়ে মোট সাজানো সংখ্যা $= \frac{7!}{2!} = 2520$ (Ans.)

3টি স্বরবর্ণ I, I ও A কে একটি একক বর্ণ মনে করলে পৃথক বর্ণগুলো হবে (I I A), D, G, T এবং L . এই 5টি ভিন্ন বর্ণকে 5! প্রকারে এবং 3টি স্বরবর্ণকে নিজেদের মধ্যে $\frac{3!}{2!} = 3$ প্রকারে সাজানো যায় ।

স্বরবর্ণগুলোকে একত্রে রেখে মোট সাজানো সংখ্যা $= 5! \times 3 = 120 \times 3 = 360$ (Ans.)

7. 9 টি বলের 7টি বল লাল, 2টি সাদা (i) এদের উপর কোন বিধি–নিষেধ আরোপ না করে এবং (ii) সাদা বল দুইটি পাশাপাশি না রেখে বলগুলোকে কত প্রকারে এক সারিতে সাজানো যায়, তা নির্ণয় কর।

সমাধান ঃ এখানে 9 টি বলের মধ্যে 7টি লাল এবং 2টি সাদা।

(i) এদের উপর কোন বিধি–নিষেধ আরোপ না করে নির্ণেয় সাজানো সংখ্যা $= \frac{9!}{7! \times 2!} = 36$

(ii) সাদা বল দুইটি একটি একক বল মনে করলে মোট বলের সংখ্যা হবে $(9 - 2 + 1)$ অর্থাৎ, 8টি যাদের মধ্যে 7টি লাল । অতএব, সাদা বল দুইটি পাশাপাশি রেখে মোট সাজানো সংখ্যা $= \frac{8!}{7!!} = 8$

সাদা বল দুইটি পাশাপাশি না রেখে মোট সাজানো সংখ্যা $= 36 - 8 = 28$

8.(a) স্বরবর্ণগুলোর স্থান পরিবর্তন না করে ' PERMUTATION ' শব্দটির বর্ণগুলো কত উপায়ে পুনর্বিন্যাস করা যায়? [ব.'০০, ০৫ ; চ.'০০, ০৪; ঢা.'০৯; দি.'১৩]

সমাধান ঃ ' PERMUTATION ' শব্দটিতে মোট 11টি বর্ণ আছে যাদের 5টি স্বরবর্ণ।

5 টি স্বরবর্ণের স্থান পরিবর্তন না করে 2টি T সহ অবশিষ্ট $(11 - 5)$ বা, 6টি ব্যঞ্জন বর্ণকে $\frac{6!}{2!} = \frac{720}{2} = 360$ উপায়ে সাজানো যায় ।

নির্ণেয় পুনর্বিন্যাস করার উপায় $= 360 - 1 = 359$ (Ans.)

(b) স্বরবর্ণগুলোর (i) ক্রম পরিবর্তন না করে (ii) স্থান পরিবর্তন না করে এবং (iii) স্বরবর্ণের ও ব্যঞ্জনবর্ণের আপেক্ষিক অবস্থান পরিবর্তন না করে 'DIRECTOR' শব্দটি কত প্রকারে পুনরায় সাজানো যায় তা নির্ণয় কর।

সমাধান ঃ (i) 'DIRECTOR' শব্দটিতে মোট 8টি বর্ণ আছে যাদের 3টি স্বরবর্ণ । ক্রম পরিবর্তন না করায় স্বরবর্ণ 3টি (I , E , O) পরস্পরের মধ্যে আগেরটি পরে ও পরেরটি আগে আসতে পারে না । তাই তারা 3টি এক জাতীয় বর্ণের ন্যায় অবস্থান করে । তাহলে, 8 টি বর্ণের মধ্যে 3টি স্বরবর্ণ এক জাতীয় এবং 2টি R অন্য এক জাতীয় ।

স্বরবর্ণগুলোর ক্রম পরিবর্তন না করে মোট সাজানো সংখ্যা $= \frac{8!}{3! \times 2!} = 3360$

'DIRECTOR' শব্দটি নিজেই একটি সাজানো সংখ্যা।

নির্ণেয় পুনরায় সাজানো সংখ্যা $= 3360 - 1 = 3359$

(ii) স্বরবর্ণ 3টির স্থান নির্দিষ্ট রেখে 2টি R সহ 5টি ব্যঞ্জন বর্ণকে $\frac{5!}{2!} = 60$ রকমে সাজানো যায়।

স্বরবর্ণগুলোর স্থান পরিবর্তন না করে নির্ণেয় পুনরায় সাজানো সংখ্যা $= 60 - 1 = 59$

(iii) এক্ষেত্রে , স্বরবর্ণ 3টি নির্দিষ্ট 3টি (২য় , ৪র্থ এবং ৭ম) স্থানে নিজেরা $3! = 6$ প্রকারে বিন্যস্ত হয় এবং ব্যঞ্জন বর্ণ 5টি নির্দিষ্ট 5টি (১ম , ৩য় , ৫ম ৬ষ্ঠ এবং ৮ম) স্থানে নিজেরা $\frac{5!}{2!} = 60$ প্রকারে বিন্যস্ত হয়।

স্বরবর্ণের ও ব্যঞ্জনবর্ণের আপেক্ষিক অবস্থান পরিবর্তন না করে নির্ণেয় সাজানো সংখ্যা $= 6 \times 60 - 1 = 359$

9.(a) 'MILLENNIUM ' শব্দটির সব কয়টি বর্ণকে কত প্রকারে সাজানো যায় তা নির্ণয় কর। তাদের কতগুলোতে প্রথমে ও শেষে M থাকবে? [সি.,০৬, '১২; প্র.ভ.প.'০৪]

সমাধান ঃ১ম অংশঃ 'MILLENNIUM' শব্দটিতে মোট 10টি বর্ণ আছে যাদের 2টি I, 2টি M, 2টি L ও 2টি N

এ শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে সাজানো যায় $\frac{10!}{2! \times 2! \times 2! \times 2!} = 226800$ উপায়ে।

২য় অংশ ঃ প্রথম ও শেষ স্থান দুইটি ' L ' দ্বারা নিদিষ্ট করে 2টি M এবং 2টি N সহ অবশিষ্ট (10 – 2) অর্থাৎ , 8টি বর্ণকে 8টি স্থানে $\frac{8!}{2! \times 2! \times 2!} = 5040$ উপায়ে সাজানো যায় ।

নির্ণেয় সাজানো সংখ্যা 226800 ও 5040.

(b) 'IMMEDIATE' শব্দটির সব কয়টি বর্ণকে কত প্রকারে সাজানো যায় তা নির্ণয় কর। কতগুলোর প্রথমে T এবং শেষে A থাকবে ?

সমাধান ঃ ১ম অংশ ঃ ' IMMEDIATE ' শব্দটিতে মোট 9টি বর্ণ আছে যাদের 2টি I, 2টি M এবং 2টি E .

এ শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে সাজানো যায় $= \frac{9!}{2! \times 2! \times 2!} = 45360$ উপায়ে।

২য় অংশ ঃ প্রথম স্থানটি ' T ' এবং শেষ স্থানটি ' A ' দ্বারা নিদিষ্ট করে অবশিষ্ট (9 – 2) বা 7টি বর্ণকে (যাদের 2টি I, 2টি M এবং 2টি E) 7টি স্থানে $\frac{7!}{2! \times 2! \times 2!} = 630$ উপায়ে সাজানো যায় ।

(c) 'DAUGHTER' শব্দটির বর্ণগুলো মোট কত রকমে সাজানো যাবে ? কতগুলো D দ্বারা শুরু হবে? কতগুলোর প্রথমে D এবং শেষে R থাকবে? [ব.'০৩]

কতগুলোর প্রথমে D থাকবে কিন্তু শেষে R থাকবে না ? কতগুলোর প্রথমে D এবং শেষে R থাকবে না ?

সমাধান ঃ ১ম অংশ ঃ ' DAUGHTER' শব্দটির 8 টি ভিন্ন বর্ণ আছে ।

নির্ণেয় বিন্যাস সংখ্যা $= 8! = 40320$

২য় অংশ ঃ প্রথম স্থানাটি 'D' দ্বারা নির্দিষ্ট করে অবশিষ্ট $(8-1)$ অর্থাৎ, 7টি বর্ণকে $7!$ উপায়ে সাজানো যায়।

নির্ণেয় বিন্যাস সংখ্যা $= 7! = 5040$ (Ans.)

৩য় অংশ ঃ প্রথম স্থানটি 'D' এবং শেষ স্থানটি 'R' দ্বারা নিদিষ্ট করে অবশিষ্ট $(8-2)$ বা, 6টি বর্ণকে $6!$ উপায়ে সাজানো যায়।

নির্ণেয় সাজানো সংখ্যা $= 6! = 720$ (Ans.)

৪র্থ অংশ ঃ প্রথমে D থাকবে কিন্তু শেষে R থাকবে না এমন সাজানো সংখ্যা = প্রথমে D থাকে এমন সাজানো সংখ্যা – প্রথমে D এবং শেষে R থাকে এমন সাজানো সংখ্যা $= 5040 - 720 = 4320$

বিকল্প পদ্ধতি ঃ যেহেতু প্রথম স্থানটি D দ্বারা পূরণ করতে হয় এবং শেষের স্থানটি R দ্বারা পূরণ করা যায় না, অতএব শেষের স্থানটি $(8-2)$ বা, 6টি বর্ণ দ্বারা $^6P_1$ ভাবে পূরণ করা যায়

আবার, মাঝের $(8-2)$ বা, 6টি স্থান অবশিষ্ট 6টি বর্ণ দ্বারা $6!$ উপায়ে পূরণ করা যায়।

নির্ণেয় সাজানো সংখ্যা $= {}^6P_1 \times 6! = 6 \times 720 = 4320$

৫ম অংশ ঃ নির্ণেয় সাজানো সংখ্যা = সবগুলো বর্ণ একত্রে নিয়ে মোট সাজানো সংখ্যা – প্রথমে 'D' নিয়ে সাজানো সংখ্যা – শেষে 'R' নিয়ে সাজানো সংখ্যা + প্রথমে 'D' এবং শেষে 'R' নিয়ে সাজানো সংখ্যা

$$= 8! - 7! - 7! + 6! = 40320 - 2.5040 + 720 = 41040 - 10080 = 30960$$

10. (a) 'POSTAGE' শব্দটির সব কয়টি বর্ণকে কত প্রকারে সাজানো যেতে পারে যাতে স্বরবর্ণগুলো জোড় স্থান দখল করবে? কতগুলোতে ব্যঞ্জনবর্ণগুলো একত্রে থাকবে? [কু.'১৪]

সমাধান ঃ ১ম অংশ ঃ 'POSTAGE' শব্দটিতে মোট 7টি বর্ণ আছে যাদের 3টি ভিন্ন স্বরবর্ণ এবং 4টি ভিন্ন ব্যঞ্জনবর্ণ। এখানে 7টি স্থানের মধ্যে 3টি জোড় স্থান (২য়, ৪র্থ এবং ৬ষ্ঠ) 3টি ভিন্ন স্বরবর্ণ দ্বারা $3!$ উপায়ে এবং 4টি বিজোড় স্থান (১ম, ৩য়, ৫ম এবং ৭ম) 4টি ভিন্ন ব্যঞ্জনবর্ণ দ্বারা $4!$ উপায়ে পূরণ করা যাবে।

স্বরবর্ণগুলো জোড় স্থানে রেখে নির্ণেয় সাজানো সংখ্যা $= 3! \times 4! = 6 \times 24 = 144$

২য় অংশ ঃ 4টি ব্যঞ্জনবর্ণকে একটি একক বর্ণ মনে করলে ভিন্ন বর্ণ হবে (PSTG), O, A, E। এই 4টি বর্ণকে $4!$ প্রকারে এবং 4টি ভিন্ন ব্যঞ্জনবর্ণকে নিজেদের মধ্যে $4!$ প্রকারে সাজানো যাবে।

ব্যঞ্জনবর্ণগুলোকে একত্রে রেখে মোট সাজানো সংখ্যা $= 4! \times 4! = 24 \times 24 = 576$

(b) স্বরবর্ণগুলোকে কেবল (i) জোড় স্থানে (ii) বিজোড় স্থানে রেখে 'ARTICLE' শব্দটির অক্ষরগুলোকে কত প্রকারে সাজানো যায় তা নির্ণয় কর। [ঢা. '১০]

সমাধান ঃ (i) 'ARTICLE' শব্দটিতে মোট 7টি বর্ণ আছে যাদের 3টি ভিন্ন স্বরবর্ণ এবং 4টি ভিন্ন ব্যঞ্জনবর্ণ। এখানে 7টি স্থানের মধ্যে 3টি জোড় স্থান (২য়, ৪র্থ এবং ৬ষ্ঠ) 3টি ভিন্ন স্বরবর্ণ দ্বারা $3!$ উপায়ে এবং অবশিষ্ট 4টি স্থান 4টি ভিন্ন ব্যঞ্জনবর্ণ দ্বারা $4!$ উপায়ে পূরণ করা যাবে।

স্বরবর্ণগুলোকে কেবল জোড় স্থানে রেখে নির্ণেয় সাজানো সংখ্যা $= 3! \times 4! = 6 \times 24 = 144$

(ii) 7টি স্থানের মধ্যে 4টি বিজোড় স্থান (১ম, ৩য়, ৫ম এবং ৭ম) এর 3টি স্থান 3টি ভিন্ন স্বরবর্ণ দ্বারা $^4P_3$ উপায়ে এবং অবশিষ্ট 4টি স্থান 4টি ভিন্ন ব্যঞ্জনবর্ণ দ্বারা $4!$ উপায়ে পূরণ করা যাবে।

স্বরবর্ণগুলোকে কেবল বিজোড় স্থানে রেখে নির্ণেয় সাজানো সংখ্যা $= {}^4P_3 \times 4! = 24 \times 24 = 576$

10. (c) 'ALLAHABAD' শব্দটির সব কয়টি বর্ণকে কত প্রকারে সাজানো যায় তা নির্ণয় কর। এদের কতগুলোতে A চারটি একত্রে থাকবে ? এদের কতগুলোতে স্বরবর্ণগুলো জোড় স্থান দখল করবে?

সমাধান ঃ ১ম অংশ ঃ 'ALLAHABAD' শব্দটিতে মোট 9টি বর্ণের মধ্যে 4টি A এবং 2টি L আছে।

সবগুলো বর্ণ একত্রে নিয়ে মোট সাজানো সংখ্যা $= \dfrac{9!}{4!\times 2!} = 7560$

২য় অংশ ঃ A চারটিকে একটি একক বর্ণ মনে করলে ভিন্ন বর্ণ হবে (AAAA), L, L, H, B এবং D. 2টি L সহ এ 6টি বর্ণকে $\dfrac{6!}{2!} = 360$ উপায়ে এবং A চারটিকে নিজেদের মধ্যে $\dfrac{4!}{4!} = 1$ উপায়ে সাজানো যাবে।

A চারটি একত্রে নিয়ে নির্ণেয় সাজানো সংখ্যা $= 360\times 1 = 360$

৩য় অংশ ঃ 4টি স্থানের মধ্যে 4টি জোড় স্থান 4টি স্বরবর্ণ অর্থাৎ 4টি A দ্বারা $\dfrac{4!}{4!} = 1$ উপায়ে এবং 5টি বিজোড় স্থান 2টি L সহ 5টি ব্যঞ্জনবর্ণ দ্বারা $\dfrac{5!}{2!} = 60$ উপায়ে সাজানো যাবে।

স্বরবর্ণগুলো জোড় স্থানে রেখে নির্ণেয় সাজানো সংখ্যা $= 1\times 60 = 60$

11 (a) দেখাও যে, দুইখানা বিশেষ পুস্তক একত্রে না রেখে n সংখ্যক বিভিন্ন পুস্তক যত রকমে সাজানো যায় তার সংখ্যা (n – 2)(n – 1)!

সমাধান ঃ n সংখ্যক বিভিন্ন পুস্তকের সবগুলো একত্রে নিয়ে সাজানো সংখ্যা $= n!$

দুইখানা বিশেষ পুস্তককে একটি একক পুস্তক মনে করলে সাজানোর জন্য $(n-1)$ সংখ্যক পুস্তক পাই। এই $(n-1)$ সংখ্যক পুস্তক একত্রে $(n-1)!$ প্রকারে এবং বিশেষ পুস্তক দুইটিকে নিজেদের মধ্যে $2! = 2$ প্রকারে সাজানো যায়।

দুইখানা বিশেষ পুস্তক একত্রে রেখে সাজানো সংখ্যা $= (n-1)!\times 2 = 2(n-1)!$

দুইখানা বিশেষ পুস্তক একত্রে না রেখে নির্ণেয় সাজানো সংখ্যা $= n! - 2(n-1)! = n.(n-1)! - 2(n-1)!$
$= (n-2).(n-1)!$

(b) n সংখ্যক বিভিন্ন জিনসকে কত রকমে এক সারিতে সাজানো যায়, যাতে বিশেষ দুইটি জিনিস সারির প্রথমে বা শেষে না থাকে?

সমাধান ঃ বিশেষ জিনিস দুইটি সারির প্রথমে বা শেষে না থাকলে অবশিষ্ট $(n-2)$ সংখ্যক বিভিন্ন জিনস দ্বারা প্রথম ও শেষ স্থান দুইটি ${}^{n-2}P_2$ উপায়ে পূরণ করা যায় এবং অবশিষ্ট $(n-2)$ সংখ্যক বিভিন্ন জিনস দ্বারা মধ্যের $(n-2)$ সংখ্যক স্থান $(n-2)!$ উপায়ে পূরণ করা যায়।

নির্ণেয় সাজানো সংখ্যা $= {}^{n-2}P_2\times(n-2)! = (n-2)(n-3).(n-2)!$

(c) n সংখ্যক বিভিন্ন জিনিসের r সংখ্যক একবারে নিয়ে কত রকমে এক সারিতে সাজানো যায়, যাতে বিশেষ দুইটি জিনিস অন্তর্ভুক্ত থাকে কিন্তু তারা সারির প্রথমে বা শেষে থাকে না?

সমাধান ঃ বিশেষ জিনিস দুইটি সারির প্রথমে বা শেষে না থাকলে অবশিষ্ট $(n-2)$ সংখ্যক বিভিন্ন জিনস দ্বারা প্রথম ও শেষ স্থান দুইটি ${}^{n-2}P_2$ উপায়ে পূরণ করা যায় এবং অবশিষ্ট $(n-2)$ সংখ্যক বিভিন্ন জিনস দ্বারা মধ্যের $(r-2)$ সংখ্যক স্থান ${}^{n-2}P_{r-2}$ উপায়ে পূরণ করা যায়।

নির্ণেয় সাজানো সংখ্যা $= {}^{n-2}P_2\times {}^{n-2}P_{r-2} = (n-2)(n-3)\dfrac{(n-2)!}{(n-2-r+2)!} = \dfrac{(n-2)!}{(n-r)!}(n-2)(n-3)$

12.(a) 'SECOND ' শব্দটির বর্ণগুলো থেকে একটি স্বরবর্ণ ও দুইটি ব্যঞ্জন বর্ণ নিয়ে কতগুলো শব্দ গঠন করা যেতে পারে, যখন স্বরবর্ণ সর্বদা মধ্যম স্থান দখল করে? [ব.'০৩]

সমাধান ঃ ' SECOND ' শব্দটিতে মোট 6টি বর্ণ আছে যাদের 2টি স্বরবর্ণ এবং 3টি ব্যঞ্জন বর্ণ ।
মধ্যম স্থানটি দুইটি ভিন্ন স্বরবর্ণ দ্বারা $^2P_1 = 2$ উপায়ে এবং প্রান্ত স্থান 2টি 4টি ভিন্ন ব্যঞ্জন বর্ণ দ্বারা $^4P_2 = 12$ উপায়ে পুরণ করা যেতে পারে ।

নির্ণেয় শব্দের সংখ্যা $= 2 \times 12 = 24$ (Ans.)

(b) 7টি বিভিন্ন ব্যঞ্জনবর্ণ এবং 3টি বিভিন্ন স্বরবর্ণ থেকে দুইটি ব্যঞ্জনবর্ণ ও একটি স্বরবর্ণ নিয়ে কতগুলো শব্দ গঠন করা যায়, যাতে স্বরবর্ণটি ব্যঞ্জনবর্ণের মাঝখারে থাকবে?

সমাধান ঃ মধ্যম স্থানটি 3টি বিভিন্ন স্বরবর্ণ দ্বারা $^3P_1 = 3$ উপায়ে এবং প্রান্ত স্থান 2টি, 7টি বিভিন্ন ব্যঞ্জন বর্ণ দ্বারা $^7P_2 = 42$ উপায়ে পূরণ করা যাবে । $\therefore$ নির্ণেয় শব্দের সংখ্যা $= 3 \times 42 = 126$

(c) যদি ' CAMBRIDGE ' শব্দটির বর্ণগুলো থেকে কেবল 5টি বর্ণ নিয়ে শব্দ গঠন করা হয় তবে কতগুলোতে প্রদত্ত শব্দটির সব কয়টি স্বরবর্ণ বর্তমান থাকবে? [চ.'০৪; কু.'০৭]

সমাধান ঃ 'CAMBRIDGE' শব্দটিতে মোট 9টি ভিন্ন বর্ণ আছে যাদের 3টি স্বরবর্ণ এবং 6টি ব্যঞ্জন বর্ণ।

5টি স্থান 3টি ভিন্ন স্বরবর্ণ দ্বারা $^5P_3 = 60$ উপায়ে পূরণ করা যাবে । অবশিষ্ট $(5 - 3)$ অর্থাৎ, 2টি স্থান 6টি ভিন্ন ব্যঞ্জন বর্ণ দ্বারা $^6P_2 = 30$ উপায়ে পূরণ করা যাবে ।

নির্ণেয় শব্দ .গঠন করার উপায় সংখ্যা $= 60 \times 30 = 1800$

বিকল্প পদ্ধতি ঃ প্রদত্ত শব্দটিতে মোট 9টি ভিন্ন বর্ণ আছে যাদের 3টি স্বরবর্ণ এবং 6টি ব্যঞ্জন বর্ণ।

6টি ব্যঞ্জন বর্ণ হতে 2টি ব্যঞ্জন বর্ণ $^6C_2$ উপায়ে বেছে নেওয়া যায় । 3 টি স্বরবর্ণ এবং 2টি ব্যঞ্জন বর্ণ $5!$ প্রকারে বিন্যস্ত হয় ।

নির্ণেয় শব্দ গঠন করার উপায় সংখ্যা $= {^6C_2} \times 5! = 15 \times 120 = 1800$ (Ans.)

12. (d) 'EQUATION' শব্দটির বর্ণগুলো হতে প্রত্যেকবার 4টি বর্ণ নিয়ে বিভিন্ন শব্দ গঠন করা হল, এদের কতগুলোতে Q বর্তমান থাকবে কিন্তু N থাকবে না ? [য.'০৮]

সমাধান ঃ 'EQUATION' শব্দটিতে 8 টি ভিন্ন বর্ণ আছে। 4টি বর্ণ নিয়ে গঠিত শব্দে 4টি স্থানে Q বর্তমান থাকবে $^4P_1 = 4$ উপায়ে। অবশিষ্ট $(4 - 1)$ অর্থাৎ 3টি স্থান 6টি বর্ণ E, U, A, T, I এবং O দ্বারা পূরণ করা যাবে $^6P_3 = 120$ উপায়ে। Q কে বর্তমান রেখে এবং N কে বর্তমান না রেখে শব্দ হঠন করা যাবে $4 \times 120 = 480$ টি।

বিকল্প পদ্ধতি ঃ Q কে বর্তমান রেখে এবং N কে বর্তমান না রেখে 4টি বর্ণ নিয়ে শব্দ গঠন করা হলে অন্য $(8-2) = 6$ টি বর্ণ হতে 3টি বর্ণ নিতে হবে এবং তা $^6C_3 = 20$ উপায়ে নেওয়া যায়। আবার, 4টি ভিন্ন বর্ণ দ্বারা শব্দ গঠন করা যায় $4! = 24$ টি।

Q কে বর্তমান রেখে এবং N কে বর্তমান না রেখে শব্দ হঠন করা যায় $20 \times 24 = 480$ টি।

13. (a) 10 টি বস্তুর 5টি একবারে নিয়ে কতগুলো বিন্যাসের মধ্যে 2টি বিশেষ বস্তু সর্বদা অন্তর্ভুক্ত থাকবে? [কু.'১০]

সমাধান ঃ 5টি একবারে নিয়ে গঠিত বিন্যাসের 5টি স্থান 2টি বিশেষ বস্তু দ্বারা $^5P_2 = 20$ উপায়ে পূরণ করার পর অবশিষ্ট $(5 - 2)$ অর্থাৎ, 3টি স্থান বাকি $(10 - 2)$ অর্থাৎ, 8টি বস্তু দ্বারা $^8P_3 = 336$ উপায়ে পূরণ করা যাবে।

নির্ণেয় বিন্যাস সংখ্যা $= 20 \times 336 = 6720$

বিকল্প পদ্ধতি ঃ 2 টি বিশেষ বস্তুকে সর্বদা অন্তর্ভুক্ত রেখে অবশিষ্ট $(10-2)$ বা, 8টি বস্তু হতে 3টি বস্তু $^8C_3$ উপায়ে বেছে নেওয়া যাবে। আবার, 5 টি বস্তুকে $5!$ উপায়ে সাজানো যাবে।

নির্ণেয় বিন্যাস সংখ্যা $= {}^8C_3 \times 5! = 56 \times 120 = 6720$

(b) ইংরেজি বর্ণমালার 26টি বর্ণ থেকে কতপ্রকারে 5টি বিভিন্ন বর্ণ সমন্বিত একটি শব্দ গঠন করা যায়, যাদের মধ্যে A এবং L অক্ষর দুইটি অবশ্যই থাকবে ?

সমাধান ঃ 5টি অক্ষর নিয়ে গঠিত শব্দে 5টি স্থান A এবং L অক্ষর দ্বারা $^5P_2 = 20$ উপায়ে পূরণ করার পর অবশিষ্ট $(5-2)$ অর্থাৎ, 3টি স্থান বাকি $(26-2)$ অর্থাৎ, 24টি অক্ষর দ্বারা $^{24}P_3 = 12144$ উপায়ে পূরণ করা যাবে।

নির্ণেয় সংখ্যা $= 20 \times 12144 = 242880$

14 (a) একজন লোকের একটি সাদা, দুইটি লাল এবং তিনটি সবুজ পতাকা আছে। একটির উপর আরেকটি সাজানো চারটি পতাকা নিয়ে সে কতগুলো বিভিন্ন সংকেত তৈরী করতে পারবে ? [রা.'০২]

সমাধান ঃ মোট পতাকার সংখ্যা $= 1 + 2 + 3 = 6$.

6টি পতাকা হতে 4টি পতাকা নির্বাচন করে সে নিম্নরূপে সংকেত তৈরী করতে পারবে ঃ

সাদা পতাকা (1)	লাল পতাকা (2)	সবুজ পতাকা (3)	সংকেত তৈরীর উপায় সংখ্যা
1	2	1	$\frac{4!}{2!} = 12$
1	1	2	$\frac{4!}{2!} = 12$
1	0	3	$\frac{4!}{3!} = 4$
0	1	3	$\frac{4!}{3!} = 4$
0	2	2	$\frac{4!}{2!2!} = 6$

সে সংকেত তৈরী করতে পারবে $(12 + 12 + 4 + 4 + 6)$ বা, 38 উপায়ে।

14 (b) একজন লোকের একটি সাদা, দুইটি লাল এবং তিনটি সবুজ পতাকা আছে। একটির উপর আরেকটি সাজানো পাঁচটি পতাকা নিয়ে সে কতগুলো বিভিন্ন সংকেত তৈরী করতে পারবে ? [কু.'০১; দি.'১০; প্র.ভ.প.'০৪]

সমাধান ঃ মোট পতাকার সংখ্যা $= 1 + 2 + 3 = 6$.

6টি পতাকা হতে 5টি পতাকা নির্বাচন করে সে নিম্নরূপে সংকেত তৈরী করতে পারবে ঃ

সাদা পতাকা (1)	লাল পতাকা (2)	সবুজ পতাকা (3)	সংকেত তৈরীর উপায় সংখ্যা
1	2	2	$\frac{5!}{2!2!} = 30$
1	1	3	$\frac{5!}{3!} = 20$
0	2	3	$\frac{5!}{2!3!} = 10$

নির্ণেয় সংখ্যা $= 30 + 20 + 10 = 60$ (Ans.)

15. (a) দুইজন B.Sc. ক্লাসের ছাত্রকে পাশাপাশি না বসিয়ে 14 জন I.Sc. ক্লাসের ও 10 জন B.Sc. ক্লাসের ছাত্রকে কত রকমে একটি লাইনে সাজানো যায়, তা নির্ণয় কর। [য.'০৪]

সমাধান ঃ 14 জন I.Sc. ক্লাসের ছাত্রকে একটি লাইনে 14! রকমে সাজানো যায়। এই 14 জন I.Sc. ক্লাসের ছাত্রের মাঝখানে $(14-1) = 13$ টি ফাঁকা স্থান পাওয়া যায়। এ ছাড়া লাইনের দুই প্রান্তে আরও দুইটি ফাঁকা স্থান পাওয়া যায়। সুতরাং, $(13+2) = 15$ টি ফাঁকা স্থানে 10 জন B.Sc. ক্লাসের ছাত্রকে $^{15}P_{10}$ রকমে সাজানো যায়।

নির্ণেয় সাজানো সংখ্যা $= 14! \times {}^{15}P_{10}$

15 (b) দুইটি যোগবোধক চিহ্ন পাশাপাশি না রেখে p-সংখ্যক যোগবোধক চিহ্ন ও q-সংখ্যক বিয়োগবোধক চিহ্ন (p < q) কত প্রকারে এক সারিতে সাজানো যায়, তা নির্ণয় কর।

সমাধান ঃ p-সংখ্যক যোগবোধক চিহ্ন একজাতীয় এবং q-সংখ্যক বিয়োগবোধক চিহ্ন একজাতীয়। q-সংখ্যক বিয়োগবোধক চিহ্নকে এক সারিতে $\frac{q!}{q!} = 1$ রকমে সাজানো যায়।এই q-সংখ্যক বিয়োগবোধক চিহ্নের মাঝখানে $(q-1)$ টি ফাঁকা স্থান পাওয়া যায়। এ ছাড়া সারির দুই প্রান্তে আরও দুইটি ফাঁকা স্থান পাওয়া যায়। সুতরাং, $\{(q-1)+2\} = (q+1)$ টি ফাঁকা স্থানে p-সংখ্যক যোগবোধক চিহ্নকে $\frac{^{q+1}P_p}{p!} = \frac{(q+1)!}{p! \times (q+1-p)!}$ রকমে সাজানো যায়।

নির্ণেয় সাজানো সংখ্যা $= 1 \times \frac{(q+1)!}{p! \times (q+1-p)!} = \frac{(q+1)!}{p! \times (q-p+1)!}$

16 (a) 3, 4, 5, 6, 7, 8 অঙ্কগুলোর একটিকেও পুনরাবৃত্তি না করে 5000 এবং 6000 মধ্যবর্তী কতগুলো সংখ্যা গঠন করা যেতে পারে? [ব.'১৩]

সমাধান ঃ 5000 এবং 6000 মধ্যবর্তী সংখ্যাগুলো অবশ্যই 4 অঙ্কের হতে হবে এবং প্রথম অঙ্কটি 5 দ্বারা আরম্ভ হতে হবে। এখানে 6টি বিভিন্ন অঙ্ক আছে। প্রথম স্থানটি 5 দ্বারা নির্দিষ্ট করে অবশিষ্ট $(4-1) = 3$টি স্থান বাকি $(6-1) = 5$টি অঙ্ক দ্বারা পূরণ করা যাবে $^5P_3$ উপায়ে। $\therefore$ নির্ণেয় মোট সংখ্যা $= {}^5P_3 = 60$

(b) প্রত্যেক অঙ্ককে প্রত্যেক সংখ্যায় একবার মাত্র ব্যবহার করে 5, 6, 7, 8, 0 অঙ্কগুলো দ্বারা পাঁচ অঙ্ক বিশিষ্ট এবং 4 দ্বারা বিভাজ্য কতগুলো সংখ্যা গঠন করা যেতে পারে?

সমাধান ঃ এখানে শূন্যসহ মোট 5টি অঙ্ক আছে । সংখ্যার প্রথমে 0 থাকলে তা অর্থপূর্ণ সংখ্যা হবেনা। 4 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলোর শেষের অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা 4 দ্বারা বিভাজ্য হবে। অতএব, 4 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলোর শেষের অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা 08, 60, 80, 56, 68, 76 হবে।

শেষ দুইটি স্থানে 08, 60 ও 80 এর যেকোন একটি দ্বারা $^3P_1$ উপায়ে পূরণ করে অবশিষ্ট $(5-2) = 3$টি স্থান বাকি $(5-2) = 3$টি অঙ্ক দ্বারা 3! উপায়ে পূরণ করা যাবে।

আবার, শেষ দুইটি স্থানে 56, 68 ও 76 এর যেকোন একটি দ্বারা $^3P_1$ উপায়ে এবং 0 ব্যতীত অপর দুইটি অঙ্কের যেকোন একটি দ্বারা প্রথম স্থানটি $^2P_1$ উপায়ে পূরণ করে অবশিষ্ট $(5-3) = 2$টি স্থান 0 ও অপর একটি অঙ্ক দ্বারা 2! উপায়ে পূরণ করা যাবে।

4 দ্বারা বিভাজ্য মোট সংখ্যা $= {}^3P_1 \times 3! + {}^3P_1 \times {}^2P_1 \times 2! = 3 \times 6 + 3 \times 2 \times 2 = 18 + 12 = 30$

17. (a) প্রতিটি অঙ্ক যতবার আছে এর বেশি সংখ্যকবার ব্যবহার না করে 3, 4, 5, 3, 4, 5, 6 এর বিজোড় অঙ্কগুলো সবসময় বিজোড় স্থানে রেখে সাত অঙ্ক বিশিষ্ট কতগুলো সংখ্যা গঠন করা যেতে পারে?

সমাধান ঃ সাত অঙ্ক বিশিষ্ট সংখ্যার 4টি বিজোড় স্থান ও 3টি জোড় স্থান থাকে। 3, 5, 3 ও 5 অঙ্কগুলো দ্বারা 4টি বিজোড় স্থান $\frac{4!}{2!\times 2!} = 6$ উপায়ে এবং 4, 4 ও 6 অঙ্কগুলো দ্বারা বাকি স্থান 3টি $\frac{3!}{2!} = 3$ উপায়ে পূরণ করা যাবে।

নির্ণেয় মোট সংখ্যা $= 6\times 3 = 18$

(b) প্রত্যেক সংখ্যায় প্রতিটি অঙ্ক কেবল একবার ব্যবহার করে 1 , 2 , 3 , 4 , 5 , 6 , 7, 8, 9 অঙ্কগুলো দ্বারা কতগুলো সংখ্যা গঠন করা যায়, যাদের প্রথমে ও শেষে জোড় অঙ্ক থাকবে?

সমাধান ঃ এখানে 9টি বিভিন্ন অঙ্ক আছে যাদের 4টি জোড় অঙ্ক ।

প্রথম ও শেষ স্থান দুইটি 4টি জোড় অঙ্কের যেকোন দুইটি দ্বারা $^4P_2$ উপায়ে এবং অবশিষ্ট $(9-2) = 7$টি স্থান বাকি $(9-2) = 7$টি অঙ্ক দ্বারা $7!$ উপায়ে পূরণ করা যাবে।

প্রথমে ও শেষে জোড় অঙ্ক নিয়ে মোট সংখ্যা $= {}^4P_2 \times 7! = 12 \times 5040 = 60480$

18. কোন সংখ্যায় কোন অঙ্কের পুনরাবৃত্তি না করে 0 ,3 , 5 , 6 , 8 অঙ্কগুলো দ্বারা 4000-এর চেয়ে বড় কতগুলো সংখ্যা গঠন করা যায়?

সমাধান ঃ প্রশ্নমতে সংখ্যাগুলো 4 অঙ্কের ও 5 অঙ্কের হবে।

4000-এর চেয়ে বড় 4 অঙ্ক দ্বারা গঠিত সংখ্যাগুলো 5 , 6 কিংবা 8 দ্বারা আরম্ভ হবে।

4 অঙ্ক দ্বারা গঠিত মোট সংখ্যা $= {}^3P_1 \times {}^4P_3 = 3 \times 24 = 72$

4000-এর চেয়ে বড় 5 অঙ্ক দ্বারা গঠিত সংখ্যাগুলো 3, 5 , 6 কিংবা 8 দ্বারা আরম্ভ হবে।

4 অঙ্ক দ্বারা গঠিত মোট সংখ্যা $= {}^4P_1 \times {}^4P_4 = 4\times 24 = 96$

নির্ণেয় মোট সংখ্যা $= 72 + 96 = 168$

19 (a)1,2,3, 4 অঙ্কগুলি যে কোন সংখ্যকবার ব্যবহার করে তিন অঙ্কের বেশি নয় এমন কতগুলি সংখ্যা তৈরী করা যায় ?

সমাধান ঃ এখানে অঙ্ক 4টির প্রতিটি যে কোন সংখ্যকবার ব্যবহার করা যাবে।

∴ এক অঙ্ক বিশিষ্ট সংখ্যা গঠন করা যাবে 4 উপায়ে।

দুই অঙ্ক বিশিষ্ট সংখ্যার প্রতিটি স্থান (একক বা দশক) 4টি অঙ্ক দ্বারা 4 উপায়ে পূরণ করা যাবে। অতএব, দুই অঙ্ক বিশিষ্ট সংখ্যা গঠন করা যাবে $4\times 4 = 4^2$ উপায়ে।

অনুরূপভাবে, তিন ভঙ্ক বিশিষ্ট সংখ্যা গঠন করা যাবে 4^3 উপায়ে।

নির্ণেয় মোট সংখ্যা $= (4+4^2+4^3) = (4+16+64) = 84$

(b) 0 , 1 , 2 , 3 , 4 , 5 , 6 , 7 অঙ্কগুলো যেকোন সংখ্যকবার ব্যবহার করে 10000 এর ছোট কতগুলো বিজোড় সংখ্যা গঠন করা যায়?

সমাধান ঃ শূন্যসহ 8টি অঙ্কের প্রতিটি যে কোন সংখ্যকবার ব্যবহার করা যাবে। সংখ্যার শেষে 1 , 3, 5 বা 7 থাকলে সংখ্যাগুলি বিজোড় হবে এবং প্রথমে 0 থাকলে তা অর্থপূর্ণ সংখ্যা হবেনা । তাই, শেষ স্থানটি (অর্থাৎ একক স্থান) এ চারটি বিজোড় সংখ্যা দ্বারা 4 উপায়ে, বাম দিক হতে প্রথম স্থানটি 0 ব্যতীত বাকী 7টি অঙ্ক দ্বারা 7 উপায়ে এবং অন্যান্য স্থানগুলির প্রতিটি শূন্যসহ 8টি অঙ্ক দ্বারা 8 উপায়ে পূরণ করা যাবে।

∴ এক অঙ্ক বিশিষ্ট বিজোড় সংখ্যা গঠন করা যাবে 4 উপায়ে।

দুই অঙ্ক বিশিষ্ট বিজোড় সংখ্যা গঠন করা যাবে 7×4 অর্থাৎ 28 উপায়ে।

তিন অঙ্ক বিশিষ্ট বিজোড় সংখ্যা গঠন করা যাবে $7\times 8\times 4$ অর্থাৎ 224 উপায়ে।

চার অঙ্ক বিশিষ্ট বিজোড় সংখ্যা গঠন করা যাবে $7\times8\times8\times4$ অর্থাৎ 1792 উপায়ে।

নির্ণেয় মোট সংখ্যা $= (4+28+224+1792) = 2048$

20. (a) একটি প্রফেসরের পদের জন্য 3 জন প্রার্থী 5 জন লোকের ভোটে একজন নির্বাচিত হবে। কত প্রকারে ভোট দেওয়া যেতে পারে? [য.'০৫; কু.'০৯; রা.'১০]

সমাধান ঃ প্রত্যেক ভোটার 3 জন প্রর্থীকে ভোট দিতে পারে 3 উপায়ে।

5 জন ভোটার 3 জন প্রার্থীকে ভোট দিতে পারে $3\times3\times3\times3\times3 = 3^5 = 243$ উপায়ে।

243 প্রকারে ভোট দেওয়া যেতে পারে।

(b) তিনটি পুরস্কারের একটি সদাচারের জন্য, একটি ক্রীড়ার জন্য এবং একটি সাধারণ উন্নতির জন্য। 10 জন বালকের মধ্যে এগুলো কত রকমে বিতরণ করা যেতে পারে?

সমাধান ঃ প্রত্যেক পুরস্কার 10 জন বালকের মধ্যে 10 উপায়ে বিতরণ করা যায়।

তিনটি পুরস্কার 10 জন বালকের মধ্যে বিতরণ করার মোট উপায় সংখ্যা $= 10\times10\times10 = 1000$

21. (a) গণিতের 5 খানা, পদার্থবিজ্ঞানের 3 খানা ও রসায়নবিজ্ঞানের 2 খানা পুস্তককে একটি তাকে কত প্রকারে সাজানো যেতে পারে যাতে একই বিষয়ের পুস্তকগুলো একত্রে থাকে?

সমাধান ঃ যেহেতু একই বিষয়ের পুস্তকগুলো একত্রে থাকে, অতএব গণিতের 5 খানা পুস্তককে গণিতের একটি একক পুস্তক, পদার্থবিজ্ঞানের 3 খানা পুস্তককে পদার্থবিজ্ঞানের একটি একক পুস্তক এবং রসায়নবিজ্ঞানের 2 খানা পুস্তককে রসায়নবিজ্ঞানের একটি একক পুস্তক মনে করতে হবে।

এই 3 বিষয়ের পুস্তক $3! = 6$ উপায়ে এবং গণিতের 5 খানা পুস্তককে নিজেদের মধ্যে $5! = 120$ উপায়ে, পদার্থবিজ্ঞানের 3 খানা পুস্তককে $3! = 6$ উপায়ে ও রসায়নবিজ্ঞানের 2 খানা পুস্তককে $2! = 2$ উপায়ে সাজানো যাবে।

একই বিষয়ের পুস্তকগুলো একত্রে রেখে নির্ণেয় সাজানো সংখ্যা $= 6\times120\times6\times2 = 8640$

(b) একটি তালার 4টি রিং এর প্রত্যেকটিতে 5টি করে অক্ষর মুদ্রিত আছে। প্রতিটি রিং এর একটি করে 4টি অক্ষরের একমাত্র বিন্যাসের জন্য তালাটি খোলা গেলে কতগুলি বিন্যাসের জন্য তালাটি খোলা যাবে না ?

সমাধান ঃ প্রতিটি বিন্যাসের প্রথম স্থানটি প্রথম রিং এর 5টি অক্ষর দ্বারা পূরণ করা যায় 5 উপায়ে।

প্রতিটি বিন্যাসের দ্বিতীয় স্থানটি দ্বিতীয় রিং এর 5টি অক্ষর দ্বারা পূরণ করা যায় 5 উপায়ে।

প্রতিটি বিন্যাসের তৃতীয় স্থানটি তৃতীয় রিং এর 5টি অক্ষর দ্বারা পূরণ করা যায় 5 উপায়ে।

প্রতিটি বিন্যাসের চতুর্থ স্থানটি চতুর্থ রিং এর 5টি অক্ষর দ্বারা পূরণ করা যায় 5 উপায়ে।

চারটি রিং এর অক্ষরগুলি দ্বারা গঠিত বিন্যাসের সংখ্যা $= 5\times5\times5\times5 = 25$

যেসব বিন্যাসের জন্য তালাটি খোলা যাবেনা তাদের সংখ্যা $= 625-1 = 624$

22. (a) 8 জন মেয়ে বৃত্তাকারে নাচবে। কত প্রকারে পৃথক পৃথক ভাবে তারা বৃত্তাকারে দাঁড়াবে?

সমাধান ঃ 1 জন মেয়েকে নির্দিষ্ট করে অবশিষ্ট $(8-1)$ বা, 7 জন মেয়েকে $7!$ প্রকারে সাজানো যায়।
n সংখ্যক বিভিন্ন জিনিসের দুইটি বিশেষ জিনিসের কোনটি অন্তর্ভুক্ত না থাকলে অবশিষ্ট $(n-2)$ সংখ্যক জিনিস হতে r সংখ্যক জিনিসকে ${}^{n-2}C_r$ উপায়ে অন্তর্ভুক্ত করা যাবে। এক্ষেত্রে বিন্যাস সংখ্যা $= {}^{n-2}C_r \times r!$

$$\text{নির্ণেয় বিন্যাস সংখ্যা} = {}^{n-2}C_{r-2} \times r! + {}^{n-2}C_r \times r! = \frac{(n-2)!.r!}{(r-2)!(n-2-r+2)!} + \frac{(n-2)!.r!}{r!(n-2-r)!}$$

$$= \frac{(n-2)!.r(r-1).(r-2)!}{(r-2)!(n-r)!} + \frac{(n-2)!.}{(n-2-r)!} = \frac{(n-2)!.r(r-1)}{(n-r)(n-r-1)(n-r-2)!} + \frac{(n-2)!.}{(n-2-r)!}$$

$$= \frac{(n-2)!\{r(r-1)+(n-r)(n-r-1)\}}{(n-r)(n-r-1)(n-r-2)!} = \frac{(n-2)!(r^2-r+n^2-2nr+r^2-n+r)}{(n-r)!}$$

$$= \frac{(n-2)!}{(n-r)!}(2r^2+n^2-2nr-n) \text{ (Ans.)}$$

(d) একটি সংকেত তৈরি করতে তিনটি পতাকার প্রয়োজন হয়। 6টি বিভিন্ন রং-এর প্রত্যেটির 4টি করে 24টি পতাকা দ্বারা কতগুলো সংকেত দেয়া যেতে পারে?

সমাধান ঃ সবগুলো পতাকা ভিন্ন ভিন্ন রঙের নিয়ে সংকেত দেয়ার সংখ্যা $= {}^6P_3 = 120$

6টি বিভিন্ন রঙের পতাকা হতে এক রঙের 2টি পতাকা বাছাই করা যায় ${}^6C_1$ উপায়ে। আবার অবশিষ্ট 5টি বিভিন্ন রঙের পতাকা হতে এক রঙের 1টি পতাকা বাছাই করা যায় ${}^5C_1$ উপায়ে। এই বেছে নেয়া এক রঙের 2টি ও অন্য রঙের 1টি পতাকাকে $\dfrac{3!}{2!} = 3$ উপায়ে সাজানো যায়।

2টি এক রঙের এবং অপরটি অন্য এক রঙের নিয়ে সংকেত দেয়ার সংখ্যা $= {}^6C_1 \times {}^5C_1 \times 3 = 6 \times 5 \times 3 = 90$

সবগুলো পতাকা একই রঙের নিয়ে সংকেত দেয়ার সংখ্যা $= {}^6C_1 \times \dfrac{3!}{3!} = 6$

নির্ণেয় মোট সংখ্যা $= 120 + 90 + 6 = 216$

18. n সংখ্যক বিভিন্ন জিনিস থেকে প্রতিবার r সংখ্যক জিনিস নিয়ে যত প্রকারে বিন্যাস (Permutation) করা যায় তার সংখ্যা ${}^nP_r$ এবং যতগুলি সমাবেশ (Combination) হতে পারে তার সংখ্যা ${}^nC_r$.

(a) ${}^{n+1}P_3+{}^nC_3+{}^nC_2=343$ হলে n এর মান নির্ণয় কর। বইঘর কম

(b) প্রমাণ কর যে, ${}^nC_r+{}^nC_{r-1}={}^{n+1}C_r$

[ঢা.'১০,'১২; রা. '০৮; চ. '০৭,'১৪; সি. '০৭, '০৯; কু.'০৭,'১২,'১৪; ব .'০৮,'১২,'১৪; দি.'১০,'১৩; য.'১৪]

(c) 'Combination' শব্দটির বর্ণগুলি থেকে অন্তত একটি বর্ণ কত উপায়ে বাছাই করা যায় এবং স্বরবর্ণগুলির স্থান পরিবর্তন না করে 'Permutation' শব্দটির বর্ণগুলি কত উপায়ে পুনর্বিন্যাস করা যায়?

[ব.০৫ ; চ.'০৪; ঢা. '০৯; দি.'১৩]

সমাধান ঃ (a) ${}^{n+1}P_3+{}^nC_3+{}^nC_2=392 \Rightarrow {}^{n+1}P_3+({}^nC_3+{}^nC_{3-1})=392$

$\Rightarrow \quad {}^{n+1}C_3\times 3!+{}^{n+1}C_3=392 \Rightarrow 7\times {}^{n+1}C_3=392 \Rightarrow {}^{n+1}C_3=56={}^8C_3 \Rightarrow n+1=8 \therefore n=7$

(b) **মূল বইয়ের ১৩৮ পৃষ্ঠা দ্রষ্টব্য।**

(c) 'Combination' শব্দটিতে 2টি O, 2টি N, 2টি I ও 5টি ভিন্ন ভিন্ন বর্ণ আছে।

অন্তত একটি বর্ণ বাছাই করা যাই $(2+1)(2+1)(2+1)2^5-1=863$ উপায়ে।

'PERMUTATION' শব্দটিতে মোট 11টি বর্ণ আছে যাদের 5টি স্বরবর্ণ।

5 টি স্বরবর্ণের স্থান পরিবর্তন না করে 2টি T সহ অবশিষ্ট (11 – 5) বা, 6টি ব্যঞ্জন বর্ণকে $\frac{6!}{2!}=\frac{720}{2}=360$ উপায়ে সাজানো যায়।

নির্ণেয় পুনর্বিন্যাস করার উপায় $=360-1=359$ (Ans.)

19. সাতটি সরল রেখার দৈর্ঘ্য যথাক্রমে 1, 2, 3, 4, 5, 6, 7 সে.মি.।

(a) 1234567 সংখ্যাটির অঙ্কগুলি থেকে অন্তত একটি জোড় অঙ্ক ও অন্তত একটি বিজোড় অঙ্ক কতভাবে বাছাই করা যায়? উ: 105

(b) ${}^nP_r$ এর মান নির্ণয় কর। [কু.'০৮;ব.'০৯ ; চ.'০৬,'০৯,'১৩;য.'০৭,'১১; দি.'১৪]

(c) দেখাও যে, একটি চতুর্ভুজ গঠন করার জন্য চারটি সরল রেখা যত প্রকারে বাছাই করা যায় তার সংখ্যা 32.

[চ.'০৮,'১২;সি.'০৮,'১২; দি.'০৯;য.'০৯;ব.'০৮,'১০]

সমাধানঃ (a) 1234567 সংখ্যাটির তিনটি জোড় অঙ্ক ও চারটি বিজোড় অঙ্ক আছে।

অন্তত একটি জোড় অঙ্ক ও অন্তত একটি বিজোড় অঙ্ক বাছাই করা যায় $(2^3-1)(2^4-1)=105$ উপায়ে।

(b) **মূল বইয়ের ১২৭ পৃষ্ঠা দ্রষ্টব্য।**

(c) **প্রশ্নমালা VB এর 6(a) দ্রষ্টব্য।**

20. যেকোনো সংখ্যা গঠনে 0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9 অঙ্কগুলি ব্যবহার করা হয়।

(a) প্রত্যেক সংখ্যায় প্রত্যেক অঙ্ক কেবল একবার ব্যবহার করে 10 অঙ্কের কতগুলি অর্থপূর্ণ সংখ্যা গঠন করা যায়?

(b) প্রত্যেক সংখ্যায় প্রত্যেক অঙ্ক কেবল একবার ব্যবহার করে 10 অঙ্কের কতগুলি অর্থপূর্ণ জোড় সংখ্যা গঠন করা যায়।

(c) প্রত্যেক সংখ্যায় 1 নয়বার ও 9 একবার ব্যবহার করে 10 অঙ্কের যতগুলি সংখ্যা গঠন করা যায় তাদের গড় নির্ণয় কর।

সমাধান ঃ (a) প্রদত্ত 10টি অঙ্ক ব্যবহার করে 10! সংখ্যক সংখ্যা গঠন করা যায়। কিন্তু 0 দ্বারা শুরু 9! সংখ্যক সংখ্যা অর্থপূর্ণ সংখ্যা নয়।

নির্ণেয় অর্থপূর্ণ সংখ্যা $= 10! - 9! = 3265920$

(b) সংখ্যাগুলির শেষে 0, 2, 4, 6 অথবা 8 থাকলে সংখ্যাগুলি জোড় হবে। আবার, সংখ্যার প্রথমে 0 থাকলে তা অর্থপূর্ণ সংখ্যা হবেনা।

0 শেষে রেখে প্রথম স্থানটি 1, 2, 3, 4, 5, 6, 7, 8 বা 9 দ্বারা 9 উপায়ে পূরণ করা যায়। অবশিষ্ট মাঝের 8টি স্থান বাকী 8টি অঙ্ক দ্বারা $8! = 40320$ উপায়ে পূরণ করা যায়।

0 শেষে রেখে অর্থপূর্ণ জোড় সংখ্যা গঠন করার উপায় সংখ্যা $= 9 \times 40320 = 362880$

আবার, 2 শেষে রেখে প্রথম স্থানটি 1, 3, 4, 5, 6, 7, 8 বা 9 দ্বারা 8 উপায়ে পূরণ করা যায়। অবশিষ্ট মাঝের 8টি স্থান বাকী 8টি অঙ্ক দ্বারা $8! = 40320$ উপায়ে পূরণ করা যায়।

2 শেষে রেখে অর্থপূর্ণ জোড় সংখ্যা গঠন করার উপায় সংখ্যা $= 8 \times 40320 = 322560$

অনুরূপভাবে, 4, 6 অথবা 8 শেষে রেখে অর্থপূর্ণ বিজোড় সংখ্যা গঠন করার উপায় সংখ্যা $= 322560$

নির্ণেয় অর্থপূর্ণ বিজোড় সংখ্যা $= 362880 + 4 \times 322560 = 1653120$ সংখ্যক।

(c) প্রত্যেক সংখ্যায় 1 নয়বার ও 9 একবার ব্যবহার করে যতগুলি সংখ্যা গঠন করা যায় তাদের সংখ্যা $= \frac{10!}{9!} = 10$

প্রত্যেক স্থানে (একক, দশক, শতক ইত্যাদি) 9 একবার ও 1 নয়বার পুনরাবৃত্ত হয়।

দশ অঙ্ক বিশিষ্ট সংখ্যার প্রত্যেক স্থানের অঙ্কগুলির সমষ্টি $= 9 + 1 \times 9 = 18$

প্রত্যেক সংখ্যায় 1 নয়বার ও 9 একবার ব্যবহার করে 10 অঙ্কের গঠিত সংখ্যার সমষ্টি

$= 18 \times 1111111111 = 19999999998$

নির্ণেয় গড় $= 19999999998 \div 10 = 1999999999{\cdot}8$

অথবা,

গঠিত সংখ্যার সমষ্টি $= 9111111111 + 1911111111 + 1191111111 + 1119111111 + 1111911111 + 1111191111 + 1111119111 + 1111111911 + 1111111191 + 1111111119$
$= 19999999998$

নির্ণেয় গড় $= 19999999998 \div 10 = 1999999999{\cdot}8$

কাজ:

১। 10 টি জিনিসের মধ্যে 2টি এক জাতীয় এবং বাকীগুলো ভিন্ন ভিন্ন জিনিস। ঐ জিনিসগুলো থেকে প্রতিবারে 5টি নিয়ে কত প্রকারে বাছাই করা যায়?

সমাধান : সবগুলোই জিনিস ভিন্ন ভিন্ন এরূপ বাছাই সংখ্যা $= (10 - 2 + 1)$ অর্থাৎ 9টি বিভিন্ন জিনিস থেকে প্রতিবারে 5টি নিয়ে বাছাই সংখ্যা $= {}^9C_5 = 126$

2টি জিনিস এক জাতীয় এবং অপর 3টি জিনিস ভিন্ন ভিন্ন এরূপ বাছাই সংখ্যা $= {}^2C_2 \times {}^8C_3 = 1 \times 56 = 56$

নির্ণেয় মোট বাছাই সংখ্যা $= 126 + 56 = 182$

২। 13 জন বালকের একটি দলে 5 জন বালক সেনা আছে। কত প্রকারে 7 জন বালক বাছাই করা যায় যাতে (i) ঠিক 3 জন বালক সেনা থাকে, (ii) অন্তত 3 জন বালক সেনা থাকে?

(i) সমাধান : 5 জন বালক সেনা থেকে প্রতিবারে ঠিক 3 জনকে ${}^5C_3 = 10$ উপায়ে এবং অন্যান্য $(13 - 5)$ অর্থাৎ, 8 জন বলক থেকে প্রতিবারে বাকি $(7 - 3)$ অর্থাৎ, 4 জনকে ${}^8C_4 = 70$ উপায়ে বাছাই করা যায়।

7 জনের দল গঠন করা যাবে $= 10 \times 70 = 700$ উপায়ে।

(ii) ঃ নিম্নরূপে 7 জনের একটি দল গঠন করা যেতে পারে –

বালক সেনা (5)	অন্যান্য বালক (8)	কমিটি গঠনের উপায়
3	4	${}^5C_3 \times {}^8C_4 = 10 \times 70 = 700$
4	3	${}^5C_4 \times {}^8C_3 = 5 \times 56 = 280$
5	2	${}^5C_5 \times {}^8C_2 = 1 \times 28 = 28$

$(700 + 280 + 28)$ অর্থাৎ, 1008 প্রকারে দল গঠন করা যাবে।

৩। 1, 2, 3, 4, 5, 6, 7, 8 চিহ্নিত আটটি কাউন্টার থেকে অন্যূন একটি বিজোড় ও একটি জোড় কাউন্টার নিয়ে চারটি কাউন্টারের কতগুলো সমাবেশ গঠন করা যেতে পারে?

সমাধান ঃ নিম্নরূপে 4টি কাউন্টারের সমাবেশ গঠন করা যেতে পারে –

জোড় কাউন্টার (4)	বিজোড় কাউন্টার (4)	সমাবেশ গঠনের উপায়
1	3	${}^4C_1 \times {}^4C_3 = 4 \times 4 = 16$
2	2	${}^4C_2 \times {}^4C_2 = 6 \times 6 = 36$
3	1	${}^4C_3 \times {}^4C_1 = 4 \times 4 = 16$

নির্ণেয় মোট সংখ্যা $= 16 + 36 + 16 = 68$

অতিরিক্ত প্রশ্ন (সমাধানসহ)

1. (a) একটি সমতলে n- সংখ্যক সরলরেখা টানলে, যদি কোন দুইটি সরলরেখা সমান্তরাল না হয়, এবং কোন তিনটিও সমবিন্দু না হয়, তবে সেখানে কতগুলো ছেদবিন্দু থাকবে?

সমাধান ঃ দুইটি অসমান্তরাল সরলরেখা একটি বিন্দুতে ছেদ করে।

যেকোন দুইটি সমান্তরাল নয় এরূপ n- সংখ্যক সরলরেখা ছেদ করবে ${}^nC_2 = \frac{1}{2}n(n-1)$ সংখ্যক বিন্দুতে।

(b) শূন্যে অবস্থিত n- সংখ্যক বিন্দুর মধ্যে কোন তিনটি বিন্দুও সমরেখ নয় এবং কোন চারটি এক সমতলে নয়। n-এর কত মানের জন্য বিন্দুগুলোর সংযোগ রেখার দ্বারা প্রাপ্ত সরলরেখার সংখ্যা ও সমতলের সংখ্যা সমান হবে?

সমাধান ঃ একটি সরলরেখার জন্য দুটি বিন্দু এবং একটি সমতলের জন্য তিনটি বিন্দুর প্রয়োজন।এখানে মোট n- সংখ্যক বিন্দু ।অতএব, মোট সরলরেখার সংখ্যা ${}^nC_2$ এবং মোট সমতলের সংখ্যা ${}^nC_3$.

প্রশ্নমতে, ${}^nC_3 = {}^nC_2 \Rightarrow \frac{1}{6}n(n-1)(n-2) = \frac{1}{2}n(n-1) \Rightarrow n-2 = 3 \therefore n = 5$

(c) শূন্যে অবস্থিত n- সংখ্যক বিন্দুর মধ্যে কোন তিনটি বিন্দুও সমরেখ নয় এবং কোন চারটি এক সমতলে নয়, কেবল p-সংখ্যক বিন্দু এক সমতলে অবস্থিত।ঐ বিন্দুগুলো দ্বারা কতগুলো ভিন্ন সমতল গঠন করা যেতে পারে?

সমাধান ঃ একটি সমতল গঠন করাতে তিনটি বিন্দুর প্রয়োজন।

প্রদত্ত n- সংখ্যক বিন্দু দ্বারা গঠিত সমতলের সংখ্যা $= {}^nC_3$

কিন্তু যেহেতু p- সংখ্যক বিন্দু একসমতলে অবস্থিত; সুতরাং তারা ${}^pC_3$ সংখ্যক সমতলের পরিবর্তে কেবল একটি সমতল গঠন করে।

নির্ণেয় সমতলের সংখ্যা $= {}^nC_3 - {}^pC_3 + 1 = \frac{1}{6}n(n-1)(n-2) - \frac{1}{6}p(p-1)(p-2) + 1$

(d) কোন সমতলে অবস্থিত n- সংখ্যক বিন্দুর মধ্যে , p- সংখ্যক বিন্দু সমরেখ, বাকিগুলোর যে কোন তিনটি বিন্দু একই সরলরেখায় অবস্থিত নয়। ঐ n- সংখ্যক বিন্দুগুলো সংযোগ করে মোট কতগুলো সরলরেখা পাওয়া যাবে? এদের দ্বারা উৎপন্ন ত্রিভুজের সংখ্যাও নির্ণয় কর।

সমাধান ঃ প্রথম অংশ ঃ দুই বিন্দুর সংযোগে একটি সরলরেখা উৎপন্ন হয়।

প্রদত্ত n- সংখ্যক বিন্দু দ্বারা গঠিত সরলরেখার সংখ্যা = $^nC_2$

কিন্তু যেহেতু p- সংখ্যক বিন্দু সমরেখ; সুতরাং তারা $^pC_2$ সংখ্যক রেখার পরিবর্তে কেবল একটি রেখা গঠন করে।

নির্ণেয় রেখার সংখ্যা = $^nC_2 - {}^pC_2 + 1 = \frac{1}{2}n(n-1) - \frac{1}{2}p(p-1) + 1$

দ্বিতীয় অংশ ঃ অসমরেখ তিনটি বিন্দুর সংযোগ রেখা দ্বারা একটি ত্রিভুজ গঠিত হয়।

উপরের যুক্তি অনুযায়ী নির্ণেয় ত্রিভুজ সংখ্যা = $^nC_3 - {}^pC_3 = \frac{n(n-1)(n-2)}{3!} - \frac{p(p-1)(p-2)}{3!}$

$$= \frac{n(n-1)(n-2)}{6} - \frac{p(p-1)(p-2)}{6}$$

3. ক্রিকেট বিশ্বকাপ -2007 এ 4 টি গ্রুপ থেকে 2টি করে দল শীর্ষ আটে উঠে। নিজ গ্রুপের দল ব্যতীত এই 8 টি দলের প্রতিটি দল পরস্পরের মুখোমুখি হলে শীর্ষ আটে মোট কয়টি খেলা অনুষ্ঠিত হয়।

সমাধান : 8টি দলের 2টি করে দল পরস্পরের সাথে খেললে মোট খেলার সংখ্যা হয় $^8C_2$ বা 28 টি।

কিন্তু শীর্ষ আটে নিজ গ্রুপের দল দুইটি পরস্পরের সাথে খেলেনি বলে 4টি গ্রুপের 4টি খেলা অনুষ্ঠিত হয়নি।

শীর্ষ আটে মোট খেলা অনুষ্ঠিত হয় (28 – 4) বা , 24 টি

4. (a) প্রত্যেক অঙ্ককে প্রত্যেক সংখ্যায় একবার মাত্র ব্যবহার করে 2, 3, 4, 5, 6, 7 এবং 8 অঙ্কগুলো দ্বারা চার অঙ্ক বিশিষ্ট কতগুলো পৃথক সংখ্যা গঠন করা যায়?

সমাধান ঃ এখানে 7টি অঙ্ক আছে। প্রত্যেক অঙ্ককে প্রত্যেক সংখ্যায় একবার মাত্র ব্যবহার করে 7টি অঙ্ক দ্বারা চার অঙ্কের গঠিত মোট সংখ্যা = $^7P_4 = 840$

(b) প্রত্যেক অঙ্ককে প্রত্যেক সংখ্যায় একবার মাত্র ব্যবহার করে 3, 1, 7, 0, 9, 5 অঙ্কগুলো দ্বারা ছয় অঙ্ক বিশিষ্ট কতগুলো সংখ্যা গঠন করা যেতে পারে? এদের মধ্যে কতগুলো সংখ্যার দশকের স্থানে শূন্য থাকবে?

সমাধান ঃ এখানে শূন্যসহ মোট 6টি বিভিন্ন অঙ্ক আছে। সংখ্যার প্রথমে 0 থাকলে তা অর্থপূর্ণ সংখ্যা হবেনা।

প্রথম স্থানটি 5টি অঙ্ক 3, 1, 7, 9, 5 এর যেকোন একটি দ্বারা $^5P_1$ উপায়ে পূরণ করে অবশিষ্ট 5টি স্থান বাকি 5টি অঙ্ক দ্বারা পূরণ করা যাবে 5! উপায়ে। $\therefore$ নির্ণেয় মোট সংখ্যা = $^5P_1 \times 5! = 5 \times 120 = 600$

২য় অংশ : প্রথম স্থানটি 5টি অঙ্ক 3, 1, 7, 9, 5 এর যেকোন একটি দ্বারা $^5P_1$ উপায়ে এবং দশকের স্থান শূন্য দ্বারা পূরণ করে অবশিষ্ট 4টি স্থান বাকি 4টি অঙ্ক দ্বারা পূরণ করা যাবে 4! উপায়ে। $\therefore$ নির্ণেয় মোট সংখ্যা = $^5P_1 \times 4! = 5 \times 24 = 120$

(c) 3, 4, 0, 5, 6 অঙ্কগুলোর একটিকেও পুনরাবৃত্তি না করে 10 এবং 1000 মধ্যবর্তী কতগুলো সংখ্যা গঠন করা যেতে পারে?

সমাধান ঃ 10 এবং 1000 মধ্যবর্তী সংখ্যাগুলো দুই অঙ্কের ও তিন অঙ্কের হবে। এখানে শূন্যসহ মোট 5টি বিভিন্ন অঙ্ক আছে। সংখ্যার প্রথমে 0 থাকলে তা অর্থপূর্ণ সংখ্যা হবেনা।

দুই অঙ্কের গঠিত মোট সংখ্যা = 5টি অঙ্ক দ্বারা দুই অঙ্কের গঠিত মোট সংখ্যা – 0 প্রথমে রেখে বাকি 4টি অঙ্ক দ্বারা এক অঙ্কের গঠিত মোট সংখ্যা = $^5P_2 - {}^4P_1 = 20 - 4 = 16$

অনুরূপভাবে, তিন অঙ্কের গঠিত মোট সংখ্যা = $^5P_3 - {}^4P_2 = 60 - 12 = 48$

নির্ণেয় মোট সংখ্যা = $16 + 48 = 64$

[MCQ এর জন্য : নির্ণেয় মোট সংখ্যা = $4\ ({}^4P_1 + {}^4P_2) = 64$]

5. (a) প্রত্যেক অঙ্ককে প্রত্যেক সংখ্যায় একবারের বেশি ব্যবহার না করে 0 , 1 , 2 , 3 , 4 , 5 , 6 , 7 অঙ্কগুলো দ্বারা 10000 এর ছোট কতগুলো সংখ্যা গঠন করা যায়?

সমাধান ঃ এখানে শূন্যসহ মোট 8টি অঙ্ক আছে । সংখ্যার প্রথমে 0 থাকলে তা অর্থপূর্ণ সংখ্যা হবেনা। 10000 এর ছোট সংখ্যা নিম্নরূপে গঠন করা যায় ঃ

শূন্য ব্যতীত বাকী 7টি অঙ্ক দ্বারা এক অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা = ${}^7P_1 = 7$

দুই অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা = 8টি অঙ্ক দ্বারা দুই অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা – 0 প্রথমে রেখে বাকি 7টি অঙ্ক দ্বারা এক অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা = ${}^8P_2 - {}^7P_1 = 49$

অনুরূপভাবে, তিন অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা = ${}^8P_3 - {}^7P_2 = 294$

এবং চার অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা = ${}^8P_4 - {}^7P_3 = 1470$

10000 এর ছোট মোট সংখ্যা = $(7 + 49 + 294 + 1470) = 1820$

[MCQ এর জন্য : নির্ণেয় মোট সংখ্যা = ${}^7P_1\ (1 + {}^7P_1 + {}^7P_2 + {}^7P_3) = 1820$]

(b) প্রত্যেক অঙ্ককে প্রত্যেক সংখ্যায় একবারের বেশি ব্যবহার না করে 0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9 অঙ্কগুলো দ্বারা 1000-এর চেয়ে ছোট এবং 5 দ্বারা বিভাজ্য কতগুলো সংখ্যা গঠন করা যায়?

সমাধান ঃ এখানে শূন্যসহ মোট 10টি ভিন্ন অঙ্ক আছে । সংখ্যার প্রথমে 0 থাকলে তা অর্থপূর্ণ সংখ্যা হবেনা। 5 দ্বারা সংখ্যাগুলোর শেষে 0 বা 5 থাকতে হবে।

1000-এর চেয়ে ছোট এবং 5 দ্বারা বিভাজ্য সংখ্যা নিম্নরূপে গঠন করা যায় ঃ

এক অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা = 1

দুই অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা = শেষে 0 থাকে এরূপ মোট সংখ্যা + শেষে 5 থাকে এরূপ মোট সংখ্যা

$$= {}^9P_1 + {}^8P_1 = 9 + 8 = 17$$

তিন অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা = শেষে 0 থাকে এরূপ মোট সংখ্যা + শেষে 5 থাকে এরূপ মোট সংখ্যা

$$= {}^9P_2 + ({}^9P_2 - {}^8P_1) = 72 + 72 - 8 = 136$$

নির্ণেয় মোট সংখ্যা = $1 + 17 + 136 = 154$

(c) প্রত্যেক অঙ্ককে প্রত্যেক সংখ্যায় একবারের বেশি ব্যবহার না করে 0, 1, 2, 3, 4 অঙ্কগুলো দ্বারা তিন অঙ্কের বেশি নয় , এরূপ কতগুলো সংখ্যা গঠন করা যায়?

সমাধান ঃ এখানে শূন্যসহ মোট 5টি ভিন্ন অঙ্ক আছে । সংখ্যার প্রথমে 0 থাকলে তা অর্থপূর্ণ সংখ্যা হবেনা। তিন অঙ্কের বেশি নয় এরূপ সংখ্যা নিম্নরূপে গঠন করা যায় ঃ

এক অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা = ${}^4P_1 = 4$

দুই অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা = ${}^5P_2 - {}^4P_1 = 20 - 4 = 16$

তিন অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা = ${}^5P_3 - {}^4P_2 = 60 - 12 = 48$

নির্ণেয় মোট সংখ্যা = $4 + 16 + 48 = 68$

(d) 1, 2, 3, 4, 5 অঙ্কগুলি যে কোন সংখ্যকবার ব্যবহার করে চার অঙ্কবিশিষ্ট কতগুলি সংখ্যা গঠন করা যায় ? এ সংখ্যাগুলির কয়টিতে একই অঙ্ক একাধিকবার থাকবে।

সমাধান ঃ প্রদত্ত পাঁচটি অঙ্ক দ্বারা চার অঙ্কবিশিষ্ট প্রত্যেক সংখ্যার প্রতিটি স্থান 5 উপায়ে পূরণ করা যায়।

প্রদত্ত অঙ্কগুলি যে কোন সংখ্যকবার ব্যবহার করে চার অঙ্কবিশিষ্ট সংখ্যা গঠন করা যায় $5^4 = 625$ উপায়ে। আবার, প্রদত্ত অঙ্কগুলি প্রত্যেক সংখ্যায় একবারের বেশি ব্যবহার না করে চার অঙ্কবিশিষ্ট সংখ্যা গঠন করা যায় $^5P_4 = 120$ উপায়ে।

$625 - 120 = 505$ টি সংখ্যায় একই অঙ্ক একাধিকবার থাকবে।

6. কোনো পরীক্ষায় তিনটি বিষয়ের প্রতিটির পূর্ণমাণ-100 । একজন ছাত্র কতভাবে 200 নম্বর পেতে পারে?

সমাধান : একজন ছাত্রকে 200 নম্বর পেতে হলে প্রতিটি বিষয়ে 0 হতে 100 নম্বর পেতে হবে।

ছাত্রটি নিম্নরূপে পরীক্ষায় 200 নম্বর পেতে পারে -

১ম বিষয়ে প্রাপত নম্বর	২য় বিষয়ে প্রাপত নম্বর	৩য় বিষয়ে প্রাপত নম্বর	মোট প্রাপ্ত নম্বর
0	100	100	200
1	100	99	200
1	99	100	200
2	100	88	200
2	99	99	200
2	88	100	200

লক্ষ্যনীয় যে, ১ম বিষয়ে 0 পাওয়া যায় 1 উপায়ে, 1 পাওয়া যায় 2 উপায়ে, 2 পাওয়া যায় 3 উপায়ে। অনুরূপভাবে, ১ম বিষয়ে 3 পাওয়া যায় 4 উপায়ে, 4 পাওয়া যায় 5 উপায়ে, 5 পাওয়া যায় 6 উপায়ে $\cdots$, 100 পাওয়া যায় 101 উপায়ে।

নির্ণেয় সংখ্যা $= 1 + 2 + 3 + \cdots + 101 = \frac{101(101+1)}{2} = \frac{101 \times 102}{2} = 5151$

7 (a) n (A) = 4 হলে, P(A) সেটের কমপক্ষে একটি উপাদান কতভাবে বাছাই করা যায়?

সমাধান ঃ দেওয়া আরছে , $n(A) = 4$ $P(A)$ সেটের উপাদান সংখ্যা $= 2^4 = 16$

$P(A)$ সেটের কমপক্ষে একটি উপাদান বাছাই করা যায় $(2^{16} - 1)$ বা 65535 উপায়ে।

(b) $n(A) = 2$, $n(B) = 3$ হলে, $P(A \times B)$ সেটের কমপক্ষে একটি উপাদান কতভাবে বাছাই করা যায়?

সমাধান ঃ দেওয়া আরছে , $n(A) = 2$, $n(B) = 3$ $n(A \times B) = 2 \times 3 = 6$

$P(A \times B)$ সেটের উপাদান সংখ্যা $= 2^6 = 64$

$P(A \times B)$ সেটের কমপক্ষে একটি উপাদান বাছাই করা যায় $(2^{64} - 1)$ উপায়ে।

8. $n(A) = 3$, $n(B) = 4$ হলে A , B ও J_5 প্রত্যেক সেটের কমপক্ষে একটি উপাদান কতভাবে বাছাই করা যায়?

সমাধান ঃ $n(J_5) = 5$.

প্রত্যেক সেটের কমপক্ষে একটি উপাদান বাছাই করার উপায় $= (2^3 - 1)(2^4 - 1)(2^5 - 1) = 3255$

9. 'EQUATION' শব্দটির সবগুলো ে প্রশ্নমালা V (A + B) কারে দুইটি শব্দ গঠন করা যেতে পারে, যেন E, Q, U অক্ষর তিনটি এক শব্দে এবং C, - । অন্তর্ভুক্ত থাকে?

সমাধান ঃ A, T, I অক্ষর তিনটি থেকে যেকোন 0, 1, 2 ও 3টি অক্ষর ১ম শব্দে (E, Q, U অন্তর্ভুক্ত শব্দে) অন্তর্ভুক্ত করা হলে ২য় শব্দে (O, N অন্তর্ভুক্ত শব্দে) যথাক্রমে 3, 2, 1 ও 0টি অক্ষর অন্তর্ভুক্ত করতে হবে। এ 3টি

অক্ষরকে ১ম শব্দে 1টি ও ২য় শব্দে 2টি অন্তর্ভুক্ত করা যায় $\frac{3!}{1! \times 2!}$ উপায়ে।

A, T, I অক্ষর তিনটি নিম্নরূপে অন্তর্ভুক্ত করে দুইটি শব্দ গঠন করা যায় –

E, Q, U অন্তর্ভুক্ত শব্দ	O, N অন্তর্ভুক্ত শব্দ	দুইটি শব্দ গঠন করার উপায়
$3+0=3$	$2+3=5$	$\frac{3!}{0! \times 3!} \times 3! \times 5! = 720$
$3+1=4$	$2+2=4$	$\frac{3!}{1! \times 2!} \times 4! \times 4! = 1728$
$3+2=5$	$2+1=3$	$\frac{3!}{2! \times 1!} \times 5! \times 3! = 2160$
$3+3=6$	$2+0=6$	$\frac{3!}{3! \times 0!} \times 6! \times 2! = 1440$

নির্ণেয় মোট সংখ্যা $= 720 + 1728 + 2160 + 1440 = 6048$

10. **(a) 11 ডিজিট বিশিষ্ট গ্রমীণফোন মোবাইল নম্বরে বাম দিক হতে প্রথম চারটি 0171 দ্বারা নির্ধারিত। গ্রামীণফোন সারা দেশে সর্বাধিক কত সংখ্যক মোবাইল সংযোগ দিতে পারবে? এদের কত সংখ্যক 5 দ্বারা বিভাজ্য হবে? কতগুলোর ঠিক শেষের তিনটি ডিজিট এক রকম হবে তাও নির্ণয় কর।**

সমাধান ঃ ১ম অংশ ঃ 0 হতে 9 পর্যন্ত মোট 10টি অঙ্ক (0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9) আছে। বাম দিক হতে প্রথম চারটি ডিজিট 0171 দ্বারা নির্ধারিত করে অবশিষ্ট $(11 - 4)$ বা, 7টি ডিজিট প্রত্যেকটি 10টি অঙ্ক দ্বারা 10 উপায়ে পূরণ করা যাবে।

নির্ণেয় টেলিফোন সংযোগ সংখ্যা $= 10 \times 10 \times 10 \times 10 \times 10 \times 10 \times 10 = 10^7$

২য় অংশ ঃ 5 দ্বারা বিভাজ্য বলে শেষের ডিজিট 0 অথবা 5 হবে এবং তা $^2C_1 = 2$ উপায়ে পূরণ করা যাবে এবং অবশিষ্ট $(14 - 4 - 1)$ বা, 6টি ডিজিট প্রত্যেকটি 10টি অঙ্ক দ্বারা 10 উপায়ে পূরণ করা যাবে।

নির্ণেয় টেলিফোন সংযোগ সংখ্যা $= 10 \times 10 \times 10 \times 10 \times 10 \times 10 \times 2 = 2 \times 10^6$

৩য় অংশ ঃ শেষের তিনটি ডিজিট 10টি অঙ্কের যেকোন একটির তিনটি দ্বারা 10 উপায়ে পূরণ করা যাবে। শেষের তিনটি ডিজিট 10টি অঙ্কের যেকোন একটি দ্বারা পূরণ করার পর ডান দিক হতে ৪র্থ ডিজিট অবশিষ্ট 9টি অঙ্কের যেকোন একটি দ্বারা 9 উপায়ে পূরণ করা যাবে। অবশিষ্ট $(7 - 3 - 1)$ বা, 3টি ডিজিট প্রত্যেকটি 10টি অঙ্ক দ্বারা 10 উপায়ে পূরণ করা যাবে।

শেষের তিনটি ডিজিট ঠিক এক রকম এমন টেলিফোন সংযোগ সংখ্যা $= 10 \times 9 \times 10 \times 10 \times 10 = 9 \times 10^4$

11 ডিজিট বিশিষ্ট টেলিটক মোবাইল নম্বরে বাম দিক হতে প্রথম চারটি 0155 দ্বারা নির্ধারিত। বাম দিক হতে ৫ম ডিজিট জোড় সংখ্যা দ্বারা নির্ধারিত হলে, সারা দেশে কত সংখ্যক টেলিটকের মোবাইল সংযোগ দেওয়া যাবে তা নির্ণয় কর।

সমাধান ঃ 0 হতে 9 পর্যন্ত মোট 4টি অঙ্ক (2, 4, 6, 8) জোড়। বাম দিক হতে ৫ম ডিজিট 4টি অঙ্ক দ্বারা $^4C_1$ উপায়ে পূরণ করা যায়। অবশিষ্ট 6টি ডিজিট প্রত্যেকটি 10টি অঙ্ক দ্বারা 10 উপায়ে পূরণ করা যায়।

মোট সংযোগ সংখ্যা $= {}^4C_1 \times 10 \times 10 \times 10 \times 10 \times 10 \times 10 = 4 \times 10^6$

তিন অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যার বাম দিক থেকে প্রথম দুইটি অঙ্কের সমষ্টি 4, প্রত্যেক অঙ্ককে প্রত্যেক সংখ্যায় একবার মাত্র ব্যবহার করে গঠিত সংখ্যার সমষ্টি 1998 এবং সংখ্যাটির উৎপাদকের সংখ্যা 8 হলে সংখ্যাটি নির্ণয় কর।

সমাধান ঃ মনে করি, সংখ্যাটি $(100a + 10b + c)$.

প্রশ্নমতে, $a + b = 4 \quad \cdots(i)$

$(3-1)! \times (a+b+c) \times 111 = 1998 \Rightarrow a+b+c = \dfrac{1994}{222} = 9 \Rightarrow 4+c = 9 \Rightarrow c = 5$

(i) হতে পাই, $(a, b) = (4, 0), (2, 2), (3, 1)$ অথবা, $(1, 3)$.

নির্ণেয় সংখ্যাটি হবে 405, 225, 315 অথবা, 135.

এখন, $405 = 3^4 \times 5$. 405 এর উৎপাদকের সংখ্যা $= (4+1)(1+1) = 10$

$225 = 3^2 \times 5^2$ 225 এর উৎপাদকের সংখ্যা $= (2+1)(2+1) = 9$

$315 = 3^2 \times 5 \times 7$ 315 এর উৎপাদকের সংখ্যা $= (2+1)(1+1)(1+1) = 12$

$135 = 3^3 \times 5$ 135 এর উৎপাদকের সংখ্যা $= (3+1)(1+1) = 8$

নির্ণেয় সংখ্যা 135.

ভর্তি পরীক্ষার MCQ:

1. যদি *TIME* শব্দটির অক্ষরগুলি পুনর্বিন্যাস করা হয় তবে কতগুলো বিন্যাস স্বরবর্ণ দ্বারা শুরু হবে ? [DU 88-99]

Sol^n : নির্ণেয় সাজানো সংখ্যা $= {}^2P_1 \times 3! = 12$

2. *SCIENCE* শব্দটির স্বরবর্ণগুলোকে একত্রে রেখে সবকয়টি বর্ণকে যত উপায়ে সাজানো যায় তাদের সংখ্যা কত? [DU 97-98]

Sol^n : নির্ণেয় সাজানো সংখ্যা $= \dfrac{5!}{2!} \times \dfrac{3!}{2!} = 180$

3. প্রতিটি সংখ্যায় প্রতিটি অঙ্ক একবার ব্যবহার করে 0,1,2,3,4,5 দ্বারা কতগুলি সংখ্যা গঠন করা যায়?[IU 06-07]

Sol^n : নির্ণেয় উপায় $= 6! - 5! = 600$

4. SCHOOL শব্দটি হতে তিনটি অক্ষর বাছাই করা যায় ? [DU 07-08]

Sol^n : নির্ণেয় উপায় $= {}^5C_3 + {}^4C_1 = 14$

5. 6 জন ছাত্র ও 5 জন ছাত্রী হতে 5 জনের একটি কমিটি কতভাবে গঠন করা যাবে যাতে অন্ততঃ একজন ছাত্র ও একজন ছাত্রী অন্তর্ভুক্ত থাকে ? [DU 05-06; Jt.U 06-07]

Sol^n : নির্ণেয় সংখ্যা $= {}^5C_1 \times {}^6C_4 + {}^5C_2 \times {}^6C_3 + {}^5C_3 \times {}^6C_2 + {}^5C_4 \times {}^6C_1 = 455$

6. আটজন ব্রক্তি হতে পাঁচ সদস্যের একটি কমিটি কতভাবে হঠন করা যায় যাতে তিনজন বিশেষ ব্যক্তির সর্বাধিক একজন অন্তর্ভুক্ত থাকে? [DU 97-98]

Sol^n : কমিটি গঠনের উপায় সংখ্যা $= {}^3C_1 \times {}^5C_4 + {}^3C_0 \times {}^5C_5 = 16$

7. 8 জন লোক প্রত্যেকে প্রত্যেকের সাথে করমর্দন করলে করমর্দনের সংখ্যা কত হবে? [SU 07-08]

Sol^n নির্ণেয় সংখ্যা $= {}^8C_2 = 28$ [$\because$ করমর্দনে দুইজন ব্যক্তি লাগে।]

8. একটি টেনিম টুনামেন্টে 150 জন খেলোয়াড় আছে । এক জন খেলোয়াড় একটি ম্যাচ হারলে টুনামেন্ট থেকে বিদ্যায় নেয়। টুনামেন্টে কতটি ম্যাচ খেলা হয়েছে? [SU 06-07]

Sol^n টুনামেন্টে একজন বিজায়ী হয় এবং অবশিষ্ট $(150 - 1) = 149$ জন খেলোয়াড় 149টি ম্যাচে পরাজিত হয়ে টুনামেন্ট থেকে বিদ্যায় নেয়।অতএব. নির্ণেয় ম্যাচ সংখ্যা $= 149$.

9. ${}^nP_5 = 84 \times {}^{n-1}P_2$ হলে n এর মান কত?



1. প্রমাণ কর যে,

(a) $(\tan\theta + \sec\theta)^2 = \dfrac{1+\sin\theta}{1-\sin\theta}$

প্রমাণ ঃ L.H.S. $= (\tan\theta + \sec\theta)^2$

$= \left\{\dfrac{\sin\theta}{\cos\theta} + \dfrac{1}{\cos\theta}\right\}^2 = \left\{\dfrac{\sin\theta + 1}{\cos\theta}\right\}^2$

$= \dfrac{(1+\sin\theta)^2}{\cos^2\theta} = \dfrac{(1+\sin\theta)^2}{1-\sin^2\theta}$

$= \dfrac{(1+\sin\theta)^2}{(1-\sin\theta)(1+\sin\theta)} = \dfrac{1+\sin\theta}{1-\sin\theta} =$ R.H.S.

1(b) $\dfrac{\sec\theta\cdot\operatorname{cosec}\theta - 2}{\sec\theta\cdot\operatorname{cosec}\theta + 2} = \left(\dfrac{1-\tan\theta}{1+\tan\theta}\right)^2$

L.H.S.$= \dfrac{\sec\theta\cdot\operatorname{cosec}\theta - 2}{\sec\theta\cdot\operatorname{cosec}\theta + 2}$

$= \dfrac{\dfrac{1}{\cos\theta}\dfrac{1}{\sin\theta} - 2}{\dfrac{1}{\cos\theta}\dfrac{1}{\sin\theta} + 2} = \dfrac{1-2\sin\theta\cos\theta}{1+2\sin\theta\cos\theta}$

$= \dfrac{\sin^2\theta + \cos^2\theta - 2\sin\theta\cos\theta}{\sin^2\theta + \cos^2\theta + 2\sin\theta\cos\theta}$

$= \dfrac{(\sin\theta - \cos\theta)^2}{(\sin\theta + \cos\theta)^2} = \dfrac{\cos^2\theta(\dfrac{\sin\theta}{\cos\theta} - 1)^2}{\cos^2\theta(\dfrac{\sin\theta}{\cos\theta} + 1)^2}$

$= \dfrac{(\tan\theta - 1)^2}{(\tan\theta + 1)^2} = \dfrac{(1-\tan\theta)^2}{(1+\tan\theta)^2} = \left(\dfrac{1-\tan\theta}{1+\tan\theta}\right)^2$

= R.H.S. (Proved)

1(c) $1 - 4\sin^2\theta\ \cos^2\theta = \sin^4\theta(1 - \cot^2\theta)^2$

L.H.S. $= 1 - 4\sin^2\theta\cos^2\theta$

$= (\sin^2\theta + \cos^2\theta)^2 - 4\sin^2\theta\cos^2\theta$

$= \sin^4\theta + \cos^4\theta + 2\sin^2\theta\cos^2\theta - 4\sin^2\theta\cos^2\theta$

$= (\sin^2\theta)^2 + (\cos^2\theta)^2 - 2(\sin^2\theta)(\cos^2\theta)$

$= (\sin^2\theta - \cos^2\theta)^2 = \{\sin^2\theta(1 - \dfrac{\cos^2\theta}{\sin^2\theta})^2\}$

$= \sin^4(1 - \cot^2\theta)^2 =$ R.H.S. (Proved)

1(d) $\sin\theta + \sec\theta)^2 + (\cos\theta + \operatorname{cosec}\theta)^2 = (1 + \sec\theta\operatorname{cosec}\theta)^2$

L.H.S.$= (\sin\theta + \sec\theta)^2 + (\cos\theta + \operatorname{cosec}\theta)^2$

$= \sin^2\theta\left(1 + \dfrac{\sec\theta}{\sin\theta}\right)^2 + \cos^2\theta\left(1 + \dfrac{\operatorname{cosec}\theta}{\cos\theta}\right)^2$

$= (1 + \sec\theta\operatorname{cosec}\theta)^2(\sin^2\theta + \cos^2\theta)$

$= (1 + \sec\theta\operatorname{cosec}\theta)^2 .1$

$= (1 + \sec\theta\operatorname{cosec}\theta)^2 =$ R.H.S. (Proved)

1(e) $\sqrt{\dfrac{1+\cos\theta}{1-\cos\theta}} = \operatorname{cosec}\theta + \cot\theta$

L.H.S.$= \sqrt{\dfrac{1+\cos\theta}{1-\cos\theta}}$

$= \dfrac{\sqrt{1+\cos\theta}}{\sqrt{1-\cos\theta}} = \dfrac{\sqrt{1+\cos\theta}\sqrt{1+\cos\theta}}{\sqrt{1-\cos\theta}\sqrt{1+\cos\theta}}$

$= \dfrac{1+\cos\theta}{\sqrt{1-\cos^2\theta}} = \dfrac{1+\cos\theta}{\sqrt{\sin^2\theta}} = \dfrac{1+\cos\theta}{\sin\theta}$

$= \dfrac{1}{\sin\theta} + \dfrac{\cos\theta}{\sin\theta} = \operatorname{cosec}\theta + \cot\theta$

= R.H.S. (proved)

1(f) $\sin^2\theta(1 + \cot^2\theta) + \cos^2\theta(1 + \tan^2\theta) = 2$

L.H.S.$= \sin^2\theta(1 + \cot^2\theta) + \cos^2\theta(1 + \tan^2\theta)$

$= \sin^2\theta + \sin^2\theta\cot^2\theta + \cos^2\theta + \cos^2\theta\tan^2\theta$

$= (\sin^2\theta + \cos^2\theta) + \sin^2\theta\ \dfrac{\cos^2\theta}{\sin^2\theta}$

$+ \cos^2\theta\ .\dfrac{\sin^2\theta}{\cos^2\theta}$

$= 1 + \cos^2\theta + \sin^2\theta = 1 + 1 = 2 =$ R.H.S.

1(g) $\dfrac{1+2\sin\theta\cos\theta}{(\sin\theta + \cos\theta)(\cot\theta + \tan\theta)}$

$= \sin\theta\cos\theta(\sin\theta+\cos\theta)$

L.H.S.$= \dfrac{1+2\sin\theta\cos\theta}{(\sin\theta+\cos\theta)(\cot\theta+\tan\theta)}$

$= \dfrac{\sin^2\theta+\cos^2\theta+2\sin\theta\cos\theta}{(\sin\theta+\cos\theta)(\frac{\cos\theta}{\sin\theta}+\frac{\sin\theta}{\cos\theta})}$

$= \dfrac{(\sin\theta+\cos\theta)^2}{(\sin\theta+\cos\theta)(\frac{\cos^2\theta+\sin^2\theta}{\sin\theta\cos\theta})}$

$= \dfrac{\sin\theta\cos\theta(\sin\theta+\cos\theta)}{\cos^2\theta+\sin^2\theta}$

$= \sin\theta\cos\theta(\sin\theta+\cos\theta)$ = R.H.S.

(Proved)

1.(h) $3(\sin\theta+\cos\theta)-2(\sin^3\theta+\cos^3\theta) = (\sin\theta+\cos\theta)^3$

L.H.S.

$= 3(\sin\theta+\cos\theta)-2(\sin^3\theta+\cos^3\theta)$

$= 3(\sin\theta+\cos\theta)-2(\sin\theta+\cos\theta)(\sin^2\theta+\cos^2\theta-\sin\theta\cos\theta)$

$= (\sin\theta+\cos\theta)\{3-2(1-\sin\theta\cos\theta)\}$

$= (\sin\theta+\cos\theta)(1+2\sin\theta\cos\theta)$

$= (\sin\theta+\cos\theta)(\sin^2\theta+\cos^2\theta+2\sin\theta\cos\theta)$

$= (\sin\theta+\cos\theta)(\sin\theta+\cos\theta)^2$

$= (\sin\theta+\cos\theta)^3$ = L.H.S. (Proved)

1(i) $1+\tan\theta+\sec\theta = \dfrac{2}{1+\cot\theta-\operatorname{cosec}\theta}$

L.H.S.$= 1+\tan\theta+\sec\theta$

$= 1+\dfrac{\sin\theta}{\cos\theta}+\dfrac{1}{\cos\theta} = \dfrac{\cos\theta+\sin\theta+1}{\cos\theta}$

$= \dfrac{(\cos\theta+\sin\theta+1)(\cos\theta+\sin\theta-1)}{\cos\theta(\cos\theta+\sin\theta-1)}$

$= \dfrac{(\cos\theta+\sin\theta)^2-1}{\cos\theta(\cos\theta+\sin\theta-1)}$

$= \dfrac{\cos^2\theta+\sin^2\theta+2\sin\theta\cos\theta-1}{\cos\theta(\cos\theta+\sin\theta-1)}$

$= \dfrac{1+2\sin\theta\cos\theta-1}{\cos\theta(\sin\theta+\cos\theta-1)}$

$= \dfrac{2\sin\theta\cos\theta}{\cos\theta(\sin\theta+\cos\theta-1)}$

$= \dfrac{2}{\frac{1}{\sin\theta}(\sin\theta+\cos\theta-1)}$

$= \dfrac{2}{1+\cot\theta-\operatorname{cosec}\theta}$ = R.H.S. (Proved)

2. (a) $a\cos\theta-b\sin\theta=c$ হলে দেখাও যে, $a\sin\theta+b\cos\theta=\pm\sqrt{a^2+b^2-c^2}$

প্রমাণ ঃ দেওয়া আছে, $a\cos\theta-b\sin\theta=c$

$\Rightarrow a^2\cos^2\theta+b^2\sin^2\theta-2ab\sin\theta\cos\theta=c^2$

$\Rightarrow a^2(1-\sin^2\theta)+b^2(1-\cos^2\theta)-2ab\sin\theta\cos\theta=c^2$

$\Rightarrow a^2-a^2\sin^2\theta+b^2-b^2\cos^2\theta-2ab\sin\theta\cos\theta=c^2$

$\Rightarrow -\{(a\sin\theta)^2+(b\cos)^2\theta+2.a\sin\theta.b\cos\theta\}=c^2-a^2-b^2$

$\Rightarrow (a\sin\theta+b\cos\theta)^2=a^2+b^2-c^2$

$a\sin\theta+b\cos\theta=\pm\sqrt{a^2+b^2-c^2}$

(Proved)

2(b) $\sin\theta+\operatorname{cosec}\theta=2$ হলে প্রমাণ কর যে, $\sin^n\theta+\operatorname{cosec}^n\theta=2$

প্রমাণ ঃ দেওয়া আছে, $\sin\theta+\operatorname{cosec}\theta=2$

$\Rightarrow \sin\theta+\dfrac{1}{\sin\theta}=2 \Rightarrow \sin^2\theta-2\sin\theta+1=0$

$\Rightarrow (\sin\theta-1)^2=0 \Rightarrow \sin\theta-1=0 \therefore \sin\theta=1$

এখন, L.H.S.$= \sin^n\theta+\operatorname{cosec}^n\theta$

$= \sin^n\theta+\dfrac{1}{\sin^n\theta}=1^n+\dfrac{1}{1^n} = 1+1=2=$ R.H.S. (Proved)

2(c) $x\sin^3\theta+y\cos^3\theta=\sin\theta\cos\theta$ এবং $x\sin\theta-y\cos\theta=0$ হলে দেখাও যে, $x^2+y^2=1$

প্রমাণ ঃ দেওয়া আছে,

$x\sin^3\theta+y\cos^3\theta=\sin\theta\cos\theta\cdots\cdots(1)$ এবং

$x\sin\theta-y\cos\theta=0 \Rightarrow x\sin\theta=y\cos\theta$

$\therefore x = y\dfrac{\cos\theta}{\sin\theta}$ ....(2)

(1) এ $x = y\dfrac{\cos\theta}{\sin\theta}$ বসিয়ে পাই

$y\dfrac{\cos\theta}{\sin\theta}.\sin^3\theta + y\cos^3\theta = \sin\theta\cos\theta$

$\Rightarrow y\sin^2\theta\cos\theta + y\cos^3\theta = \sin\theta\cos\theta$

$\Rightarrow y\cos\theta(\sin^2\theta + \cos^2\theta) = \sin\theta\cos\theta$

$\Rightarrow y\cos\theta.1 = \sin\theta\cos\theta$

$y = \sin\theta$

(2) হতে পাই, $x = \sin\theta \dfrac{\cos\theta}{\sin\theta} = \cos\theta$

এখন, $x^2 + y^2 = \cos^2\theta + \sin^2\theta = 1$

$x^2 + y^2 = 1$ (Showed)

2. (d) $k\tan\theta = \tan k\theta$ হলে দেখাও যে, $\dfrac{\sin^2 k\theta}{\sin^2\theta} = \dfrac{k^2}{1+(k^2-1)\sin^2\theta}$

প্রমাণ ঃ দেওয়া আছে, $k\tan\theta = \tan k\theta$

$\Rightarrow k\dfrac{1}{\cot\theta} = \dfrac{1}{\cot k\theta} \Rightarrow k\cot k\theta = \cot\theta$

$\Rightarrow k^2(\cot^2 k\theta) = \cot^2\theta$

$\Rightarrow k^2(\operatorname{cosec}^2 k\theta - 1) = \operatorname{cosec}^2\theta - 1$

$\Rightarrow k^2\operatorname{cosec}^2 k\theta = \operatorname{cosec}^2\theta + k^2 - 1$

$\Rightarrow k^2\dfrac{1}{\sin^2 k\theta} = \dfrac{1}{\sin^2\theta} + k^2 - 1 = \dfrac{1+(k^2-1)\sin^2\theta}{\sin^2\theta}$

$\Rightarrow \dfrac{k^2}{1+(k^2-1)\sin^2\theta} = \dfrac{\sin^2 k\theta}{\sin^2\theta}$

$\dfrac{\sin^2 k\theta}{\sin^2\theta} = \dfrac{k^2}{1+(k^2-1)\sin^2\theta}$ (Proved)

2(e) $3\sec^4\theta + 8 = 10\sec^2\theta$ হলে, $\tan\theta$ এর মান নির্ণয় কর।

প্রমাণ ঃ দেওয়া আছে, $3\sec^4\theta + 8 = 10\sec^2\theta$

$\Rightarrow 3\sec^4\theta - 10\sec^2\theta + 8 = 0$

$\Rightarrow 3\sec^4\theta - 6\sec^2\theta - 4\sec^2\theta + 8 = 0$

$\Rightarrow 3\sec^2\theta(\sec^2\theta - 2) - 4(\sec^2\theta - 2) = 0$

$\Rightarrow (\sec^2\theta - 2)(3\sec^2\theta - 4) = 0 \Rightarrow \sec^2\theta = 2$

$\Rightarrow 1 + \tan^2\theta = 2 \Rightarrow \tan^2\theta = 1 \quad \therefore \tan\theta = \pm 1$

অথবা, $\sec^2\theta = \dfrac{4}{3} \Rightarrow 1 + \tan^2\theta = \dfrac{4}{3}$

$\Rightarrow \tan^2\theta = \dfrac{4}{3} - 1 = \dfrac{1}{3} \quad \therefore \tan\theta = \pm\dfrac{1}{\sqrt{3}}$

$\tan\theta = \pm 1, \pm\dfrac{1}{\sqrt{3}}$.

2(f) $(a^2 - b^2)\sin\theta + 2ab\cos\theta = a^2 + b^2$ এবং θ সূক্ষ্ম ও ধনাত্মক কোণ হলে, $\tan\theta$ এবং $\operatorname{cosec}\theta$ এর মান নির্ণয় কর।

প্রমাণ ঃ $(a^2 - b^2)\sin\theta + 2ab\cos\theta = a^2 + b^2$

$\Rightarrow (a^2 - b^2)\tan\theta + 2ab = (a^2 + b^2)\sec\theta$

$\Rightarrow (a^2 - b^2)^2\tan^2\theta + 2.(a^2 - b^2)\tan\theta.2ab + 4a^2b^2 = (a^2 + b^2)^2\sec^2\theta$ [উভয় পক্ষকে বর্গ করে]

$\Rightarrow (a^2 - b^2)^2\tan^2\theta + 2.(a^2 - b^2)\tan\theta.2ab + 4a^2b^2 = (a^2 + b^2)^2(1 + \tan^2\theta)$

$\Rightarrow (a^2 - b^2)^2\tan^2\theta + 4ab(a^2 - b^2)\tan\theta + 4a^2b^2 = (a^2 + 2ab + b^2) + (a^2 + b^2)^2\tan^2\theta$

$\Rightarrow \{(a^2 - b^2)^2 - (a^2 + b^2)^2\}\tan^2\theta + 4ab(a^2 - b^2)\tan\theta + 4a^2b^2 - a^4 - 2a^2b^2 - b^4 = 0$

$\Rightarrow -4a^2b^2\tan^2\theta + 4ab(a^2 - b^2)\tan\theta - (a^4 - 2a^2b^2 + b^4) = 0$

$\Rightarrow 4a^2b^2\tan^2\theta - 4ab(a^2 - b^2)\tan\theta + (a^2 - b^2)^2 = 0$

$\Rightarrow \{2ab\tan\theta - (a^2 - b^2)\}^2 = 0$

$\Rightarrow 2ab\tan\theta - (a^2 - b^2) = 0$

$\Rightarrow 2ab\tan\theta = a^2 - b^2$

$\tan\theta = \dfrac{a^2 - b^2}{2ab}$ (Ans.)

এখন, $\operatorname{cosec}\theta = \sqrt{1 - \cot^2\theta}$

[$\because \theta$ ধনাত্মক সূক্ষ্ম কোণ।]

$= \sqrt{1 - \left(\dfrac{2ab}{a^2 - b^2}\right)^2} = \sqrt{\dfrac{(a^2 - b^2)^2 + 4a^2b^2}{(a^2 - b^2)^2}}$

$= \sqrt{\dfrac{(a^2 + b^2)^2}{(a^2 - b^2)^2}} = \dfrac{a^2 + b^2}{a^2 - b^2}$ (Ans.)

2(g) $\cot A + \cot B + \cot C = 0$ হলে প্রমাণ কর যে, $(\Sigma \tan A)^2 = \Sigma \tan^2 A$

প্রমাণ ঃ দেওয়া আছে, $\cot A + \cot B + \cot C = 0$

$$\Rightarrow \frac{1}{\tan A} + \frac{1}{\tan B} + \frac{1}{\tan C} = 0$$

$$\Rightarrow \frac{\tan B \tan C + \tan C \tan A + \tan A \tan B}{\tan A \tan B \tan C} = 0$$

$$\Rightarrow \tan A \tan B + \tan B \tan C + \tan C \tan A = 0$$

$$\Rightarrow 2(\tan A \tan B + \tan B \tan C + \tan C \tan A) = 0$$

$$\Rightarrow \tan^2 A + \tan^2 B + \tan^2 C + 2(\tan A \tan B + \tan B \tan C + \tan C \tan A) = \tan^2 A + \tan^2 B + \tan^2 C$$

$$\Rightarrow (\tan A + \tan B + \tan C)^2 = \tan^2 A + \tan^2 B + \tan^2 C$$

$$\left(\sum \tan A\right)^2 = \sum \tan^2 A \quad \text{(Showed)}$$

2(h) $\cos\theta + \sec\theta = \frac{5}{2}$ হলে প্রমাণ কর যে, $\cos^n\theta + \sec^n\theta = 2^n + 2^{-n}$

প্রমাণ ঃ দেওয়া আছে, $\cos\theta + \sec\theta = \frac{5}{2}$

$$\Rightarrow \cos\theta + \frac{1}{\cos\theta} = \frac{5}{2}$$

$$\Rightarrow \cos^2\theta + 1 = \frac{5}{2}\cos\theta$$

$$\Rightarrow 2\cos^2\theta + 2 = 5\cos\theta$$

$$\Rightarrow 2\cos\theta - 5\cos\theta + 2 = 0$$

$$\Rightarrow 2\cos^2\theta - 4\cos\theta - \cos\theta + 2 = 0$$

$$\Rightarrow 2\cos\theta(\cos\theta - 2) - 1(\cos\theta - 2) = 0$$

$$\Rightarrow (\cos\theta - 2)(2\cos\theta - 1) = 0$$

$\cos\theta - 2 = 0$ অথবা, $2\cos\theta - 1 = 0$

কিন্তু $\cos\theta - 2 \neq 0 \quad [\because -1 \leq \cos\theta \leq 1]$

$$2\cos\theta - 1 = 0 \Rightarrow \cos\theta = \frac{1}{2} \therefore \sec\theta = 2$$

এখন, L.H.S. $= \cos^n\theta + \sec^n\theta$

$$= \left(\frac{1}{2}\right)^n + (2)^n$$

$$= 2^n + 2^{-n} = \text{R.H.S.}$$

L.H.S. = R.H.S. (প্রমাণিত)

2(i) $a_1 \sin\theta + b_1 \cos\theta + c_1 = 0$ এবং $a_2 \sin\theta + b_2 \cos\theta + c_2 = 0$ সমীকরণদ্বয় হতে θ অপসারণ কর।

সমাধান ঃ দেওয়া আছে, $a_1 \sin\theta + b_1 \cos\theta + c_1 = 0$

$$a_2 \sin\theta + b_2 \cos\theta + c_2 = 0$$

বজ্রগুণন প্রণালীর সাহায্যে পাই,

$$\frac{\sin\theta}{b_1c_2 - b_2c_1} = \frac{\cos\theta}{a_2c_1 - a_1c_2} = \frac{1}{a_1b_2 - a_2b_1}$$

$$\sin\theta = \frac{b_1c_2 - b_2c_1}{a_1b_2 - a_2b_1}, \quad \cos\theta = \frac{a_2c_1 - a_1c_2}{a_1b_2 - a_2b_1}$$

এখন, $\sin^2\theta + \cos^2\theta = 1$

$$\Rightarrow \left(\frac{b_1c_2 - b_2c_1}{a_1b_2 - a_2b_1}\right)^2 + \left(\frac{a_2c_1 - a_1c_2}{a_1b_2 - a_2b_1}\right)^2 = 1$$

$$\Rightarrow (b_1c_2 - b_2c_1)^2 + (a_2c_1 - a_1c_2)^2 = a_1b_2 - a_2b_1$$

3. সমাধান ঃ



$$DE = s = r\theta = 8 \times \frac{30\pi}{180}$$

$= 4.189$ মিটার (প্রায়)।

ABCDE সম্পূর্ণ ক্ষেত্রের ক্ষেত্রফল

= ABCD আয়তক্ষেত্রের ক্ষেত্রফল +

ADE বৃত্তকলার ক্ষেত্রফল $= 8 \times 7 + \frac{r^2\theta}{2}$

$$= 56 + \frac{8^2}{2} \times \frac{30\pi}{180}$$

$= 56 + 16{\cdot}755 = 80{\cdot}755$ বর্গ মিটার (প্রায়)।

4. সমাধান ঃ এখানে AD = BC = 3 মিটার।



DC = AB = 4 মিটার।

$$\tan CAD = \frac{DC}{AD} = \frac{4}{3}$$

$= \tan(0{\cdot}927)$

ধরি, $\theta = \angle CAD = 0{\cdot}927$ রেডিয়ান।

$r = AC = \sqrt{4^2 + 3^2} = 5$ মিটার।

বৃত্তাংশ CE এর দৈর্ঘ্য $= r\theta = 5 \times 0{\cdot}927$

$= 4{\cdot}635$ মিটার (প্রায়)

ত্রিভুজ ক্ষেত্র ACD এর ক্ষেত্রফল

$= \frac{1}{2}(AD \times CD) = \frac{1}{2}(3 \times 4) = 6$ বর্গ মিটার।

ACE বৃত্তকলার ক্ষেত্রফল $= \frac{r^2\theta}{2} = \frac{25 \times 0 \cdot 927}{2}$

$= 11 \cdot 5875$ বর্গ মিটার।

CDE ক্ষেত্রের ক্ষেত্রফল $= (11 \cdot 5875 - 6)$

$= 5 \cdot 5875$ বর্গ মিটার (প্রায়)।

5. সমাধান ঃ AECB একটি বৃত্তকলা বলে
AB = BC = 4 মিটার ।



$AC = \sqrt{4^2 + 4^2} = 4\sqrt{2}$ মিটার

ADC অর্ধবৃত্তের ব্যাসার্ধ $r = \frac{1}{2} \times 4\sqrt{2}$

$= 2\sqrt{2}$ মিটার

ADC অর্ধবৃত্তের ক্ষেত্রফল $= \frac{1}{2}\pi r^2 = \frac{1}{2}\pi \times 8$

$= 4\pi$ বর্গ মিটার।

বৃত্তাংশ AEC এর দৈর্ঘ্য $= r\theta = 4 \times \frac{\pi}{2}$

$= 2 \times 3 \cdot 1416 = 6 \cdot 2832$ মিটার।

AECB বৃত্তকলার ক্ষেত্রফল $= \frac{r^2\theta}{2} = \frac{4^2}{2} \times \frac{\pi}{2}$

$= 4\pi$ বর্গ মিটার।

ABC ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times a^2 = \frac{1}{2} \times 4^2$

$= 8$ বর্গ মিটার।

AECD ক্ষেত্রের ক্ষেত্রফল = ADC অর্ধবৃত্তের ক্ষেত্রফল − AEC ক্ষেত্রের ক্ষেত্রফল

= ADC অর্ধবৃত্তের ক্ষেত্রফল − (AECB বৃত্তকলার ক্ষেত্রফল − ABC ত্রিভুজের ক্ষেত্রফল)

$= 4\pi - 4\pi + 8 = 8$ বর্গ মিটার

6. সমাধান ঃ A, P ; P,Q ; A,Q যোগ করি। তাহলে APQ একটি সমবাহু ত্রিভুজ।



APQ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}(1)^2 = \frac{\sqrt{3}}{4}$ বর্গ একক।

APQ বৃত্তকলার ক্ষেত্রফল $= \frac{r^2\theta}{2} = \frac{1^2}{2} \times \frac{60\pi}{180} = \frac{\pi}{6}$ বর্গ একক।

APBQ ক্ষেত্রের ক্ষেত্রফল $= 4(\frac{\pi}{6} - \frac{\sqrt{3}}{4})$

$= 4 \times \frac{2\pi - 3\sqrt{3}}{12} = \frac{2\pi - 3\sqrt{3}}{3}$ বর্গ একক।

অতিরিক্ত প্রশ্ন (সমাধানসহ)

1. 2 সে.মি. বাহুবিশিষ্ট ABCD রম্বসের সূক্ষ্মকোণ $A = 60^0$ । ABPD একটি বৃত্তকলা । বৃত্তাংশ **BPD এর দৈর্ঘ্য এবং BPDC ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।**



সমাধান: এখানে, ABPD বৃত্তকলার BPD বৃত্তাংশ দ্বারা কেন্দ্রে উৎপন্ন কোণ $\theta = \angle BAD = 60^0 = \frac{\pi}{3}$,

বৃত্তের ব্যাসার্ধ, r = রম্বসের বাহুর দৈর্ঘ্য = 2 সে.মি.

বৃত্তাংশ BPD এর দৈর্ঘ্য $= r\theta = 2\times\frac{\pi}{3} = 2\cdot1$ সে. মি. (প্রায়)।



ABPD ক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{1}{2}\theta r^2 = \frac{1}{2}\times\frac{\pi}{3}\times2^2$

$= \frac{1}{2}\times\frac{\pi}{3}\times2^2 = 2\cdot1$ বর্গ সে.মি. (প্রায়)

$DE\perp AB$ ও $AF\perp CD$ অঙ্কন করি যা AB কে F বিন্দুতে ও CD এর বর্ধিতাংশকে F বিন্দুতে ছেদ করে।

ΔABD এ, $\angle A = 60^0$ (সূক্ষকোণ)

$$BD^2 = AB^2 + AD^2 - 2.\ AB.AE$$
$$= AB^2 + AD^2 - 2.\ AB.AD\cos A$$
$$= 2^2 + 2^2 - 2\times2\times2\times\cos60^0$$
$$= 8 - 8\times\frac{1}{2} = 4$$

$BD = 2$ সে.মি.।

আবার, Δ ACD, $\angle ADC = 120^0$ (স্থূলকোণ)

$$AC^2 = AD^2 + DC^2 + 2CD\times DF$$
$$= AD^2 + DC^2 + 2CD\times AD\cos ADF$$
$$= AD^2 + DC^2 + 2CD\times AD\cos60^0$$
$$= 2^2 + 2^2 + 2\times2\times2\times(\frac{1}{2}) = 12$$
$$AC = 2\sqrt{3}$$

এখন, ABCD রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2}(AC\times BD)$

$= \frac{1}{2}(2\sqrt{3}\times2) = 2\sqrt{3}$ বর্গ সে.মে.।

BPDC ক্ষেত্রের ক্ষেত্রফল = ABCD রম্বসের ক্ষেত্রফল – ABPD ক্ষেত্রের ক্ষেত্রফল

$= 2\sqrt{3} - \frac{2\pi}{3} = 1\cdot37$ বর্গ সে.মি..(প্রায়)।

2. 6 মিটার লম্বা ঘড়ির সেকেন্ডের কাঁটার শীর্ষবিন্দু 5 সেকেন্ডে কতটুকু বৃত্তাকার পথ অতিক্রম করবে?

সমাধান: ঘড়ির সেকেন্ডের কাঁটা

60 সেকেন্ডে 360^0 কোণ উৎপন্ন করে

20 সেকেন্ডে 30^0 কোণ উৎপন্ন করে।

এখানে, উৎপন্ন কোণ $\theta = 30^0 = \frac{\pi}{6}$ রেডিয়ান,

$r = 6$ মি.। ধরি, সেকেন্ডের কাঁটাটি s মি. বৃত্তাকার পথ অতিক্রম করবে।

$$s = r\theta = 6\times\frac{\pi}{6} = \pi = 3\cdot1416$$

নির্ণেয় বৃত্তাকার পথ $= 3\cdot1416$ মি.।

3. O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ 5 সে.মে.। বৃত্তাংশ APB এর দৈর্ঘ্য 6 সে.মি.।



(a) $\theta = \angle AOB$ নির্ণয় কর। উ: $1\cdot2$ রেডিয়ান

(b) OAB বৃত্তকলার ক্ষেত্রফল নির্ণয় কর। উ: 15 বর্গ সে.মি.

(c) A বিন্দুতে অঙ্কিত বৃত্তের স্পর্শক OB এর বর্ধিতাংশকে C বিন্দুতে ছেদ করে। APBC ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। উ: $17\cdot15$ বর্গ সে.মি.।

ভর্তি পরীক্ষার MCQ প্রশ্ন উত্তরসহ ঃ

1. $\frac{3\pi}{8}$ রেডিয়ান কোণের ষাটমূলক পদ্ধতিতে মান কত? **[CU 07-08]**

Sol".: $\frac{3\pi}{8}$ রেডিয়ান $= \frac{3\times180^0}{8} = 67^\circ 30'$

ক্যালকুলেটরের সাহায্যে,

3 × 1 8 0 ÷ 8 = 67.5 0,,, $67^0 30'$

2. $50^0 37' 30''$ = কত রেডিয়ান ? [CU 05-06]

Sol".: $50^0 37' 30'' = \frac{50.625\times\pi}{180} = \frac{9\pi}{32}$

ত্রিকোণমিতি ফাংশনের লেখচিত্র

প্রশ্নমালা VI B

1(a) **Sol^n :** জ্যামিতিক কোণ ধনাত্মক এবং 360^0 এর ছোট হয়। $\therefore$ Ans. B

(b) **Sol^n :** $\dfrac{\text{বৃত্তের পরিধি}}{2r} = \pi$ Ans. C (c) **Sol^n :** $\sec\theta = \dfrac{OB}{OP}$ $\therefore$ Ans. A

(d) **Sol^n :** $\tan^2\theta = \sec^2\theta - 1$ Ans. C

(e) **Sol^n :** সবগুলি তথ্য সত্য । Ans. D

(f) **Sol^n :** $\sin\theta$ ও $\cos\theta$ এর মান সবসময় -1 থেকে $+1$ Ans. C

(g) **Sol^n :** কোণ $90°$ থেকে বেড়ে $180°$ হলে $\cos\theta$ এর মান 0 থেকে কমে -1 হবে। Ans. A

(h) **Sol^n :** সর্বোচ্চ মান $= 1 + \sqrt{(\pm 1)^2 + 1} = 1 + \sqrt{2}$ Ans. C

2. নিম্নের ফাংশনগুলোর লেখচিত্র অঙ্কন কর ঃ

(a) $y = \cos 2x$, যখন $0 \le x \le 2\pi$ [ঢা.'১০,'১৪; চ.'০৯,'১৩]

সমাধান ঃ নিচের তালিকায় $x \in [0\ ,\ 2\pi]$ এর জন্য $y = \cos 2x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	0	$\frac{\pi}{18}$	$2.\frac{\pi}{18}$	$3.\frac{\pi}{18}$	$4.\frac{\pi}{18}$	$4.5\times\frac{\pi}{18}$	$5.\frac{\pi}{18}$	$6.\frac{\pi}{18}$
y = cos2x	1	0.94	0·77	0·5	0·17	0	−0·17	−0·5
x	$7.\frac{\pi}{18}$	$8.\frac{\pi}{18}$	$9.\frac{\pi}{18}$	$12.\frac{\pi}{18}$	$17.\frac{\pi}{18}$	$22.\frac{\pi}{18}$	$28.\frac{\pi}{18}$	$36.\frac{\pi}{18}$
y = cos2x	−0·77	−0.93	−1.	−0·5	0.94	−0·17	0.94	1

একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা $X'OX$ ও YOY' আঁকি ।



$y = \cos 2x$ এর লেখচিত্র ।

স্কেল নির্ধারণ ঃ x-অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের এক বাহু $= \frac{\pi^c}{18}$ এবং y- অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের 10 বাহু = 1

এখন নির্ধারিত স্কেল অনুযায়ী তালিকাভুক্ত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি। স্থাপিত বিন্দুগুলো মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে প্রদত্ত সীমা অনুযায়ী $y = \cos 2x$ এর লেখ অঙ্কন করা হল।

(b) $y = \sin 3x$, **যখন** $0 \le x \le \pi$ **[কু. '০৯,'১২; রা.'১৪; দি.'১৩]**

সমাধান ঃ নিচের তালিকায় $x \in [0, \pi]$ এর জন্য $y = \sin 3x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	0	$\frac{\pi}{36}$	$2.\frac{\pi}{36}$	$3.\frac{\pi}{36}$	$4.\frac{\pi}{36}$	$5.\frac{\pi}{36}$	$6.\frac{\pi}{36}$	$7.\frac{\pi}{36}$
y = sin3x	0	0·26	0.5	0·71	0·87	0·97	1	0·97
x	$8.\frac{\pi}{36}$	$9.\frac{\pi}{36}$	$10.\frac{\pi}{36}$	$12.\frac{\pi}{36}$	$17.\frac{\pi}{36}$	$22.\frac{\pi}{36}$	$28.\frac{\pi}{36}$	$36.\frac{\pi}{36}$
y = sin3x	0·87	0.71	0.5	0	–0.97	–0·5	0.87	0

একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা $X'OX$ ও YOY' আঁকি।

স্কেল নির্ধারণ ঃ x-অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের এক বাহু $= \frac{\pi^c}{36}$ এবং y- অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের 10 বাহু = 1



y = sin 3x এর লেখচিত্র

এখন নির্ধারিত স্কেল অনুযায়ী তালিকাভুক্ত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি। স্থাপিত বিন্দুগুলো মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে প্রদত্ত সীমা অনুযায়ী $y = \sin 3x$ এর লেখ অঙ্কন করা হল।

2. (c) $y = \cos 3x$, **যখন** $0 \le x \le \pi$ **[চ.'০১,'০৪; ঢা.'০৩ ; য.'০৫]**

সমাধান ঃ নিচের তালিকায় $x \in [0, \pi]$ এর জন্য $y = \cos 3x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	0	$\frac{\pi}{36}$	$2.\frac{\pi}{36}$	$3.\frac{\pi}{36}$	$4.\frac{\pi}{36}$	$5.\frac{\pi}{36}$	$6.\frac{\pi}{36}$	$7.\frac{\pi}{36}$
y = cos3x	1	0·97	0.87	0·71	0·5	0·26	0	–0·26
x	$8.\frac{\pi}{36}$	$9.\frac{\pi}{36}$	$10.\frac{\pi}{36}$	$12.\frac{\pi}{36}$	$17.\frac{\pi}{36}$	$22.\frac{\pi}{36}$	$28.\frac{\pi}{36}$	$36.\frac{\pi}{36}$
y = cos3x	–0·5	–0.71	–0.87	–1	–0.26	–0·5	0.5	–1

একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা $X'OX$ ও YOY' আঁকি।

স্কেল নির্ধারণ ঃ x-অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের এক বাহু $= \frac{\pi^c}{36}$ এবং y- অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের 10 বাহু = 1



y = cos 3x এর লেখচিত্র ।

এখন নির্ধারিত স্কেল অনুযায়ী তালিকাভুক্ত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি । স্থাপিত বিন্দুগুলো মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে প্রদত্ত সীমা অনুযায়ী $y = \cos 3x$ এর লেখ অঙ্কন করা হল ।

2. (d) $y = \sin^2 x$ যখন $-\pi \leq x \leq \pi$ [ব.'০১;সি.'১,'১০; ঢা.'০৪; কু.'১৩; চ.'১৩]

সমাধান ঃ নিচের তালিকায় $x \in [-\pi, \pi]$ এর জন্য $y = \sin^2 x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	0	$\pm\frac{\pi}{18}$	$\pm 2.\frac{\pi}{18}$	$\pm 3.\frac{\pi}{18}$	$\pm 4.\frac{\pi}{18}$	$\pm 5.\frac{\pi}{18}$	$\pm 6.\frac{\pi}{18}$
$y = \sin^2 x$	0	0·03	0·117	0·25	0·41	0·59	0·75
x	$\pm 7.\frac{\pi}{18}$	$\pm 8.\frac{\pi}{18}$	$\pm 9.\frac{\pi}{18}$	$\pm 12.\frac{\pi}{18}$	$\pm 14.\frac{\pi}{18}$	$\pm 16.\frac{\pi}{18}$	$\pm 18.\frac{\pi}{18}$
$y = \sin^2 x$	0·88	0.97	1	0.75	0.41	0·117	0

একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা $X'OX$ ও YOY' আঁকি ।

স্কেল নির্ধারণ ঃ x-অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের এক বাহু $= \frac{\pi^c}{18}$ এবং y- অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের 10 বাহু $= 1$



$y = \sin^2 x$ এর লেখচিত্র ।

এখন নির্ধারিত স্কেল অনুযায়ী তালিকাভুক্ত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি। স্থাপিত বিন্দুগুলো মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে প্রদত্ত সীমা অনুযায়ী $y = \sin^2 x$ এর লেখ অঙ্কন করা হল।

(e) $y = \cos^2 x$, যখন $-\pi \leq x \leq \pi$ [রা.'০৩, '০৬,'০৯; ব.'০৫; চ.'০৫,'১১; য.'০৯,'১৩; ব.,দি.'১৩]

সমাধান: নিচের তালিকায় $x \in [-\pi, \pi]$ এর জন্য $y = \cos^2 x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি:

x	0	$\pm\frac{\pi}{18}$	$\pm 2.\frac{\pi}{18}$	$\pm 3.\frac{\pi}{18}$	$\pm 4.\frac{\pi}{18}$	$\pm 5.\frac{\pi}{18}$	$\pm 6.\frac{\pi}{18}$
$y = \cos^2 x$	1	0·97	0.88	0·75	0·59	0·41	0·25
x	$\pm 7.\frac{\pi}{18}$	$\pm 8.\frac{\pi}{18}$	$+9.\frac{\pi}{18}$	$\pm 10\frac{\pi}{18}$	$\pm 12.\frac{\pi}{18}$	$\pm 15.\frac{\pi}{18}$	$\pm 18.\frac{\pi}{18}$
$y = \cos^2 x$	0·12	0·03	0	0·97	0·25	0·75	1

একটি ছক কাগজে স্থানাংকের অক্ষরেখা $X'OX$ ও YOY' আঁকি।

স্কেল নির্ধারণ: x-অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের এক বাহু $= \frac{\pi^c}{18}$ এবং y- অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের 10 বাহু $= 1$



$y = \cos^2 x$ এর লেখচিত্র।

এখন নির্ধারিত স্কেল অনুযায়ী তালিকাভুক্ত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি। স্থাপিত বিন্দুগুলো মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে প্রদত্ত সীমা অনুযায়ী $y = \cos^2 x$ এর লেখ অঙ্কন করা হল।

2. (f) $y = \sin^3 x$, যখন $0 \leq x \leq \pi$ [য. '০০; চ. '০২]

সমাধান: নিচের তালিকায় $x \in [0, \pi]$ এর জন্য $y = \sin^3 x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি:

x	0	$\frac{\pi}{18}$	$2.\frac{\pi}{18}$	$3.\frac{\pi}{18}$	$4.\frac{\pi}{18}$	$5.\frac{\pi}{18}$	$6.\frac{\pi}{18}$
$y = \sin^3 x$	0	0·005	0·04	0·13	0·27	0·45	0·65
x	$7.\frac{\pi}{18}$	$8.\frac{\pi}{18}$	$9.\frac{\pi}{18}$	$12.\frac{\pi}{18}$	$14.\frac{\pi}{18}$	$16.\frac{\pi}{18}$	$18.\frac{\pi}{18}$
$y = \sin^3 x$	0·83	0.96	1	0.65	0.27	0·04	0

একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা $X'OX$ ও YOY' আঁকি।

স্কেল নির্ধারণ ঃ x-অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের এক বাহু $=\dfrac{\pi}{18}$ এবং y- অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের 10 বাহু $= 1$



এখন নির্ধরিত স্কেল অনুযায়ী তালিকাভুক্ত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি। স্থাপিত বিন্দুগুলো মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে প্রদত্ত সীমা অনুযায়ী $y = \sin^3 x$ এর লেখ অঙ্কন করা হল।

2. (g) $y = \sin x \cos x$, যখন $-\pi \le x \le \pi$

সমাধান ঃ $y = \sin x \cos x \Rightarrow y = \dfrac{1}{2}\sin 2x$

নিচের তালিকায় $x \in [-\pi, \pi]$ এর জন্য $y = \dfrac{1}{2}\sin 2x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি

x	0	$\pm\frac{\pi}{18}$	$\pm 2.\frac{\pi}{18}$	$\pm 3.\frac{\pi}{18}$	$\pm 4.\frac{\pi}{18}$	$\pm\frac{\pi}{4}$	$\pm 5.\frac{\pi}{18}$
$y = \frac{1}{2}\sin 2x$	0	$\pm 0\cdot 17$	± 0.32	$\pm 0\cdot 43$	$\pm 0\cdot 49$	$\pm 0\cdot 5$	± 0.49
x	$\pm 6.\frac{\pi}{18}$	$\pm 7\frac{\pi}{18}$	$\pm 8.\frac{\pi}{18}$	$\pm 9.\frac{\pi}{18}$	$\pm 14.\frac{\pi}{18}$	$\pm 15.\frac{\pi}{18}$	$\pm 18.\frac{\pi}{18}$
$y = \frac{1}{2}\sin 2x$	$\pm 0\cdot 43$	± 0.32	± 0.17	0	∓ 0.49	$\mp 0\cdot 43$	0



$y = \sin x \cos x$ এর লেখচিত্র ।

একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা $X'OX$ ও YOY' আঁকি ।

স্কেল নির্ধারণ ঃ x-অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের এক বাহু $= \frac{\pi^c}{18}$ এবং y- অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের 10 বাহু $= 1$

এখন নির্ধরিত স্কেল অনুযায়ী তালিকাভুক্ত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি । স্থাপিত বিন্দুগুলো মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে প্রদত্ত সীমা অনুযায়ী $y = \sin x \ \cos x$ এর লেখ অঙ্কন করা হল ।

3. লেখচিত্রের সাহায্যে সমাধান কর ঃ

(a) $\sin x - \cos x = 0$, $0 \le x \le \frac{\pi}{2}$

[কু. '০৯; রা.'১৩; চ.'১২; য.'১১,'১৪; ব.'০৯; সি.'০৯; ঢা. '০৯,'১২,'১৪; মা.'১৪]

সমাধান ঃ দেওয়া আছে $\sin x - \cos x = 0 \Rightarrow \sin x = \cos x$

মনে করি , $y = \sin x = \cos x$ $\therefore y = \sin x$ এবং $y = \cos x$

নিচের তালিকায় $x \in [0 , \frac{\pi}{2}]$ এর জন্য $y = \sin x$ ও $y = \cos x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	0	$\frac{\pi}{18}$	$2.\frac{\pi}{18}$	$3.\frac{\pi}{18}$	$4.\frac{\pi}{18}$	$\frac{\pi}{4}$	$5.\frac{\pi}{18}$
$y = \sin x$	0	0·17	0·34	0·5	0.64	0.71	0.77
$y = \cos x$	1	0·98	0·94	0.87	0.77	0.71	0.64

x	$6.\frac{\pi}{18}$	$7.\frac{\pi}{18}$	$8.\frac{\pi}{18}$	$9.\frac{\pi}{18}$
$y = \sin x$	0.87	0·94	0·98	1
$y = \cos x$	0·5	0·34	0·17	0

একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা $X'OX$ ও YOY' আঁকি ।

স্কেল নির্ধারণ ঃ x-অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের এক বাহু $= \frac{\pi^c}{18}$ এবং y- অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের 10 বাহু $= 1$



এখন নির্ধারিত স্কেল অনুযায়ী তালিকাভুক্ত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করে $y = \sin x$ ও $y = \cos x$ ফাংশনদ্বয়ের লেখচিত্র দুইটি অঙ্কন করি। লেখচিত্র থেকে দেখা যাচ্ছে যে প্রদত্ত সীমার মধ্যে ছেদ বিন্দুর ভূজ

হচ্ছে $\frac{\pi}{4}$. সুতরাং নির্ণেয় সমাধান, $x = \frac{\pi}{4}$.

3. (b) $2\sin^2 x = \cos 2x$, $-\frac{\pi}{2} \le x \le \frac{3\pi}{2}$ [য.'০৩,'০৮,'০৯]

সমাধান : মনে করি, $y = 2\sin^2 x = \cos 2x$ $y = 2\sin^2 x$ এবং $y = \cos 2x$

নিচের তালিকায় $x \in [-\frac{\pi}{2}, \frac{3\pi}{2}]$ এর জন্য $y = 2\sin^2 x$ ও $y = \cos 2x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি :

x	0	$\pm\frac{\pi}{18}$	$\pm 2.\frac{\pi}{18}$	$\pm 3.\frac{\pi}{18}$	$\pm 4.\frac{\pi}{18}$	$\pm.\frac{\pi}{4}$	$\pm 5.\frac{\pi}{18}$
$y = 2\sin^2 x$	0	0·06	0·23	0·5	0.83	1	1.17
$y = \cos 2x$	1	0·94	0·77	0.5	0.17	0	–0·17
x	$\pm 6.\frac{\pi}{18}$	$\pm 7.\frac{\pi}{18}$	$\pm 8.\frac{\pi}{18}$	$\pm 9.\frac{\pi}{18}$	$15.\frac{\pi}{18}$	$21.\frac{\pi}{18}$	$27.\frac{\pi}{18}$
$y = 2\sin^2 x$	1.5	1·77	1·94	2	0·5	0.5	2
$y = \cos 2x$	–0·5	-0·77	0·94	–1	0.5	0.5	-1

একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা $X'OX$ ও YOY' আঁকি।

স্কেল নির্ধারণ : x-অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের এক বাহু $= \frac{\pi^c}{18}$ এবং y-অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের 5 বাহু = 1



এখন নির্ধারিত স্কেল অনুযায়ী তালিকাভুক্ত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করে $y = 2\sin^2 x$ ও $y = \cos 2x$ ফাংশনদ্বয়ের লেখচিত্র দুইটি অঙ্কন করি। লেখচিত্র থেকে দেখা যাচ্ছে যে প্রদত্ত সীমার মধ্যে ছেদ বিন্দুর ভুজসমূহ হচ্ছে $-\frac{\pi}{6}, \frac{\pi}{6}, \frac{5\pi}{6}, \frac{7\pi}{6}$. সুতরাং, নির্ণেয় সমাধান, $x = -\frac{\pi}{6}, \frac{\pi}{6}, \frac{5\pi}{6}, \frac{7\pi}{6}$

3. (c) $5\sin x + 2\cos x = 5$, $0 \le x \le \frac{3\pi}{2}$ [য.'০৪; চ.'১০; রা.,ব.'১৪]

সমাধান : দেওয়া আছে, $5\sin x + 2\cos x = 5 \Rightarrow 2\cos x = 5(1 - \sin x)$

মনে করি $y = 5(1 - \sin x) = 2\cos x$ $\therefore y = 5(1 - \sin x)$ এবং $y = 2\cos x$

সমাধান ঃ নিচের তালিকায় $x \in [0, \frac{3\pi}{2}]$ এর জন্য, $y = 2\sin^2 x$ ও $y = \cos 2x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	0	$\frac{\pi}{18}$	$2.\frac{\pi}{18}$	$3.\frac{\pi}{18}$	$4.\frac{\pi}{18}$	$5.\frac{\pi}{18}$	$6.\frac{\pi}{18}$
$y = 5(1 - \sin x)$	5	4·13	3·29	2·5	1.79	1.17	0.67
$y = 2\cos x$	2	1·97	1·88	1.73	1.53	1·29	1
15(c) নিচের তালিকায় $x \in [0\ \ ,\ 4\ ]$ এর ভিন্ন ভিন্ন মানের জন্য $y^2 = x \Rightarrow y = \sqrt{x}\ \ (\quad y \ge 0)$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	0	1	2	3	4
$y = \sqrt{x}$	0	1	1.42	1.73	2

একটি ছক কাগজে স্থানাংকের অক্ষ রেখা X′OX ও YOY′ আঁকি ।

স্কেল নিধারণ ঃ

x-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের 2 বাহু = 1 একক ।

y-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের 2 বাহু = 1 একক ।



এখন নির্ধারিত স্কেল অনুযায়ী তালিকাভুক্ত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি। স্থাপিত বিন্দুগুলো মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $R=\{(x\ ,\ y){:}\ y^2 = x\ ,0 \le x \le 4$ এবং $y \ge 0\}$ এর লেখ অঙ্কন করা হল।

$0 \le x \le 4$ সীমার মধ্যে y-অক্ষের সমান্তরাল প্রতিটি উলম্ব রেখায় প্রদত্ত অন্বয়ের লেখচিত্রটির একটি মাত্র বিন্দু আছে । অতএব , প্রদত্ত অন্বয় একটি ফাংশন ।

15(d) নিচের তালিকায় $x \in [0\ \ ,\ 10\ ]$ এর ভিন্ন ভিন্ন মানের জন্য $y = \sqrt{x-1}$ এর প্রতিরূপী মান নির্ণয় করি

x	1	3	5	7	10
$y = \sqrt{x-1}$	0	1.42	2	2.45	3



এখন নির্ধারিত স্কেল অনুযায়ী তালিকাভুক্ত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি । স্থাপিত বিন্দুগুলো মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $R = \{(x\ ,\ y) \quad y = \sqrt{x-1}$ এবং $1 \le x \le 10\}$ এর লেখ অঙ্কন করা হল।

$1 \le x \le 10$ সীমার মধ্যে y-অক্ষের সমান্তরাল প্রতিটি উলম্ব রেখায় প্রদত্ত অন্বয়ের লেখচিত্রটির একটি মাত্র বিন্দু আছে । অতএব, প্রদত্ত অন্বয় একটি ফাংশন ।

15(e) প্রদত্ত অন্বয় R এর বর্ণনাকারী সমীকরণ

$(x-1)^2 + (\ y\ \ + 2\ )^2 = 9$ একটি বৃত্ত , যার কেন্দ্রের স্থানাংক $(\ 1\ ,\ -2\ )$ এবং ব্যাসার্ধ 3

একটি ছক কাগজে স্থানাংকের অক্ষ রেখা X′OX ও YOY′ আঁকি ।

স্কেল নিধারণ ঃ

x-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের 2 বাহু = 1 একক ।

y-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের 2 বাহু = 1 একক ।

$(1\ ,\ -2)$ বিন্দুকে কেন্দ্র করে 3 একক ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অঙ্কন করি ।

$R = \{(x\ ,\ y) \quad (x-1)^2 + (\ y + 2\ )^2 = 9\ \}$এর লেখ অঙ্কন করা হল ।



$2 < x < 4$ সীমার মধ্যে y-অক্ষের সমান্তরাল প্রতিটি উলম্ব রেখায় প্রদত্ত অন্বয়ের লেখচিত্রটির একাধিক (দুইটি) বিন্দু আছে। অতএব, প্রদত্ত অন্বয় ফাংশন নয়।

15(f) প্রদত্ত অন্বয় R এর বর্ণনাকারী শর্ত $x^2 + y^2 = 9$ এবং $y \geq 0$ একটি অর্ধবৃত্ত যার কেন্দ্রের স্থানাংক $(0, 0)$ এবং ব্যাসার্ধ 3

একটি ছক কাগজে স্থানাংকের অক্ষ রেখা X′OX ও YOY′ আঁকি।



স্কেল নিধারণ ঃ

x-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের 2 বাহু = 1 একক।

y-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের 2 বাহু = 1 একক।

y-অক্ষের সমান্তরাল কোন সরললেখা প্রদত্ত অন্বয়ের লেখকে একাধিক বিন্দুতে ছেদ করেনা। অতএব প্রদত্ত অন্বয় একটি ফাংশন।

$y \geq 0$ সীমার মধ্যে y-অক্ষের সমান্তরাল প্রতিটি উলম্ব রেখায় প্রদত্ত অন্বয়ের লেখচিত্রটির একটি মাত্র বিন্দু আছে। অতএব, প্রদত্ত অন্বয় একটি ফাংশন।

16. (a) $y = \sin x, \ -\pi \leq x \leq \pi$ এর গ্রাফ হতে $y = 3 \sin x$ এর গ্রাফ অঙ্কন কর।

সমাধান: x-অক্ষ বরাবর ছোট বর্গের এক বাহু $= 30°$ এবং y- অক্ষ বরাবর ছোট বর্গের 3 বাহু = 1 ধরে $y = \sin x, \ -\pi \leq x \leq \pi$ লেখচিত্র অঙ্কন করি।

$y = \sin x$ এর রূপান্তরিত ফাংশন $y = 3 \sin x$, y অক্ষের দিকে সংকুচিত হয়। $y = \sin x$ লেখের প্রতিটি বিন্দুর y –স্থানাঙ্ককে 3 গুণ বৃদ্ধি করে বিন্দুটিকে উপরের দিকে সরিয়ে $y = 3 \sin x$ লেখ নিচে অঙ্কন করা হলো।।



(b) $y = e^x$ এর লেখ হতে $y = ln\ x$ এর লেখ অঙ্কন কর।

নিচের তালিকায় x এর ভিন্ন ভিন্ন মানের জন্য $y = e^x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি :

x	−2	−1	0	1	2
$y = e^x$	0·14	0·37	1	2.72	7·39

x - অক্ষ ও y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 3 বাহু = 1 একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $f(x) = e^x$ এর লেখ অঙ্কন করি।

$f(x) = e^x$ ফাংশনের লেখের উপরস্থ $(-2, 0·14)$, $(-1, 0·37)$, $(0,1)$ ও $(1, 2·72)$ বিন্দুগুলির x স্থানাঙ্ক ও y স্থানাঙ্কের স্থান বিনিময় করে যথাক্রমে $(0·14, -2)$ $(0·37, -1)$, $(1,0)$ ও $(2·72,1)$ বিন্দুগুলি ছক

কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $f(x) = e^x$ এর বিপরীত ফাংশন $f^{-1}(x) = \ln x$ এর লেখ অঙ্কন করা হলো। (অন্যভাবে, $y = x$ সরলরেখা হতে $(-2, 0\cdot14)$ $(-1, 0\cdot37)$, $(0,1)$ ও $(1, 2\cdot72)$ বিন্দুগুলির সমদূরবর্তী বিন্দুগুলির সাহায্যে $f^{-1}(x) = \ln x$ এর লেখ অঙ্কন করা যায়।)



17. ফাংশনগুলির পর্যায় নির্ণয় কর: (a) $\sin(5\theta + \frac{\pi}{4})$ **(b)** $7\tan(-3\theta)$ **(c)** $\cos\frac{1}{2}\theta\tan\theta$

সমাধান: (a) ধরি, $f(\theta) = \sin(5\theta + \frac{\pi}{4})$

$$f(\theta) = \sin(5\theta + \frac{\pi}{4} + 2\pi)$$

[$\because \sin\theta$ এর পর্যায় 2π]

$$= \sin 5(\theta + \frac{\pi}{20} + \frac{2\pi}{5}) = f(\theta + \frac{2\pi}{5})$$

$\sin(5\theta + \frac{\pi}{4})$ এর পর্যায় $\frac{2\pi}{5}$.

(b) ধরি, $f(\theta) = 7\tan(-3\theta)$

$$f(\theta) = 7\tan(-3\theta + \pi)$$

[$\because \tan\theta$ এর পর্যায় π]

$$= 7\tan 3(-\theta + \frac{\pi}{3}) = f(\theta + \frac{\pi}{3})$$

$7\tan(-3\theta)$ এর পর্যায় $\frac{\pi}{3}$.

(c) ধরি, $f(\theta) = \cos\frac{1}{2}\theta\tan\theta$

$$\cos\frac{1}{2}\theta = \cos(\frac{1}{2}\theta + 2\pi) = \cos\frac{1}{2}(\theta + 4\pi)$$

[$\because \sin\theta$ এর পর্যায় 2π]

এবং $\tan\theta = \tan(\theta + \pi) = \tan(\theta + 2\pi)$

$$= \tan(\theta + 3\pi) = \tan(\theta + 4\pi)$$

[$\because \tan\theta$ এর পর্যায় π]

$$f(\theta) = \cos\frac{1}{2}(\theta + 4\pi)\tan(\theta + 4\pi)$$

$$= f(\theta + 4\pi)$$

$\cos\frac{1}{2}\theta\tan\theta$ এর পর্যায় 4π.

18. দেওয়া আছে, $f(x) = x^2 + 3x + 1$, $g(x) = 2x - 3$.

(a) $g(\frac{1}{2})$ এর মান নির্ণয় কর। $f(x) = 19$ হলে, x এর মান নির্ণয় কর।

(b) (g o f) (2) এবং (f o g) (2) নির্ণয় কর।

[চ.'০৭; ব.'১২; দি.'১৩]

(c) f(x) ফাংশনের এবং এর রূপান্তরিত ফাংশন $f(x + 4)$ ও $f(x - 4)$ এর স্কেচ অঙ্কন কর।

সমাধান: (a) দেওয়া আছে, $g(x) = 2x - 3$

$$g(\frac{1}{2}) = 2\times\frac{1}{2} - 3 = 1 - 3 = -2$$

$f(x) = 19 \Rightarrow x^2 + 3x + 1 = 19$

$\Rightarrow x^2 + 3x - 18 = 0$

$\Rightarrow (x + 6)(x - 3) = 0$

$x + 6 = 0$ হলে, $x = -6$

$x - 3 = 0$ হলে, $x = 3$.

(b) 8(c) দ্রষ্টব্য।

(c) নিচের তালিকায় x এর ভিন্ন ভিন্ন মানের জন্য $f(x) = x^2 + 3x + 1$ এর প্রতিরূপী মান নির্ণয় করি :

x	0	-1	−2	−3	1	−4	$-\frac{3}{2}$
$f(x) = x^2 + 3x + 1$	1	-1	−1	1	5	5	$-\frac{5}{4}$

x - অক্ষ ও y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 2 বাহু = 1 একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $f(x) = x^2 + 3x + 1$ এর স্কেচ অঙ্কন করি ।



$f(x)$ ফাংশনের লেখের প্রতিটি বিন্দুকে 4 একক অর্থাৎ 8 ঘর বামে সরিয়ে $f(x)$ এর রূপান্তরিত ফাংশন $f(x + 4)$ এর এবং 4 একক অর্থাৎ 8 ঘর ডানে সরিয়ে $f(x - 4)$ এর স্কেচ অঙ্কন করা হলো ।

19. দেওয়া আছে, $f(x) = \sqrt{x}$, $g(x) = x^2 - 1$.

(a) $g^{-1}(\{-1, 8\})$ এর মান নির্ণয় কর ।

(b) $(fog)(x)$ এবং $(gof)(x)$ নির্ণয় কর । প্রথম

[চ.'০৯ ; সি.'০৫; ব.'০৯]

(c) $g(x)$ ফাংশনের এবং এর রূপান্তরিত ফাংশন $g(2x)$ ও $f(0·5x)$ এর স্কেচ অঙ্কন কর ।

সমাধান : ধরি, $y = g(x) = x^2 - 1 \Rightarrow x^2 = y + 1$

$\Rightarrow x = \pm\sqrt{y+1}$

$g^{-1}(y) = \pm\sqrt{y+1}$

$[\quad y = g(x) \text{ iff } x = g^{-1}(y)]$

এখন , $g^{-1}(-1) = \pm\sqrt{-1+1} = 0$ এবং

$g^{-1}(8) = \pm\sqrt{8+1} = \pm\sqrt{9} = \pm 3$

$g^{-1}(\{-1, 8\}) = \{-3, 0, 3\}$

(b) 9(e) দ্রষ্টব্য ।

$f(x) = \sqrt{x}$, $g(x) = x^2 - 1$

(c) x - অক্ষ ও y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 2 বাহু = 1 একক ধরে $g(x)$ ফাংশনের এবং এর রূপান্তরিত ফাংশন $g(2x)$ ও $g(0·5x)$ এর নিচে স্কেচ অঙ্কন করা হলো ।



20. f $\{x \in \mathbb{R} : x \geq 0\} \rightarrow \mathbb{R}$ কে $f(x) = x^2 + 1$ দ্বারা সংজ্ঞায়িত করা হলে ,

সমাধান : (a) $x = 0$ হলে $f(0) = 0 + 1 = 1$, যা $f(x)$ এর ক্ষুদ্রতম মান এবং $x > 0$ হলে $f(x) > 1$.

$f(x)$ এর রেঞ্জ $= \{x \in \mathbb{R} : x \geq 1\}$

(b) মনে করি, $y = f(x) = x^2 + 1$

$\Rightarrow x^2 = y - 1 \Rightarrow x = \sqrt{y-1}$, $[\because x \geq 0]$

$f^{-1}(y) = \sqrt{y-1}$

$[\because f(x) = y \text{ iff } f^{-1}(y) = x]$

$f^{-1}(1) = \sqrt{1-1} = 0$ এবং

$f^{-1}(10) = \sqrt{10-1} = 3$

$f^{-1}([1,10]) = [0\ ,3]$ এবং

$f^{-1}(\{1,10\}) = \{0,3\}$

(c) f(x) এর লেখচিত্র থেকে $f^{-1}(x)$ এর লেখচিত্র অঙ্কন কর।

একটি ছক কাগজে স্থানাংকের অক্ষ রেখা X′OX ও YOY′ আঁকি ।

2. সংযুক্ত তালিকায় $x \geq 0$ এর ভিন্ন ভিন্ন মানের জন্য $y = x^2 + 1$ এর প্রতিবূপী মান নির্ণয় করি ঃ

x	0	1	2	3	4
f (x)	1	2	5	10	17

x - অক্ষ ও y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 1 বাহু = 1 একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $y = x^2 + 1$ এর লেখ অঙ্কন করি ।



y = x সরলরেখার লেখ অঙ্কন করি। y = x রেখা হতে (0, 1) (1, 2), (2,5), (3,10), (4, 17) ইত্যাদি বিন্দুগুলির সমদূরবর্তী যথাক্রমে (1,0), (2,1), (5,2), (10,3), (17,4) ইত্যাদি বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে f(x) এর লেখ থেকে $f^{-1}(x) = \sqrt{1-x}$ এর লেখ অঙ্কন করা হলো।

ব্যবহারিক অনুশীলনী

1. $y = -x^2$ ফাংশনের এবং রূপান্তরিত $y = -(x+3)^2$ ও $y = (x-3)^2$ ফাংশনের লেখচিত্র অঙ্কন কর।

পরীক্ষণের নাম ঃ $y = -x^2$ ফাংশনের ও রূপান্তরিত $y = -(x+3)^2$ ও $y = (x-3)^2$ ফাংশনের লেখচিত্র অঙ্কন

মূলতত্ত্ব ঃ $y = -x^2$ একটি পরাবৃত্তের সমীকরণ যার শীর্ষবিন্দু মূলবিন্দুতে এবং অক্ষ y -অক্ষ। $y = -x^2$ এর লেখ নিজের সমান্তরালে 3 একক বামে সরিয়ে দিয়ে $y = -(x+3)^2$ পরাবৃত্তের লেখ পাওয়া যায় যার শীর্ষবিন্দু (–3, 0) । আবার, x অক্ষের সাপেক্ষে $y = -x^2$ এর প্রতিচ্ছবি $y = x^2$ এর লেখকে 3 একক ডানে সরিয়ে দিয়ে $y = (x-3)^2$ পরাবৃত্তের লেখ পাওয়া যায় যার শীর্ষবিন্দু (3, 0) .

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) পেন্সিল কম্পাস (vii) সায়েন্টিফিক ক্যালকুলেটর ইত্যাদি।

কার্যপদ্ধতি ঃ

1. একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা X′OX ও YOY′ আঁকি ।

2. নিচের তালিকায় x এর ভিন্ন ভিন্ন মানের জন্য $y = -x^2$ এর প্রতিবূপী মান নির্ণয় করি ঃ

x	–2	–1	0	1	2
f (x)	–4	– 1	0	–1	–4

3. x - অক্ষ ও y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 2 বাহু = 1 একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $y = -x^2$ এর লেখ অঙ্কন করি ।



4. লেখটির প্রতিটি বিন্দুকে 2×3 বা 6 বর্গের বাহুর সমান অর্থাৎ 3 একক বাম দিকে সরিয়ে $y = -(x+3)^2$ এর লেখ অঙ্কন করি ।

5. আবার, x অক্ষের সাপেক্ষে $y = -x^2$ এর প্রতিচ্ছবি $y = x^2$ এর লেখের প্রতিটি বিন্দুকে 2×3 বা 6 বর্গের বাহুর সমান অর্থাৎ 3 একক ডানে সরিয়ে দিয়ে $y = (x-3)^2$ এর লেখ অঙ্কন করি ।

বৈশিষ্ট্য ঃ (i) লেখচিত্র তিনটি পরাবৃত্ত। $y = -x^2$ এর শীর্ষবিন্দু (0, 0), $y = -(x+3)^2$ এর শীর্ষবিন্দু (−3,0) এবং $y = (x-3)^2$ এর শীর্ষবিন্দু (3, 0) ।
(ii) $y = -x^2$ এর লেখ y অক্ষের সাপেক্ষে, $y = -(x+3)^2$ এর লেখ $x = -3$ রেখার সাপেক্ষে ও $y = (x-3)^2$ এর লেখ $x = 3$ রেখার সাপেক্ষে প্রতিসম।

2. $y = x^2$ ফাংশনের ও রূপান্তরিত $y = -2x^2 + 4x - 5$ ফাংশনের লেখচিত্র অঙ্কন কর।

পরীক্ষণের নাম ঃ $y = x^2$ ফাংশনের ও রূপান্তরিত $y = -2x^2 + 4x - 5$ ফাংশনের লেখচিত্র অঙ্কন

মূলতত্ত্ব ঃ $y = x^2$ একটি পরাবৃত্তের সমীকরণ যার শীর্ষবিন্দু মূলবিন্দুতে এবং অক্ষ y -অক্ষ। $y = x^2$ এর লেখ থেকে $y = -2x^2 + 4x - 5 = -2(x^2 - 2x + 1) - 3 = -2(x-1)^2 - 3$ এর লেখ অঙ্কন করা যায়।

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) পেন্সিল কম্পাস (vii) সায়েন্টিফিক ক্যালকুলেটর ইত্যাদি।

কার্যপদ্ধতি ঃ

1. একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা X′OX ও YOY′ আঁকি ।

2. নিচের তালিকায় x এর ভিন্ন ভিন্ন মানের জন্য $y = x^2$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	0	±1	±2	±3
$f(x)$	0	1	4	9

3. x - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 2 বাহু = 1 একক ও y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 1 বাহু = 1 একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $y = x^2$ এর লেখ অঙ্কন করি ।

4. x অক্ষের সাপেক্ষে $y = x^2$ এর প্রতিচ্ছবি $y = -x^2$ এর লেখের প্রতিটি বিন্দুকে 2×1 বা 2 বর্গের বাহুর সমান অর্থাৎ 1 একক ডানে সরিয়ে দিয়ে $y = -(x-1)^2$ এর লেখ অঙ্কন করি । এ লেখকে y অক্ষের দিকে 2 গুণ সংকুচিত করে $y = -2(x-1)^2$ এর লেখ অঙ্কন করি। সর্বশেষে এ লেখের প্রতিটি বিন্দুকে 3 একক নিচে স্থানান্তরিত করে $y = -2(x-1)^2 - 3$ এর লেখ অঙ্কন করা হলো।



বৈশিষ্ট্য ঃ (i) লেখচিত্র দুইটি পরাবৃত্ত। $y = x^2$ এর শীর্ষবিন্দু (0, 0), এবং $y = -2(x-1)^2 - 3$ এর শীর্ষবিন্দু (1, −3) ।

(ii) $y = x^2$ এর লেখ y অক্ষের সাপেক্ষে, $y = y = -2(x-1)^2 - 3$ এর লেখ $x = 1$ রেখার সাপেক্ষে সাপেক্ষে প্রতিসম।

3. একই লেখচিত্রে $y = 2x + 5$ ফাংশনের ও তার বিপরীত ফাংশনের লেখচিত্র অঙ্কন কর।

পরীক্ষণের নাম ঃ একই লেখচিত্রে $f(x) = y = 2x + 5$ ফাংশনের ও তার বিপরীত ফাংশন $f^{-1}(x) = \dfrac{x-5}{2}$ এর লেখচিত্র অঙ্কন

মূলতত্ত্ব ঃ $f(x) = 2x + 5$ লেখের উপরস্থ বিন্দুগুলির ভুজ ও কোটির স্থান বিনিময় করে $f^{-1}(x) = \dfrac{x-5}{2}$ এর লেখচিত্র অঙ্কন করা যায় অথবা $y = x$ রেখার সাপেক্ষে $f(x) = 2x + 5$ এর প্রতিচ্ছবি অঙ্কন করে $f^{-1}(x) = \dfrac{x-5}{2}$ এর লেখ পাওয়া যায়।

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) পেন্সিল কম্পাস (vii) সায়েন্টিফিক ক্যালকুলেটর ইত্যাদি।

কার্যপদ্ধতি ঃ

1. একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা $X'OX$ ও YOY' আঁকি ।
2. নিচের তালিকায় x এর ভিন্ন ভিন্ন মানের জন্য $y = 2x + 5$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	0	1	2
y	5	7	9

3. x - অক্ষ ও y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 1 বাহু = 1 একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $y = 2x + 5$ এর লেখ অঙ্কন করি ।
4. একই স্কেলে (5, 0), (7, 1) , (9, 2) বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $f^{-1}(x) = \dfrac{x-5}{2}$ এর লেখ অঙ্কন করি ।



4. $y = 5^x$ সূচক ফাংশনটির লেখ অঙ্কন করে লেখের বৈশিষ্ট্য নির্ণয় কর।

পরীক্ষণের নাম ঃ $y = 5^x$ ফাংশনটির লেখ অঙ্কন করে লেখের বৈশিষ্ট নির্ণয় ।

মূলতত্ত্ব ঃ x এর যেকোন বাস্তব মানের জন্য $f(x) = 5^x$ ফাংশনটির লেখচিত্র অঙ্কন করতে হবে এবং লেখের বৈশিষ্ট নির্ণয় করতে হবে।

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) পেন্সিল কম্পাস (vii) সায়েন্টিফিক ক্যালকুলেটর ইত্যাদি।

কার্যপদ্ধতি ঃ

1. একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা $X'OX$ ও YOY' আঁকি ।
2. নিচের তালিকায় x এর ভিন্ন ভিন্ন মানের জন্য $y = 5^x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	−2	−1	0	1	2
y	0·04	0·2	1	5	25

3. x - অক্ষ ও y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 1 বাহু = 1 একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $f(x) = 5^x$ এর লেখ অঙ্কন করি।



বৈশিষ্ট্য ঃ (1) লেখচিত্রটি x অক্ষের নিচে আসবে না (2) x অক্ষটি লেখটির একটি অসীমতট রেখা।

(3) লেখচিত্রটি y অক্ষকে (0, 1) বিন্দুতে ছেদ করে।
(4) x অক্ষ বা y অক্ষের সাপেক্ষে লেখচিত্রটি প্রতিসম নয়।
(v) লেখচিত্রটি x অক্ষের ধনাত্মক দিকে বিদ্যমান।

5. $y = \log_{10} x$ লগারিদমিক ফাংশনটির লেখ অঙ্কন করে লেখের বৈশিষ্ট্য নির্ণয় ।

পরীক্ষণের নাম : $y = \log_{10} x$ লগারিদমিক ফাংশনটির লেখ অঙ্কন করে লেখের বৈশিষ্ট্য নির্ণয় ।

মূলতত্ত্ব : $y = \log_{10} x$ সমীকরণটি $x \le 0$ এর জন্য অসংজ্ঞায়িত হয় বিধায় $x > 0$ এর যেকোন বাস্তব মানের জন্য $y = \log_{10} x$ এর লেখচিত্র অঙ্কন করতে হবে এবং লেখের বৈশিষ্ট নির্ণয় করতে হবে।

প্রয়োজনীয় উপকরণ : (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) পেন্সিল কম্পাস (vii) সায়েন্টিফিক ক্যালকুলেটর ইত্যাদি।

কার্যপদ্ধতি :

1. একটি ছক কাগজে স্থানাংকের অক্ষ রেখা $X'OX$ ও YOY' আঁকি ।

2. নিচের তালিকায় x এর ভিন্ন ভিন্ন মানের জন্য $f(x) = \log_{10} x$ এর প্রতিবূপী মান নির্ণয় করি :

x	0.1	0.3	0.5	0·7
$\log_{10} x$	−1	−0·5	−0.3	−0.15
x	1	1·5	2	2.5
$\log_{10} x$	0	0·18	0·3	0·39



3. x - অক্ষ ও y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 10 বাহু = 1 একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $y = \log_{10} x$ এর লেখ অঙ্কন করি।

বৈশিষ্ট্য : (i) লেখচিত্রটি x অক্ষ বা y অক্ষের সাপেক্ষে প্রতিসম নয়।
(ii) লেখচিত্রটি ১ম চতুর্ভাগ ও ৪র্থ চতুর্ভাগে অসীম পর্যন্ত বিস্তৃত।
(iii) লেখচিত্রটি x অক্ষকে (1,0) বিন্দুতে ছেদ করে।
(iv) y অক্ষ লেখটির একটি অসীমতট রেখা।
(v) লেখচিত্রটি y অক্ষের ধনাত্মক দিকে বিদ্যমান।

6. $y = \cos^{-1} x$ ত্রিকোণমিতিক ফাংশনটির লেখ অঙ্কন করে লেখের বৈশিষ্ট্য নির্ণয় ।

পরীক্ষণের নাম : $y = \cos^{-1} x$ এর লেখচিত্র অঙ্কন করে লেখের বৈশিষ্ট্য নির্ণয়, যখন $-1 \le x \le 1$.

মূলতত্ত্ব: $x \in [-1, 1]$ এর বিভিন্ন বাস্তব মানের জন্য $y = \cos^{-1} x$ এর লেখচিত্র অঙ্কন করতে হবে এবং লেখের বৈশিষ্ট্য নির্ণয় করতে হবে ।

প্রয়োজনীয় উপকরণ : (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) সায়েন্টিফিক ক্যালকুলেটর ইত্যাদি।

1. একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা $X'OX$ ও YOY' আঁকি ।

2. নিচের তালিকায় $x \in [-1, 1]$ এর ভিন্ন ভিন্ন মানের জন্য $y = \cos^{-1} x$ এর প্রতিবূপী মান নির্ণয় করি :

x	−1	−0·87	−0·5	0
y	± 180°	± 150°	± 120°	± 90°
x	0·5	0·87	1	
y	± 60°	± 30°	90°	

3. x - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 10 বাহু = 1 একক ও y অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 1 বাহু = 10° একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে স্থাপিত বিন্দুগুলি মুক্ত

হস্তে বক্রাকারে যোগ করে $y = \cos^{-1} x$ এর লেখ অঙ্কন করি।



বৈশিষ্ট্য ঃ (i) লেখচিত্রটি অবিচ্ছিন্ন। (ii) লেখচিত্রটি ঢেউয়ের আকৃতি। (iii) লেখচিত্রটি মূলবিন্দুগামী নয়।

7. y = | 2x – 1| পরমমান ফাংশনটির লেখ অঙ্কন করে লেখের বৈশিষ্ট্য নির্ণয়।

পরীক্ষণের নাম ঃ $y = | x |$ পরমমান ফাংশনটির লেখ অঙ্কন করে লেখের বৈশিষ্ট নির্ণয়।

মূলতত্ত্ব ঃ $y = | 2x - 1 |$ সমীকরণে x এর সকল বাস্তব মানের জন্য y এর মান অঋণাত্মক।

$$|2x - 1| = \begin{cases} 2x - 1, \text{ যখন } 2x - 1 \geq 0 \\ -(2x - 1)x, \text{ যখন } 2x - 1 < 0 \end{cases}$$

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) সায়েন্টিফিক ক্যালকুলেটর ইত্যাদি।

কার্যপদ্ধতি ঃ

1. একটি ছক কাগজে স্থান... অক্ষ রেখা X'OX ও YOY' আঁকি।
2. নিচের তালিকায় x এর ভিন্ন ভিন্ন মানের জন্য $y = | 2x - 1 |$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	0	–2	–1	1	2	3	0·5
y	1	5	3	1	3	5	0

3. x-অক্ষ ও y-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 2 বাহু = 1 একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিলের সাহায্যে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $y = | x |$ এর লেখ অঙ্কন করি।



বৈশিষ্ট্য ঃ (i) লেখচিত্রটি $x = \frac{1}{2}$ রেখার সাপেক্ষে প্রতিসম। (ii) লেখচিত্রটি ১ম চতুর্ভাগ ও ২য় চতুর্ভাগে অসীম পর্যন্ত বিস্তৃত। (iii) লেখচিত্রটি মূলবিন্দুতে ছেদ করে না। (iv) লেখচিত্রটি y অক্ষের ধনাত্মক দিকে বিদ্যমান।

অতিরিক্ত প্রশ্ন (সমাধানসহ)

1(a) $4f(x) + 2x\, f(\frac{1}{x}) = 10x + 17$ হলে, $f(x)$ এর মান নির্ণয় কর।

সমাধান ঃ দেওয়া আছে,

$$4\,f(x) + 2x\, f(\frac{1}{x}) = 10x + 17 \qquad (i)$$

x কে $\frac{1}{x}$ দ্বারা প্রতিস্থাপন করে পাই,

$$4\,f(\frac{1}{x}) + 2\frac{1}{x}\, f(x) = 10\frac{1}{x} + 17$$

$$\Rightarrow 4x\, f(\frac{1}{x}) + 2\,f(x) = 10 + 17x$$

$$\Rightarrow 2\,f(x) + 4x\, f(\frac{1}{x}) = 17x + 10 \cdots \qquad (ii)$$

$(i) \times 2 - (ii) \Rightarrow$

$$(8 - 2)\, f(x) = (20 - 17)x + 34 - 10$$

$$\Rightarrow 6\,f(x) = 3x + 24$$

$$f(x) = \frac{1}{2}x + 4 \quad \text{(Ans.)}$$

1(b) $2f(x) + 3f(-x) = x^2 - x + 1$ হলে, f(x) এর মান নির্ণয় কর।

সমাধান ঃ দেওয়া আছে,

$2f(x) + 3f(-x) = x^2 - x + 1 \quad \cdots (i)$

x কে $(-x)$ দ্বারা প্রতিস্থাপন করে পাই,

$2f(-x) + 3f(x) = (-x)^2 - (-x) + 1$

$\Rightarrow 3f(x) + 2f(-x) = x^2 + x + 1 \quad \cdots (ii)$

$(ii)\times 3 - (i)\times 2 \Rightarrow$

$(9-4)f(x) = (3-2)x^2 + (3+2)x + 3 - 2$

$\Rightarrow 5f(x) = x^2 + 5x + 1$

$f(x) = \frac{1}{5}(x^2 + 5x + 1)$

ভর্তি পরীক্ষার MCQ ঃ

1. $f(x) = \frac{1-x}{1+x}$ হলে f(cosθ) এর মান নির্ণয় কর। [RU 07-08; JU 09-10]

Sol^n.: $f(\cos\theta) = \frac{1-\cos\theta}{1+\cos\theta} = \frac{2\sin^2\frac{\theta}{2}}{2\cos^2\frac{\theta}{2}}$

$= \tan^2\frac{\theta}{2}$

2. $f(x) = \frac{x}{1+x}$ হলে f(2/3) + f(3/2) সমান– [DU 04-05]

Sol^n.: $f(2/3) + f(3/2) = \frac{2}{3}\times\frac{3}{5} + \frac{3}{2}\times\frac{2}{5} = 1$

3. $f(a) = \ln(a)$ হলে $f(\frac{1}{a})$ = কত? [KUET 05-06; JU 09-10]

Sol^n.: $f(\frac{1}{a}) = \ln(\frac{1}{a}) = \ln(a^{-1}) = -\ln(a)$

4. $g(\theta) = \frac{1-\tan\theta}{1+\tan\theta}$ হলে $g(\frac{\pi}{4} - \theta) = ?$ [KUET 08-09]

Sol^n.: $g(\theta) = \frac{1-\tan\theta}{1+\tan\theta} = \tan(\frac{\pi}{4} - \theta)$

$g(\frac{\pi}{4} - \theta) = \tan\{\frac{\pi}{4} - (\frac{\pi}{4} - \theta)\} = \tan\theta$

5. $f(x) = x^2 + 4$ এবং $g(x) = 2x - 1$ হলে $(gof)(x) = ?$ [DU 07-08, 05-06; Jt.U 05-06; JU, CU 09-10]

Sol^n.: $(gof)(x) = g(x^2 + 4)$

$= 2(x^2 + 4) - 1 = 2x^2 + 7$

6. f(x) = sinx, g(x) = x^2 হলে $f(g(\frac{\sqrt{\pi}}{2})) = ?$ [DU 09-10]

Sol^n.: $f(g(\frac{\sqrt{\pi}}{2})) = f(\frac{\pi}{4}) = \sin\frac{\pi}{4} = \frac{1}{\sqrt{2}}$

7. $f(x) = 3x^3 + 2$, $g(x) = \sqrt[3]{\frac{x-2}{2}}$ হলে (fog)(5) এর মান হবে– [BUET 08-09]

Sol^n.: $(fog)(5) = f(\sqrt[3]{\frac{5-2}{2}}) = f(1) = 3.1^3 + 2$

8. $f(x) = x^2 + 3$ হলে $f(f(-3)) = ?$ [KUET 07-08]

Sol^n.: $f(f(-3)) = f((-3)^2 + 3) = f(12)$

$= 12^2 + 3 = 147$

9. $f(x) = x^3 + 5$ এর বিপরীত ফাংশন [JU 09-10]

Sol^n.: $f(f^{-1}(x)) = \{f^{-1}(x)\}^3 + 5$

$\Rightarrow x = \{f^{-1}(x)\}^3 + 5 \Rightarrow f^{-1}(x) = \sqrt[3]{x-5}$

10. একটি ফাংশন $f: \mathbb{R} \to \mathbb{R}$, f(x) = 2x + 1 দ্বারা সংজ্ঞায়িত করা হলে $f^{-1}(2)$ এর মান হবে– [BUET 06-07; JU, RU 09-10]

Sol^n.: $f^{-1}(x) = \frac{x-1}{2}$ $\therefore f^{-1}(2) = \frac{2-1}{2} = \frac{1}{2}$

11. যদি $f(x): \mathbb{R} \to \mathbb{R}$ এবং $f(x) = x^2$ হয় তবে $f^{-1}(4)$ = কত? [CU 04-05; JU,Jt.U,RU 09-10]

Sol^n.: $x^2 = 4 \Rightarrow x = \pm 2$

$f^{-1}(4) = \{-2, 2\}$

12. f(x) = $\frac{5x+3}{4x-5}$ হলে $f^{-1}(x)$ = ? [DU10- 11]

Sol^n.: $f^{-1}(x) = \frac{5x+3}{4x-5}$ [সূত্র ব্যবহার করে।]

13. একটি ফাংশন $f: \mathbb{R} \to \mathbb{R}$, $f(x) = \dfrac{x-2}{x-3}$ দ্বারা সংজ্ঞায়িত করা হলে $f^{-1}(0)$ সমান– **[BUET 08-09]**

$Sol^n.:$ $f^{-1}(x) = \dfrac{+3x-2}{x-1}$ $\quad f^{-1}(0) = 2$

14. $f(x) = \dfrac{x-3}{2x+1}$ এবং $x \neq -\dfrac{1}{2}$ হলে $f^{-1}(-2)$ এর মান– **[DU,RU 08-09]**

$Sol^n.:$ $f^{-1}(x) = \dfrac{-x-3}{2x-1}$

$$f^{-1}(-2) = \frac{-(-2)-3}{2(-2)-1} = \frac{2-3}{-4-1} = \frac{1}{5}$$

15. $f(x) = \dfrac{2x-1}{x-2}$ ফাংশনের ডোমেন , রেঞ্জ এবং বিপরীত ফাংশন নির্ণয় কর।**[IU, SU 07-08; CU 05-06, 08-09; JU 09-10]**

$Sol^n.:$ ডোমেন $= \mathbb{R} - \{2$, রেঞ্জ $= \mathbb{R} - \{\dfrac{2}{1}\} = \mathbb{R} - \{2\}$

এবং $f^{-1}(x) = \dfrac{-2x-1}{x-(-2)} = \dfrac{-2x-1}{x+2}$

16. $\log(5x^2 - 7)$ **ফাংশনের ডোমেন হবে–** **[CU 07-08]**

$Sol^n.:$ $5x^2 - 7 > 0 \Rightarrow x^2 - \dfrac{7}{5} > 0$

$\Rightarrow (x - \sqrt{7/5})(x + \sqrt{7/5}) > 0$

ডোমেন$=\{x \in \mathbb{R}: x > \sqrt{7/5}$ অথবা $x < -\sqrt{7/5}\}$

17. $f(x) = \dfrac{x}{|x|}$ ফাংশনের ডোমেন ও বিস্তার হবে– **[CU 04-05, 06,07]**

$Sol^n.:$ ডোমেন $f = \mathbb{R} - \{0\} = (-\infty, \infty) - \{0\}$

বিস্তার $f = \{-1, 1\}$

18. $f(x) = \sqrt{\dfrac{1-x}{x}}$ ফাংশনটির ডোমেন কত? **[SU 05-06]**

A. (0,1) **B.** [0,1) **C.** (0,1] **D.** [0,1]

$Sol^n.:$ $f(x) \in \mathbb{R}$ iff $(1-x)x \geq 0$ but $x \neq 0$

$\Rightarrow (x-0)(x-1) \leq 0$ but $x \neq 0 \Rightarrow 0 < x \leq 1$

19. $f(x) = x^2 - 1$ দ্বারা সংজ্ঞায়িত ফাংশন f এর ডোমেন $[-1,1]$ হলে রেঞ্জ কত ? **[IU 04-05]**

$Sol^n.:$ $f(0) = 0^2 - 1 = -1$; যা $x \in [-1,1]$ এর জন্য $f(x)$ এর ক্ষুদ্রতম মান।

$f(\pm 1) = (\pm 1)^2 - 1 = 0$; যা $x \in [-1,1]$ এর জন্য $f(x)$ এর বৃহত্তম মান । $\therefore$ f এর রেঞ্জ $= [-1,0]$

20. $f(x) = \sqrt{x} + 1$ **হলে এর ডোমেন এবং রেঞ্জ কত?** **[CU '03-04]**

$Sol^n.:$ এখানে ডোমেন হল সকল অঋণাত্মক সংখ্যার সেট অর্থাৎ $[0,\infty)$ । $f(0) = \sqrt{0}+1 = 1$; য $x \in [0,\infty)$ এর জন্য $f(x)$ এর ক্ষুদ্রতম মান।

রেঞ্জ $f = [1, \infty)$

21. $f(x) = \sqrt{1-x^2}$ **ফাংশনের ডোমেন কত?** **[CU 03-04, 08-09]**

$Sol^n.:$ $1 - x^2 \geq 0 \Rightarrow x^2 - 1 \leq 0$

$\Rightarrow (x-1)(x+1) \leq 0 \Rightarrow -1 \leq x \leq 1$

ডোমেন $f = \{x \in \mathbb{R} : -1 \leq x \leq 1\}$

22. $f(x) = \sqrt{x-2}$ এবং $g(x) = x^2 + 1$ হয় ...og এর ডোমেন হবে– **[BUET 10 -11]**

$Sol^n.:$ $fog = f(g(x)) = f(x^2+1)$

$= \sqrt{x^2+1-2} = \sqrt{x^2-1} = \sqrt{(x-1)(x+1)}$

For Dom, $(x-1)(x+1) \geq 0 \Rightarrow x \leq -1$ or, $x \geq 1$

Dom (fog) $= (-\infty, -1) \cup (1, \infty)$

ফাংশনে ক্যালকুলেটরের ব্যবহার ঃ

$f(x) = \dfrac{x}{1+x}$ হলে **f(2/5) ÷ f(5/2) সমান–**

ALPHA X) ÷ (1 + ALPHA X))

SOLVE=

CALC Screen এ দেখাবে x?

Press 2 ab/c 5 = মান আসে 2 / 7

Again, press = Screen এ দেখাবে x?

Press 5 ab/c 2 = মান আসে 5 / 7

Press 2 / 7 ÷ 5 /7 = Screen এ আসে 2/5. Ans. 2/5.

নিম্নের সীমাগুলির মান নির্ণয় কর ঃ

১। $\lim_{x \to 2} \frac{x^2-4}{x^2-5x+6}$

সমাধান ঃ ধরি $x = 2 + h$. $\therefore$ $h \to 0$, যখন $x \to 2$

$\lim_{x \to 2} \frac{x^2-4}{x^2-5x+6}$

$= \lim_{h \to 0} \frac{(2+h)^2-4}{(2+h)^2-5(2+h)+6}$

$= \lim_{h \to 0} \frac{4+4h+h^2-4}{4+4h+h^2-10-5h+6}$

$= \lim_{h \to 0} \frac{h(h+4)}{h(h-1)} = \lim_{h \to 0} \frac{h+4}{h-1}$

$= \frac{0+4}{0-1} = -4$ (Ans.)

বিকল্প পদ্ধতি ঃ $\lim_{x \to 2} \frac{x^2-4}{x^2-5x+6}$

$= \lim_{x \to 2} \frac{(x-2)(x+2)}{(x-2)(x-3)} = \lim_{x \to 2} \frac{x+2}{x-3}$

$= \lim_{x \to 2} \frac{x+2}{x-3} = \frac{2+2}{2-3} = -4$ (Ans.)

1(b) $\lim_{x \to 0} \frac{(x+4)^3-(x-8)^2}{x(x-3)}$

$= \lim_{x \to 0} \frac{x^3+12x^2+48x+64-x^2+16x-64}{x(x-3)}$

$= \lim_{x \to 0} \frac{x^3+12x^2+48x+64-x^2+16x-64}{x(x-3)}$

$= \lim_{x \to 0} \frac{x^3+11x^2+64x}{x(x-3)}$

$= \lim_{x \to 0} \frac{x(x^2+11x+64)}{x(x-3)}$

$= \lim_{x \to 0} \frac{x^2+11x+64}{x-3} = \frac{0^2+11.0+64}{0-3}$

$= \frac{64}{-3} = -21\frac{1}{3}$ (Ans.)

2(a) $\lim_{x \to 0} \frac{\sqrt{1+3x}-\sqrt{1-4x}}{x}$ [সি.'০৩]

$= \lim_{x \to 0} \frac{(\sqrt{1+3x}-\sqrt{1-4x})(\sqrt{1+3x}+\sqrt{1-4x})}{x(\sqrt{1+3x}+\sqrt{1-4x})}$

$= \lim_{x \to 0} \frac{(\sqrt{1+3x})^2-(\sqrt{1-4x})^2}{x(\sqrt{1+3x}+\sqrt{1-4x})}$

$= \lim_{x \to 0} \frac{1+3x-1+4x}{x(\sqrt{1+3x}+\sqrt{1-4x})}$

$= \lim_{x \to 0} \frac{7x}{x(\sqrt{1+3x}+\sqrt{1-4x})}$

$= \lim_{x \to 0} \frac{7}{\sqrt{1+3x}+\sqrt{1-4x}}$

$= \frac{7}{\sqrt{1+3.0}+\sqrt{1-4.0}} = \frac{7}{1+1} = \frac{7}{2}$

2(b) $\lim_{x \to 0} \frac{\sqrt{1+2x}-\sqrt{1-3x}}{x}$ [ব. '০৯,'১৩]

$= \lim_{x \to 0} \frac{(\sqrt{1+2x}-\sqrt{1-3x})(\sqrt{1+2x}+\sqrt{1-3x})}{x(\sqrt{1+2x}+\sqrt{1-3x})}$

$= \lim_{x \to 0} \frac{(\sqrt{1+2x})^2-(\sqrt{1-3x})^2}{x(\sqrt{1+2x}+\sqrt{1-3x})}$

$= \lim_{x \to 0} \frac{1+2x-1+3x}{x(\sqrt{1+2x}+\sqrt{1-3x})}$

$= \lim_{x \to 0} \frac{5x}{x(\sqrt{1+2x}+\sqrt{1-3x})}$

$= \lim_{x \to 0} \frac{5}{\sqrt{1+2x}+\sqrt{1-3x}}$

$= \frac{5}{\sqrt{1+2.0}+\sqrt{1-3.0}} = \frac{5}{1+1} = \frac{5}{2}$ (Ans.)

2(c) $\lim_{x \to 0} \frac{\sqrt{1+x^2}-\sqrt{1+x}}{\sqrt{1+x^3}-\sqrt{1+x}}$

$$=\lim_{x\to 0}\{\frac{\sqrt{1+x^2}-\sqrt{1+x}}{\sqrt{1+x^3}-\sqrt{1+x}}\times\frac{\sqrt{1+x^2}+\sqrt{1+x}}{\sqrt{1+x^2}+\sqrt{1+x}}\times\frac{\sqrt{1+x^3}+\sqrt{1+x}}{\sqrt{1+x^3}+\sqrt{1+x}}\}$$

$$=\lim_{x\to 0}\frac{(1+x^2-1-x)(\sqrt{1+x^3}+\sqrt{1+x})}{(1+x^3-1-x)(\sqrt{1+x^2}+\sqrt{1+x})}$$

$$=\lim_{x\to 0}\frac{x(x-1)(\sqrt{1+x^3}+\sqrt{1+x})}{x(x^2-1)(\sqrt{1+x^2}+\sqrt{1+x})}$$

$$=\lim_{x\to 0}\frac{(x-1)(\sqrt{1+x^3}+\sqrt{1+x})}{(x^2-1)(\sqrt{1+x^2}+\sqrt{1+x})}$$

$$=\frac{(0-1)(\sqrt{1+0^3}+\sqrt{1+0})}{(0^2-1)(\sqrt{1+0^2}+\sqrt{1+0})}=\frac{2}{2}=1$$

3(a) $\lim\limits_{x\to\infty}\dfrac{2x^4-3x^2+1}{6x^4+x^3-3x}$

$$=\lim_{x\to\infty}\frac{x^4(2-\frac{3}{x^2}+\frac{1}{x^4})}{x^4(6+\frac{1}{x}-\frac{3}{x^3})}$$

$$=\lim_{x\to\infty}\frac{2-\frac{3}{x^2}+\frac{1}{x^4}}{6+\frac{1}{x}-\frac{3}{x^3}}=\frac{2-0+0}{6+0-0}=\frac{2}{6}=\frac{1}{3}$$

3(b) $\lim\limits_{x\to\infty}\dfrac{3^x-3^{-x}}{3^x+3^{-x}}$ [চ.'০০]

$$=\lim_{x\to\infty}\frac{3^x(1-\frac{1}{3^{2x}})}{3^x(1+\frac{1}{3^{2x}})}=\lim_{x\to\infty}\frac{1-\frac{1}{3^{2x}}}{1+\frac{1}{3^{2x}}}$$

$$=\frac{1-0}{1+0}=\frac{1-0}{1+0}=1$$

3(c) $\lim\limits_{x\to\infty}\{\ln(2x-1)-\ln(x+5)\}$ [প্র.ভ.প.'০৪]

$$=\lim_{x\to\infty}\ln\frac{2x-1}{x+5}=\lim_{x\to\infty}\ln\frac{x(2-\frac{1}{x})}{x(1+\frac{5}{x})}$$

$$=\lim_{x\to\infty}\ln\frac{2-\frac{1}{x}}{1+\frac{5}{x}}=\ln\frac{2-0}{1+0}$$

$= \ln 2$ (Ans.)

3.(d) $\lim\limits_{x\to\infty}2^x\sin\dfrac{b}{2^x}$ [সি.'০৫]

ধরি, $\dfrac{b}{2^x}=\theta$. এখানে $x\to\infty$ বলে $2^x\to\infty$

$$\theta=\frac{b}{2^x}\to 0$$

$$\lim_{x\to\infty}2^x\sin\frac{b}{2^x}=\lim_{\theta\to 0}\frac{b}{\theta}\sin\theta$$

$$=b\lim_{\theta\to 0}\frac{\sin\theta}{\theta}=\text{b . 1}=\text{b}$$

4.(a) $\lim\limits_{x\to a}\dfrac{x^{7/2}-a^{7/2}}{\sqrt{x}-\sqrt{a}}$ [ঢা.'০৩]

$$=\frac{\lim\limits_{x\to a}(x^{7/2}-a^{7/2})}{\lim\limits_{x\to a}(x^{1/2}-a^{1/2})}=\frac{\lim\limits_{x\to a}\frac{x^{7/2}-a^{7/2}}{x-a}}{\lim\limits_{x\to a}\frac{x^{1/2}-a^{1/2}}{x-a}}$$

$$=\frac{\frac{7}{2}a^{\frac{7}{2}-1}}{\frac{1}{2}a^{\frac{1}{2}-1}}\quad[\lim_{x\to a}\frac{x^n-a^n}{x-a}=na^{n-1}]$$

$$=(\frac{7}{2}\times\frac{2}{1})a^{\frac{7}{2}-1-\frac{1}{2}+1}=7a^{\frac{7}{2}-\frac{1}{2}}=7a^3\text{ (Ans.)}$$

4(b) $\lim\limits_{x\to a}\dfrac{x^{5/2}-a^{5/2}}{x^{3/5}-a^{3/5}}$

$$=\frac{\lim\limits_{x\to a}(x^{5/2}-a^{5/2})}{\lim\limits_{x\to a}(x^{3/5}-a^{3/5})}=\frac{\lim\limits_{x\to a}\frac{x^{5/2}-a^{5/2}}{x-a}}{\lim\limits_{x\to a}\frac{x^{3/5}-a^{3/5}}{x-a}}$$

$$= \frac{\frac{5}{2}a^{\frac{5}{2}-1}}{\frac{3}{5}a^{\frac{3}{5}-1}} \qquad [\because \lim_{x\to a}\frac{x^n-a^n}{x-a} = na^{n-1}]$$

$$= (\frac{5}{2}\times\frac{5}{3})\, a^{\frac{5}{2}-1-\frac{3}{5}+1} = \frac{25}{6}\, a^{\frac{5}{2}-\frac{3}{5}}$$

$$= \frac{25}{6}\, a^{\frac{25-6}{10}} = \frac{25}{6}\, a^{\frac{19}{10}} \text{ (Ans.)}$$

5(a) $\lim\limits_{x\to 0} \dfrac{1-\cos 3x}{3x^2}$ [প্র.ভ.প.'৮৫]

$$= \lim_{x\to 0} \frac{2\sin^2\frac{3x}{2}}{3x^2} = \lim_{x\to 0} \frac{2\sin^2\frac{3x}{2}}{\frac{9x^2}{4}.\frac{4}{3}}$$

$$= \frac{2.3}{4}\lim_{x\to 0} \left\{\frac{\sin(3x/2)}{3x/2}\right\}^2 = \frac{3}{2}.1 = \frac{3}{2}$$

5.(b) $\lim\limits_{x\to 0} \dfrac{1-\cos 7x}{3x^2}$ [সি.'০৮,'১২;কু.'১১; রা.'০৭,'১০; চ.'০৬; য.'০৮,'১২; ব.'০৮; ঢা.'১০; দি.'১১]

$$= \lim_{x\to 0} \frac{2\sin^2\frac{7x}{2}}{3.\frac{49x^2}{4}.\frac{4}{49}}$$

$$= (\frac{2}{3}\times\frac{49}{4})\lim_{x\to 0} \left\{\frac{\sin(7x/2)}{7x/2}\right\}^2$$

$$= \frac{49}{6}.1 = \frac{49}{6} \text{ (Ans.)}$$

6. (a) $\lim\limits_{x\to 0} \dfrac{\cos 2x-\cos 3x}{x^2}$

[ব.'০১; মা.'০৫ সি.'০৪]

$$= \lim_{x\to 0} \frac{2\sin\frac{1}{2}(2x+3x)\sin\frac{1}{2}(3x-2x)}{x^2}$$

$$= \lim_{x\to 0} \frac{2\sin\frac{5x}{2}\sin\frac{x}{2}}{x^2}$$

$$= 2\lim_{x\to 0}\frac{\sin\frac{5x}{2}}{\frac{5x}{2}}\times\lim_{x\to 0}\frac{\sin\frac{x}{2}}{\frac{x}{2}}\times\frac{5}{2}\times\frac{1}{2}$$

$$= 2\times 1\times\frac{5}{4} = \frac{5}{2} \text{(Ans.)}$$

6(b) $\lim\limits_{x\to 0} \dfrac{\cos 2x-\cos 4x}{x^2}$ [কু.'০৩]

$$= \lim_{x\to 0} \frac{2\sin\frac{1}{2}(2x+4x)\sin\frac{1}{2}(4x-2x)}{x^2}$$

$$= \lim_{x\to 0} \frac{2\sin 3x\sin x}{x^2}$$

$$= 2.\lim_{x\to 0}\frac{\sin 3x}{3x}\times\lim_{x\to 0}\frac{\sin x}{x}\times 3$$

$$= 2\times 1\times 1\times 3 = 6 \text{ (Ans.)}$$

6. (c) $\lim\limits_{x\to 0} \dfrac{\cos ax-\cos bx}{x^2}$ [ব'১২; য.'১৩]

$$= \lim_{x\to 0} \frac{2\sin\frac{1}{2}(ax+bx)\sin\frac{1}{2}(bx-ax)}{x^2}$$

$$= 2\lim_{x\to 0}\frac{\sin\frac{(a+b)x}{2}}{\frac{(a+b)x}{2}}\times\frac{a+b}{2}\times$$

$$\lim_{x\to 0}\frac{\sin\frac{(b-a)x}{2}}{\frac{(b-a)x}{2}}\times\frac{b-a}{2}$$

$$= 2\times 1\times\frac{a+b}{2}\times 1\times\frac{b-a}{2} = \frac{1}{2}(b^2-a^2)$$

6(d) $\lim\limits_{x\to 0} \dfrac{1-2\cos x+\cos 2x}{x^2}$

[য.'০৫; কু.'১৪]

$$= \lim_{x\to 0} \frac{1-2\cos x+2\cos^2 x-1}{x^2}$$

$$= \lim_{x\to 0} \frac{2\cos x(\cos x-1)}{x^2}$$

$$= \lim_{x\to 0} \frac{2\cos x(-2\sin^2 \frac{x}{2})}{x^2}$$

$$= -4\lim_{x\to 0} \left\{\frac{\sin(x/2)}{x/2}\right\}\times\frac{1}{4}\times\lim_{x\to 0} \cos x$$

$$= -4\times1\times\frac{1}{4}\times\cos 0 = -1\times1 = -1$$

6(e) $\lim_{x\to 0}\frac{x(\cos x+\cos 2x)}{\sin x}$ [য.'০৯; রা.'১১; চ,'১৩]

$$= \lim_{x\to 0}\frac{x}{\sin x}\times\lim_{x\to 0}(\cos x+\cos 2x)$$

$$= 1\times(\cos 0+\cos 0)$$

$$= 1+1 = 1 \text{ (Ans.)}$$

7.(a) $\lim_{x\to 0}\frac{\tan x-\sin x}{x^3}$ **[রা.'০৯; ব.'১১, '১৪; কু.'১০; সি.'০৯; মা.'১৩]**

$$= \lim_{x\to 0}\frac{\tan x(1-\cos x)}{x^3} = \lim_{x\to 0}\frac{\tan x.2\sin^2\frac{x}{2}}{x^3}$$

$$= 2\lim_{x\to 0}\frac{\tan x}{x}\times\lim_{x\to 0}\left\{\frac{\sin(x/2)}{x/2}\right\}^2\times\frac{1}{4}$$

$$= 2\times1\times1\times\frac{1}{4} = \frac{1}{2} \text{ (Ans.)}$$

7(b) $\lim_{x\to 0}\frac{\tan 2x-\sin 2x}{x^3}$ **[মা.'০৪,'০৭]**

$$= \lim_{x\to 0}\frac{\tan 2x(1-\cos 2x)}{x^3}$$

$$= \lim_{x\to 0}\frac{\tan 2x.2\sin^2 x}{x^3}$$

$$= 2\lim_{x\to 0}\frac{\tan 2x}{2x}\times2\times\lim_{x\to 0}\left(\frac{\sin x}{x}\right)^2$$

$$= 2\times1\times2\times1 = 4 \text{ (Ans.)}$$

7(c) $\lim_{x\to 0}\frac{\operatorname{cosec}x-\cot x}{x}$ **[ঢা.'০৯]**

$$= \lim_{x\to 0}\frac{\frac{1}{\sin x}-\frac{\cos x}{\sin x}}{x} = \lim_{x\to 0}\frac{1-\cos x}{x\sin x}$$

$$= \lim_{x\to 0}\frac{2\sin^2\frac{x}{2}}{x.2\sin\frac{x}{2}\cos\frac{x}{2}} = \lim_{x\to 0}\frac{\tan\frac{x}{2}}{\frac{x}{2}}\times\frac{1}{2}$$

$$= 1\times\frac{1}{2} = \frac{1}{2} \text{ (Ans.)}$$

7(d) $\lim_{x\to y}\frac{\sin x-\sin y}{x-y}$ **[কু.'০৫]**

$$= \lim_{x\to y}\frac{2\sin\frac{x-y}{2}\cos\frac{x+y}{2}}{x-y}$$

$$= 2.\lim_{x\to y}\frac{\sin\frac{x-y}{2}}{\frac{x-y}{2}}\times\frac{1}{2}\times\lim_{x\to y}\cos\frac{x+y}{2}$$

$$= 2\times1\times\frac{1}{2}\cos\frac{y+y}{2} = \cos y \text{ (Ans.)}$$

7(e) $\lim_{x\to\alpha}\frac{\tan x-\tan\alpha}{x-\alpha} = \lim_{x\to\alpha}\frac{\frac{\sin x}{\cos x}-\frac{\sin\alpha}{\cos\alpha}}{x-\alpha}$

$$= \lim_{x\to\alpha}\frac{\sin x\cos\alpha-\cos x\sin\alpha}{(x-\alpha)\cos x\cos\alpha}$$

$$= \lim_{x\to\alpha}\frac{\sin(x-\alpha)}{(x-\alpha)\cos x\cos\alpha}$$

$$= \frac{1}{\cos\alpha}\lim_{(x-\alpha)\to 0}\frac{\sin(x-\alpha)}{x-\alpha}\times\lim_{x\to\alpha}\frac{1}{\cos x}$$

$$= \frac{1}{\cos\alpha}\times1\times\frac{1}{\cos\alpha} = \sec^2\alpha \text{ (Ans.)}$$

8.(a) $\lim_{x\to 0}\frac{\tan ax}{\sin bx}$ **[ঢা.'০৬]**

$$= \lim_{x\to 0}\frac{\tan ax}{\sin bx} = \frac{\lim_{ax\to 0}\frac{\tan ax}{ax}\times a}{\lim_{bx\to 0}\frac{\sin bx}{bx}\times b}$$

$$= \frac{1\times a}{1\times b} = \frac{a}{b} \text{ (Ans.)}$$

8(b) $\lim_{x \to 0} \dfrac{1-\cos ax}{1-\cos bx}$ [চ.'০১]

$$= \lim_{x \to 0} \frac{2\sin^2 \frac{ax}{2}}{2\sin^2 \frac{bx}{2}}$$

$$= \frac{\lim_{x\to0}\left\{\frac{\sin(ax/2)}{ax/2}\right\}^2 \times \frac{a^2}{4}}{\lim_{x\to0}\left\{\frac{\sin(bx/2)}{bx/2}\right\}^2 \times \frac{b^2}{4}} = \frac{1\times\frac{a^2}{4}}{1\times\frac{b^2}{4}} = \frac{a^2}{b^2}$$

8(c) $\lim_{x \to 0} \dfrac{\cos 7x - \cos 9x}{\cos 3x - \cos 5x}$ [ঢা.'০৫; কু.'০৭]

$$= \lim_{x\to0} \frac{2\sin\frac{1}{2}(7x+9x)\sin\frac{1}{2}(9x-7x)}{2\sin\frac{1}{2}(3x+5x)\sin\frac{1}{2}(5x-3x)}$$

$$= \lim_{x\to0}\frac{\sin 8x \sin x}{\sin 4x \sin x} = \lim_{x\to0}\frac{2\sin 4x\cos 4x}{\sin 4x}$$

$$= 2\lim_{x\to0}\cos 4x = 2\cos 0 = 2 \,.\, 1 = 2$$

8(d) $\lim_{x \to 0} \dfrac{\sin 7x - \sin x}{\sin 6x}$ [চ.,মা.'০৩; দি.'১২]

$$= \lim_{x\to0}\frac{2\sin\frac{1}{2}(7x-x)\cos\frac{1}{2}(7x+x)}{\sin 6x}$$

$$= \lim_{x\to0}\frac{2\sin 3x\cos 4x}{2\sin 3x\cos 3x} = \lim_{x\to0}\frac{\cos 4x}{\cos 3x}$$

$$= \frac{\cos 0}{\cos 0} = \frac{1}{1} = 1 \text{ (Ans.)}$$

8(e) $\lim_{x \to \frac{\pi}{2}} \{\sec x(\sec x - \tan x)\}$ [ঢা.'০৭]

$$= \lim_{x\to\frac{\pi}{2}} \frac{1}{\cos x}\left(\frac{1}{\cos x} - \frac{\sin x}{\cos x}\right)$$

$$= \lim_{x\to\frac{\pi}{2}} \frac{1-\sin x}{\cos^2 x} = \lim_{x\to\frac{\pi}{2}} \frac{1-\sin x}{1-\sin^2 x}$$

$$= \lim_{x\to\frac{\pi}{2}} \frac{1-\sin x}{(1-\sin x)(1+\sin x)}$$

$$= \lim_{x\to\frac{\pi}{2}} \frac{1}{1+\sin x} = \frac{1}{1+\sin\frac{\pi}{2}} = \frac{1}{1+1} = \frac{1}{2}$$

8. (f) $\lim_{x \to 0} \left(\dfrac{1}{\sin x} - \dfrac{1}{\tan x}\right)$

[চ.'০৯; ব.'১০; সি.'১৪; প্র.ভ.প.'০৪]

$$= \lim_{x\to0}\left(\frac{1}{\sin x} - \frac{\cos x}{\sin x}\right) = \lim_{x\to0}\frac{1-\cos x}{\sin x}$$

$$= \lim_{x\to0}\frac{2\sin^2\frac{x}{2}}{2\sin\frac{x}{2}\cos\frac{x}{2}} = \lim_{x\to0}\tan\frac{x}{2}$$

$$= \tan\frac{0}{2} = \tan 0 = 0 \text{ (Ans.)}$$

8(g) $\lim_{\theta \to 0} \dfrac{1}{\theta}\left(\dfrac{1}{\sin\theta} - \dfrac{1}{\tan\theta}\right)$ [ঢা.'০১; রা.'১৩]

$$= \lim_{\theta\to0}\frac{1}{\theta}\left(\frac{1}{\sin\theta} - \frac{\cos\theta}{\sin\theta}\right) = \lim_{\theta\to0}\frac{1-\cos\theta}{\theta\sin\theta}$$

$$= \lim_{\theta\to0}\frac{2\sin^2\frac{\theta}{2}}{\theta . 2\sin\frac{\theta}{2}\cos\frac{\theta}{2}} = \lim_{x\to0}\frac{\tan\frac{\theta}{2}}{\theta}$$

$$= \lim_{\theta\to0}\frac{\tan\frac{\theta}{2}}{\frac{\theta}{2}} \times \frac{1}{2} = 1 \times \frac{1}{2} = \frac{1}{2} \text{ (Ans.)}$$

8(h) $\lim_{x \to 0} \dfrac{1+\sin x}{\cos x}$ [রা.'০৪]

$$= \frac{1+\sin 0}{\cos 0} = \frac{1+0}{1} = 1 \text{ (Ans.)}$$

9(a) $\lim_{x \to 0} \dfrac{\sin 2x}{2x^2 + x}$ [চ.'০২]

$$= \lim_{x\to0}\frac{\sin 2x}{x(2x+1)} = \frac{\lim_{x\to0}\frac{\sin 2x}{2x}\times 2}{\lim_{x\to0}(2x+1)}$$

$= \dfrac{1\times 2}{2\times 0+1} = 2$ (Ans.)

9(b) $\lim\limits_{x\to 0} \dfrac{\sin x^2}{x} = \lim\limits_{x^2\to 0} \dfrac{\sin x^2}{x^2} \times \lim\limits_{x\to 0} x$

$= 1\times 0 = 0$ (Ans.)

10.(a) $\lim\limits_{x\to \frac{\pi}{2}} \dfrac{1-\sin x}{\cos x}$

[য. '০৪; ব. '০৬; ঢা.'১৩ রা.'১৪]

ধরি, $x = \dfrac{\pi}{2} + h$. $\quad x \to \dfrac{\pi}{2} \quad h \to 0$

$\lim\limits_{x\to \frac{\pi}{2}} \dfrac{1-\sin x}{\cos x} = \lim\limits_{h\to 0} \dfrac{1-\sin(\frac{\pi}{2}+h)}{\cos(\frac{\pi}{2}+h)}$

$= \lim\limits_{h\to 0} \dfrac{1-\cos h}{-\sin h} = \lim\limits_{h\to 0} \dfrac{2\sin^2 \frac{h}{2}}{-2\sin\frac{h}{2}\cos\frac{h}{2}}$

$= -\lim\limits_{h\to 0} \tan\dfrac{h}{2} = -\tan\dfrac{0}{2} = -\tan 0 = 0$

10(b) $\lim\limits_{x\to \frac{\pi}{2}} (\dfrac{\pi}{2} - x)\tan x$ [চ.'১০]

ধরি, $\dfrac{\pi}{2} - x = h$. $\quad x \to \dfrac{\pi}{2} \quad h \to 0$

$\lim\limits_{x\to \frac{\pi}{2}} (\dfrac{\pi}{2} - x)\tan x$

$= \lim\limits_{x\to \frac{\pi}{2}} h\tan(\dfrac{\pi}{2} - h) = \lim\limits_{h\to 0} h\cot h$

$= \lim\limits_{h\to 0} \dfrac{h}{\tan h} = 1$

10(c) $\lim\limits_{x\to \frac{\pi}{2}} \dfrac{\sec x - \tan x}{\frac{\pi}{2} - x}$ [ব.'০২]

ধরি, $\dfrac{\pi}{2} - x = h$. $\quad x \to \dfrac{\pi}{2} \quad h \to 0$

$\lim\limits_{x\to \frac{\pi}{2}} \dfrac{\sec x - \tan x}{\frac{\pi}{2} - x}$

$= \lim\limits_{h\to 0} \dfrac{\sec(\frac{\pi}{2} - h) - \tan(\frac{\pi}{2} - h)}{h}$

$= \lim\limits_{h\to 0} \dfrac{\operatorname{cosec} h - \cot h}{h} = \lim\limits_{h\to 0} \dfrac{\frac{1}{\sin h} - \frac{\cos h}{\sin h}}{h}$

$= \lim\limits_{h\to 0} \dfrac{1-\cos h}{h\sin h} = \lim\limits_{h\to 0} \dfrac{2\sin^2\frac{h}{2}}{h.2\sin\frac{h}{2}\cos\frac{h}{2}}$

$= \lim\limits_{h\to 0} \dfrac{\tan\frac{h}{2}}{\frac{h}{2}} \times \dfrac{1}{2} = 1\times\dfrac{1}{2} = \dfrac{1}{2}$ (Ans.)

10(d) $\lim\limits_{x\to \frac{\pi}{2}} \dfrac{1-\sin x}{(\frac{\pi}{2} - x)^2}$ [য.'০৬,'১০; কু.'০৮]

ধরি, $\dfrac{\pi}{2} - x = h$. $\quad x \to \dfrac{\pi}{2} \quad h \to 0$

$\lim\limits_{x\to \frac{\pi}{2}} \dfrac{1-\sin x}{(\frac{\pi}{2} - x)^2} = \lim\limits_{h\to 0} \dfrac{1-\sin(\frac{\pi}{2} - h)}{h^2}$

$= \lim\limits_{h\to 0} \dfrac{1-\cos h}{h^2} = \lim\limits_{h\to 0} \dfrac{2\sin^2 (h/2)}{(h/2)^2\times 4}$

$= \dfrac{1}{2}\lim\limits_{h\to 0} \left\{\dfrac{\sin(h/2)}{h/2}\right\}^2 = \dfrac{1}{2}\times 1 = \dfrac{1}{2}$ (Ans.)

11.(a) $\lim\limits_{x\to 0} \dfrac{\sin^{-1} x}{x}$

ধরি, $\sin^{-1} x = \theta \Rightarrow \sin\theta = x$

$x\to 0 \quad \theta\to 0$

$\lim\limits_{x\to 0} \dfrac{\sin^{-1} x}{x} = \lim\limits_{\theta\to 0} \dfrac{\theta}{\sin\theta} = 1$

11(b) $\lim\limits_{x\to 0} \dfrac{\sin^{-1}(3x)}{4x}$

ধরি, $\sin^{-1}(3x) = \Theta \Rightarrow \sin\Theta = 3x$

$x \to 0 \quad \theta \to 0$

$$\lim_{x\to 0}\frac{\sin^{-1}(3x)}{4x} = \lim_{\theta\to 0}\frac{\theta}{\frac{4}{3}\sin\theta}$$

$$= \frac{3}{4}\lim_{\theta\to 0}\frac{\theta}{\sin\theta} = \frac{3}{4}\times 1 = \frac{3}{4} \text{ (Ans.)}$$

12. (a) $\lim\limits_{x\to 0}\dfrac{e^{2x}-(1+x)^7}{\ln(1+x)}$

$$= \lim_{x\to 0}\frac{\{1+2x+\frac{(2x)^2}{2!}\cdots\}-(1+7x+21x^2+\cdots)}{x-\frac{x^2}{2}+\frac{x^3}{3}-\cdots}$$

$$= \lim_{x\to 0}\frac{(2-7)x+(2-21)x^2+\cdots}{x(1-\frac{x}{2}+\frac{x^2}{3}-\cdots)}$$

$$= \lim_{x\to 0}\frac{-5-19x+\cdots}{1-\frac{x}{2}+\frac{x^2}{3}-\cdots}$$

$$= \frac{-5-19\times 0+0+\cdots}{1-\frac{0}{2}+\frac{0^2}{3}-0+\cdots}$$

$$= \frac{-5}{1} = -5 \text{ (Ans.)}$$

12(b) $\lim\limits_{x\to 0}\dfrac{a^x-1}{x}$

$$= \lim_{x\to 0}\frac{\{1+x\ln a+\frac{(x\ln a)^2}{2!}+\cdots\}-1}{x}$$

$$= \lim_{x\to 0}\frac{x\{\ln a+\frac{x(\ln a)^2}{2!}+\frac{x^2(\ln a)^3}{3!}+\cdots\}}{x}$$

$$= \lim_{x\to 0}\{\ln a+\frac{x(\ln a)^2}{2!}+\frac{x^2(\ln a)^3}{3!}+\cdots\}$$

$$= \ln a+\frac{0\times(\ln a)^2}{2!}+\frac{0^2(\ln a)^3}{3!}+\cdots\cdots\}$$

$$= \ln a$$

12(c) $\lim\limits_{x\to 0}\dfrac{e^{\sin x}-1}{\sin x}$ [কু.'০১; মা.বো.'০৯; রা.'১২]

$$= \lim_{x\to 0}\frac{\{1+\sin x+\frac{\sin^2 x}{2!}+\frac{\sin^3 x}{3!}+\cdots)-1}{\sin x}$$

$$= \lim_{x\to 0}\frac{\sin x+\frac{\sin^2 x}{2!}+\frac{\sin^3 x}{3!}+\cdots}{\sin x}$$

$$= \lim_{x\to 0}(1+\frac{\sin x}{2!}+\frac{\sin^2 x}{3!}+\cdots)$$

$$= 1+\frac{\sin 0}{2!}+\frac{\sin^2 0}{2!}+\cdots = 1+0+0\cdots$$

$$= 1$$

12(d) $\lim\limits_{x\to 0}\dfrac{a^x-a^{-x}}{x}$ [প্র.ভ.প.'০৬]

$$= \lim_{x\to 0}\frac{1}{x}[\{1+x\ln a+\frac{(x\ln a)^2}{2!}+\frac{(x\ln a)^3}{3!}+\cdots\}$$
$$-\{1-x\ln a+\frac{(x\ln a)^2}{2!}-\frac{(x\ln a)^3}{3!}+\cdots\}]$$

$$= \lim_{x\to 0}\frac{1}{x}\{2x\ln a+2\frac{(x\ln a)^3}{3!}+\cdots\cdots\}$$

$$= 2\lim_{x\to 0}\{\ln a+\frac{x^2(\ln a)^3}{3!}+\frac{x^4(\ln a)^5}{5!}+\cdots\}$$

$$= 2\lim_{x\to 0}\{\ln a+\frac{0^2(\ln a)^3}{3!}+\frac{0^4(\ln a)^5}{5!}+\cdots\}$$

$$= 2\ln a \text{ (Ans.)}$$

12(e) $\lim\limits_{x\to\infty}(1+\dfrac{b}{x})^{\frac{x}{a}}, a>0, b>0$

$$= \lim_{x\to\infty}(1+\frac{b}{x})^{\frac{x}{a}}$$

$$= \lim_{x\to\infty}\{1+\frac{\frac{x}{a}}{1!}.\frac{b}{x}+\frac{\frac{x}{a}(\frac{x}{a}-1)}{2!}(\frac{b}{x})^2+$$

$$+\frac{\frac{x}{a}(\frac{x}{a}-1)(\frac{x}{a}-2)}{3!}(\frac{x}{a})^3+\cdots\cdots\}$$

$$=\lim_{x\to\infty}\{1+\frac{b}{a}+\frac{\frac{x^2}{a^2}(1-\frac{a}{x})}{2!}\frac{b^2}{x^2}+\frac{\frac{x^3}{a^3}(1-\frac{a}{x})(1-\frac{2a}{x})}{3!}\frac{b^3}{x^3}+\cdots\}$$

$$=\lim_{x\to\infty}\{1+\frac{b}{a}+\frac{1-\frac{a}{x}}{2!}\frac{b^2}{a^2}+\frac{(1-\frac{a}{x})(1-\frac{2a}{x})}{3!}\frac{b^3}{a^3}+\cdots\}$$

$$=1+\frac{b}{a}+\frac{1-0}{2!}\frac{b^2}{a^2}+\frac{(1-0)(1-0)}{3!}\frac{b^3}{a^3}+\cdots$$

$$=1+\frac{b}{a}+\frac{1}{2!}(\frac{b}{a})^2+\frac{1}{3!}(\frac{b}{a})^3+\cdots\cdots=e^{\frac{b}{a}}$$

12(i) $f(x) = \sin x$ হলে, $\lim_{h\to0}\frac{f(x+nh)-f(x)}{h}$ এর মান নির্ণয় কর। **[প্র.ভ.প.'০০]**

$$\lim_{h\to0}\frac{f(x+nh)-f(x)}{h}$$

$$=\lim_{h\to0}\frac{\sin(x+nh)-\sin x}{h}$$

$$=\lim_{h\to0}\frac{2\sin\frac{nh}{2}\cos\frac{1}{2}(2x+nh)}{h}$$

$$=2\lim_{h\to0}\frac{\sin\frac{nh}{2}}{\frac{nh}{2}}\times\frac{n}{2}\lim_{h\to0}\cos\frac{1}{2}(2x+nh)$$

$$=2\times1\times\frac{n}{2}\times\cos\frac{1}{2}(2x+n\times0)$$

$$=n\cos x \text{ (Ans.)}$$

13. (a) $\lim_{n\to\infty}\frac{1^2+2^2+\cdots\cdots+n^2}{n^3}$

$$=\lim_{n\to\infty}\frac{n(n+1)(2n+1)}{6n^3}$$

$$=\lim_{n\to\infty}\frac{n^3(1+\frac{1}{n})(2+\frac{1}{n})}{6n^3}$$

$$=\lim_{n\to\infty}\frac{(1+\frac{1}{n})(2+\frac{1}{n})}{6}=\frac{(1+0)(2+0)}{6}$$

$$=\frac{2}{6}=\frac{1}{3}\text{ (Ans.)}$$

13(b) $\lim_{n\to\infty}\frac{1}{n^4}\sum_{r=1}^{n}r^3$

$$=\lim_{n\to\infty}\frac{1}{n^4}(1^3+2^3+3^3+\cdots+n^3)$$

$$=\lim_{n\to\infty}\frac{n^2(n+1)^2}{4n^4}=\lim_{n\to\infty}\frac{n^4(1+\frac{1}{n})^2}{4n^4}$$

$$=\lim_{n\to\infty}\frac{(1+\frac{1}{n})^2}{4}=\frac{(1+0)^2}{4}=\frac{1}{4}\text{(Ans.)}$$

13(c) $\lim_{n\to\infty}\frac{1.3+2.4+\cdots\cdots+n(n+2)}{n^3}$

সমাধান : মনে করি, $1.3+2.4+\cdots+n(n+2)$ ধারার nতম পদ u_n.

$$u_n=n(n+2)=n^2+2n$$

$$1.3+2.4+\cdots+n(n+2)=\sum_{n=1}^{n}n^2+2\sum_{n=1}^{n}n$$

$$=\frac{n(n+1)(2n+1)}{6}+2\frac{n(n+1)}{2}$$

$$=n(n+1)(\frac{2n+1}{6}+1)$$

$$=n(n+1)\frac{2n+1+6}{6}=\frac{n(n+1)(n+7)}{3}$$

$$\lim_{n\to\infty}\frac{1.3+2.4+\cdots\cdots+n(n+2)}{n^3}$$

$$=\lim_{n\to\infty}\frac{n(n+1)(n+7)}{6n^3}$$

$$= \lim_{n\to\infty} \frac{n^3(1+\frac{1}{n})(1+\frac{6}{n})}{6n^3}$$

$$= \lim_{n\to\infty} \frac{(1+\frac{1}{n})(1+\frac{2}{n})}{6} = \frac{(1+0)(1+0)}{6}$$

$$= \frac{1}{6} \text{ (Ans.)}$$

14. যদি $f(x) = \dfrac{2x}{1-x}$ হয়, তবে (i) $\lim\limits_{x\to 1+} f(x)$ এবং $\lim\limits_{x\to 1-} f(x)$ এর মান নির্ণয় কর।

সমাধান ঃ ধরি $x = 1 + h$

$$\therefore \lim_{x\to 1+} f(x) = \lim_{h\to 0+} \frac{2(1+h)}{1-(1+h)} = \lim_{h\to 0+} \frac{2+2h}{1-1-h}$$

$$= \lim_{h\to 0+} \frac{2+2h}{-h} = \lim_{h\to 0+} (-\frac{2}{h} - 2)$$

$$= -\infty - 2 = -\infty \text{ (Ans.)}$$

$$\lim_{x\to 1-} f(x) = \lim_{h\to 0-} \frac{2(1+h)}{1-(1+h)} = \lim_{h\to 0-} \frac{2+2h}{1-1-h}$$

$$= \lim_{h\to 0-} \frac{2+2h}{-h} = \lim_{h\to 0-} (-\frac{2}{h} - 2)$$

$$= +\infty - 2 = +\infty \text{ (Ans.)}$$

(ii) $\lim\limits_{x\to\infty} f(x)$ এবং $\lim\limits_{x\to -\infty} f(x)$ এর মান নির্ণয় কর।

সমাধান ঃ $\lim\limits_{x\to\infty} f(x) = \lim\limits_{x\to\infty} \dfrac{2x}{1-x}$

$$= \lim_{x\to\infty} \frac{2x}{x(\frac{1}{x}-1)} = \lim_{x\to\infty} \frac{2}{\frac{1}{x}-1}$$

$$= \frac{2}{0-1} = -2 \text{ (Ans.)}$$

$$\lim_{x\to -\infty} f(x) = \lim_{x\to -\infty} \frac{2x}{1-x}$$

$$= \lim_{x\to -\infty} \frac{2x}{x(\frac{1}{x}-1)} = \lim_{x\to -\infty} \frac{2}{\frac{1}{x}-1}$$

$$= \frac{2}{-0-1} = -2 \text{ (Ans.)}$$

15. স্যান্ডউইচ উপপাদ্যের সাহায্যে মান নির্ণয় কর:

(a) $\lim\limits_{x\to 0} x^2 \sin(\frac{1}{x})$

সমাধান: আমরা পাই, $-1 \le \sin(\frac{1}{x}) \le 1, x \ne 0$

এবং $x^2 \ge 0$

$$-x^2 \le x^2 \sin(\frac{1}{x}) \le x^2$$

এখন, $\lim\limits_{x\to 0} (-x^2) = -0^2 = 0$ অদ্রূপ, $\lim\limits_{x\to 0} x^2 = 0$

স্যান্ডউইচ এর উপপাদ্য অনুসারে পাই,

$$\lim_{x\to 0} x^2 \sin(\frac{1}{x}) = 0$$

(b) $\lim\limits_{x\to 0} x \sin(\frac{1}{x})$

$x \ne 0$ এর জন্য আমরা পাই, $-1 \le \sin(\frac{1}{x}) \le 1$

$x>0$ এর জন্য, $-x \le x \sin(\frac{1}{x}) \le x$ এবং

$x < 0$ এর জন্য, $-x \ge x \sin(\frac{1}{x}) \ge x$

$$\Rightarrow x \le x \sin(\frac{1}{x}) \le -x$$

যেহেতু, $\lim\limits_{x\to 0} (-x) = 0 = \lim\limits_{x\to 0} x$, সুতরাং স্যান্ডউইচ এর উপপাদ্য অনুসারে পাই, $\lim\limits_{x\to 0} x \sin(\frac{1}{x}) = 0$

(c) $\lim\limits_{x\to\infty} \dfrac{\sin x}{x}$

সমাধান ঃ আমরা পাই, $-1 \le \sin x \le 1$

$$-\frac{1}{x} \le \frac{\sin x}{x} \le \frac{1}{x}, [\because x \to \infty, \therefore x>0]$$

এখন, $\lim_{x\to\infty}(-\frac{1}{x})=0$ এবং $\lim_{x\to\infty}(\frac{1}{x})=0$

স্যান্ডউইচ এর উপপাদ্য অনুসারে পাই,

$$\lim_{x\to\infty}\frac{\sin x}{x}=0$$

15. (d) $\lim_{x\to\infty}\frac{2-\cos x}{x+3}$

সমাধান : আমরা পাই, $-1\le\cos x\le+1$

$\Rightarrow +1\ge-\cos x\ge-1$, [উভয় পক্ষকে (-1) দ্বারা গুণ করে।]

$\Rightarrow -1\le-\cos x\le+1$

$\Rightarrow 2-1\le 2-\cos x\le 2+1$

$\Rightarrow \frac{1}{x+3}\le\frac{2-\cos x}{x+3}\le\frac{3}{x+3}$

[$\because x\to\infty, \therefore x+3>0$]

যেহেতু $\lim_{x\to\infty}\frac{1}{x+3}=0=\lim_{x\to\infty}\frac{3}{x+3}$, স্যান্ডউইচ এর উপপাদ্য অনুসারে পাই, $\lim_{x\to\infty}\frac{2-\cos x}{x+3}=0$

15. (e) $\lim_{x\to\infty}\frac{\cos^2(2x)}{3-2x}$

সমাধান : আমরা পাই, $-1\le\cos(2x)\le+1$

$\Rightarrow 0\le\cos^2(2x)\le1$

$\Rightarrow \frac{0}{3-2x}\ge\frac{\cos^2(2x)}{3-2x}\ge\frac{1}{3-2x}$

[$\because x\to\infty, \therefore 3-2x>0$]

$\Rightarrow \frac{1}{3-2x}\le\frac{\cos^2(2x)}{3-2x}\le\frac{0}{3-2x}$

যেহেতু $\lim_{x\to\infty}\frac{1}{3-2x}=0=\lim_{x\to\infty}0$, স্যান্ডউইচ এর উপপাদ্য অনুসারে পাই, $\lim_{x\to\infty}\frac{\cos^2(2x)}{3-2x}=0$

15. (f) $\lim_{x\to0^-}x^3\cos(\frac{2}{x})$

সমাধান : আমরা পাই, $-1\le\cos(\frac{2}{x})\le+1$

$\Rightarrow -x^3\ge x^3\cos(\frac{2}{x})\ge+x^3$

[$\because x\to0^-, \therefore x^3<0$]

$\Rightarrow x^3\le x^3\cos(\frac{2}{x})\le-x^3$

যেহেতু $\lim_{x\to0^-}x^3=0=\lim_{x\to0^-}(-x^3)$, স্যান্ডউইচ এর উপপাদ্য অনুসারে পাই, $\lim_{x\to0^-}x^3\cos(\frac{2}{x})=0$

15. (g) $\lim_{x\to\infty}\frac{x^2(2+\sin^2x)}{x+100}$

সমাধান : আমরা পাই, $-1\le\sin x\le+1$

$\Rightarrow 0\le\sin^2x\le1 \Rightarrow 2\le2+\sin^2x\le3$

$\Rightarrow 2x^2\le x^2(2+\sin^2x)\le3x^2$

$\Rightarrow \frac{2x^2}{x+100}\le\frac{x^2(2+\sin^2x)}{x+100}\le\frac{3x^2}{x+100}$

[$\because x\to\infty, \therefore x+100>0$]

এখন, $\lim_{x\to\infty}\frac{2x^2}{x+100}=\lim_{x\to\infty}\frac{2x^2}{x(1+\frac{100}{x})}$

$=\lim_{x\to\infty}\frac{2x}{1+\frac{100}{x}}=\frac{2\times\infty}{1+0}=\infty$

তদ্রূপ, $\lim_{x\to\infty}\frac{3x^2}{x+100}=\infty$

স্যান্ডউইচ এর উপপাদ্য অনুসারে পাই,

$\lim_{x\to\infty}\frac{x^2(2+\sin^2x)}{x+100}=\infty$ (বিদ্যমান নাই)

15. (h) $\lim\limits_{x\to-\infty} \dfrac{5x^2-\sin(3x)}{x^2+10}$

সমাধান ঃ আমরা পাই, $-1\le\sin(3x)\le+1$

$\Rightarrow +1\ge-\sin(3x)\ge-1$

$\Rightarrow -1\le-\sin(3x)\le+1$

$\Rightarrow 5x^2-1\le5x^2-\sin(3x)\le5x^2+1$

$\Rightarrow \dfrac{5x^2-1}{x^2+10}\ge\dfrac{5x^2-\sin(3x)}{x^2+10}\ge\dfrac{5x^2+1}{x^2+10}$

$[\because x\to-\infty, x^2+10<0]$

$\Rightarrow \dfrac{5x^2+1}{x^2+10}\le\dfrac{5x^2-\sin(3x)}{x^2+10}\le\dfrac{5x^2-1}{x^2+10}$.

এখন, $\lim\limits_{x\to\infty}\dfrac{5x^2+1}{x^2+100}=\lim\limits_{x\to\infty}\dfrac{x^2(5+1/x^2)}{x^2(1+100/x^2)}$

$=\lim\limits_{x\to\infty}\dfrac{5+1/x^2}{1+100/x^2}=\dfrac{5+0}{1+0}=5$

তদ্রূপ, $\lim\limits_{x\to\infty}\dfrac{5x^2-1}{x^2+100}=5$

স্যান্ডউইচ এর উপপাদ্য অনুসারে পাই,

$\lim\limits_{x\to-\infty}\dfrac{5x^2-\sin(3x)}{x^2+10}=5$

অতিরিক্ত প্রশ্ন (সমাধানসহ)

